পরিপাটিক

9/23/99

ক্রান্তিক

মাসিক সাহিত্য সঙ্কলন

২৬ বর্ষ, আষাঢ় (১৪০৬)

UNIVERSITY OF CALCUTTA
CENTRAL LIBRARY

প্রবন্ধ

নোবেল জয়ী অমর্ত্য কুমার সেন

এই বিলম্বিত অমর্ত্য বিস্ফোরণ কি কোন প্রকার অনুযোগ প্রত্যাশায় থেমে থাকা উচিত। একথা ঘোপে টেকে না। যত দিন যাবে অমর্ত্যকে ঘিরে নিত্য নতুন আলোচনা ঠাঁই করে নেবে সাহিত্যে। ক্রান্তিকের এই বিলম্বিত পদক্ষেপ পাঠকের সমাদর কুড়োবেই।

গল্প

৯ ছোট গল্প

নটি বিভিন্ন স্বাদের ছোট গল্প একসঙ্গে এই সংখ্যার সমৃদ্ধি ঘটিয়েছে। একসঙ্গে এতোগুলো ছোট গল্প পাঠককে এক ভিন্ন স্বাদের জগতে নিয়ে যাবে।

চিঠিপত্র □ ৩

প্রবন্ধ

নোবেল জয়ী অমর্ত্য কুমার সেন □ ৬. কুমারজিৎ ঘোষ □ ৭
জনমানস অন্বেষিতে অমর্ত্য কথা □ অশোক বেরা □ ১৪
অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার লাভের তাৎপর্য □
ড. প্রণবেশ মল্লিক □ ১৬

কবিতা

বিশ্বু সাহানা □ নিমাই সাহানা □ গঙ্গাপ্রসাদ খাঁড়া □ উমা পাত্রী □
এজাজ উল ইসলাম □ উপাসনা বিশ্বাস □ কল্যাণ সরকার □
প্রবীর বন্দ্যোপাধ্যায় □ ভিমাম আলী □ ১৯-২১

অনুবাদ কবিতা

অনুবাদ সেন সেনগুপ্ত □ অজিত কুমার বসু □ ২২

অনুবাদ উপন্যাস

আজাদ কুসুম □ বিমলেন্দু চক্রবর্তী □ ২৫
অপারেশন থ্রীল □ নীলেশ চট্টোপাধ্যায় □ ২৮

অনুবাদ গল্প

নিশাত □ গোপীনাথ মোহান্তি □ অনুবাদ সমুহ সেন □ ২৯

গল্প

আলো আলো □ রঞ্জন চট্টোপাধ্যায় □ ৩১ প্রধান □ নির্মলেন্দু
গৌতম □ ৪০ সুরেশ □ কবিরাজ সাহা □ ৪২ পদ্য □ রাসবিহারী
মন্ত □ ৪৪ চোখা চোখে □ মোহন নন্দর □ ৪৭ নিঃশেষ □ অশোক
চট্টোপাধ্যায় □ ৫০ নদীর ঘুমে কী দেখা যায় □ ঘনশ্যাম চৌধুরী □ ৫২
খোলা চোখ □ কালীকৃষ্ণ চক্রবর্তী □ ৫৭

বিশ্ব সাহিত্য

বিশ্বায়নে নিগ্রো : অভিনব বিশ্ব বৈচিত্র্য □ সমীরণ মজুমদার □ ৬০

গ্রন্থ-পরিচয় □ ৬২-৬৩

প্রচ্ছদ : বিমলেন্দু চক্রবর্তী

সম্পাদক : কবিতীর্থ মণ্ড

● আলোকপাত : অনি সরকার, অজয় সাহানা, মনীষ দাস ও পার্থ মৈত্র ● মূল্য : ৮ টাকা

কবিতীর্থ মণ্ড কর্তৃক ৪৭/১, বিধান সরণি, কলকাতা-৭০০ ০০৪ থেকে প্রকাশিত ও সুদীপ্ত প্রেস, ৪৭/১, বিধান সরণি, কলকাতা-৭০০ ০০৪ থেকে মুদ্রিত।

Krantik is published from Kavitirtha group of publications for an annual subscription Rs. 150 in registered post and by hand delivery Rs. 100 Akshar Prakashani Stall-31, Block-A, Bansura Chattopadhyay St., Calcutta-700 073 Ph-32756/78 Ph. 561-4007

ঐক্যই শক্তি

"বহুর মধ্যে ঐক্য উপলব্ধি
বৈচিত্রের মধ্যে ঐক্য স্থাপন-
ইহাই ভারতবর্ষের অন্তর্নিহিত ধর্ম।"

রবীন্দ্রনাথ ঠাকুর

পশ্চিমবঙ্গ সরকার

আই. পি. এ—D. O. No. 633-ICA \ Advt dt. 12.2.99

শুধু ঘর নয়, ঘরের সাজসজ্জাই আসল

রুচিসম্মত ফার্ণিচার (কাঠ ও স্টীল)
পরিবেশনায়

শ্রী বিষ্ণু ফার্ণিচার

১ নং রেলগেট যশোহর রোড
হাবড়া, উত্তর ২৪ পরগণা

আধুনিকাদের হৃদয়ের মণিকোঠায়

পদ্মা জুয়েলারী ওয়ার্কস

স্বর্ণ ও রৌপ্যালঙ্কার জগতে
বিশেষ সপরিচিত।

৭৭নং, পাইওনিয়ার পার্ক
বারাসত, উঃ ২৪ পরগণা।

With Best Compliments From

KHAZANA AGRICULTURAL EQUIPMENTS LTD.

63 Rafi Ahmed Kidwai Road Calcutta-700016



Canon

With Best Wishes From

ATUL AUTOMATION (P) LTD.

ONLY AUTHORISED BUSINESS AFFILIATE OF CANON INDIA PVT. LTD.

With Best Compliments From

NEO PIPES & TUBES CO. LTD.

(Wholly Owned by the Govt. of West Bengal)

MANUFACTURERS OF NON-FERROUS BARS, TUBES, SECTIONS, SHEETS ETC. BY EXTRUSTION PROCESS

REGISTERED OFFICE
"NICCO HOUSE"
1 & 2, HERE STREET,
CALCUTTA-700001.
220-8421
220-8427

WORKS
SHYAMNAGAR
P.O. AUTHPUR,
DIST. NORTH 24 PARGANAS
581-2847
581-2683

GRAM : INDIPIPE, CALCUTTA
TELEX : 021-02240 NPT

Phone 81-3522

VENUS ELECTRONICS

103, PADMAPUKUR ROAD.
24 PGS. (N), PIN-743129

MANUACTURER OF SOLID STATE SURGICAL DIATHEMY & SHORT WAVE DIATHERMY (VALVE)

With Best Wishes from

SAHOO ENTERPRISE

Vill—DEVLPOTA
P. O—BARBASUDEBPUR
Dist—MIDNAPUR

Space donated by

A Well Wisher

সংগ্রহ করার মত সাম্প্রতিক কালের কিছু উল্লেখযোগ্য বই

অমরেন্দ্র চট্টোপাধ্যায়-এর ভূতের দেশে হঠাৎ এসে (গল্প) বোকারাম চোখারাম (গল্প) ডুডুম ডুম (ছড়া)	**আনসার উল হক-এর** কু ঝিক ঝিক রেলের গাড়ি (ছড়া) আইকম বাইকম (ছড়া) চিরন্তন (কবিতা)
মনোরঞ্জন পুরকাইত-এর আয় ছুটে আয় (ছড়া) দাঁড় ছপ ছপ নৌকো (ছড়া) এ নদী শঙ্খচিলের (কবিতা)	**হান্নান আহসান-এর** ছড়ার গাড়ি (ছড়া) ঝিকির ঝিকির (ছড়া) রহস্যময় রশ্মি (গল্প)
সুখেন্দু মজুমদার-এর ইচ্ছে নদীর গান (ছড়া) স্বপ্নের ঝুলি (গল্প) টাপুর এবং টুপুর (গল্প)	**কল্পনা ভট্টাচার্য-র** এসো কিছু ছড়া শিখি (ছড়া) ছোট মামার ট্রাজেডি (গল্প) হুড়ুম রাজার বাঁশি (গল্প)
প্রণবকুমার পাল-এর পঞ্চ পুরুষ ও পাঞ্চালী (কাব্যগ্রন্থ) গোপাল দরজা ছুঁয়ে (কবিতা) ডাম্পি (ছড়া)	**বিশ্বনাথ রাহা-র** নিধু খুড়োর ঢাক (ছড়া) টুনটুনির পাঠশালা (ছবি ও ছড়া)
চন্দ্রচূড় ঘোষ-এর জিরাফ বুড়ো (গল্প) বোকারাম চোখারাম (গল্প)	**মানসী বালা-র** উড়লো টিয়ে জানলা দিয়ে (ছড়া)

● প্রতিক্ষণ ● ক্রান্তিক প্রকাশনী, স্টল নং ৩১, ব্লক-৫, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩

নোবেল জয়ী অমর্ত্য কুমার সেন

ড. তুষারকান্তি ঘোষ

১৯৯৮ এর ১৪ই অক্টোবর অমর্ত্য কুমার সেনের বহু প্রতীক্ষিত নোবেল পুরস্কার পাওয়ার খবর প্রচারিত হওয়ার মুহূর্তে এমন এক পুলকের শিহরণ অনুভব করেছিলাম যা হৃদয়ের গভীরতম তন্ত্রীতে স্পন্দন জাগিয়েছিল। সারা দেশবাসীর আনন্দের অংশগ্রহণ থেকে তা একটু আলাদা।

স্বাধীনতার ঠিক পরেকার বছরগুলিতে—১৯৪৯ থেকে ১৯৫৩ পর্যন্ত কাঙ্ক্ষিত প্রেসিডেন্সি কলেজে পড়ার সৌভাগ্য আমার হয়েছিল। অকালে পিতৃবিয়োগ, ময়মনসিংহ জেলার এক প্রত্যন্ত গ্রামে পড়ালোনা ও স্বপ্ন দেখা, দেশবিভাগের বিপর্যয়, স্বাধীনতার ঠিক পরেকার ওই উত্তাল অনিশ্চিত মুহূর্তগুলির পর কলকাতার প্রেসিডেন্সি কলেজে উত্তরণ সৌভাগ্যের কথা বই কি। আজ সেই সৌভাগ্যের সরণি ধরেই আর এক ঐতিহাসিক মুহূর্তে এসে পৌঁচেছি এবং উদ্বেলিত হয়েছি বিশ্বজয়ী অমর্ত্যের প্রতিভাত আলোকরশ্মির ছটায়।

একটু পিছন ফিরে দেখি। একদিকে পার্থসারথি গুপ্ত, সুখময় চক্রবর্তী, ঘতিকুমার সেনগুপ্ত, অলোকরঞ্জন দাশগুপ্ত, সুধীর রায়চৌধুরী, জ্যোতির্ময় দত্ত, বরুণ দে, ত্রতীন মুখার্জির মত সহপাঠী, অন্যদিকে তারক নাথ সেন, ভবতোষ দত্ত, সুশোভন সরকার, ধীরেন ভট্টাচার্য, সুবোধ কুমার সেনগুপ্ত, হরপ্রসাদ মিত্র, গৌরীনাথ শাস্ত্রী ও অমিয় কুমার মজুমদারের মত অধ্যাপকদের পরিমণ্ডলে প্রথম দুটি বছর কাটল। অমর্ত্যর উজ্জ্বল আবির্ভাব হল ১৯৫১ সালে, আই. এস. সি. পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে আমাদের অর্থনীতি অনার্স ক্লাসে সহপাঠী হয়ে এল। আই. এ. ক্লাসের অনেক বন্ধুরাই অন্য বিষয়ে ছিটকে গেল, অর্থনীতি অনার্সে রয়ে গেল সুখময় চক্রবর্তী, ঘতি কুমার সেনগুপ্ত, যোগ দিল জয়ন্ত কুমার রায় ও অমর্ত্য কুমার সেন।[১] আজ পেছন দিকে তাকিয়ে দেখছি—আমাদের অর্থনীতি অনার্সের ব্যাচটা ছিল সর্বকালের সেরা—নোবেল জয়ী অমর্ত্য—যদিও তখন নোবেল পুরস্কারের স্বপ্ন দেখার প্রশ্নই ছিল না, কারণ অর্থনীতিতে নোবেল পুরস্কারের প্রচলন হয়েছে অনেক পরে, ১৯৬৯ সালে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ সুখময় চক্রবর্তী, এবং আর একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অধ্যাপক—ঘতিকুমার সেনগুপ্ত, যদিও সে অর্থনীতি থেকে খানিকটা আলাদা বিষয়ে চলে গেছে। আমাদের প্রবাদ-প্রতিম অধ্যাপক ভবতোষ দত্ত আজ থেকে এগার বছর আগে লিখে গেছেন—তাঁর রবীন্দ্রপুরস্কার প্রাপ্ত 'আট দশক' গ্রন্থে—"তখনকার ছাত্রদের মধ্যে.....সর্বাগ্রে নাম করতে হয় অমর্ত্য সেনের। আমি যে বছর অধ্যাপক হয়ে এলাম তার পরের বছর বিশ্বভারতী থেকে আই. এস. সি. তে প্রথম হয়ে অমর্ত্য এসে ভর্তি হল অর্থনীতির অনার্স ক্লাসে। তারই সঙ্গে ছিল ছাত্র সুখময় চক্রবর্তী আর ঘতিকুমার সেনগুপ্ত। অমর্ত্য বা সুখময় সম্বন্ধে নতুন করে কিছু বলার প্রয়োজন হবে না। শুধু এইটুকু বলতে পারি যে এ পর্যন্ত যাঁদের অর্থনীতিতে নোবেল প্রাইজ দেওয়া হয়েছে, তাঁদের অনেকের চেয়ে অনেক ভাল কাজ করেছেন অমর্ত্য সেন ও সুখময় চক্রবর্তী।"[২] অত্যুক্তি মিথ্যা হবার নয়, শুধু দুঃখের কথা—এক ছাত্র তাঁর আগেই প্রয়াত হল (সুখময়ের অকাল মৃত্যু দিন ২২. ৮. ১৯৯০), অন্য জনের বিশ্বজয়ের গৌরব দেখে যাবার জন্য তিনি বেঁচে রইলেন না।

ইতিহাসে বিরল ঘটনা-সমাবেশ। তোল এক বিষাদদৃষ্টিতে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনকে নির্বাচিত করেছিলেন তাঁর আশ্রম স্থাপনার জন্য, সেই শান্তিনিকেতনেই রবীন্দ্রনাথ তাঁর প্রথম স্নেহভাজন ক্ষিতিমোহন সেনের নাতির নামকরণ করলেন 'অমর্ত্য', আর সেই শান্তিনিকেতন থেকেই আবির্ভূত হলেন দ্বিতীয় নোবেল পুরস্কার বিজয়ী অমর্ত্য সেন। একে স্থান-মাহাত্ম্য ছাড়া আর কি বলব পৃথিবীর আর কোথাও দেখা যায় নি একই স্থানে দুই নোবেল-জয়ীর আবির্ভাব। কাশীর বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত ক্ষিতিমোহন সেন মাত্র ২৮ বছর বয়সে এসে যোগ দেন বিশ্বভারতীর ব্রহ্মচর্যাশ্রমে, এবং কর্মজীবন সমাপ্ত করেন বিশ্বভারতী বিদ্যালয়ের অধ্যক্ষ হিসাবে। তাঁর রচিত বহু গ্রন্থের মধ্যে নাম করা যায়—হিন্দু ধর্ম কবীর (চার খণ্ড), ভারতীয় মধ্যযুগের সাধনার ধারা, দাদু, ভারতের সংস্কৃতি, প্রাচীন ভারতে নারী প্রভৃতি। তিনি ছিলেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের প্রথম মেসিকোত্তম, এবং পরবর্তীকালে তাঁর নাতি অমর্ত্য সেনও হয়েছিলেন মেসিকোত্তম, যা ইতিহাসের আর এক বিরল ঘটনা। রবীন্দ্রনাথের পরম প্রিয় ক্ষিতিমোহন ছিলেন সুরসিক, সুবক্তা ও সু-অভিনেতা। ১৯৩৩ সালের ওরা নভেম্বর অমর্ত্যর জন্ম হয় শান্তিনিকেতনে। ক্ষিতিমোহনের কন্যা রবীন্দ্রস্নেহকন্যা শ্রীমতী অমিতা সেন ও লণ্ডন বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমি-রসায়ন বিভাগের অধ্যাপক আশুতোষ সেন অমর্ত্যর মা-বাবা। বাবা কৃষি-সচিবের পদ নিয়ে মান্দালয়ে চলে যাওয়ায় অমর্ত্য মান্দালয়ের একটি কনভেন্ট স্কুলে প্রথম পড়া আরম্ভ করে, তারপর পড়ে ঢাকার সেন্ট গ্রেগরি স্কুলে। বাবা বিদেশে চলে যাওয়ায় ১৯৪২ এর প্রথম দিকে মা ওকে নিয়ে আসেন শান্তিনিকেতনে এবং ভর্তি করিয়ে দেন পাঠভবনে, ক্লাস ফোরে। তারপর একটানা বেশ কয়েকটি বছর অমর্ত্যর জাটে শান্তিনিকেতনের পরিবেশে, দাদু ক্ষিতিমোহন সেনের স্নেহ সজাগ দৃষ্টিতে। ১৯৪৯ সালে ও মেট্রিক পরীক্ষা, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের। ১৯৫১ সালে বিশ্বভারতী কলেজ থেকে নন্-কলেজিয়েট ছাত্র হিসাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আই. এস. সি. পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে কলকাতার প্রেসিডেন্সি কলেজে

অর্থনীতি অনার্স ক্লাসে ভর্তি হল। বিজ্ঞান ছেড়ে অর্থনীতির অধ্যয়নের বিষয় হিসাবে নির্বাচনের পেছনে কাজ করেছিল অমর্ত্যর আত্মীয় প্রখ্যাত অর্থনীতির অধ্যাপক অমিয়কুমার দাশগুপ্তের সক্রিয় পরামর্শ।

আরেকবার একটু পেছনে ফিরে দেখা যাক কলেজের দিনগুলোর দিকে। ম্যাট্রিকে প্রথম ও দ্বিতীয় হয়েছিলেন পার্থসারথি গুপ্ত (পরবর্তী জীবনে দিল্লি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক) ও সুখময় চক্রবর্তী দুজনেই বালিগঞ্জ গবর্নমেন্ট হাইস্কুল থেকে ম্যাট্রিক পরীক্ষা দিয়েছিল। পারিবারিক বা সামাজিক দিক থেকে দুজনের মধ্যে মিল ছিল—দুজনের পিতা উচ্চপদস্থ সরকারী কর্মচারী। আই. এ. পড়ার সময় বন্ধুত্ব ও রেষারেষি দুইই বেশ দেখা গেছে দুজনের মধ্যে। আই. এ. পরীক্ষার ফল যখন বেরোল দেখা গেল প্রথম হয়েছে বিমলেন্দু চৌধুরি (পরবর্তীকালে কালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক), সুখময় আবার দ্বিতীয়। পার্থ ও বিনয় ইতিহাসে চলে যাওয়ায় মনে হল অমর্ত্যের মধ্যে পেল সুখময় তার মনের মত প্রতিদ্বন্দ্বী। অবশ্য দুজনে ছিল দুই বিপরীত মেরুর ছাত্র—দুজনেই উজ্জ্বল ব্যক্তির, দুজনেরই হাসিমুখ, কিন্তু অমর্ত্যর মেলামেশা ছিল নির্বাচিত, সুখময়ের হিসেবী। সুখময় সাধারণতঃ মিশত উঁচু ক্লাসের ভাল ছাত্রদের সঙ্গে, এবং অধ্যাপকদের কাছেকাছি থাকত। অমর্ত্য ছিল আড্ডাবাজ, ছেলে ও মেয়েদের সঙ্গে সমানে জমিয়ে আড্ডা দিত। গুরুগম্ভীর সুখময়ের হাতে প্রায় সবসময়ে থাকত ভারী বই, আশেপাশে দৃষ্টি ফেলে অন্য ছাত্রদের থেকে সে দূরত্ব বজায় রেখে চলত। ইংরেজির প্রখ্যাত অধ্যাপক তারক সেনের পরিচালনায় প্রেসিডেন্সি কলেজ লাইব্রেরির পুস্তক ভাণ্ডার ছিল সর্বাধুনিক ও অফুরন্ত—অমর্ত্যকে তেমন দেখি নি বসে বসে বই পড়তে বা নোট নিতে। সুখময় লাইব্রেরিতে প্রায়ই আসত, হবে সে বই নিত ভেতর থেকে, তারপর আমরা কি বই পড়ছি বা নোট নিচ্ছি একবার পেছন থেকে টহল দিয়ে দেখে যেত। নিজের বই বা নোট কিন্তু সে কখনো কাউকে দেখাত না। অমর্ত্য কলেজের প্রায় সব কাগজেই যোগ দিত, ডিবেট কম্পিটিশনে বাইরেও যেত, কলেজের বার্ষিক স্টিমার পার্টিতেও যোগ দিত,—পড়াশোনায় মেতে থাকতে কখনো দেখি নি। পড়াশোনার আসল ব্যাপারটা ও সারত সকালে ও রাত্রে।

নবাগত ছেলেও প্রেসিডেন্সি কলেজে সকলের সঙ্গে পরিচিত হতে ও বন্ধুত্ব পাতাতে বেশি সময় নেয় নি। আমাদের সময়ে ইকনমিক্স অনার্সে পলিটিক্যাল সায়েন্সেও অন্তর্ভুক্ত ছিল—পরে দুটি বিষয় আলাদা হয়ে গেছে। আমাদের ক্লাসের জন্য তিরিশ ছাত্রের মধ্যে মেয়েদের সংখ্যা ছিল মাত্র পাঁচ। আমাদের থিয়োরি পড়াতেন ইউ. এন. ঘোষাল, তত্ত্বতোষ বাবু ও নবীন অধ্যাপক তাপস মজুমদার। ইণ্ডিয়ান ইকনমিক্স পড়তেন ধীরেশ বাবু (ভট্টাচার্য) ও পলিটিক্যাল সায়েন্স পড়াতেন রমেশ বাবু (ঘোষ)। এঁদের মধ্যে এখন জীবিত আছেন একমাত্র ধীরেশ বাবু ও নিরী-প্রবাসী তাপস বাবু। ক্লাসে দেখেছি সুখময় ও অমর্ত্য দু জনেই অধ্যাপকদের মাঝে মাঝেই প্রশ্ন করত। সুখময়ের বক্তব্য দুর্বোধ্য ঠেকত, কিন্তু অমর্ত্যর ছিল ধারালো। মাঝে মাঝেই হত ক্লাস টেস্ট, সেমিনার। বিশ্লেষণে দুজনেই সমান দক্ষ ছিল, কিন্তু বিতর্কে অমর্ত্য ছিল অদ্বিতীয়। কলেজের পরীক্ষায় বেশির ভাগ ক্ষেত্রে সুখময় অমর্ত্যর চেয়ে বেশি নম্বর পেত। আমরা ধরে নিয়েছিলাম অনার্সের ফাইনাল পরীক্ষায় প্রথম হবে সুখময়, দ্বিতীয় হবে অমর্ত্য। কিন্তু অমর্ত্যই হল প্রথম।

বি. এ. পাস করেই অমর্ত্য চলে গেল কেমব্রিজের ট্রিনিটি কলেজে। ট্রাইপসে হল প্রথম। দ্বিতীয় হয়েছিলেন পাকিস্তানের মেহবুব-উল-হক, যাঁর সঙ্গে পরবর্তী জীবনে অমর্ত্যর হয় সুগভীর বন্ধুত্ব। দুজনে একসঙ্গে অনেক বিশ্বস্তরসারী কাজ করে গেছেন। বস্তুতপক্ষে এই বন্ধুর অকাল মৃত্যু উপলক্ষে ইউনাইটেড নেশনস্ এর পক্ষ থেকে আয়োজন করা এক স্মরণ সভায় যোগ দিতে অমর্ত্য এসেছিল নিউ ইয়র্কে গত ১৪ই অক্টোবর, যখন সে প্রথম খবর পায় টেলিফোনে যে সে এবছরের নোবেল পুরস্কার পেয়েছে। ট্রিনিটি কলেজে প্রথমে অমর্ত্য ভর্তি হতে পারে নি সিট খালি না থাকায়। পরে এক জন ছাত্র ভর্তি না হওয়াতে অমর্ত্য সুযোগ পেয়ে যায়। অল্প দিনের মধ্যেই সে বুঝিয়ে দিল তার যোগ্যতা। পর পর তিন বছর পেল তিনটি শ্রেষ্ঠ পুরস্কার—১৯৫৪ সালে পেল অ্যাডাম স্মিথ প্রাইজ, ১৯৫৫ সালে পেল বেনবেরি স্কলারশিপ ও ১৯৫৬ সালে পেল সিডজেমন্ড প্রাইজ। সেই সময়ের শ্রেষ্ঠ অর্থনীতির ছাত্র হিসাবে নিজেকে প্রমাণিত করার পর তাকে নির্বাচিন করা হল একটি অত্যন্ত সম্মানজনক পদে—ট্রিনিটি কলেজের প্রাইজ ফেলোশিপ দেওয়া হল তাকে। এই সুবর্ণ সুযোগের সদব্যবহার করল অমর্ত্য। তার অনেক দিনের ইচ্ছা সে দর্শন শাস্ত্র অধ্যয়ন করবে। সেই সুযোগ এসে গেল। সে লজিক, এপিস্টেমলজি ও এথিক্সের ওপর পড়াশোনা আরম্ভ করল। একজনের লেখা ও সাক্ষাৎ পরিচয়ে অমর্ত্য সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিল—তাঁর নাম জন রলস্, একজন দার্শনিক। তাঁর গ্রন্থ-দ্য থিয়োরি অব্ জাস্টিস—অমর্ত্যকে প্রভাবিত করে। অমর্ত্য স্বীকার করেছে কল্যাণকারী অর্থনীতির বিশ্লেষণে জন রলস্এর প্রভাবের কথা। দুঃখের বিষয়, জন্ রলস্ও তাঁর গ্রন্থে অমর্ত্য সেনের প্রভাব স্বীকার করেছেন। আসল ব্যাপার হল -এই দুই মেধাবী পুরুষই একসঙ্গে মত-বিনিময় করতে পেরেছিলেন।

অমর্ত্য ট্রিনিটি কলেজে ছিল ১৯৬০ সাল পর্যন্ত, যদিও এরই মধ্যে এক ফাঁকে সে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির পূর্ণ অধ্যাপক রূপে কাজ করেছিল মাত্র ২৩ বছর বয়সে—১৯৫৬ সালে, ছিল ১৯৫৮ সাল পর্যন্ত। ট্রিনিটি কলেজের পর সে যোগ দেয় দিল্লি স্কুল অব্ ইকনমিক্সে, যেখানে তার জীবনের এক বড় অধ্যায় অতিবাহিত হয় (১৯৬৩-৭১)। অধ্যাপক হিসাবে তার সুনাম ছড়িয়ে পড়ে। প্রথা ভেঙে সে রোল কল্ করা তুলে দিল, যাতে বৃথা সময় নষ্ট না হয়। এরপর অমর্ত্য যোগ দেয় লণ্ডন স্কুল অব্ ইকনমিক্সে, এবং এখানে তার জীবনের আর একটি স্মরণীয় অধ্যায় কাটে (১৯৭১-৭৭)। এরপর সে যোগ দেয় অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে, তার পদের নাম ছিল—স্ট্রামণ্ড প্রফেসর অব্ পলিটিকাল ইকনমি, সে অক্সফোর্ডে অল্ সোলস্ কলেজে, ফেলো হিসাবে কাজ করেছে। অক্সফোর্ডে তার মোট ১১ বছর কেটেছে (১৯৭৭-৮৮)। এরপর সে সাগর পাড়ি দিয়ে চলে যায় হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে, যার ঠিকানাও কেমব্রিজ, ম্যাসাচুসেটস্। ওখানে তাকে যুগপৎ অর্থনীতি ও দর্শন বিভাগের অধ্যাপক নিযুক্ত করা হল। একই ব্যক্তির পক্ষে দুটি বিষয়ের অধ্যাপনার নজিরও বিরল। তার পদের নাম হল—লামণ্ট ইউনিভার্সিটি প্রফেসর, ডিপার্টমেণ্ট অব্ ইকনমিক্স (লিটয়ের সেন্টার) ও ডিপার্টমেণ্ট অব্ ফিলজফি, (এমারসন হল)। এখানেও তার দীর্ঘ দশ বছর কাটে, এবং এখানে থাকার সময়েই সে নোবেল পুরস্কারের জন্য মনোনীত হয়, যার জন্য তার পুরস্কারের ওপর ট্যাক্স্ দিতে হবে আমেরিকার আইন অনুযায়ী। ১৯৯৮ এর শেষ দিকে সে আবার ফিরে আসে কেমব্রিজের ট্রিনিটি কলেজে, হার্ভার্ডের অর্ধেক পারিশ্রমিকে, কিন্তু অতি সম্মানজনক রাজকীয় নিযুক্তি 'মাস্টার'—পদে। অমর্ত্য ভারতের নাগরিক। সেজন্য এ এক অনন্য সম্মান। মাস্টার অব্ ট্রিনিটি কলেজ হিসেবে যোগ দেওয়ার পরেই তার নোবেল পুরস্কার পাওয়ার কথা ঘোষণা করা হয়। নোবেল প্রাইজের সঙ্গে ট্রিনিটি কলেজের যেন রক্তের সম্বন্ধ—এ পর্যন্ত এই কলেজের সঙ্গে যুক্ত ৩১ জন নোবেল পুরস্কার পেয়েছেন, এবং গত চারজন মাস্টারের মধ্যে তিন জনই (অমর্ত্যকে নিয়ে) নোবেল বিজয়ীর সম্মান লাভ করেছেন। এখনকার বিধি অনুযায়ী অমর্ত্য এই পদে ৭০ বছর বয়স পর্যন্ত থাকতে পারবে, এবং তার পরেও ৭৫ বছর বয়স পর্যন্ত থাকতে পারে যদি কলেজের ১৫০ জন ফেলো সম্মতি দেন।

অমর্ত্যর বয়স এখন ৬৫, এর মধ্যে প্রায় ৪২ বছর ধরে পৃথিবীর শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয় ও অর্থনীতি-গবেষণার পীঠস্থানগুলিতে সে অভূতপূর্ব সাফল্যের সঙ্গে অধ্যাপনা করে, অগণিত মেধাবী ছাত্রের সৃষ্টি করেছে। প্রায় অর্ধ শতাব্দী ধরে সে নিরলসভাবে অর্থনীতি ও সংশ্লিষ্ট বিষয়ে অনেক

প্রকাশনা করেছে। কেমব্রিজে যখন সে ট্রাইপসের অধ্যয়ন করত, তখন তার গাইড ছিলেন প্রখ্যাত অর্থনীতিবিদ্ জোন রবিনসন। এবং যাঁদের দ্বারা বিশেষ প্রভাবিত হয়েছিল তাঁরা হলেন তার শিক্ষক মরিস ডব্ এবং অন্যান্যদের মধ্যে পিয়েরো স্রাফা ও ডেনিস রবার্টসন। অমর্ত্য যখন দর্শন শাস্ত্রে, বিশেষ করে এথিক্সে, আকৃষ্ট হয়ে পড়ে, তার গাইড জোন রবিনসন তাকে মৃদু ধমকের সুরেই বলেছিলেন—ফরগেট অ্যাবাউট সোজ্ রবিশ অব্ এথিক্স, কনসেনট্রেট অন ইকনমিক্স। অমর্ত্যর মত হয়ে বলেই সে গাইডের কথা শোনে নি, এবং তার জন্য সারা পৃথিবী উপকৃত হয়েছে। অমর্ত্য বহু গ্রন্থ ও অসংখ্য জার্নালের লেখক। গ্রন্থগুলির মধ্যে আছে :

১। চয়েস অব্ টেকনিক্স (১৯৬০)
২। গ্রোথ ইকনমিক্স (সম্পাদনা-১৯৭০)
৩। কালেকটিভ চয়েস অ্যাণ্ড সোশাল ওয়েলফেয়ার (১৯৭০)
৪। অন্ ইকনমিক ইনইকোয়ালিটি (১৯৭৩)
৫। এমপ্লয়মেন্ট, টেকনলজি অ্যাণ্ড ডেভেলপমেন্ট (১৯৭৫)
৬। পভার্টি অ্যাণ্ড ফেমিন্স (১৯৮১)-যেটা হয় সবচেয়ে বিখ্যাত গ্রন্থ
৭। চয়েস, ওয়েলফেয়ার অ্যাণ্ড ডেভেলপমেন্ট (১৯৭৫)
৮। অন এথিক্স অ্যাণ্ড ইকনমিক্স (১৯৮৭)
৯। দ্য স্ট্যাণ্ডার্ড অব্ লিভিং (১৯৯৩)
১০। হাংগার অ্যাণ্ড পাবলিক অ্যাকশন (জাঁ দ্রেজের সঙ্গে-১৯৮৯)
১১। দ্য পলিটিকাল ইকনমি অব্ হাংগার (জাঁ দ্রেজের সঙ্গে-১৯৯১)
১২। ইকনমিক ডেভেলপমেন্ট অ্যাণ্ড সোশাল অপরচুনিটি (জাঁ দ্রেজের সঙ্গে-১৯৯৬)

তার আরো দুটি গ্রন্থ যন্ত্রস্থ একটির নাম—ডেভেলপমেন্ট অ্যাণ্ড ফ্রিডম, আর অন্যটির নাম—ফ্রিডম, র‍্যাশনালিটি অ্যাণ্ড সোশাল চয়েস।

আরো একটি দিক লক্ষ করবার মত। আর কোন অর্থনীতিবিদই অমর্ত্যর মত এতগুলি আন্তর্জাতিক সংস্থার সভাপতি হতে পারেন নি। অমর্ত্য সেন যে সব সংস্থার সভাপতি, তাদের মধ্যে বিখ্যাত কতকগুলির নাম—

- ইন্টারন্যাশনাল ইকনমিক অ্যাসোসিয়েশন
- ইকনমেট্রিক সোসাইটি
- ডেভেলপমেন্ট স্টাডিস্ অ্যাসোসিয়েশন
- অ্যামেরিকান ইকনমিক অ্যাসোসিয়েশন
- ইণ্ডিয়ান ইকনমিক্স অ্যাসোসিয়েশন

অমর্ত্যর লেখনীচারণ অর্থনীতির বাইরেও অনেক বিষয়-যেমন দুর্ভিক্ষের ওপর, যা প্রকাশিত হয়েছিল বিখ্যাত সাময়িকী—নিউ ইয়র্ক রিভিউ অব্ বুক্স-এ। বাবরি মসজিদ ধ্বংসের পর তার একটি যুক্তিপূর্ণ লেখা বেরিয়ে ছিল আমেরিকাতে। তার প্রতিক্রিয়া একটি সুন্দর প্রবন্ধের মধ্য দিয়ে বেরিয়েছিল ভারতের সাম্প্রতিক পরমাণু বোমা বিস্ফোরণের পর। এ পর্যন্ত তার ২২৫ টির বেশি গবেষণামূলক রচনা বিভিন্ন আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। বাংলায় অমর্ত্যর একটি গ্রন্থ বেরিয়েছে—'জীবনযাত্রা ও অর্থনীতি' (অন্যের অনুবাদ)। এ ছাড়া আরো দুয়েকটি বাংলার প্রকাশিত ওর লেখা (অনূদিত) চোখে পড়ে। এই প্রসঙ্গে আর একটি গ্রন্থের উল্লেখ করব—তা হচ্ছে তার হাতেই তার মাতামহ কিতিমোহন সেনের বিখ্যাত গ্রন্থের অনুবাদ—যা হিন্দুইজম্ নামে পেঙ্গুইন প্রকাশ করেছে।

১৯৯৭ সালে কলকাতায় কনফেডারেশন অব্ ইণ্ডিয়ান ইণ্ডাস্ট্রিজ বা সি. আই. আই.-এর তরফ থেকে অমর্ত্য সেনকে তার সারা জীবনের কৃতির জন্য পুরস্কৃত করা হয়েছিল। সেই সভায় কৃতিত্বাবধে অমর্ত্য যা বলেছিল প্রথমার একটি লেখার অংশ থেকে উদ্ধৃত করছি, যা থেকে অমর্ত্যর মৌলিক চিন্তাধারার খানিক পরিচয় পাওয়া যাবে—

এক কালে রাজা আচার্যের আশ্রমে এসে উপদেশ নিয়ে যেতেন। এখন আচার্যদেরই মাঝে মাঝে আসতে দেখি লোকালয়ে, কারণ মানুষ তাঁর কথা শুনতে আগ্রহী। আচার্যের উপদেশের জন্য আজকালকার রাজা ও রাজপুরুষদের যেন মাথাব্যথা নেই। তবু অমর্ত্য সেনের মত অধ্যাপকদের কথা যদি কোন মতে কোন রাষ্ট্রনেতার শুভবুদ্ধি জাগাতে পারে তবে জনসাধারণেরই মঙ্গল। ...আচার্য অমর্ত্য সেন এবার ভারত সফরে এসে ভারতের স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তির পরিপ্রেক্ষিতে তাঁর কিছু ভাবনা প্রকাশ করে গেছেন। তিনি বলেছেন, বাসগৃহ একটি শক্ত ভিতের ওপর দাঁড়ালেই শুধু চলবে না, তা শুভাকাঙ্ক্ষীর হয় তখনি যখন তার অধিবাসীরা সেই শুভের অংশভাগী হয়। ভারতবর্ষের গণতন্ত্র মোটামুটি শক্ত ভিতের ওপর দাঁড়িয়েছে ঠিকই, কিন্তু আচার্য মুখবন্ধ করে বলেছেন—তিনটি বিষয়ের ওপর ভারত উপেক্ষা করেছে—এই বিষয়গুলি হল—শিক্ষা, স্বাস্থ্য ও ভূমিসংস্কার। স্বাধীনতার পঞ্চাশ বছর অতিক্রান্ত হলেও এই তিনটি বিষয়ে সরকার বিশেষ কিছু করতে পারে নি এবং বিরোধী পক্ষও এসব বিষয়ে সরকারকে বিব্রত করার চেষ্টা করে নি বলেই তাঁর অভিযোগ করেছেন কেরালা রাজ্যের, যেখানে এই তিনটি বিষয়েই সরকারী ভূমিকা গ্রহণ করেছে। আচার্যের মতে জনসাধারণ যদি উন্নয়নে অংশগ্রহণ না করে তবে সে উন্নয়ন স্থায়িত্ব পায় না। আর একটি অতি স্পর্শকাতর বিষয়ে তিনি মুখর হয়ে উঠেছেন যা আগে কেউ তখনো এত স্পষ্টভাষায় বলে নি। তাঁর মতে, দুরন্তের ক্রমবর্ধমান প্রতিরক্ষা ব্যয়ের ওপর তখনো সামগ্রিক নিয়ন্ত্রণ হয় নি,—প্রতিরক্ষা বিষয়টিকেই যেন এক মহত্তত্ত্বের ঘেরাটোপে ঢেকে রাখা হয়। অথচ যখন শিক্ষা ও স্বাস্থ্য খাতে অর্থযোগান অকুলান হয়ে পড়ে, তখন সরকারের মোট খরচে ব্যয়সংকোচের কথা ভাবতেই হবে।"

অমর্ত্যকে এবার অর্থনীতিতে নোবেল পুরস্কার যে কাজের জন্য দেওয়া হয়েছে তা আলোচনা করার আগে সাধারণভাবে নোবেল পুরস্কার সম্বন্ধে ও বিশেষভাবে অর্থনীতিতে নোবেল পুরস্কার সম্বন্ধে কিছু আলোচনা অপ্রাসঙ্গিক হবে না।

সুকৃতদার মানবতাবাদী সুইডিশ রসায়নবিদ্ ও উদ্ভাবক আলফ্রেড বার্নার্ড নোবেল ১৮৯৬ সনের ১০ই ডিসেম্বর পরলোক গমন করেন। মৃত্যুর এক বছর আগে তিনি তাঁর বিত্তসম্পদ মানব কল্যাণের জন্য উইলের মাধ্যমে দান করে যান। বহুদিন আন্তরীয়স্বজন মামলা চালান প্রায় চার বছর ধরে। শেষ পর্যন্ত নোবেলের উইল আদালতের স্বীকৃতি পেল এবং ১৯০০ সালে গঠিত হল নোবেল ফাউণ্ডেশন। নোবেল নিজের হাতে অন্য কারো সহায়তা ছাড়াই তাঁর উইলের বয়ান লিখেছিলেন। উইল থেকে খানিকটা উদ্ধৃত করছি।

"...The whole of my remaining realisable estate shall be dealt with in the following way : the capital shall be invested by my executors in safe securities and shall constitute a fund. the interest on which shall be annually distributed in the form of prizes to those who, during the preceding year, shall have conferred the greatest benefit on mankind. The said interest shall be divided into five equal parts, which shall be apportioned as follows : one part to the person who shall have made the most important discovery of invention within the field of physics . one part to the chemical discovery or improvement ; one part to the person who shall have made the most important discovery within the domain of physiology or medicine ; one part to the person who shall have produced in the field of literature the most outstanding work of an idealistic tendency ; and one part to the person who shall have done the most or the best work to promote fraternity between nations, for the abolition or reduction of standing armies and for the holding and promotion of peace congresses".

"The prizes for physics and chemistry shall be awarded by the Swedish Academy of Sciences, that for physiological or

medical) works by the Karolinska Institute in Stockholm, and that for champions of peace by a committee of five persons to be elected by the Norwegian Storting (Parliament). It is my express wish that in awarding the prizes no consideration whatever shall be given to the nationality of the candidates, but the most worthy shall receive the prize, whether he be a Scandinavian or not."

বিভিন্ন বিষয়ে বিভিন্ন রকমের পুরস্কার চালু থাকলেও সম্মান ও মর্যাদার দিক থেকে নোবেল পুরস্কার বিশে শতাব্দীর শ্রেষ্ঠতম পুরস্কার সন্দেহ নেই। উইলে আছে, বিগত বছরের কাজের জন্য পুরস্কার দেওয়া হবে, কিন্তু যখন নোবেল পুরস্কার দেওয়ার জন্য বিধি-নিয়ম তৈরি হল, তখন উইলের ওই অংশটিকে কিছুটা বদলে নিয়ে স্থির করা হল যে বিগত এক বছরের কাজের জন্যই শুধু পুরস্কার বিবেচিত হবে এমন কোন বাধ্য-বাধকতা নেই, আগেকার কাজের জন্যও পুরস্কার বিবেচিত হতে পারে যদি পূর্বেকার সেই কাজের মাহাত্ম্য সম্প্রতি প্রতীয়মান হয়ে থাকে। অনেকবার নোবেল প্রাইজ একাধিক ব্যক্তিকে দেওয়া হয়েছে একই বিষয়ের জন্য, কিন্তু বিধি-নিয়মে এ সম্বন্ধে কোন কিছু না থাকলেও এ পর্যন্ত তিনজনের বেশি কোন পুরস্কারের ভাগীদার হয় নি। এই তিনের অনধিক সংখ্যাটা ঐতিহ্য হিসাবে দাঁড়িয়ে গেছে।

সাহিত্য ও শান্তি পুরস্কার নিয়ে মাঝে মাঝে কথা উঠলেও বিজ্ঞানের জন্য পুরস্কারের যোগ্যতা নিয়ে গত একশ বছরে তেমন কথা ওঠে নি। সারা পৃথিবীর মানুষ নোবেল পুরস্কারকে একটি শ্রেষ্ঠ সম্মান বলে মেনে নিতে পেরেছে। তার জন্য যে পদ্ধতিতে নোবেল পুরস্কার দেওয়া হয় তার প্রশংসা করতেই হয়। নোবেলের উইলে যদিও পুরস্কার প্রদানের জন্য চারটি সংস্থার নাম করা হয়েছে, ১৯০০ সালে যখন বিধি-নিয়ম চূড়ান্ত করা হয়, তখন আরো তিনটি সংস্থার সৃজন হয়েছে—এগুলি হল—নোবেল ফাউণ্ডেশন, পাঁচটি নোবেল কমিটি (প্রতি বিষয়ের জন্য একটি), ও চারটি নোবেল ইন্‌স্টিট্যুট (উইলে উল্লিখিত চারটি সংস্থার প্রত্যেকের জন্য একটি)।

এই বিরাট কর্মকাণ্ডের জন্য দুটি সম্পূর্ণ পৃথক প্রতিষ্ঠানের ব্যবস্থা আছে—একটি প্রশাসনের জন্য, অন্যটি পুরস্কার নির্বাচনের জন্য। একটির সঙ্গে অন্যটির কোন সম্বন্ধ নেই। প্রশাসনের জন্য আছে নোবেল ফাউণ্ডেশন, পাঁচ সদস্যের বোর্ড অব্ ডাইরেক্টার (যার সভাপতি রাজার দ্বারা নির্বাচিত), এবং ১৫ সদস্যের ট্রাস্টি (যাঁরা নির্বাচিত হন পুরস্কার প্রদানকারী সংস্থাগুলি দ্বারা)।

এই নির্বাচনের পদ্ধতিটি বৈজ্ঞানিক এবং খাঁটো-পাঁটো। প্রথম পদক্ষেপ হল—প্রার্থীর নামের প্রস্তাব আহ্বান করা। রয়্যাল অ্যাকাডেমি অব্ সায়েন্সেস এর ১৪০ জন সুইডিশ ও ১০০ জন বিদেশী সদস্য আছেন। নামের প্রস্তাব পাঠাতে পারেন এই সুইডিশ অ্যাকাডেমি অব্ সায়েন্সেসের সদস্যরা, আর পারেন অ্যাকাডেমি নির্বাচিত ৪০ থেকে ৫০ টি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা। এ ছাড়াও, নাম পাঠাতে পারেন ভূতপূর্ব নোবেলজয়ী, আটটি স্ক্যানডিনেভিয়ার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা, এবং বিশেষের বাছাই গবেষণা সংস্থার ও কিছু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা। সব মিলিয়ে এই ৬০০-৭০০ জনকে আনুষ্ঠানিকভাবে চিঠি পাঠানো হয় প্রতি বছর অক্টোবর-নভেম্বর মাসে। চেয়ে না পাঠানো নাম বাতিল হয়ে যায়। ৩১শে জানুয়ারি সব কমিটিগুলির সদস্যরা মিলে প্রস্তাবিত নাম চূড়ান্ত করার জন্য। এই তালিকা চূড়ান্ত হওয়া থেকে বছরের শেষে পুরস্কার প্রদানের নাম ঘোষণাকরা পর্যন্ত বিভিন্ন কমিটিগুলির সদস্যদের গুরুত্বপূর্ণ কাজ পড়ে যায় প্রস্তাবিত প্রার্থীদের সম্বন্ধে বিস্তারিত খোঁজ খবর নেওয়ার। সেপ্টেম্বরের শেষে এই সব কমিটিগুলোকে তাদের রিপোর্ট দিতে হয় সমস্ত অ্যাকাডেমিকে। চূড়ান্ত নির্বাচন হয় ভোটাভুটিতে। ফিজিক্স ও কেমিস্ট্রির মতো সেক্টিসিসের বেলাতেও একই রকম পদ্ধতি গ্রহণ করা হয়। বলা বাহুল্য, প্রতিটি পদক্ষেপ চূড়ান্ত গোপনীয়।

একটা কথা উঠতে পারে—নোবেল বিজ্ঞানের মাত্র তিনটি শাখাতেই কেন বেছে নিলেন? গণিতকে এই পুরস্কারের আওতা থেকে বাদ দেওয়ার জন্য নোবেল সম্বন্ধে একটি গল্প চালু আছে। নোবেলের সমসাময়িক দুর্ধর্ষ গাণিতিক ছিলেন গস্টা-ছিটাগ-লেফলার। নোবেল ঘৃণা করতেন মিটাগ-লেফলারকে তীব্রভাবে—তার কারণ ছিল এক নারী, যাকে দুজনেই পছন্দ করতেন। ওই নারীর নাম-ঠিকানা পাওয়া যায় না। পুরস্কারের বিষয় হিসাবে গণিত থাকলে পাছে ওই লোকটি ভবিষ্যতে নোবেল প্রাইজ পায়, তাই নোবেল গণিতের উল্লেখ করেন নি। এ গল্পের সারবত্তা যাই হোক না কেন, ১৯০০ সালের পর একশ বছরে বিজ্ঞানের অনেক শাখার অভূতপূর্ব অগ্রগতি হয়েছে, এবং নোবেল ফাউণ্ডেশনের ওপর অনেক চাপও এসেছে অন্য কয়েকটি বিষয়কে অন্তর্ভুক্ত করতে, কিন্তু এ পর্যন্ত সে সব প্রচেষ্টা সফল হয় নি। ব্যতিক্রম হয়েছে মাত্র একটি ক্ষেত্রে। তার কথাই এবার বলছি।

অর্থনীতিকে বিজ্ঞানের মর্যাদা প্রথম দিকে দেওয়া হয় নি। আমরা যখন অর্থনীতির ছাত্র, তখনো অর্থনীতিতে এম. এ. ডিগ্রি দেওয়া হত। কিন্তু ধীরে ধীরে অর্থনীতিশাস্ত্রে পঠন-পাঠনে অনেক পরিবর্তন এসেছে। আগে যে শাস্ত্রে আলোচ্য বিষয় ছিল কেমনভাবে জিনিষপত্র ও পরিষেবা উৎপন্ন হয় এবং কেমনভাবে তার বিতরণ হয়, সেই শাস্ত্রের বিষয়বস্তু হয়ে ওঠে যাকে বলে বিহেভিয়ারিয়াল সায়েন্স বা কোন নির্দিষ্ট ক্ষেত্রে ব্যক্তি বা সমষ্টির প্রতিক্রিয়া। অর্থনীতিবিদেরা এখন অনুসন্ধান ও গবেষণা করেন মানুষের আচরণ ও প্রতিক্রিয়া, এবং ব্যাখ্যা করেন মানুষের ব্যবহারিক মানচিত্রটি, এবং কি হওয়া উচিত ততটা না ভেবে কি আছে কি ঘটছে তারই বিশ্লেষণের প্রতি অধিক মনোযোগী। উনিশ শতকের শেষভাগ থেকেই অর্থনীতির প্রতি একটি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী গড়ে ওঠে, এবং ১৯৩০ এর বিশ্বব্যাপী মন্দা —যাকে বলা হয় গ্রেট ডিপ্রেশন—কালেই অর্থনীতির ওপর প্রচণ্ড চাহিদা এল কিছু করে দেখাতে যাতে রাষ্ট্র শুধু দর্শকের ভূমিকায় না থেকে অর্থনৈতিক বিপর্যয় রোধ করতে প্রয়াস চালাতে পারে। ব্রিটিশ অর্থনীতিবিদ্ জন্ মেনার্ড কেইনসের আবির্ভাব হল। তিনি খোলা বাজারের ওপর আক্রমণ চালালেন, রাষ্ট্র যাতে ব্যয় বৃদ্ধির মাধ্যমে মন্দা কাটাতে পারে তার উপদেশ দিলেন। রাগনার ফ্রিশ, সাইমন কুজনেটস্ প্রভৃতি বিকপাল অর্থনীতিবিদেরা বৈজ্ঞানিক মডেল তৈরি করলেন যা দিয়ে জাতীয় আয় ও অন্যান্য অর্থনৈতিক উৎপাদকগুলিকে সন্তোষজনকভাবে পরিমাপ করা যায়। ১৯৬০ সাল নাগাদ গণিত ও সংখ্যাতত্ত্বের সাহায্য নিয়ে শক্ত বনিয়াদে আবির্ভূত হল একটি নতুন শাখা ইকনমেট্রিক্স্, যা মানুষের কল্যাণের জন্য অন্য যে কোন বিজ্ঞানের শাখার মতোই বৈজ্ঞানিক। অর্থনীতিশাস্ত্র পেল এক নববিজ্ঞানের মর্যাদা। ১৯৬৮ সাল তাই অর্থনীতি শাস্ত্রের পক্ষে এক পরম গৌরবের সময় যখন নোবেল ফাউণ্ডেশন তাদের বন্ধ দরজা খুলে দিল এই নবতম বিজ্ঞানের জন্য। ওই বছর সুইডেনের রাষ্ট্রীয় ব্যাঙ্ক—ব্যাঙ্ক অব্ সুইডেন (Sveriges Riksbank)-এর তিনশত বছর পূর্ণ হল। সেই উপলক্ষে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রবর্তনের প্রস্তাব নোবেল ফাউণ্ডেশন গ্রহণ করলেন। পুরস্কারের নাম হল The Alfred Nobel Memorial Prize in Economic Sciences. রয়্যাল অ্যাকাডেমি অব্ সায়েন্সেস এর ওপর দায়িত্ব পড়ল এই পুরস্কার প্রদানের। এই পুরস্কার প্রদানের পদ্ধতি ফিজিক্স ও কেমিস্ট্রিতে পুরস্কার প্রদানের মতো সমান এবং আর্থিক মূল্য ও সম্মানের দিক থেকেও এই পুরস্কার অন্যান্য নোবেল পুরস্কারের অনুরূপ।

অর্থনীতিতে পুরস্কার দেওয়ার জন্যও আর একটি নোবেল কমিটি গঠিত হয়েছে। অর্থনীতিতে নোবেল মেমোরিয়াল প্রাইজ দেওয়ার জন্য সম্ভাব্য প্রার্থীদের মনোনয়ন পাঠাতে পারেন—

১। রয়্যাল সুইডিশ অ্যাকাডেমির ২৪০ জন সদস্য

২। অর্থনীতির জন্য নোবেল কমিটির সদস্যরা

অর্থনীতিতে যাঁরা আগে নোবেল স্মারক পুরস্কার পেয়েছেন
সুইডেন, ডেনমার্ক, ফিনল্যাণ্ড, আইসল্যাণ্ড ও নরওয়ের বিশ্ববিদ্যালয় ও কলেজগুলির অর্থনীতির স্থায়ী অধ্যাপকেরা

৫। বিদেশের কমপক্ষে ছটি বিশ্ববিদ্যালয় বা কলেজের (যে গুলোকে বছর বছর নির্বাচন করবেন রয়্যাল অ্যাকাডেমি অব্ সায়েন্সেস) অনুরূপ পদাধিকারী।

অন্য বিজ্ঞানীরা, যাঁদের অ্যাকাডেমি প্রয়োজন বোধে মনোনয়নের আমন্ত্রণ করবেন।

১৯৬৯ সাল থেকে অর্থনীতিতে নোবেল পুরস্কার দেওয়া শুরু হয়েছে, এবং এ পর্যন্ত প্রতিবছর এক বা একাধিক অর্থনীতিবিদ এই সম্মানে ভূষিত হয়েছেন। প্রথম পাঁচ বছরের পুরস্কার প্রাপকেরা ছিলেন—

১৯৬৯	১।	নরওয়ের রাগনার ফ্রিস্
	২।	হল্যাণ্ডের জান্ টিন্বার্জেন
১৯৭০	—	আমেরিকার পল্ এ. স্যামুয়েলসন
১৯৭১	—	আমেরিকার সাইমন এস্. কুজনেটস্
১৯৭২	১।	আমেরিকার কেনেথ জে. অ্যারো
	২।	ব্রিটেনের জন্ আর. হিক্স্
১৯৭৩	—	আমেরিকার ওয়াসিলি লিয়নটিয়েফ্
১৯৭৪	১।	ব্রিটেনের ফ্রিডরিশ্ ফন্ হায়েক্
	২।	সুইডেনের কার্ল গুনার মির্ড্যাল্

এঁরা প্রত্যেকেই অর্থনীতির ক্ষেত্রে বিকল্পাল ও নতুন দিগন্তের সন্ধান দিয়েছেন। ১৯৯৭ সালে এই পুরস্কার পেয়েছেন যুগ্মভাবে দুজন আমেরিকান—রবার্ট মের্টন ও মাইরন্ শোলস্। ১৯৯৮ সালের পুরস্কার একক্ভাবে পেয়েছে অমর্ত্য। এবারের পুরস্কারের অর্থমূল্য ৭৬ লক্ষ সুইডিশ ক্রোনার অর্থাৎ নয় লক্ষ আটত্রিশ হাজার ডলার (ভারতীয় মুদ্রায় চার কোটি টাকার কিছু বেশি)। জীবনের অধিকাংশ সময় বিদেশে বাস করলেও অমর্ত্য ভারতের নাগরিকত্ব রেখেছে। ভারতীয় নাগরিক হিসাবে রবীন্দ্রনাথ, সি. ভি. রমন্ ও মাদার টেরেসার পরেই চতুর্থ ভারতীয় অমর্ত্য কুমার সেন। জন্মসূত্রে ভারতীয় কিন্তু ভারতের নাগরিকত্ব রক্ষা করেন নি দুজন নোবেল প্রাপক হলেন হরগোবিন্দ খুরানা ও এস্. চন্দ্রশেখর।

ব্যক্তিগত জীবনে প্রখ্যাত লেখিকা নবনীতা দেবের সঙ্গে অমর্ত্যর প্রথম বিবাহ ও দুটি কন্যা সন্তানের জন্ম—নাম : অন্তরা ও নন্দনা। ১৯৭৩ সালে প্রকাশিত অমর্ত্যর বিখ্যাত এই 'অন্ ইকনমিক্স ইনইকোয়ালিটি'র উৎসর্গপত্রে অন্তরা ও নন্দনার নাম উল্লেখ করে সে আশা ব্যক্ত করেছিল—'তোমরা যখন বড় হবে, আশা করব পৃথিবীর অসাম্য কম দেখবে।' বছর চোদ্দ বাদে বিবাহবিচ্ছেদ হয়। দ্বিতীয় বিবাহ থেকে তার আর একটি মেয়ে ও একটি ছেলে হয়, যাদের নাম। ইন্দ্রাণী ও কবীর। অমর্ত্যর তৃতীয়া স্ত্রীর নাম এমা রথস্চাইল্ড সেন। তিনি কিংস কলেজের ফেলো, এবং কেমব্রিজ ইউনিভার্সিটির সেন্টার ফর্ হিস্টরি অ্যাণ্ড ইকনমিক্সের ডাইরেক্টর। অমর্ত্যর একটি মাত্র বোন, সুপর্ণা (এ নামটিও রবীন্দ্রনাথের দেওয়া)। মা অমিতা সেন অশীতিপর বৃদ্ধা, কিন্তু সন্তানের বিশ্বজয়গৌরব দেখে যেতে পারছেন। মাতৃবৎসল অমর্ত্য প্রায় প্রতি বছরই সাধারণতঃ শীতের সময় শান্তিনিকেতনে পৈতৃক বাড়ি 'প্রতীচী'তে আসে। উল্লেখ্য, অমর্ত্য ঘোষণা করেছে যে সে পুরস্কারের অর্থের অংশ দিয়ে একটি ট্রাস্ট করবে, তার নাম দিয়েছে এই বাড়ির নামেই—'প্রতীচী ট্রাস্ট'।

অমর্ত্যর ও আমার কর্মক্ষেত্র অভিন্ন, কিন্তু যোগাযোগ আছে। তার জন্য আমি নিজেকে ভাগ্যবান মনে করি। একবার একটা আশ্চর্য যোগাযোগ হয়েছিল। সে কথা আমি কখনো ভুলবো না। ১৯৮০ সাল। সরকারী কাজ সেরে দিল্লী থেকে ফিরছি। দিল্লী এয়ারপোর্টের লাউঞ্জে দেখি সুখময় ও অমর্ত্য গল্প করছে। আমিও যোগ দিলাম। কলকাতা আসা পর্যন্ত এক সঙ্গে কলেজ জীবনের তিন বন্ধু বহু বছর পরে একসঙ্গে কিছু অনন্ত মুহূর্ত অতিবাহিত করলাম। আমি সরকারি চাকরি সূত্রে ভারতের, বিশেষ করে পশ্চিমবঙ্গের, ভূমি-সংস্কার রূপায়ণের কাজে জড়িত ছিলাম, আর অমর্ত্যও ভূমি-সংস্কার নিয়ে নানা রকম পরীক্ষা-নিরীক্ষা করেছে। শান্তিনিকেতনের কাছে এমনি একটি গবেষণার কাজে ওর সঙ্গে যোগাযোগ হয়েছিল, সে কথা ভাবতে ভাল লাগছে। আশির দশকে ওর সঙ্গে পত্রালাপ ও যোগাযোগ হয় বেশি। ওর একটা ব্যক্তিগত ব্যাপারে আমি কিছু সহায়তায় এসেছিলাম বলে নিজেকে ধন্য মনে করি। তার একটি ঘটনার কথা উল্লেখ করি। ১৯৮৮ সাল। ওর আমন্ত্রণে ওদের শান্তিনিকেতনের 'প্রতীচী' বাড়িতে গিয়েছি। সে এক মজার ব্যাপার। নিমন্ত্রিত হয়ে যথাসময়ে উপস্থিত হয়েছি, মাসিমা সাদরে অভ্যর্থনা করলেন, কিন্তু অমর্ত্য বাড়ি নেই শুনলাম পোস্টাপিসে গেছে, তাও অনেকক্ষণ হল। আমি মাসিমাকে ব্যস্ত হতে নিষেধ করে অপেক্ষা করতে লাগলাম। বেশ কিছুক্ষণ বাদে অমর্ত্য সাইকেলে চেপে এসে হাজির, মুখে হাসি, দেরির জন্যে ব্রিটিশ ভদ্রতায় দুঃখ প্রকাশ। মনে পড়ে, বহুদিন পরে ছেলেকে কাছে পেয়ে মা অনেক কিছু খাবার করেছিলেন, যার ভাগ আমারও জুটে গেল। সব শেষে পায়েস ও লুচি। অমর্ত্য নাকি দারুণ ভালবাসে, কিন্তু বিদেশে জুটবে কোথায়! বিশ্বখ্যাত অক্সফোর্ড প্রফেসরের সরল সাধারণ নিত্যাহার জীবন যারা দেখে মনে হয়েছিল—সার্থক ওর শান্তিনিকেতনের শিক্ষা, সার্থক ওর শান্তিনিকেতনের পরিবেশে বড় হয়ে ওঠা। আমার কাছে লেখা চিঠিগুলি আমি যত্নের সঙ্গে রেখে দিয়েছি। অমর্ত্য ইংরেজিতে বলতে ও লিখতেই অভ্যস্ত। কিন্তু আমার কাছে বাংলাতে নিজের হাতে লেখা দুএক খানা চিঠিও আছে। নোবেল প্রাইজ পাবার আগের বছর অমর্ত্য যখন কলকাতায় এসেছিল, তখন একটি সভায় ওর সঙ্গে আমার ছবি তুলেছি। সে সভায় আমার ও অমর্ত্যের একমাত্র জীবিত অধ্যাপক ধীরেন ভট্টাচার্য ও দিল্লীপ্রবাসী তাপস মজুমদার উপস্থিত ছিলেন। সে সভাই বোধ হয় কলকাতার শেষ বড় সভা, যখন অনেকেই অমর্ত্যকে কাছের মানুষ হিসাবে পেয়েছে, কথা বলেছে ও করমর্দন করেছে, যখন নোবেল প্রাইজ পাওয়ার খ্যাতির বিড়ম্বনা তাকে সিকিউরিটির থেরাটোপে দূরে সরিয়ে রাখে নি।

বিশেষ কোন থিয়োরি বা গ্রন্থ বা উদ্ভাবনের জন্য অমর্ত্যকে এবার নোবেল পুরস্কার দেওয়া হয় নি, পুরস্কার দেওয়া হয়েছে তার সারা জীবনের কর্মকৃতির জন্যে, যার ফল সাম্প্রতিক কালে বিশেষভাবে প্রতীয়মান হয়েছে। আমরা আগেই দেখেছি, আলফ্রেড নোবেলের উইলে 'বিগত বছরের' কাজের জন্য পুরস্কার দেওয়ার কথা থাকলেও বিধি-নিয়মে দ্বিরীকৃত হয়ে যে পূর্বেকার কাজের জন্যও পুরস্কার বিবেচিত হতে পারে যদি তার প্রভাব সাম্প্রতিককালে প্রতীয়মান হয়। এক দিক দিয়ে দেখতে গেলে বিধি-নিয়মে এই পরিবর্তন নোবেলের ইচ্ছাকেই বাস্তবায়িত করেছে। জনকল্যাণের জন্য যুগান্তকারী আবিষ্কার বা উদ্ভাবন এক বছর সময়কালের মধ্যে নিরপেক্ষভাবে বিচার করা যায় না। ১৯৯৭ সালের অর্থনীতির নোবেল পুরস্কার দেওয়া নিয়ে কথা উঠেছে। মের্টন ও শোলস্ কে পুরস্কার দেওয়া হয়েছিল মুল্য ও লগ্নী বাজারে বিশেষ কাজের জন্য (valuing risky "derivatives")। যে প্রখ্যাত আর্থিক সংস্থায় তাঁরা কাজ করতেন এবং যার কাজে তাঁরা তাঁদের পুরস্কার জয়ী ব্যানধারণা প্রয়োগ করেছিলেন, সেই সংস্থার প্রায় ডুবাডুবি হয়েছিল ধরে ধরে না আসতেই। অ্যামেরিকান ঘরানার এমনি গণ্ডীবদ্ধ ব্যানধারণার জন্য অর্থনীতিতে নোবেল পুরস্কার দেওয়ার ব্যাপারটা সমালোচনার সম্মুখীন হয়েছিল। অমর্ত্যকে বহু বছর ধরেই নোবেল পুরস্কারের জন্য মনোনীত করেও তার ভাগ্যে শেষ পর্যন্ত পুরস্কার জোটে নি। বলা যাবে না ১৯৯৭-এর অভিজ্ঞতার পরেই রয়্যাল অ্যাকাডেমি ১৯৯৮ সালের জন্য এমন একজন অর্থনীতিবিদকে বাছাই করলেন যাঁর কর্মকীর্তি অর্থনীতির প্রথাগত গণ্ডী ছেড়ে

বেরিয়ে এসে এক বিকল্প দৃষ্টির সন্ধান দিয়েছে। অমর্ত্যর কাজের সম্বন্ধে সম্প্রতি অনেক আলোচনা ও লেখা হয়েছে। আমার মনে হয়, অমর্ত্যর যে কাজের জন্য রয়্যাল সুইডিশ অ্যাকাডেমি অব্ সায়েন্সেস তাকে অর্থনীতিতে নোবেল-স্মারক পুরস্কারের জন্য নির্বাচিত করেছেন তার সবচেয়ে প্রাঞ্জল ও নির্ভরযোগ্য বিবরণ পাওয়া যাবে অ্যাকাডেমি ঘোষণাপত্রে। নিচে তার ঈষদ্ ভাবানুবাদ দেওয়া হল :

"জনকল্যাণমূলক অর্থনীতির কতগুলো মৌল সমস্যার ওপর গবেষণার দরজা খুলে দিয়েছেন অমর্ত্য সেন—একদিকে যেমন সামাজিক যৌথ সিদ্ধান্ত গ্রহণ সম্বন্ধে তাঁর অনন্য তাত্ত্বিক আলোচনায়, অন্যদিকে জনকল্যাণের ও দারিদ্র্যসূচকের সংজ্ঞা-নির্মাণে ও মূর্তিফলের ওপর তাঁর মূলিত গবেষণায়। এ সব কিছুর মধ্যে অন্তঃসলিলা হয়ে আছে সাধারণভাবে বন্টন—সমস্যার প্রতি তাঁর অন্তর্দৃষ্টি। বিভিন্ন মানুষের বিভিন্ন রকমের ব্যক্তিগত পছন্দ ও মূল্যবোধকে কেমন করে সামাজিক যৌথ সিদ্ধান্তে মিলিয়ে নেওয়া যায়, সে সম্বন্ধে অমর্ত্য সেন তাঁর মৌলিক ব্যাখ্যা দিয়েছেন। যে শর্তগুলি পূরণ না হলে সামাজিক যৌথ সিদ্ধান্তে ব্যক্তিগত মূল্যবোধের প্রতি অবিচার করে, অমর্ত্য সেন সেগুলি পরিষ্কারভাবে ব্যাখ্যা করেছেন। সামাজিক যৌথ সিদ্ধান্ত গ্রহণের সময়ে ব্যক্তি-বিশেষের পছন্দ ও মূল্যবোধের বিভিন্নতার ওপর তার প্রতিক্রিয়া কেমন হয় সে সম্বন্ধে অমর্ত্য সেন সমস্ত তথ্য আহরণ করেছেন এবং বিশ্লেষণ করেছেন, এবং সামাজিক কল্যাণ সাধনের তাত্ত্বিক কাঠামোর অনেক উন্নতিসাধন করেছেন। তাঁর গবেষণায় বিভিন্ন সমাজের জনকল্যাণ তুলনা করবার ও দারিদ্র নিরূপণের নতুন ও অনেক অর্থবহ এবং সন্তোষজনক সূচক আবিষ্কৃত হয়েছে।"

"ব্যক্তির বিভিন্ন পছন্দ-অপছন্দ ও মূল্যবোধগুলির যোগফল কি সমাজের সামগ্রিক পছন্দ ও সামগ্রিক মূল্যবোধ নির্মাণ করতে পারে, যাতে তা একদিকে হবে ন্যায়সঙ্গত, অন্যদিকে হবে তাত্ত্বিক দিক থেকে গ্রহণীয়?"

"সংখ্যাগুরুর সিদ্ধান্ত কি সব সময় ন্যায়সঙ্গত কর্মপন্থার নির্দেশ দিতে পারে?"

"কখন ও কেমন ভাবে আমরা অভিন্ন সমাজের জনকল্যাণের স্তর তুলনা করতে পারি?"

"আয়ের বৈষম্য কিভাবে পরিমাপ করা যেতে পারে?"

"দারিদ্র প্রকৃতপক্ষে নিম্নমুখী হয়েছে কি না তা পরিমাপ করার নির্ভুল পন্থা কি?"

"কোন্ কোন্ শর্তের প্রভাবে মূর্তিফলের জন্ম হয়?"

"এমন সব প্রশ্নের অর্থবহ উত্তর দিয়ে অমর্ত্য সেন অর্থনীতিশাস্ত্রের অন্তঃস্থলে প্রবেশ করেছেন ও উদ্রেখনীয় কাজ করে ভবিষ্যৎ প্রজন্মের গবেষকদের কাছে নতুন দিক উন্মোচন করেছেন। অর্থনীতি শাস্ত্র ও দর্শন শাস্ত্র সমূহের তুল থেকে শাস্ত্র সংগ্রহ করে জীবনমুখী সমস্যার সমাধানের ক্ষেত্রে তিনি অর্থনীতিতে এক মানবিক মূল্যবোধের মাত্রা যোগ করেছেন।"

"সর্বসম্মতি থাকলে ব্যক্তির ও সমষ্টির সিদ্ধান্তের মধ্যে বিরোধ থাকে না। যখন সর্বসম্মতি থাকে না, তখনই প্রয়োজন হয় ব্যক্তিমতের বিভিন্নতার যৌথমতের মধ্যে সন্তোষজনক ভাবে বাপ খাওয়ানো। অমর্ত্য সেনের 'থিয়োরি অব্ সোশ্যাল চয়েস' ঠিক এই সমস্যারই মোকাবিলা করেছে এবং আপাত অসম্ভবকত্বকে সম্ভাব্য সমাধানের দিকে এগিয়ে নিয়েছে।"

"সংখ্যাগুরুর ভোট নিয়ে যৌথ সিদ্ধান্ত গ্রহণ একটি অতি প্রচলিত ব্যবস্থা। অনেক দিন আগে দেকেই অবশ্য এই ব্যবস্থার বিরোধ দিকের প্রতি অঙ্গুলি নির্দেশ করা হয়েছে, এবং বলা হয়েছে, এই ব্যবস্থায় সংখ্যাগুরু সংখ্যালঘুকে দাবিয়ে রাখতে পারে। মনে করা যাক—ক, খ ও গ এই তিনটি বিকল্প আছে। সংখ্যাগরিষ্ঠের ভোট নিয়ে সিদ্ধান্ত নিলে একটি দল ধরুক খ এর বদলে ক পছন্দ করবে, অন্য একটি দল গ এর বদলে খ পছন্দ করবে, আবার তৃতীয় একটি দল ধরুক গ এর বদলে ক বিকল্প পছন্দ করতে পারে। এই ধরণের ঘটনায়, সংখ্যাগরিষ্ঠের ভোট নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করলে কোন বিকল্পই সন্তোষজনক ভাবে সবচেয়ে গ্রহণীয় সিদ্ধান্ত হয়ে উঠে বেরিয়ে আসে না। অমর্ত্য সেন ও তাঁর সহযোগী প্রশান্ত পট্টনায়ক এই বিষয়ে মৌলিক কাজ করেছেন এবং গাণিতিক প্রমাণের ভিত্তিতে সিদ্ধান্তে এসেছেন কোন্ কোন্ শর্ত পূরণ করা হলে সংখ্যাগুরুর মতভিত্তিক যৌথ সিদ্ধান্ত গ্রহণীয় হতে পারে।"

"পঞ্চাশের দশকের প্রথম দিকে সংখ্যাগরিষ্ঠের তত্ত্ব নিয়ে ১৯৭২ এর নোবেল পুরস্কার প্রাপ্ত অর্থনীতিবিদ্ কেনেথ্ অ্যারো আকৃষ্ট হন, এবং তাঁর গবেষণার ফল হয়েছিল একাধারে অদ্ভুতভাবে চমকপ্রদ ও অদ্ভুতভাবে মৌলিক। গণতান্ত্রিক পদ্ধতিতে মানুষের পছন্দ করার স্বাধীনতা প্রভৃতি পাঁচটি সর্বজনগ্রাহ্য স্বতঃসিদ্ধ শর্তকে পূরণ করতে পারে এমন কোন সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্ত সম্ভব নয় এই ছিল অ্যারোর গবেষণালব্ধ ফল। একেই অর্থনীতিতে বলে-'অসম্ভবের উপপাদ্য' বা 'Impossibility Theorem'। এই তত্ত্বকে না মেনে খণ্ডন করা, না মেনে গ্রহণ করা। ষাটের দশকে অমর্ত্য সেন গবেষণা শুরু করেন এই 'অসম্ভবের উপপাদ্য'কে কেমন ভাবে পরিমার্জন করা যায়। তাঁরই প্রচেষ্টায় সমাধান সূত্রের হদিস পাওয়া গেল। ১৯৭০ সালে লেখা অমর্ত্য সেনের গ্রন্থ 'Collective Choice & Social Welfare' অর্থনীতির জগতে অত্যন্ত প্রভাব বিস্তার করেছিল, এবং তার বিভিন্ন লেখায় সংখ্যা পরিষ্ঠের সিদ্ধান্ত, ব্যক্তিগত অধিকার ও জনকল্যাণের জন্য তথ্যসংগ্রহের স্বাধীনতা প্রভৃতি বিভিন্ন বিষয় আলোচনার নতুন দিগন্ত খুলে দিয়েছিল।"

"চিরাচরিত সামাজিক সিদ্ধান্ত তত্ত্ব বা সোশাল চয়েস থিয়োরিতে ধরে নেওয়া হয় যে একজন ব্যক্তি তার পছন্দের বিকল্পগুলিকে মানের ক্রমানুযায়ী সাজাতে সক্ষম। কিন্তু এক ব্যক্তির পছন্দের সঙ্গে অন্য ব্যক্তির পছন্দের তুলনা করা সম্ভব কিনা—এ বিষয়ে চিরাচরিত থিয়োরি নিশ্চুপ: ব্যক্তি সাধারণ তাদের পছন্দের বিকল্পগুলির জন্য যখন মানের ক্রম অনুযায়ী সাজায়, তখন সত্যি সত্যি সেগুলি তুলনাযোগ্য? এই শক্ত প্রশ্নটি এতদিন ধরে এড়িয়ে যাওয়া হয়েছে। সোশাল চয়েস্ থিয়োরিতে অমর্ত্য সেন সম্পূর্ণ একটি নতুন ক্ষেত্রের তৈরি করলেন, এবং তিনিই প্রথম দেখালেন—ব্যক্তিসাধারণের মানগুলি যদি তুলনাযোগ্য ধরা হয় তবে যৌথ সামাজিক সিদ্ধান্ত একরকমের হবে, আর যদি তা তুলনাযোগ্য না ধরা হয় তবে যৌথ সামাজিক সিদ্ধান্ত অন্য রকমের হবে, আর যদি তা তুলনাযোগ্য না ধরা হয় তবে যৌথ সিদ্ধান্ত অন্য রকমের হবে। অমর্ত্য সেন নৈতিক দর্শনেও (Moral Philosophy) উদাহরণ টেনে এনে দেখিয়েছেন। আমেরিকান দার্শনিক জন রলস্ এর ভাবধারা থেকে—জন রলস্ বলেছিলেন—যদি কোন বিশেষ সামাজিক অবস্থায় মূল্যায়ন করতে হয়, তবে সেই সমাজের দরিদ্রতম বা সর্বাপেক্ষা অবহেলিত ব্যক্তির নিরিখে করতে হবে। অমর্ত্য সেন দেখালেন, শুধু দারিদ্রসীমার নিচে শুধু নয়, দারিদ্রসীমার একেবারে নিচের বর্গে সমাজের নেকেদের অবস্থা বিভিন্ন সমাজের ক্ষেত্রেও তুলনাযোগ্য। পরবর্তীকালে সোশাল চয়েস থিয়োরির যা এগতি হয়েছে, তা অমর্ত্য সেনের বিশ্লেষণের ওপর দাঁড়িয়েই হয়েছে।"

"এই চিন্তাধারা থেকেই অমর্ত্য সেনের দারিদ্রসূচক নির্মাণের নতুন সংকেত দিয়েছেন যা পূর্বেকার সংজ্ঞা থেকে অনেক বেশি সন্তোষজনক। দারিদ্র পরিমাপের এক সাধারণ উপায় হচ্ছে-ওপর থেকে চাপিয়ে দেওয়া হয় এক দারিদ্র সীমার রেখা, যার পেছনে কোন তাত্ত্বিক সমর্থন থাকে না। তা ছাড়া, দারিদ্র সীমার নিচে অবস্থানকারীদের মধ্যেও ভিন্ন অবস্থার লোক রয়েছে-কেউ কম দরিদ্র, কেউ বেশি দরিদ্র। তাই দারিদ্রসীমারেখা দ্বারা দারিদ্র পরিমাপ সন্তোষজনক নয়। অমর্ত্য সেন পাঁচটি সর্বজনগ্রহণযোগ্য নীতির ভিত্তিতে তাঁর নতুন দারিদ্র-পরিমাপক সূচক নির্মাণ করেছেন, যা অনেকেই বিস্তারিতভাবে

ব্যবহার করেছেন।"

"তেমনি জনকল্যাণ পরিমাপের সূচক অমর্ত্য সেনের হাতে এক নতুন মাত্রা পেয়েছে। সিডিত দেশের আর্থিক অবস্থার তুলনা করার একটি অতি ব্যবহৃত সূচক মাথা পিছু জাতীয় আয়। এটি সন্তোষজনক নয় এই কারণে যে এর দ্বারা শুধু গড় অবস্থার চিত্রটিই ভেসে ওঠে। অমর্ত্য সেন একটি নতুন মনোগ্রাহিক সূচক আবিষ্কার করেছেন যার ব্যবহারিক প্রয়োগ উন্নততর।"

"অমর্ত্য সেন জোর দিয়ে বলেছেন—জনকল্যাণ মানে কতকগুলো বস্তুর উৎপাদন নয়, জনকল্যাণের প্রকৃত অর্থ হল যাদের জন্য সেই বস্তু সৃষ্ট হল তাদের তা গ্রহণের ক্ষমতা-তিনি যাকে বলেছেন—capabilities. অমর্ত্য সেনের মৌলিক অবদান-তিনি চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন, স্বাস্থ্য শিক্ষা ভূমি সংস্কার এসব দরিদ্রতম মানুষদের গ্রহণক্ষমতা বাড়ায়, এগুলিকে বাদ দিয়ে জনকল্যাণ অর্থহীন। তাঁর অবদানের প্রতিফলন ফলশ্রুতি-তাঁরই সূচকের ভিত্তিতে রাষ্ট্রসঙ্ঘের নতুন Human Development Index নির্মাণ"।

"অমর্ত্য সেন তাঁর সারা জীবন ধরে যে কাজ করেছেন তার লক্ষ্য ছিল দরিদ্রতম মানুষের কল্যাণ। জীবনের সর্বপ্রথম রচনায় অমর্ত্য সেন উন্নয়নশীল দেশের উৎপাদনের ক্ষেত্রে কি ধরণের প্রযুক্তি বা কৌশল (techniques) গ্রহণ করা উচিত তা বিশ্লেষণ করেছেন। আসলে, অমর্ত্য সেনের সারা জীবনের কর্মকৃতির অধিকাংশই সংশ্লিষ্ট ছিল উন্নয়নের অর্থনীতির সঙ্গে, কারণ তাঁর বেশির ভাগ চিন্তাধারাই সমাজের দরিদ্রতম মানুষের কল্যাণের জন্য নিয়োজিত। তিনি সরেজমিনে দুর্ভিক্ষের ওপরে প্রত্যক্ষ ফলিত কাজ করেছেন, যা তাঁর কল্যাণমূলক তাত্ত্বিক আলোচনার সঙ্গে পুরোপুরি খাপ খায়।"

"এই পটভূমিতে অমর্ত্য সেনের সবচেয়ে খ্যাতনামা গ্রন্থ হচ্ছে ১৯৮১ সালে লেখা : 'Poverty and Famines—An Essay on Entitlement and Deprivation'। এই গ্রন্থে তিনি চলিত ধারণা যে খাদ্যাভাবের জন্যই প্রধানতঃ দুর্ভিক্ষের জন্ম হয়—তাকে খণ্ডন করেছেন। ভারত, বাংলাদেশ ও আফ্রিকার সাহারা অঞ্চলের অনেকগুলি দুর্ভিক্ষের দৃষ্টান্ত বিস্তর সঙ্গে বিচার করে তিনি দেখিয়েছেন যে দুর্ভিক্ষের কারণ শুধু খাদ্যাভাব নয়, কারণ দুর্ভিক্ষ-কবলিত অনেক অঞ্চলে দেখা গেছে খাদ্যের যথেষ্ট মজুত ছিল, এমন কি সেখান থেকে বাইরে খাদ্যের চালান পর্যন্ত হয়েছে। তাঁর মতে দুর্ভিক্ষের প্রধান কারণ দরিদ্রতম মানুষের ক্রয় ক্ষমতার অভাব। অমর্ত্য সেনের পরবর্তী কাজগুলিতে (১৯৮৯ তে তাঁ দ্রেজের সঙ্গে লেখা গ্রন্থে) দেখানো হয়েছে কেমন ভাবে দুর্ভিক্ষের জন্ম রোধ করা যায়, অথবা একবার দুর্ভিক্ষ আরম্ভ হয়ে গেলে কেমন করে তার কুফলের ওপর রাশ টেনে ধরা যায়। যদিও কয়েকজন সমালোচক অমর্ত্য সেনের Poverty and Famines গ্রন্থের কিছু ফলিত সিদ্ধান্তের সমালোচনা করেছেন, উন্নয়ন অর্থনীতির ওপর নিঃসন্দেহে এই গ্রন্থটি অমর্ত্য সেনের একটি বিশ্বস্ত উন্মোচনকারী অবদান। এই গ্রন্থে বণ্টন সম্পর্কিত ও দারিদ্র সম্পর্কিত বিষয়গুলির ওপর অমর্ত্য সেন যে জোর দিয়েছেন, তা তাঁর সারা জীবনের গবেষণার সঙ্গে সংগতিপূর্ণ।"[২]

নোবেল পুরস্কারের পাদপ্রদীপে এসে আজ অমর্ত্য সেনের বক্তব্য সারা পৃথিবীর—বিশেষ করে তৃতীয় বিশ্বের—চোখ খুলে দিয়েছে। প্রথাগত অর্থনীতির বাইরে অমর্ত্য বাইবেলের মত সহজ সরল ভাষায় এমন সব বিষয়ের ওপর আলোচনা করেছেন যা শুধু অর্থনীতি সনাক্তকেই নয়, চিন্তাশীল সব মানুষকে এবং উন্নয়ন নীতি নেতৃস্থানীয় ব্যক্তিদের প্রভাবান্বিত করেছে। অমর্ত্য সেনের একটি বৈশিষ্ট্য হল—যা আমি ছাত্রজীবন থেকেই দেখে আসছি-তাঁর অর্থনৈতিক চিন্তাগুলির একদিকে যেমন অপূর্ব পাণ্ডিত্যপূর্ণ, অন্যদিকে তার বেশিরভাগ লেখাই সহজবোধ্য। অমর্ত্যর কাছে অর্থনীতি মানে পৃথিবীকে আরো সহজ করে বোঝা, আর পৃথিবীকে বোঝা মানে শুধু তার অর্থনৈতিক জগৎকে বোঝা নয়, তার সামাজিক জগৎকে বোঝা, এবং সেই সঙ্গে মূল্যবোধের দার্শনিক জগৎটাকেও কিছু বোঝা—কারণ মানুষ এসবের মধ্যেই বাস করে। অমর্ত্যকে নোবেল পুরস্কারের ভূষিত করে নোবেল ফাউণ্ডেশন শতাব্দীর শেষ প্রান্তে এসে তৃতীয় বিশ্বের প্রতি সারা পৃথিবীর যে একটা দায়বদ্ধতা আছে তাকেই সনাক্ত করেছে, এবং তার জন্য তাঁরা ধন্যবাদার্হ। অমর্ত্যর নোবেল পুরস্কার প্রাপ্তিতে প্রায় সর্বসম্মতিক্রমে অভিনন্দনবাণী দেশ-বিদেশে উচ্চারিত হয়েছে। ভারতবাসী হিসাবে আমরা সকলেই অমর্ত্য সেনের জন্য গর্বিত, এবং সহপাঠী হিসাবে সে কথা শোনাতে পেরে আমি নিজেকে ধন্য মনে করছি।।

ঃ উল্লেখপঞ্জী ঃ

কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৫১ সালের আই. এ. ও আই. এস. সি. পরীক্ষায় প্রথম দশজন ছাত্র-ছাত্রীর নাম ঃ

আই. এ.

প্রথম	বিনয়ভূষণ চৌধুরী (সিটি কলেজ)
দ্বিতীয়	সুখময় চক্রবর্তী (প্রেসিডেন্সি কলেজ)
তৃতীয়	বঙ্কিমকুমার সেনগুপ্ত (প্রেসিডেন্সি কলেজ)
চতুর্থ	অমিতাভ চক্রবর্তী (স্কটিশ চার্চ কলেজ)
পঞ্চম	অমিতাভ বন্দ্যোপাধ্যায় (সিটি কলেজ)
ষষ্ঠ	পার্থসারথি গুপ্ত (প্রেসিডেন্সি কলেজ)
সপ্তম	শ্রীমতী মনিকা বসুয়া(বহরমপুর গার্লস্ কলেজ)
অষ্টম	জয়ন্তকুমার রায় (সিউড়ি বিদ্যাসাগর কলেজ)
নবম	তুষার কান্তি ঘোষ (প্রেসিডেন্সি কলেজ)
দশম	সুধীর কুমার সরকার (বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দির)

আই. এস. সি.

প্রথম	অমর্ত্য কুমার সেন (নন্-কলেজিয়েট স্টুডেন্ট, বিশ্বভারতী কলেজ)
দ্বিতীয়	দীপঙ্কর চট্টোপাধ্যায় (ঐ)
তৃতীয়	প্রশান্ত কুমার নন্দী (বেলুড় রামকৃষ্ণ বিদ্যামন্দির)
চতুর্থ	নিখিল চন্দ্র দাশগুপ্ত (ঐ)
পঞ্চম	বিভূতি ভূষণ ভট্টাচার্য (প্রেসিডেন্সি কলেজ)
ষষ্ঠ	কে. গণেশন্ (সেন্ট জেভিয়ার্স কলেজ)
সপ্তম	জি. এল্. নরসিংহেম্ (সেন্ট জেভিয়ার্স কলেজ)
	কালভূষণ কুরি (নন্-কলেজিয়েট স্টুডেন্ট, বঙ্গবাসী কলেজ)
নবম	সি. এস. সিদ্ধার্থ (সেন্ট জেভিয়ার্স কলেজ)
দশম	প্রসবানন্দ সাহু (সি. কে. কলেজ, কাঁথি)

২. শুভতোষ দত্ত—'আট দশকে' (১৯৮৮), পৃঃ-১৬০

৩. Poverty and Famines গ্রন্থের উৎসর্গপত্রে অমর্ত্য লিখেছিল : To Amiya Dasgupta—Who introduce me to economics and taught me what it is about.

৪. 'সবল যুদ সংবাদ', বিধাননগর, ১৬ই জুলাই, ১৯৯৭, পৃঃ-১৪

৫. Science Today. নভেম্বর, ১৯৬৯, পৃঃ-৪০
ঐ পৃঃ-৪১। এ ছাড়াও দ্রষ্টব্য—Nobel Laureates All by P. T. Rajasekharan (1991)

৬. মূল ঘোষণাপত্রটি প্রকাশিত হয়েছে ১৬ই অক্টোবর, ১৯৯৮ তারিখের The Telegraph দৈনিক পত্রে।

জনকল্যাণ অর্থনীতি অমর্ত্য কথা

অশোক বেরা

সালের ইণ্ডিয়ান ইনস্টিটিউট অফ অ্যাডভান্স স্টাডিজ-এর ডোরাবজি অধ্যাপক ডি সি পণ্ডে এই বছরের বাধাকৃষ্ণ স্মারক বক্তৃতা দেওয়ার জন্য পূর্ব নির্ধারিত বক্তা নোবেল জয়ী অধ্যাপক অমর্ত্য সেনের নাম বাদ দিয়ে সে জায়গায় দেশের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী মুরলী মনোহর যোশী কে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত নিয়েছেন।

সত্য সেলুকাস কি বিচিত্র এই দেশ। হতে অধ্যাপক অমর্ত্য সেন খুশীই হয়েছেন। কারণ এখন তার যে ব্যস্ততা চলেছে তিনি একটু বিশ্রাম পাওয়ার সুযোগ পেলেন।

অধ্যাপক অমর্ত্য সেন তার সারাজীবন কল্যাণ মুখী অর্থনীতি এবং রাষ্ট্রের ভূমিকা বিষয়ে কাজের সূত্রে ১৯৯৮ সালে নোবেল পুরস্কারে সম্মানিত হওয়ার ফলে অধ্যাপক সেনের যা গৌরব বেড়েছে তার চেয়ে অনেক বেশি গৌরব বেড়েছে নোবেল পুরস্কারের।

প্রথমত : বিশ্বের সংখ্যা গরিষ্ঠ মানুষ বাস করে তৃতীয় বিশ্বের দেশ গুলিতে। এই সংখ্যা গরিষ্ঠ মানুষের কল্যাণের জন্য যিনি সমস্ত জীবন অর্থনীতির বাঁধাধরা তত্ত্ব থেকে বেরিয়ে কল্যাণ মুখী অর্থনীতি, ব্যক্তি এবং রাষ্ট্রের ভূমিকা বিষয়ে কাজ করলেন তাঁরই তো অর্থনীতির শ্রেষ্ঠত্বের শিরোপা পাওয়া উচিত। এই উচিত কাজটি নোবেল কমিটি খুব দেরীতে করলেন।

দ্বিতীয়ত : আজ পর্যন্ত নোবেল কমিটি বাজার অর্থনীতির প্রবক্তাদেরই (ব্যতিক্রম ১৯৭৫ সালে সমাজতান্ত্রিক অর্থনীতির প্রবক্তা সোভিয়েত অর্থনীতিবিদ কান্তারোভিচ্ -এর নোবেল পুরস্কার প্রাপ্তি) পুরস্কারে সম্মানিত করেছে। বাজার অর্থনীতি দিয়ে সমাজের কতখানি মঙ্গল করা যায় তা বোঝা যায় পৃথিবীতে দারিদ্র সীমার নীচে বসবাস কারী মোট জনসংখ্যা থেকে।

গত ১৯৯৭ সালের নোবেল পুরস্কার প্রাপক দ্বয় রবার্ট মারটন্ এবং মিরন স্কোরস্ শেয়ার বাজারে ঝুঁকির ক্ষেত্রে সার্থক ভবিষ্যদ্বাণী করার নতুন তত্ত্বের সূত্রে নোবেল পুরস্কারে সম্মানিত হয়েছিলেন, তারা যে সংস্থা Long term Capital Management-এর সঙ্গে যুক্ত তার ব্যবসা ভরাডুবি হয়েছে এবং ফেডারেল রিজার্ভ ব্যাঙ্কের সহায়তায় এ যাত্রায় বেঁচে গেছে। এই ঘটনায় নোবেল কমিটি লজ্জায় পড়ে গেছে। এবং বিশ্বের অর্থনীতি বিদদের কাছে ১৯৯৭ সালের অর্থনীতি নোবেল পুরস্কারের গৌরব হ্রাস পেয়েছে।

অধ্যাপক অমর্ত্য সেন অর্থনীতির জন্য নোবেল পুরস্কার পেয়েছেন ঠিক কিন্তু তিনি শুধুমাত্র একজন অর্থনীতিবিদ্ নন তিনি একই সঙ্গে একজন বড় দার্শনিক। তিনি তার পূর্বসূরীদের থেকে চিন্তাভাবনার ক্ষেত্রে অনেক এগিয়ে। তার কাজের বিস্তার এবং গভীরতা অনেক বেশি। তাঁর মুখ্য কাজ গুলি পরিবর্তনা তত্ত্ব, কৃষি অর্থনীতি, সামাজিক চয়ন, কল্যাণমুখী অর্থনীতি, উপকার এবং ব্যয়ের বিশ্লেষণ, (Cost Benefit Analysis) দারিদ্র, দুর্ভিক্ষ, সমবায়, কৃষক, অর্থনৈতিক বৈষম্য, প্রকৃত জাতীয় আয়, লিঙ্গ বৈষম্য প্রভৃতি।

অধ্যাপক সেনের চিন্তার মূল বিষয় হল বাজার অর্থনীতির বাইরে সমাজের কল্যাণ সাধনের যে সব উপায় আছে তাদের চরিত্র নিরূপণ এবং সামাজিক ঐকমত্য প্রতিষ্ঠা করে সেই সব উপায়কে অগ্রাধিকার দিয়ে উন্নয়নের নীতি প্রণয়ন করা। এক্ষেত্রে উন্নয়ন বলতে শুধু খাদ্য, পানীয়, বিলাস বহুল বাড়ি, জাতীয় আয় ও গার্হস্থ্যপণ্য উৎপাদন এবং তার বৃদ্ধি বোঝায় না। প্রকৃত উন্নয়ন হচ্ছে মানুষের শিক্ষা ও স্বাস্থ্যের উন্নতি ঘটিয়ে তার কর্ম ক্ষমতা বৃদ্ধি করে সমাজের সামগ্রিক বিকাশের যে স্থায়ী বুনিয়াদ তৈরি হবে তার উপরেই নির্ভর করে সমাজের আর্থিক উন্নয়ন।

কামাতম করণ (optimisation theory) তত্ত্বের দিক থেকে বিচার করলে অর্থবিদ্যাকে স্বার্থ পরতার শাস্ত্র বলা যায়। কারণ এখানে বলা হচ্ছে সমাজের প্রতিটি ব্যক্তিও উৎপাদন প্রতিষ্ঠান সবাই মুনাফা সর্বাধিকিকরণের (Profit maximisation goal) লক্ষ্যে স্থির থাকলে তবেই তাকে এই শাস্ত্রের ভাষায় যুক্তিবাদী (rational) বলা হবে। বাজার অর্থনীতির প্রবক্তারা এই শাস্ত্রে দয়া, দাক্ষিণ্য, সহমর্মিতা প্রভৃতি মানবিক গুণ গুলোর বিকাশের কোন অবকাশ রাখেন নি। অমর্ত্য সেন দেখিয়েছেন যে বাজারের কেনা বেচার মধ্যে সংকীর্ণ স্বার্থের ভূমিকা যথেষ্ট থাকলে ও সমাজে মানুষ অন্য মানুষের কথা ভাবে অন্যের বিপদে মানুষ সাহায্য ও সহযোগীতা করার জন্য এগিয়ে যায়। কোন মানুষ যদি পারিপার্শ্বিক আত্মীয় স্বজন কিংবা যে রাজনৈতিক সামাজিক পরিবেশ তাকে ঘিরে আছে সে দিকে না তাকিয়ে কেবলমাত্র নিজের স্বার্থের কথা ভাবে তাহলে অধ্যাপক সেন তাদের 'যুক্তিবাদী বোকা' (Rational fool) বলেছেন। কারণ মানুষ যে সমাজে বাস করে সে যদি সেই সমাজের কল্যাণের কথা না ভেবে শুধু নিজের স্বার্থের কথা ভাবে তাহলে সমাজ গভীর সংকটের মধ্যে পড়বে এবং স্বার্থপর ব্যক্তি তখন সেই সংকট থেকে মুক্তি পেতে পারবে না। তাই অধ্যাপক সেনের বক্তব্য সমাজ যখন তার নিজের পছন্দ ঠিক করে তখন সব ব্যক্তির সব পছন্দকে সমান গুরুত্ব না ও দিতে পারে, এইটাই র‍্যাশনাল বোধ। এই বোধ যে ঐকমত্য তৈরি করে তা সমাজকে তার কাঙ্খিত অবস্থায় পৌঁছে দিতে পারে এবং এইভাবেই ব্যক্তির ইচ্ছে এবং সমাজের মঙ্গল একসূত্রে বাঁধা যেতে পারে।

অমর্ত্য সেনের যে কাজটা খুবই গুরুত্বপূর্ণ সেটা একটা তাত্ত্বিক

সমস্যা যার ব্যবহারিক গুরুত্ব অপরিসীম। সমস্যাটা সামাজিক চয়নের সমস্যা। সমাজের পক্ষ থেকে রাষ্ট্র অনেক বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। রাষ্ট্র কোন্ কোন্ ক্ষেত্রে কি পরিমান টাকা খরচ করবে, যেমন—শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট, বিভিন্ন শিল্পের পরিকাঠামো এবং পরমানু বোমা ইত্যাদি।

সমস্যাটা হচ্ছে সমাজের পক্ষ থেকে রাষ্ট্র যে এইসব কাজ করে তাতে ব্যক্তির ইচ্ছা বা অনিচ্ছার কি কি ভূমিকা থাকে। রাষ্ট্র কিন্যালয় এবং হাসপাতাল তৈরি করবে, না পরমানু বোমা তৈরি করবে, এই সমস্যাটাকে বলা হচ্ছে 'সামাজিক চয়নের' সমস্যা এবং এটি ভীষণ গুরুত্বপূর্ণ সমস্যা। বাস্তবে আমরা প্রায় ক্ষেত্রে দেখি এমন কি গণতান্ত্রিকভাবে নির্বাচিত সামাজিক পছন্দ ও আসলে ব্যক্তির ওপর নীতি নির্ধারকদেরই চাপিয়ে দেওয়া পছন্দ। অমর্ত্য সেনের মূখ্য কাজ এই ব্যক্তির ইচ্ছা এবং সমাজের মেল বন্ধনের সমস্যা নিয়ে।

তিনি তার সামাজিক চয়ন (Social choice) সংক্রান্ত আলোচনায় দেখিয়েছেন ব্যক্তি মানুষ কিভাবে এক সঙ্গে মিলে সামাজিক পরিস্থিতির মূল্যায়ন করে এবং ঐ মূল্যায়নের ব্যাপারে ব্যক্তি মানুষের ঐকমতে পৌঁছাতে না পারলে কি হবে? এবং সংখ্যা গরিষ্ঠের সিদ্ধান্ত কতটা ভালো হবে?

এই সকল সমস্যা সমাধানের উপায় অধ্যাপক সেনের মতে যুক্তিবোধ (rational) তৈরি করা, সমাজের ভালোর জন্য নিজের ইচ্ছাকে সংযত করা, সমাজ তার পছন্দ নির্বাচনে আমার পছন্দকে অন্যের পছন্দের সমান গুরুত্ব না দিতেই পারে একথা সকল ব্যক্তি মানুষের জেতা। এই যুক্তি বোধ বিকাশের জন্য চাই ব্যক্তির পাঁচ প্রকার স্বাধীনতা বা অধিকার সুনিশ্চিত করা—(১) চিন্তার ও যুক্তির স্বাধীনতা (২) রাজনৈতিক স্বাধীনতা (৩) বাজার এবং অর্থনৈতিক স্বাধীনতা (৪) নিয়মকানুনের (procedure) সুবিধা লাভের স্বাধীনতা (৫) নিরাপত্তা লাভের স্বাধীনতা।

চিন্তা ও যুক্তির স্বাধীনতার জন্য চাই শিক্ষা ও লিঙ্গ ভিত্তিক বঞ্চনার অবসান। নিরাপত্তার জন্য চাই খাদ্য ও স্বাস্থ্যের অধিকার। এগুলির অভাবে দেখা যায় অশিক্ষা, অনাহার, দুর্নীতি, লিঙ্গভিত্তিক বঞ্চনা যার ফলে মানুষের সক্ষমতা (capability) কমে যায় এবং যুক্তি বোধের বিকাশ বাঞ্ছিত অবস্থায় পৌঁছাতে পারে না, এবং সামাজিক চয়নে ও উৎকর্ষের অভাব দেখা দেয়।

ব্যক্তি মানুষের এই সকল স্বাধীনতা বা অধিকার বাড়ানোর জন্য রাষ্ট্রকে বাদ দিয়ে শুধু বাজার ব্যবস্থার ওপর নির্ভর করলে চলবে না। এই সব কাজে রাষ্ট্রকেও ইতিবাচক ভূমিকা পালন করতে হবে।

উন্নয়নশীল দেশ গুলিতে মানুষের অধিকার নির্ণায়ক প্রতিষ্ঠান হিসাবে পরিবারের অবস্থাকে বিচার করা অমর্ত্য সেনের একটি বিরাট কাজ। বেশিরভাগ পরিবার মেয়েদের ক্ষেত্রে অত্যাচারী প্রতিষ্ঠান হয়ে দাঁড়িয়েছে। অধিকাংশে দরিদ্র পরিবারে বাচ্চা ছেলে বা মেয়েকে খুব ছোট বেলা থেকেই কাজ লাগিয়ে দেওয়া হয় এবং তাদের রোজগার পরিবার নিয়ে নেয়। অনেক ক্ষেত্রে তিন বছরের বড় বাচ্চারা তাদের ভাই বোনেদের সামলায়। অধিকাংশে পরিবারে মেয়েদের চেয়ে ছেলেদের বেশি গুরুত্ব দেওয়া হয়। অনুন্নত এবং উন্নয়নশীল দেশগুলিতে শিশুকন্যার মৃত্যুর হার শিশু পুত্রের চেয়ে বেশি হওয়ার কারণ শিশু পুত্ররা শিশু কন্যার চাইতে বেশি খাবার ও ঔষধ পায়।

অধ্যাপক সেনের কাজের সূত্র ধরে উন্নয়নশীল দেশের পুরুষ, নারী এবং শিশুদের জৈবিক অবস্থানের নানা বিষয় নিয়ে অসংখ্য গবেষণা প্রকল্প হয়েছে। ১৯৯০ সালে জাতি সংঘ কর্তৃক প্রকাশিত প্রথম জাতিসংঘের বিকাশ কর্মসূচীতে (UNDP report 1990) যে মানব উন্নয়ন সূচকের উপস্থাপনা করা হয়েছে তা অমর্ত্য সেনের চিন্তা প্রসূত।

অধ্যাপক সেন দারিদ্র ও দুর্ভিক্ষের ইতিহাস আলোচনা করতে গিয়ে দেখিয়েছেন যে খাদ্যের প্রয়োজনের উৎপাদনের জন্য সর্বত্র খাদ্য সংকট তৈরি হয় না। অনেক ক্ষেত্রে বিপন্ন মানুষের কাছে খাদ্য পৌঁছে দেবার ব্যবস্থা না থাকার ফলে সংকটের সৃষ্টি হয়। ধনীরা খাদ্য অপচয় করে অথচ দরিদ্র মানুষেরা খাদ্যাভাবে প্রাণ হারায়। ১৯৪৩ সালের বঙ্গদেশে দুর্ভিক্ষের কারণ হিসাবে তিনি দেখিয়েছেন সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার অভাবে মানুষ দুর্ভিক্ষের শিকার হয়েছে। ঐ সময় ভারত থেকে প্রচুর খাদ্যশস্য বিদেশে রপ্তানী হয়েছে ফলস্বরূপ মাথাপিছু খাদ্যের যোগান খুব কমে গেছিল বিশেষ করে বঙ্গদেশের।

অধ্যাপক সেন দারিদ্র দূরীকরণ নিয়ে বহু চিন্তাভাবনা করেছেন। যারা দরিদ্র তাদের মধ্যে কেউ কেউ ক্ষমতা ব্যবহারের সুযোগ পান না বলে দরিদ্র। তাদের জন্য নতুন কাজ অথবা বেকার ভাতার ব্যবস্থা করতে হবে। আবার এমন কিছু দরিদ্র মানুষ আছে যারা কাজের ক্ষমতা হারিয়ে ফেলেছে শারীরিক অক্ষমতার কারণে অথবা বয়স বাড়ার ফলে সেক্ষেত্রে সমাজকেই এদের দায়িত্বভার নিতে হবে।

অধ্যাপক সেন তার প্রযুক্তি চয়ন (choice of technology) আলোচনা প্রসঙ্গে দরিদ্র শ্রমিক যোগান যুক্ত দেশে অর্থনীতি বিকাশের প্রয়োজনে শ্রমিকদের কাজে লাগানোর জন্য মূলধন নিবিড় (Capital intensive) উৎপাদন কৌশলের বদলে শ্রম নিবিড় (Labour intensive) উৎপাদন কৌশলের স্বপক্ষে বলেছেন। এই শ্রম নিবিড় উৎপাদন কৌশল কাজে লাগাতে হলে প্রথমিক শিক্ষা এবং স্বাস্থ্য সম্মত জীবন যাপন শ্রমিকদের সুনিশ্চিত করা প্রয়োজন।

বিশেষত। ভারতের মতো জনবহুল এবং বেকার সমস্যায় জর্জরিত দেশে আর্থিক বিকাশের জন্য শ্রম নিবিড় উৎপাদন কৌশলই কাম্য।

আবার ভারতের মতো দেশে চাষীর ভূমির চাহিদার কথা ভেবে তিনি ব্যাপক ভূমি সংস্কারের সুপারিশ করেছেন, চাষীর হাতে জমি গেলে যে তার পারিবারিক শ্রম ব্যবহার করে সর্বোচ্চ উৎপাদন করতে সক্ষম হবে। এবং এইভাবে ছদ্ম বেকারত্ব (disguised unemployment) উৎপাদনশীল হয়ে উঠবে।

পৃথিবীর বিভিন্ন দেশের আর্থিক উন্নতির ইতিহাস নিয়ে আলোচনা করে তিনি দেখিয়েছেন যে জাপান বা দক্ষিণ কোরিয়ার মতো দেশ সাম্প্রতিককালে তাদের জাতীয় উৎপাদনের যে বৃদ্ধি ঘটিয়েছে তার পুরোটাই কেবল সঞ্চয় এবং বিনিয়োগ বৃদ্ধির ফলে হয় নি। অন্যান্য কারণ ও রয়েছে তার মধ্যে কর্মীদের দক্ষতার মান বৃদ্ধি, কর্মী গোষ্ঠীর মধ্যে পারস্পরিক সহযোগীতার বিকাশ এবং শিল্প পরিচালকদের সঙ্গে রাষ্ট্রের সহমত প্রতিষ্ঠার প্রচেষ্টা। তাই অনুন্নত দেশ গুলির প্রতি তার পরামর্শ উৎপাদন প্রক্রিয়াতে শুধু যন্ত্রপাতি বাড়ালে হবে না যন্ত্র ব্যবহারে কারীদের শিক্ষার মান ও সমবেতভাবে কাজ করার প্রবণতা বাড়াতে হবে।

অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার প্রাপ্তি দুটি দিক থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রথমতঃ ভারতবর্ষে কল্যাণমুখী অর্থনীতির চর্চার ক্ষেত্রে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে। অমর্ত্য সেন যে এই প্রথম কল্যাণমুখী অর্থনীতির কথা বললেন তা নয় কিন্তু এই বিষয়ে কাজ করার সুবাদে নোবেল পুরস্কার প্রাপ্তির পর ভারতবর্ষে তথা সমগ্র বিশ্বে অর্থনীতির এই শাখাটির চর্চা নিঃসন্দেহে বেড়েছে। বিভিন্ন রাষ্ট্র নায়করা রাষ্ট্রের সংখ্যা গরিষ্ঠ মানুষের কল্যাণ কিভাবে করা যায় তা ভাবছেন এবং এই বিষয়ে অধ্যাপক সেনের সঙ্গে পরামর্শ করছেন। দ্বিতীয়তঃ অধ্যাপক সেনের নোবেল পুরস্কার প্রাপ্তি বিশ্বের সংখ্যা গরিষ্ঠ দরিদ্র মানুষের প্রাথমিক চাহিদার (Basic need) কথা বিশ্ববাসী কর্তৃক স্বীকার করা। সম্মান জানানো এবং বিশ্ব বিবেকের জন্ম সূচিত করেছে।

অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার প্রাপ্তি বিশ্বের সংখ্যাগরিষ্ঠ দরিদ্র মানুষের প্রাথমিক চাহিদার (Basic need) কথা বিশ্ববাসী কর্তৃক স্বীকার করা, সম্মান জানানো এবং বিশ্ব বিবেকের জন্ম সূচিত করেছে।

অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার জয়ের তাৎপর্য

ড. জলধর মল্লিক

১৯৬৮ সালে ব্যাঙ্ক অব্ সুইডেন একটি অর্থভাণ্ডার তুলে দেয় সুইডিশ রয়াল একাডেমি অব্ সাইন্সেসের হাতে। এই অর্থভাণ্ডার তুলে দেওয়ার উদ্দেশ্য হল ঐ অর্থভাণ্ডারের আয় থেকে আলফ্রেড বার্ণার্ড নোবেলের স্মৃতিতে অর্থনীতি শাস্ত্রে বিশেষ অবদানের জন্য প্রতিবছর একটি পুরস্কার প্রদান করা। মূল্যে, মানে ও মর্যাদায়, গরিমা এবং মহিমায় এই পুরস্কার প্রচলিত নোবেল পুরস্কারের থেকে কোন অংশেই কম নয়। সমমানে এবং সম মর্যাদায় প্রতিষ্ঠিত। ১৯৬৯ সাল থেকে প্রতিবছর সুইডিশ রয়াল একাডেমি অব্ সায়েন্সের পক্ষ থেকে এই পুরস্কার প্রতি বছরই দিয়ে আসা হচ্ছে। সুইডিশ রয়াল একাডেমি অব্ সায়েন্সেসের পক্ষে বিশিষ্ট অর্থনীতিবিদদের নিয়ে গঠিত একটি কমিটি অভিসংগোপনে পুরস্কার প্রাপককে নির্বাচন করে থাকেন। প্রতিবছর ১০ ই ডিসেম্বর আলফ্রেড বার্ণার্ড নোবেলের মৃত্যুবার্ষিকীর দিন অন্যান্য বিষয়ে নির্বাচিত নোবেল পুরস্কার প্রাপকের সাথে অর্থনীতি শাস্ত্রের জন্য নির্বাচিত পুরস্কার প্রাপকের হাতে তুলে দেওয়া হয় একটি সম্মানসূচক মেডেল, প্রশস্তি পত্র এবং অর্থ।

অর্থনীতি শাস্ত্রে অধ্যাপক অমর্ত্য সেনের বিশেষ অবদানের মূল্যায়ন করতে গিয়ে রয়াল সুইডিশ একাডেমী অফ্ সায়েন্সেস বলছেন—কল্যাণকর

অর্থনীতিতে অধ্যাপক সেনের অবদান এবং তত্ত্বগত দিক থেকে তার প্রয়োগ দুর্ভিক্ষের পিছনে থাকা অর্থনৈতিক প্রক্রিয়াসমূহ গভীরভাবে উপলব্ধি করতে সাহায্য করেছে। অর্থনীতি বিজ্ঞানের মূল ক্ষেত্রগুলিতে তিনি বেশ কিছু উল্লেখযোগ্য অবদান রেখেছেন এবং পরবর্তী প্রজন্মের গবেষকদের জন্য খুলে দিয়েছেন গবেষণার নতুন নতুন দিগন্ত। অর্থনীতি এবং দর্শনের পদ্ধতিগুলি একত্রিত করে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সমস্যাসমূহের আলোচনার ক্ষেত্রে এক ধরণের নৈতিক মাত্রা প্রদান করেছেন। সংখ্যাগরিষ্ঠের শাসন, ব্যক্তিগত অধিকার এবং তত্ত্বের লঙ্ঘাতা জাতীয় সমস্যাগুলি নিয়ে অধ্যাপক সেন গবেষণা করেছেন।

অধ্যাপক সেনের প্রায় সমস্ত কাজই উন্নয়নমূলক অর্থনীতির সাথে জড়িত, যেহেতু এই বিষয়গুলি সমাজের দারিদ্রতম মানুষদের কল্যাণের সঙ্গে সংশ্লিষ্ট। তার সব থেকে বেশি পরিচিত কাজের পরিচয় পাওয়া যায় "দারিদ্র এবং দুর্ভিক্ষ : পাওনা এবং বঞ্চনার উপর একটি নিবন্ধ" শীর্ষক পুস্তকে, যেখানে তিনি দুর্ভিক্ষের সর্বাধিক গুরুত্বপূর্ণ (কখনও-বা একমাত্র) ব্যাখ্যা হিসাবে খাদ্যাভাবের সাধারণ ধারণাকে চ্যালেঞ্জ করেছেন। বেশ কিছু সংখ্যক বিপর্যয়ের সতর্ক বিশ্লেষণের ভিত্তিতে তিনি দেখান যে পূর্ববর্তী বছরগুলির তুলনায় খাদ্যের সরবরাহ চোখে পড়ার মতো কম না হওয়া সত্ত্বেও দুর্ভিক্ষ হয়েছে অথবা দুর্ভিক্ষ পীড়িত এলাকা থেকে কখনো কখনো খাদ্যদ্রব্য রপ্তানি করা হয়েছে।

মোদ্দা কথা, কল্যাণকর অর্থনীতির প্রবক্তা হওয়ার কল্যাণেই অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার জয়। এই জয় কণ্টকশূন্য নয়, নয় বাধাবিপত্তিহীন। অধ্যাপক সেনের কাছে অর্থনীতি কেবলমাত্র নীতিহীন ভাবে অর্থ উপার্জনের পথ বা পদ্ধতি মাত্রই নয়। তার কাছে অর্থনীতি সমাজের দরিদ্রতম মানুষের মুক্তির দূত। তাই তাকে কোন কোন অর্থনীতিবিদ এবং কিছু পত্র-পত্রিকা রহস্যাচ্ছলে বর্ণনা করে থাকে 'দারিদ্রতার দার্শনিক' বলে।

এক সেরা অর্থনীতিবিদ হিসাবে মানুষের প্রতি এই মমত্ববোধ একদিনে গড়ে ওঠেনি। জন্ম এবং শিক্ষাগত পরিবেশ আর কিছু ঐতিহাসিক ঘটনাই অধ্যাপক সেনকে করে তুলেছে কল্যাণকর অর্থনীতির প্রবক্তা হিসাবে।

১৯৩৩ সালের ৩ রা নভেম্বর শান্তিনিকেতনের ওরুপল্লীতে অধ্যাপক অমর্ত্য সেনের জন্ম হয়। সারা এশিয়া মহাদেশের প্রথম নোবেল জয়ী কবিগুরু রবীন্দ্রনাথই অধ্যাপক সেনের নামকরণ করেছিলেন 'অমর্ত্য' বলে। ভবিষ্যৎবাণী করেছিলেন—এক অতি ব্যতিক্রমী মানুষ হিসাবে পরিচিত হবে একদিন ও। কিন্তুকবির সেই ভবিষ্যদ্বাণী ব্যর্থ হয় নি। বরং অক্ষরে অক্ষরে সার্থক। ঢাকার মানিকগঞ্জ ছিল অধ্যাপক সেনের পৈত্রিক আবাস ভূমি। বাবা ড. আশুতোষ সেন ছিলেন বিখ্যাত কৃষিবিজ্ঞানী। অধ্যাপক সেনের জন্মকালীন সময়ে তিনি ছিলেন বিশ্বকবির সচিব। পরবর্তীকালে কর্মোপলক্ষে উনি দিল্লীবাসী হলেও পুত্র অমর্ত্যকে নিয়ে মা অমিতা সেন রয়ে যান শান্তিনিকেতনে। বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত ক্ষিতিমোহন সেন হলেন অধ্যাপক অমর্ত্য সেনের মাতামহ। মানবিক ও দার্শনিক দৃষ্টিভঙ্গী গড়ে তুলতে বিশ্বকবিসহ এই সমস্ত মানুষগুলির ভূমিকা কোন অংশেই কম নয়। ৮৭ বছর বয়স্কা মা অমিতা সেন আজও শান্তিনিকেতনের 'প্রতীচী' নামাঙ্কিত শান্তিপুরে গৃহবাসিনী। অধ্যাপক সেনের বাল্য, কৈশোর আর যৌবনের উষাকাল কাটে শান্তিনিকেতনের আশ্রমিক পরিবেশে। প্রকৃতি ছিল তার প্রিয় সাথী। ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টনে ছিল অনুরাগ। শান্তিনিকেতনের পাঠভবনের ছাত্রহিসেবে নাচে, গানে, নাটকে অংশ নিয়েছেন। স্কুলের সেবামূলক কাজে অংশ গ্রহণ করতে গিয়ে এসেছেন শান্তিনিকেতন সংলগ্ন গ্রামগুলির সাঁওতাল অধিবাসীদের সংস্পর্শে। যার তখন থেকে দেখেছেন শিক্ষা আর স্বাস্থ্য-পরিষেবা রহিত সরল ও দরিদ্র সাঁওতালদের প্রকৃত অবস্থা। এই অবস্থা পরিবর্তনের জন্যে বার বার তাদের মাঝে ছুটে গেছেন ঐ কিশোর বয়সেই। চেষ্টা করেছেন শিক্ষা এবং স্বাস্থ্য চর্চায় উদ্বুদ্ধ করতে। পঞ্চাশের মন্বন্তরের সময় ছিলেন মানিকগঞ্জে। সাড়ে 'ন' বছর বয়সে তখন তার। কিন্তু ঐ বয়সেই দুর্ভিক্ষের অভিঘাত অধ্যাপক সেনের মনে এঁকে দেয় এক গভীরতর প্রশ্নচিহ্ন। এরই তাড়নায় পরবর্তীকালে অধ্যাপক সেন যৌবনের দুর্ভিক্ষের সাথে অর্থনীতির ঘনিষ্ঠসম্পর্কের অনুসন্ধানে। আর যার ফলেই আজ তার নোবেল পুরস্কার লাভ। ঐ কৈশোরেই দেখেছেন বাঙালীর সময়ে মনুষ্যত্বের চরম অপমান-যা আজো তাকে পীড়িত করে। তাই, ১৯৯২ সালে যখন বৌদ্ধবাদী সাম্প্রদায়িক গোষ্ঠীর বর্বর আক্রমনে অযোধ্যার বাবরি মসজিদ ধূলিসাৎ হয়—তখন অধ্যাপক সেনের মানসিক ক্ষত যন্ত্রণায় ক্লিষ্ট হয়ে ওঠে।

শান্তিনিকেতনের পাঠভবন থেকে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ওখানকার বিশ্বভারতী থেকেই সম্মানসহ আই. এস. সি পড়ার পাঠ সাঙ্গ করেন। দমদম কলেজ প্রথম স্থান অধিকারীরূপে। চোখে তখন বিজ্ঞানী হওয়ার স্বপ্ন। স্বপ্ন সদ্য স্বাধীন ভারতভূমিকে মানুষের বাসযোগ্য করে তোলার কাজে আত্মনিয়োগ করবেন তিনি। এই স্বপ্নের তাড়নাতেই ঐ কিশোর বয়সেই মু একজন সহপাঠীদের সাথে নিয়ে প্রকাশ করেছেন পত্রিকা। লেনিন প্রবর্তিত পত্রিকা 'ইসক্রা'-র আদলে পত্রিকার নাম রেখেছেন 'স্পুলিঙ্গ'। কার্যকারণে এই 'স্পুলিঙ্গ' থেকে দাবানলের সৃষ্টি না হলেও অধ্যাপক সেনের মনভূমিতে প্রোথিত করে দেয় সমাজতান্ত্রিক চেতনার অবিনশ্বর অগ্নিশিখা। এরই প্রভাবে তাই আজো অধ্যাপক সেনের প্রতিটি অনুসন্ধানে, গবেষণায়, বক্তব্যে, লেখায় বারবার উচ্চারিত হয় তৃতীয় বিশ্বের দরিদ্র, নিরক্ষর, স্বাস্থ্যহীন মানুষদের কথা, যুগ যুগ ধরে নির্যাতিতা নারীদের প্রসঙ্গ। শিল্পোত্তর ধনতান্ত্রিক দেশগুলিতে দীর্ঘদিন অধ্যাপনা ও গবেষণার কাজে লিপ্ত থাকা সত্ত্বেও আধুনিক অর্থনীতির মার্কসের মার্কসবাদের প্রাসঙ্গিকতা সম্পর্কে যুক্তিগ্রাহ্য প্রবন্ধ প্রকাশে ইতস্তত করেন না কখনোই। বিশ্ববন্দিত অর্থনীতিবিদ হওয়া সত্ত্বেও তিনি আজও বহন করে চলেন ভারতীয় নাগরিকত্বের নিদর্শন। ভারতীয় অর্থনৈতিক ব্যবস্থার দুর্বলতার দিকে অঙ্গুলিনির্দেশ করতে ইতস্তত করেন না। ইতস্তত করেন না প্রশংসার মুখর হতে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের ভূমিসংস্কারের কর্মসূচীকে, কৃষি ও কৃষকের প্রতি 'ইতিবাচক' পদক্ষেপগুলিকে। এখানকার বামফ্রন্ট সরকারের সাথে অধ্যাপক সেনের হার্দিক যোগাযোগ দীর্ঘদিনের। তার পরামর্শগুলি গভীর গুরুত্বের সাথে বিবেচিত হয়ে থাকে তাই সদাই। এ রাজ্যে শিল্পায়নের জন্যে পরিকাঠামো গড়ে তোলার বর্তমান পদক্ষেপগুলির তিনি সমর্থক।

অধ্যাপক সেনের প্রবৃত্তিমিত্র বা পদার্থবিজ্ঞানী হওয়ার স্বপ্নভঙ্গের পিছনে আছে প্রখ্যাত অর্থনীতিবিদ অমিয় দাশগুপ্তের সুপরামর্শ। তারই পরামর্শে সদ্য আই. এস. সি. উত্তীর্ণ নবীন যুবকটি সাম্মানিক স্তরের অর্থনীতি পড়ার জন্য ভর্তি হয় প্রেসিডেন্সি কলেজে। এরপর আর পিছন ফিরে তাকাতে হয়নি কখনো তাকে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি শাস্ত্রের কৃতি ছাত্র অমর্ত্য সেন স্নাতকোত্তর স্তরের পড়াশোনার জন্য যান লণ্ডনস্থ কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ট্রিনিটি কলেজে। তারপর অর্থনীতির অধ্যাপনা আ গবেষণাকেই বেছে নিয়েছেন জীবনের মহৎ পেশা হিসাবে। শিক্ষকতার শু যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে। তারপর একে একে কেমব্রিজের ট্রিনিটি কলেজ, দিল্লী স্কুল অফ্ ইকনমিক্স, লণ্ডন স্কুল অফ্ ইকনমিক্স, অক্সফোর্ডের নুফিল্ড কলেজ। অলংকৃত করেছেন অক্সফোর্ডের জুলফত অধ্যাপকের পদ

যদিও অধ্যাপক সেনকে অর্থনীতি শাস্ত্রে তার মৌলিক অবদানে

জন্যে নোবেল পুরস্কার দেওয়া হচ্ছে এ বছর—কিন্তু তিনি আসলে অর্থনীতির জন্য অর্থনীতিবিদ বলতে যা বোঝায়, তা নন। নন কোন বিশেষ অর্থনৈতিক তত্ত্বের অন্ধ সমর্থক। প্রচলিত প্রথায় একজন সমাজবিজ্ঞানী হিসাবে পরিচয় দেওয়াও যথেষ্ট নয়। অধ্যাপক সেন হলেন একজন বড় মাপের দার্শনিক। বলা যেতে পারে-মানব বিজ্ঞানের একজন একনিষ্ঠ সাধক। তাই—মানব মনের গতিবিধি নিয়ে দীর্ঘপ্রবন্ধ লিখতে উদ্যোগী হন না, যা প্রকাশিত হয় 'মাইণ্ড' নামের বিখ্যাত মনোবিজ্ঞানের পত্রিকায়। সুইডিশ রয়াল একাডেমী অফ্ সায়েন্সেসও অধ্যাপক সেনের অর্থনীতির সাথে দর্শনের যোগাযোগের কথা উল্লেখ করেছেন। এই যোগাযোগের স্বীকৃতি হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয় বহু আগেই অধ্যাপক সেনকে অত্যন্ত মর্যাদাপূর্ণ অর্থনীতি ও দর্শনের প্রাফেসর অধ্যাপকের পদ গ্রহণের আহ্বান জানায়। সেই আহ্বানে সাড়া দিয়ে ১৯৮৭ সাল থেকে দীর্ঘ ১০ বছর ঐ পদ অলঙ্কৃত করেছেন অধ্যাপক সেন। এরপর—১৯৯৭ সালে 'মাস্টার' অফ্ ট্রিনিটি কলেজ হিসাবে কেমব্রিজে ফিরে আসেন। সাড়ে চারশো বছরের পুরানো এই কলেজের তিনিই হলেন প্রথম অর্থনীতিবিদ, এমন কি অ—ব্রিটিশীয় 'মাস্টার'। এ সবই অধ্যাপক সেনের কল্যাণকর অর্থনীতি তত্ত্বের স্বীকৃতি।

দর্শনের সাথে অর্থনীতির মেলবন্ধন ঘটালেও, অধ্যাপক সেন নোবেল পুরস্কারের জন্যে নির্বাচিত হয়েছেন মূলত অর্থনীতির তাত্ত্বিক এবং প্রয়োগিক ক্ষেত্রে মৌলিক অবদানের জন্য। এ সবেরই যোগফল কল্যাণকর অর্থনীতির তত্ত্ব।

অধ্যাপক সেনের একটি মৌলিক অবদানের ক্ষেত্র হল সামাজিক চয়ন-তত্ত্ব। অর্থনৈতিক সমস্যার অর্থই হল নানান বস্তুর মধ্যে কোন একটাকে চয়ন করা, যা আর্থিক শ্রীবৃদ্ধি ঘটাতে পারবে। কোন পথটাকে চয়ন অর্থাৎ বেছে নিতে হবে তা নিয়ে অর্থনীতিবিদদের মধ্যে বিতর্ক আছে খুবই। নয়া-রূপদী অর্থনীতিবিদরা ব্যক্তিগত চয়ন তত্ত্বে বিশ্বাসী। কেনেথ অ্যারো নামে সত্তরের দশকের এক নোবেলজয়ী অর্থনীতিবিদ সামাজিক চয়নতত্ত্বের সূত্রপাত ঘটান পঞ্চাশের দশকে এই বলে যে মানুষকে সামাজিক জীব হিসাবে স্বীকার করে নিলে, তার চয়নের রূপও সামাজিকভাবে নির্ধারিত হতে বাধ্য। সূত্রপাত হল—সামাজিক চয়ন-তত্ত্বের। অ্যারো আরো বললেন—আমি সেনের কাছ থেকে অনেক কিছু শিখেছি। ১৯৬০, ১৯৭০ এবং ১৯৮২ সালে এই চয়ন-তত্ত্বের ওপর অধ্যাপক সেনের বিখ্যাত গ্রন্থগুলি প্রকাশিত হয়েছে। প্রকাশিত হয়েছে অজস্র নিবন্ধ। অ্যারো যে আলোচনার সূত্রপাত ঘটিয়েছিলেন—অধ্যাপক সেনই তাকে তত্ত্বের আকার দেন। অ্যারো তার সামাজিক চয়ন-তত্ত্বে এক বিপজ্জনক সম্ভাবনার কথা উল্লেখ করেছিলেন। বলেছিলেন-যদি ব্যক্তিস্বার্থ বজায় থাকে, তবে সব ক্ষেত্রে গণতান্ত্রিকভাবে সমঝোতায় আসা অসম্ভব। অধ্যাপক সেন প্রমাণ করলেন যে গণতান্ত্রিক সমঝোতা সম্ভব। অসম্ভাব্য উপপাদ্য থেকে তিনি নিয়ে এলেন সম্ভাব্য বক্তব্যটিকে। ১৯৭০ এবং ১৯৮২ সালে চয়ন-তত্ত্ব এবং কল্যাণকর অর্থনীতি সংক্রান্ত পুস্তক দুটি ক্লাসিকধর্মী নিদর্শন হিসাবে চিহ্নিত। তিনি আরো দেখান যে ব্যক্তি যদি অন্যান্যদের সম্পর্কিত তথ্যসমূহের সাথে অধিকতর পরিচিত থাকে, তাহলে পারস্পরিক দেনাপাওনার ক্ষেত্রটিও সুপ্রসারিত হয়। অবশ্য গণতন্ত্রেই এটা একমাত্র সম্ভব।

৭০-এর দশক থেকেই অধ্যাপক সেনের গবেষণার বিষয়বস্তু কিছুটা দিকবদল ঘটাতে শুরু করে। ১৯৭০ সালে প্রকাশিত হয় তার বিখ্যাত গ্রন্থ 'অন ইকনমিক ইনইকোয়ালিটি'। দারিদ্র্যের পরিমাপ, দরিদ্রি এবং দরিদ্রতমের মধ্যে যে পার্থক্য আছে সেটা অধ্যাপক সেন সুস্পষ্টভাবে তুলে ধরেন। দারিদ্র্যসীমার নীচে কতজন দরিদ্র আছে—সেটা জানাই যথেষ্ট নয়। কে কেমন অবস্থায় আছে, তা জানাটাও একান্তই আবশ্যিক অর্থনীতির দিক থেকে এটা পরিমাপের জন্য তিনি একটি 'সূচক'-এর সৃষ্টি করেন। এর নাম দেওয়া হয়—'সেন সূচক'। বর্তমানে এই সূচকের সাহায্যেও প্রতিটি দেশের মানব-উন্নয়নের অবস্থা পরিমাপ করা হয় ইউ এন ডি পি-র পক্ষ থেকে। উৎপাদনের সাথে শ্রমিকের সম্পর্ক বিশ্লেষণ করে অধ্যাপক সেন দেখান যে শ্রমিক প্রতিদিন কাজ না করলেও উৎপাদন কমে না। এভাবেই, তার কাছ থেকে আমরা পেয়েছি 'উদ্বৃত্ত শ্রমের তত্ত্ব'।

আফ্রিকা এবং এশিয়ার কয়েকটি দেশের দুর্ভিক্ষের কারণ বিশ্লেষণ করে অধ্যাপক সেন দেখান যে খাদ্যাভাবই দুর্ভিক্ষের কারণ নয়। বিষয়টি গুরুত্বের সাথে উল্লিখিত হয়েছে সুইডিশ রয়াল একাডেমি অফ্ সায়েন্সেসের প্রশস্তি পত্রে।

'সামাজিক সুযোগ' সম্পর্কিত গবেষণায় বর্তমানে ব্যস্ত অধ্যাপক অমর্ত্য সেন। একটা ভালভাবে চালু-থাকা বাজারও 'মানব-ক্ষমতা'-র ঘাটতিগুলির সঠিক মোকাবেলায় অক্ষম। তিনি দেখান মানব-ক্ষমতার এই অবনয়নের জন্য দায়ী নিরক্ষরতা, স্বাস্থ্য পরিষেবার নিদারুন অভাব, অসম্পূর্ণ ভূমি-সংস্কার, ভারসাম্যহীন সামাজিক স্তরবিন্যাস আর নারী পুরুষের মধ্যে ঊর্ধ্বগামী বৈষম্য। সামাজিক সুযোগের ক্ষেত্রে এই বৈষম্যগুলির অনেকটাই নিরসন করা সম্ভব রাজনৈতিক প্রতিবাদ এবং বিরোধিতার দ্বারা। সহলেখক কেলিব্রিয়ামের অর্থনীতিবিদ জিন ড্রেজেরের সাথে একত্রে লিখিত এবং ১৯৯৫ সালে প্রকাশিত 'ইন্ডিয়া : অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক সুযোগ' পুস্তকটি এই বিষয়ে একটি অবশ্য পাঠ্য বই।

গত ২১শে অক্টোবর ডয়েস অফ্ আমেরিকায় এক সাক্ষাৎকারে অধ্যাপক সেন বলেন যে ভারতের ব্যাপক দারিদ্র্য দূরীকরণে গোঁড়ামি-মুক্ত পদক্ষেপ গ্রহণ করা দরকার। অল্প সময়ের মধ্যেই এটা করা সম্ভব। তিনি আরো মনে করেন—বিস্ফারন ছাড়া অর্থনীতির অগ্রগতি সম্ভব নয়। কিন্তু সামাজিক সুরক্ষার প্রশ্নটিকে সুস্থ রেখে বিস্ফারনের পথে পা বাড়ালে, ফল মারাত্মক হতে পারে। যেমনটি হয়েছে ভারতে।

ভারতের উন্নয়ন সম্পর্কে অধ্যাপক সেনের সুপারিশ হল কতকগুলি বিষয়ের সমন্বয় ঘটানো।

১। গণতন্ত্রকে রক্ষা করা এবং রাজনৈতিক কলহ ও প্রকাশ্য বিতর্কের মধ্যে যে শক্তি নিহিত আছে, তাকে আরো ভালভাবে কাজে লাগানো।

দ্রুত সামাজিক অগ্রগতি, বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, ভূমি-সংস্কার ও লিঙ্গ সমতার ক্ষেত্রে অগ্রগতি ঘটানো।

৩। অর্থনৈতিক ও লিঙ্গ ক্ষেত্রে উৎসাহ দান। এক্ষেত্রে গতিবেগ সঞ্চার ও সামাজিক ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে সকল বাধার অবসান ঘটিয়ে প্রতিযোগিতা, উৎসাহ-বর্ধক ব্যবস্থাসমূহ এবং মুক্ত আবহাওয়ার সুযোগকে সুসংহত করা।

বর্তমানে অধ্যাপক সেন গণতন্ত্র ও পুঁজিবাদের ওপর একটি গবেষণামূলক পুস্তক রচনায় ব্যস্ত। বইটি আগামী বছর প্রকাশিত হবে। সকলেই আশা করছেন—গণতন্ত্র এবং পুঁজিবাদ সম্পর্কে নতুন কোন দিক তিনি উপস্থাপিত করবেন জনসমাজের কাছে, যা কিনা, একদিন কল্যাণকর গণতান্ত্রিক পরিবেশ গড়ে তোলার আরো সুপরিকল্পিত পথের সন্ধান দেবে। সন্ধান দেবে বিশ্বের কোটি কোটি নিপীড়িত, বঞ্চিত, দরিদ্র মানুষদের মুক্তির ঠিকানা। অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার জয় এই সমস্ত বিষয়গুলিকে সুসংহত করতে সাহায্য করবে আগামী দিনে—এ আমাদের দৃঢ় বিশ্বাস।

উল্কাবৃষ্টি

বিষ্ণু সামন্ত

দিগ্বিদিক অন্ধকার, মাঠময় মানুষের দল
মাঝে মাঝে কোলাহল : এই একটা উল্কা পড়ল, এই একটা।
'দেখলেন তো মশাই।' বলে পাশের জন ঠেলা দিতেই
আমি বলি, এরকম প্রতিদিনই উল্কাপাত হয়।
তৎক্ষণাৎ 'রাতের আকাশে রোজ চেয়ে থাকেন নাকি?' বলে
আমার দিকে সে এমন বাঁকা তাকাল, তার
চোখ পরিষ্কার দেখতে না পেলেও
কথাটায় কিছু একটা ইঙ্গিত টের পাই ;
সত্যিই তো, আজ পাগল কিংবা মস্ত অকর্মা ছাড়া
কারই বা রাতের আকাশ দেখার অবসর আছে!
মনটাও নেই আর, অথচ একদিন তারাভরা আকাশের
বিস্ময়ের ঘোরে ডুবে-ডুবে ছেলেবেলা পেরিয়ে এসেছি
এখন সে বিদ্যে বিশ্বে এমনিতে চলে যাই না
কোনরকম লাভক্ষতি কিছু নেই বলে ;
আকাশ দেখছি কতদিন পর, অবশ্য কিছুদিন আগে যে
ধূমকেতু বিশ্বধ্বংসী হতে পারে রটেছিল
সেদিন তাকিয়েছি সকলেই! তারপর এতদিন ঘাড় ভেঙে শুধু
তাকিয়েছি উঁচু উঁচু বাড়ির দিকে
উঁচু উঁচু মানুষের দিকে, কিন্তু ঘাড় ভেঙে
তাকিয়ে থাকিনি আরেকটু উপরে,
আজ এই মুহূর্তে ভাবতে কী-যে ভালো লাগছে এই অন্ধকারে
পৃথিবীর কোটি কোটি মানুষ একসঙ্গে ঊর্ধ্বমুখী স্থির!
ছবিটা অনেকক্ষণ মস্তিষ্ক কামড়ে থাকে, থাকতে থাকতে
তার উপর আরেকটা ছবি ভেসে ওঠে—
আমার ছেলের নামও আকাশ।
দু'সেট মাত্র জামা, পায়ে পায়ে হাঁটতে হাঁটতে
ছেঁড়াফাটা চটি, ম্লান-মুখ বেকার বলে
কেউ ফিরে তাকায় না তার দিকে
না কোন সাক্ষাৎকর্তা, না মর্ত্য-সুন্দরী, না লোকজন!
তবে কি দৃষ্টি আকর্ষণের জন্য মাঝে-মধ্যে
উল্কাবৃষ্টি করতে হবে তাকে!



বিজ্ঞাপন

শিখা সামন্ত

চলো যাই 'সজীবতা' কিনতে
চলো, তারতাজা 'সতেজতা' কিনতে
এই যে, এখানে আসুন, সস্তায় পাবেন 'আরাম-টী'!
এখানে, মাত্র পাঁচ টাকায় জোয়ানীর ফুটফুটে' হাওয়া যায়
কেবল চার ফোঁটায় সব ময়লা ধবধবে শাদা হয়ে যায়
মুক্তোর মতো ঝকঝকে হাসি চাই? তাও পাবেন খুব কম দামে
ছেলে-মেয়ের শরীর? ও নিয়ে ভাববেন না, হাতের কাছেই টনিক
কমপ্লান বল ও গার্লি।
প্রাণ আই-চাই, বাতাস চান? প্রতিটি টিউবে ভরা বিনামূল্যে কিছু
'হাওয়া' (নির্মল?)

আজকাল সস্তায় কতকিছু যে পাওয়া যায়
এরপর মানবতা কিংবা প্রেম-প্রীতি ও কি পাওয়া যাবে টিউব-প্যাকেটে
মাত্র চার ফোঁটায় ঘুচে ফেলা যাবে ভেতরের সব মলিনতা?
বিজ্ঞাপনের যাদুতে হয়তো সব অসম্ভব রাতারাতি সম্ভব হয়ে যাবে
কেবল সামান্য কিছু বাঁধা রাখতে হবে নাম মাত্র মূল্যে—
শ্লীলতা ও সৌন্দর্যকে বন্ধক দিতে হবে লিরিলের ফেনার কাছে
মনুষ্যত্ব? ও না হয় বাঁধা থাক স্বার্থের কাছে
বিশ্বাস? উবে যাক কর্পূরের মতো বাতাসে

আর, ওদিকে দেখুন ডাস্টবিনে পড়ে থেকে কাটা হাতপিণ্ডটা কেমন যন্ত্রণায় ছট্‌ফট্ করছে।

বেগবান জীবনই পারে

রবীন্দ্রনাথ দাস

একটি জীবনের জন্য
দুই হাত পেতে
ব্যাকুল দাঁড়িয়ে আছি।

কত শীত গ্রীষ্ম
কত বর্ষা বসন্ত
তবু সেই নীলকণ্ঠ পাখি
আজো অধরা
পত্র পুষ্পহীন পলাশ কৃষ্ণচূড়া।

এ এক বিষণ্ণ সময়
ঝড়-ঝঞ্ঝা পাত
ভাঙে জীবনের খেলাঘর
সংসার বানভাসি
এক বেগবান জীবনই পারে
এই কালি মুছে
এ আকাশ আলো করে দিতে
ফোটাতে পারে জীবনের ছবি
রঙিন হতে।



তারপর

নজর উল ইসলাম

নিঃশব্দ শরজালের গুলি জ্বালা বিঁধিয়েছে
তাই ভালবাসার আঁচ ছোঁড়ে বন-খেদেশ
বরং বাদুড়ের ডানার মতন একে দেবে
স্মৃতির সব অলগ্রা, ফুল বাগিচার রূপ নিয়ে
মন-শালী তখনই রূপসী শহরে হবিহর
অনন্য এ পৃথিবী।

সেতুর কি মিলন-বন্ধন? এদিকে নীল ওধু নীল
তার পরিশেষের দাসত্বে সততই চোখে ফোটা
ঠোঁট নাড়াবে সে চমকে ওঠা মোনলিসা
প্রথবা ফুল-কালোর সমাহার রাখে
হাসেশাই।

ভ্রমরের কায়দায় খামখেয়ালী উকি—
বিড়বিড় করছিল রূপ বাগানে সেই সময়
মনগুল স্বপ্ন ছাড়বেই না এ প্রান্তরের মাঠ
মুঠোয় প্রত্যাশিত বিশ্বাস আর অপমানের উপর
সর্বরূপ সিঁদুর উল্লাস খাটুনির বৃত্তি চেপে যাবে
তারপর..

সূক্ষ্ম

উমা পাহাড়ী

দৃষ্টি সূক্ষ্ম, প্রেম সূক্ষ্ম
সূক্ষ্ম এ পৃথিবীর
মানুষের যত অনুভূতি
গন্ধ কক্ষ, স্নেহ কক্ষ
আর রক্ষা মানবের
চলাফেরা সে গতি
স্মৃতি সূক্ষ্ম, প্রীতি সূক্ষ্ম
সূক্ষ্মতার শীর্ষদেশে
হাসি সাঁকে মানুষের মন
রক্তকণায় বশ সূক্ষ্ম, জগৎ-সৃজন-সূক্ষ্ম
সূক্ষ্মতে এ জগতে
মানবের অবস্থিতি জল।



বৃহন্নলা শোনো

উত্থানপদ বিজলী

বৃহন্নলা, মন্দ এখন দিন
বৃহন্নলা, বিভীষিকার রাত
দুর্জনেরা নাচছে তাথিন থিন
চতুর্দিকে নিষ্পেষণের হাত।

ক্লীবত্ব কি থাকবে তোমায় ঘিরে?
সৈরিন্ধ্রীরা কেন নির্যাতিতা
একটুখানি দেখ পিছন ফিরে
ঘরে ঘরে জ্বলছে কতো চিতা!

বৃহন্নলা, ক্লীবত্ব এবং ছাড়ো
কীচকের হয়ে ধনীয়ান
প্রতিবাদে করো একটি বারও
বৃহন্নলা, গর্জাও বাও টান।

অন্তহীন যাত্রা

অকটাভিও পাজ (মেক্সিকো)

ভালোবাসায় অন্তহীন নারী ও পুরুষের মতন
দিন ও রাত,—একে অন্যের প্রতি গভীর আসক্ত
দুর্বোধ্য ভালোবাসার আলিঙ্গনে আবদ্ধ নেশা ও রক্ত,
উন্মাদ-এমন কি মৃত্যুকে ওরা অনুসৃজন!

শতাব্দীর পর শতাব্দী চলে যায়
অন্তহীন প্রবাহের মতো দুর্বম, দুর্বার
জীবনের উৎসমূলে কী জাঁকে যায়?
যার কোন শেষ নেই, শুরুও নেই চলার!

উন্মাদ

জুলিয়ান সি (ফ্রান্স)

সময় হারিয়ে যাচ্ছে দ্রুত
কিছু না কিছু করার কথা আমার
পারছি না—কিছুই করতে পারছি না, ক্রমে আশাহত
দুখিত, শূন্যতাই ছড়াচ্ছে আমার

এক মুহূর্ত ও ক্লান্তি নেই যে চলার
কীভাবে, কীভাবে পড়ে ভুলবো নিজেকে
এই উন্মত্ত ধাবমান সময়ের মতো?
সময় পেরিয়ে যাচ্ছে দ্রুত!

অনুবাদ কবিতা ঃ কল্পন সরকার
সৌজন্য • Poet Vol. 39 No. 1, 1998

আদত কথা

প্রদীপ বন্দ্যোপাধ্যায়

পোখরানেতে চোখনা রাখো খোঁজ কি রাখো খবরে
বোমার ওঁতোয় কজন মানুষ যাচ্ছে সেথায় মরে?
রোজ কত যে তৃণমূল হায়রে নতুন নতুন নেতা
বিজ্ঞানীদের এ জয় তবে লাগছে কাদের ভোগে।
মারণ বোমা ফাটিয়ে দেশের হয়েছে কিসের জয়
আমেরিকানদের বাড়াতে শক্তি স্বদেশ করছে ক্ষয়
ক্ষেপ্ত করতে মার্কিনী পদ কেন্দ্রে আসীন যারা
তারা যদি হয় সুলুকসন্ধিক দেশের শত্রু কারা?
এসব কথা ঢাকতে ওরা শোনায় অন্য গল্প
পাক-চীনারা নাশবে এদেশ এটা তো ভাই জল্প।
ভারত ফাটায় হিন্দু বোমা, মুসলিম বোমা পাক
শুনিয়ে এমন কথা-মালা করে দেয় হতবাক্।
আসল কথা বলার মতো সাহস নেই ওদের
আজগুবি সব রসালো গল্প বলছে তাই মোদের
চীন-রাশিয়া ফাটিয়ে বোমা দেখায় ওদের শক্তি
মার্কিনীদের পদ সেহরী উজাড় করছে ভক্তি।

পথ

জীয়াদ আলী

তেমন ঘৃণায় উথলে ওঠো এখন?
বলতে পারো? নিজের কথাই বলো,
ক্রোধের শরীর বলেছিল কিছুই?
শেষুর টানে নও কি টলোমলো!

এই কারণেই নিজের বুকে নিজে
দুহাত রেখে মিলিয়ে দেখাই প্রেম,
বস্তুত ঠিক পথের নিয়ম মেনে
চলছি না কি, ভাঙছি পথের দেহ!

নিজের হাতেই নিজের মতো করে
গড়ছি নিজের মহান প্রবৃত্তি
এবং আরই সাদাই গাওয়ার ছলে
বলে ফেলি সূত্র প্রোতের রীতি।

পথ হাঁটলেই পথ চেনা যায় না কি
পথের হদিস জেনেও খুঁজি কাঁকি

বজ্রের দেশ ঃ দেনজঙ

(ধারাবাহিক ভ্রমণকাহিনী)

অজিতকুমার বসু

কৃষি শ্রমিকদের প্রতি এই অমানবিক আচরণ শুধু দাস-যুগের কথা-ই মনে ভরিয়ে দেয় না ; সে সময়কার ভূমি-বন্টন ব্যবস্থা, সামাজিক শোষন, যন্ত্রনা ও পীড়নের দিক থেকে, যে কতটা বর্বরোচিত ছিলো, তার ইঙ্গিত দেয়।

ভূমি-রাজস্ব সম্পর্কে যা শুনেছিলাম, তা হলো ; তখন স্থানীয় রাজন্যবর্গের হাতে ছিলো রাজস্ব আদায়ের ভার। তাঁরা তাঁদের দায়িত্ব পালন করছেন কি, করছেন না, তা খতিয়ে দেখার তেমন কোন ব্যবস্থা-ই ছিলো না। এক্ষেত্রে যা ঘটার তাই ঘটতো। প্রজাদের কাছ থেকে রাজস্ব বাবদ আদায় থেকে রাজকোষে দেয় জমা পর্যন্ত গোটা ব্যবস্থাটাই ছিলো চরম বিশৃঙ্খল অবস্থায়। একদিকে গরিলাদি যেমন ও অন্যদিকে তেমন অন্যায় ও অসততার প্রশ্রয়। চাষীদের শোষনের ব্যাপারটা কিন্তু আগা গোড়াই বজায় ছিল।

১৯৫০ সালে ইজারা (পাট্টা) প্রথা উঠিয়ে দেওয়া হয় এবং তিনটি স্তরে ভূমি-রাজস্ব আদায়ের ব্যবস্থা চালু করা হয়

এই নতুন-ব্যবস্থায় দেশের যাবতীয় ভূসম্পত্তি মালিকানা-র প্রকারভেদে, তিনভাগে ভাগ করা হয়েছে, (১) শাসক ও তাঁর পরিবারের ভূ-সম্পত্তি, (২) গুম্ফার ভূ-সম্পত্তি, এবং (৩) প্রজাদের ভূ-সম্পত্তি

মালিকানা অনুসারে ভাগ করা এই তিন ধরণের ভূ-সম্পত্তির নিয়ন্ত্রণের জন্য রয়েছে তিন তিন সরকারী- বিভাগ।

ভূমি-রাজস্ব বিভাগ সরাসরিভাবে জনসাধারণের জমি জায়গা দেখাশুনা করার দায়িত্বে আছেন।

রাজকরের হার নির্ভর করে জমির উৎপাদিকা শক্তি কেমন তার উপর। উর্বরাশক্তির তারতম্য অনুসারে, তিন তিন জমির তিন তিন পরিমান রাজকর ধার্য হয়ে থাকে।

নগদ টাকায় ঐ ধার্যকর সরকারী রাজস্ববিভাগে জমা দিতে হয়।

খাজনার নিয়ম জাতি-উপজাতি নির্বিশেষে সকলের ক্ষেত্রেই এক। তবে বৌদ্ধদের জমি বেচাকেনার ক্ষেত্রে কিছু বিধি নিষেধ আছে। লেপচা-ভুটিয়া ছাড়া অন্য কোন জাতি-উপজাতির লোক বৌদ্ধদের জমি কিনতে পারেন না। তেমন আবার, উত্তর-সিকিমের কোন জায়গায় নেপালীদের স্থায়ীভাবে বসবাসের অনুমতি নেই। পূর্ব- সিকিমের কিছু কিছু জায়গাতেও এই নিয়ম চালু আছে।

কৃষিজ উৎপাদনের ক্ষেত্রেও এই ধরণের কিছু ভেদ দেখা যায়। যেমন, লেপচা-ভুটিয়ারা যে সব জায়গায় বেশি সংখ্যায় বাস করেন, সেখানে-ই এলাচ ও আপেল চাষ হয়ে থাকে। দক্ষিণ-সিকিমে কমলালেবুর চাষ হয়। আর সেই কমলা লেবুর বাগিচাগুলি প্রধানতঃ নেপালীদের হাতে।

রাজপরিবারের ব্যক্তিগত জমির ক্ষেত্রে এখনো গ্রামে গ্রামে 'মন্ডল' নিয়োগের পদ্ধতি চালু আছে।

ফোডং ও রুমটেক গুম্ফা দুটি সরাসরিভাবে শাসকের অধীন এবং তিনি-ই এদুটির ধর্মীয় প্রধান। বাকী গুম্ফাগুলির সবই সরকারী রাজকীয় বিভাগের নিয়ন্ত্রনে।

'লাচেন' আর 'লাচু'।

এতসব চিন্তার মধ্যে-ও উত্তর সিকিমের এই পিছিয়ে, পড়া গ্রাম দুটির নাম বারবার মনে পড়তে থাকে।

আধুনিক সভ্যতার আলো থেকে বঞ্চিত এঁরা। জগৎ ব্যথিত হতে থাকে তাই। মনে হতে থাকে: ছুটে যাই ওঁদের কাছে। কিন্তু এখান থেকে গ্রামদুটির দূরত্ব যে অনেক।

তিস্তার উজানে রেংপো 'লাচেন' হাল্টিং হওয়া যায়। ওখানে একটি প্রাচীন গুম্ফা আছে। কিন্তু 'লাচুং'? তাহলে, আবার তো ফেরে নেমে আসতে হবে তিস্তার ধারা ধরে তারপর, একসময় হাজির হতে হবে বোতিস্তাং উপনদী 'সেবজাকু' মোহনায়। ওখান থেকে নদী-টির উজান ধরে এগিয়ে গেলে-ই 'লাচুং'

এই মুহূর্তে আমার বারবার মনে হতে থাকে: ওঁরা-ই পারে পোটাশদের উন্নয়ন জীবন যাপনের ক্ষেত্রে নতুন সূর্যোদয়ের ইঙ্গিত দিতে

একে পঞ্চায়েত রাজ:, দ্বিতীয়ত:, সমবায় পদ্ধতি এই দুটি শক্তিশালী হাতিয়ারের মাধ্যমেই তরান্বিত হতে পারে, এলেনের উক্তি।

এখন তো জানুয়ারী মাস। ওঁদের ওখানে শীত তো বেশ জাঁকিয়ে-ই পড়েছে।

১৩

দল বেঁধে মার্কেট-স্কোয়ারে পৌঁছলাম। সূর্যদেব তখন নদী খাদ পাড়ি দিয়ে পশ্চিম-পাহাড়ের চূড়ায় চড়বার জন্য ব্যস্তসমস্ত। তাঁর অস্থিরতা দেখে মনে হয়, বুঝিবা কর্তব্যবিমূঢ়তার উদ্বেগ-উৎপরতা-ও হার মানছে। আপাত: চাঞ্চল্যের মূল লক্ষ্য কি শুধু পাহাড়ের শীর্ষদেশ? কোনমতে একবার চূড়ায় নাগাল পেলেই, প্রনতিবিলম্বে ঘুণ করে একলাফ। অমনি ওৎ পেতে থাকা শীত নামক অশরীরী তার অদৃশ্য শাণিত নখর দন্ত মেলে। "রে রে রি রি " রবে তেড়ে এসে ঝাঁপিয়ে পড়বে, চিত্তার হিংস্রতা ও শঠতা-কে বোকা বানিয়ে।

এদিকে ও দেখলাম একদিকে ফুটপাত, তবে গাড়ির সংখ্যা কম। স্থানীয় পন্যচারীরাও তেমন বহিরাগতদের প্রতি সৌজন্যবোধে কেশ সহজ ও সুন্দর। দোকানে দোকানে ঘুরে নানাবিধ পন্য দেখাদেখি, দরদাম্রি, যাচাই, কখনো সখনো কদাচিৎ পছন্দসই এটাওটা জিনিষপত্র কেনাকাটা চলছে। খরিদ্দার তো কত সিকিমের। চটি এ ক্রয়ক্ষমতার জন্য মূলত: এই ভিন্নতা। এঁদের সবার জন্য পন্যসম্ভারের আয়োজন-ই শুধু কি আর? ক্রেতাদের মনজয়ের প্রতিও দোকানদার-দের মনোযোগের বিন্দুমাত্র খামতি আছে বলে মনে হয় না।

একটা বিষয় আমার বিশেষভাবে দৃষ্টি আকর্ষন করলো। এই সব দোকানীদের অধিকাংশই ভারতের সমতল অঞ্চলের মানুষ, এঁদের মধ্যে আবার মাড়োয়ারী ব্যবসায়ী-ই বেশি। পরে জেনেছি, এঁরাই হলেন এখানকার আদি ব্যাপারী। গ্যাঙটকে প্রথম মহাজনী কারবার খোলেন এঁদেরই পূর্বপুরুষেরা। হোটেল, বার ও বস্ত্র প্রভৃতি নানাবিধ ব্যবসায়ের পত্তনদার। এইসব ব্যবসায়ী সম্প্রদায়ের লোকেরা নিজেদের বৃত্তির স্বার্থে 'সিকিম ব্যাপারী সংঘ'—নামে একটি সমিতি গড়ে তোলেন। সব রকমের বানিজ্যিক সংস্থার মালিকদের কাছে এই সমিতির দরজা ছিলো খোলা। যেহেতু, ব্যবসায়-বানিজ্যের অধিকাংশে ক্ষেত্রে মাড়োয়ারী ও হরিয়ানোবাসী মালিকদের আধিপত্য, সেইহেতু ওঁরাই ছিলেন ঐ সমিতির কর্মধার। অত্যধিক মুনাফা অর্জনই ছিলো সমতলের, ব্যবসায়ীদের একমাত্র লক্ষ্য। ফলে, পাহাড়ী অঞ্চলের ব্যবসায়ীদের সাথে ওঁদের মতের অমিল ও বিরোধ ছিলো প্রায় নৈমিত্তিক ঘটনা। পাহাড়ী মানুষদের সামাজিক স্বার্থবিরোধী এই অতি মুনাফা-নীতি স্বাভাবিকভাবেই দেশের প্রশাসনের কাছে চিন্তিয়তো চিন্তার কারণ হয়ে ওঠে। অবশেষে রাজ-দরবারের অনুকূলে পরিচালিত সিকিমীয় ব্যবসায়ীরা "সিকিম চেম্বার অফ্ কমার্স"-নামে এক পাল্টা সংগঠন গড়ে তোলেন। দুটি কারণে এই নতুন সংগঠনটি প্রশাসনের আনুকূল্য লাভ করে। প্রথমত: দেশীয় এবং পরোক্ষে এখানে স্থায়ীভাবে বসবাসকারী ভারতীয় সংস্থাগুলির স্বার্থে অনুপ্রনিত হয়ে এটির জন্ম। দ্বিতীয়ত:, ব্যবসায়-বানিজ্যের ক্ষেত্রে সংগঠিত কোন রাষ্ট্রীয় নেতৃত্বের অভাবে, এই সংগঠনটি সরকারী পৃষ্ঠ-পোষকতায় রাষ্ট্রীয় অস্তিত্বের এক বাড়তি ভাবমূর্তির অধিকারী হয়ে ওঠে।

বলা বাহুল্য, প্রথম থেকেই এই নতুন সংগঠনটির সাথে পুরানো-টির বৈরীমূলক মনোভাব ও প্রতিযোগিতা চলে আসছে। অধিকাংশ ব্যবসায়ী-ই উভয় সংগঠনের সদস্য এবং সদস্যপদের চাঁদা ও দিয়ে আসছেন। কিন্তু, ঐ সংগঠন দু'টির সভা ও কর্মসূচীতে তাঁরা কদাচিৎ অংশ নিয়ে থাকেন। বাস্তবে দেখা যায়, মুষ্টিমেয় কিছু ক্ষমতা ও কর্তৃত্বের অধিকারী সদস্য এই সংগঠন দুটিকে তাঁদের নিজেদের স্বার্থে পরিচালনা করে আসছেন।

মার্কেটে এসেছি, কিন্তু লক্ষ্য তো আর মার্কেটিং নয়, আসলে, ঘুরে ফিরে দেখা। মনের সেতারটা টানটান আনন্দের মেজাজে বাঁধা। উপভোগ্যতার ঘাটতি নেই কিন্দুমাত্র। এম. জি. মার্গ-টা ডানদিকে টার্ন নিয়ে কিছুটা এগোতেই পাপাই বলে ওঠে : দেখ দেখনা, একই দোকানে মাছ ও মুরগীর মাংসে বিক্রি হচ্ছে।

একটু থেমে ফের বললো সে, তবে যে ওঁরা বললেন, এঁরা মাংসে পচিত্রে খায়।

বৌমা তার সার্থে নিয়ে ব্যস্ত। পন্যের গুনাগুন ও দর যাচাই ইত্যাদি। হঠাৎটিরে ঢুকছে, বেরোচ্ছে এক থেকে আরেক- বিপনি-তে। বাইরে থেকে নজরে আসা পন্যশালার লো-টাই বুঝি টেনে নিয়ে চলেছে তাকে। উল্টো দিকের এক বস্ত্রালয় থেকে বেরিয়ে এসে বৌমা বললো, বরং শিলিগুড়ি-তে সস্তা। রকমারি-তেও অনেক। টেনে নিয়ে গিয়ে কী লাভ, তাহলে?

বৌমি-র প্রস্তাব কানে এলো আগামীকাল কটেজইন্ডাস্ট্রিজ-এর সেল্স্ এম্পোরিয়াম যাবে তো। কেনাকাটা-টা ওখান থেকে করা-টাই তো ভালো।

বৌমার সরল মন্তব্য করে তৎক্ষনাৎ এ প্রস্তাবে কোথায় পাবে মা? প্রজিউসার রেমন্ড, নামে ওনারেই শীত অ্যাবস্কন্ড।

কম্বলটির দাম শুনে চিন্তিত হলাম। কলকাতা গ্যাঙটকের শীতে এতোগুরি ও দামী কম্বলের প্রয়োজন আছে কি? কম্বলো-সখনো তুষারপাতের ক্ষেত্রে প্রয়োজনের চিন্তাটা এক-ধরনের সৌখিনতা, যা একমাত্র বড়লোকদেরই সাজে। তেমন ধরনের বড়লোক এখানে কজন?

বাবুসোনা বলল কেন, সোমানীজ। ওঁরাই তো সিকিমের কনকুবের, জগৎশেঠ। এঁরা এসেছিলেন দার্জিলিং থেকে।

বৌমা বললো সোমানীজরা দার্জিলিং-এর লোক হলেন কি করে?

আদি নিবাস হরিয়ানা, কিন্তু ১৮৫০ থেকেই এঁরা দার্জিলিং-এ। ১৮৮৮ সালে গ্যাঙটকে বৃটিশ রেসিডেন্সী গড়ে উঠতে-ই ওঁরা ছুটে আসেন এখানে। এখানে এসে, ওঁরা হলেন বৃটিশদের খাজাঞ্জী। মহারাজ থেকে সুরু করে কাজী, সকলেই প্রয় ঋণজালির হাত পেতেছেন ওঁদের কাছে। বৃটিশ যুগে ভারত ও তিব্বতের মধ্যে যত রকমের ব্যবসা-বানিজ্য চলতো, তা এঁরাই নিয়ন্ত্রন করতেন। গ্যাঙটকে এঁদের নানাবিধ বানিজ্যিক অফিস রয়েছে। বলতে গেলে, এঁরাই হলেন এখানকার স্টেটব্যাঙ্ক, পাবলিক ট্রেকারী, সব। আসবার পথে সিকিম স্টেটব্যাঙ্ক বিল্ডিং-টা নজরে পড়েছিল। কথা-টা তুলতেই জবাব এলো,ওটার জন্ম ১৯৬৮-তে। এর একটিমাত্র শাখা আছে গ্যাঙটকের বাইরে। ব্যবসায়ীরা কতবার দাবী জানিয়েছেন, সারাদেশে ওটির শাখা ছড়িয়ে দেওয়া হোক। কিন্তু, প্রশাসন এ ব্যাপারে উদাসীন। ফলে, সোমানীজের 'জেঠমল ভোজমল ব্যাঙ্ক" বাস্তবে, এখনো সিকিমের মূল স্টেট ব্যাঙ্ক হিসাবে কাজ করে চলেছে।

কথায় কথায় সিকিমের অভিজাত দু'টি নেওয়ার পরিবারের বিষয়-আশয়ের প্রসংগ তুলতেই, বৌমা বললো, কাজীরাও যা বান বাকেন কী সে? ক্ষমতা, প্রতিপত্তি, আভিজাত্য ও সম্পদ গৌরবের দিক থেকে তো ওঁরা মন্ত্ররাজা-র পরেই।

বাধ বেবার জন্য নয়। একুশ-টি কাজী পরিবার, ওঁদের হাতে চল্লিশটি এলাকা। অথচ, দুটি মাত্র নেওয়ার পরিবারের হাতে ষোলটি অঞ্চল।

নেওয়ার পরিবার-কে কেন্দ্র করে আলোচনাটা জমে ওঠার মুখে বৌমি মন্তব্য করলেন, সে রাম নেই, সে অযোধ্যাও নেই।

বৌদির কথার ইঙ্গিত : এখন তো আর মহারাজা নেই, নেই জমিদারী প্রথা-ই বা কোথায়? '৭৫'-এর ১৫ই এপ্রিল, এক বিশেষ গণভোটের রায়ে সিকিম এখন ভারতের ২২-তম অংগরাজ্য, সেক্ষেত্রে কার অধীনে ক'টা জমজমা ছিলো অতীতে, সে হিসাবের প্রয়োজন কি?

কিন্তু, ভারত যে আজও আধা-সামন্ততান্ত্রিক দেশ। ব্যথা-টা কাঁটার মতো বিঁধতে থাকে বুকে। দেশে আইন আছে, নেই রাজনৈতিক সদিচ্ছা। দেশ স্বাধীন হবার পর প্রায় পঞ্চাশ বছর আটিয়েও দেখছি, দেশের অধিকাংশ লোক এখনো দারিদ্রসীমার নীচে মূলত জীবন যাপন করতে বাধ্য হচ্ছেন। শহরবাসী সাধারণ-গৃহস্থ-পরিবার বলতে আমরা যা বুঝি, তেমন কোন একটি পরিবারের যেকোন একজন সদস্যের জীবনধারণের খরচ, দেশের মাথাপিছু আয়ের কতগুণ? দিন-মাস-বছর যেভাবেই হিসাব করি না কেন, পাঁচ থেকে দশ গুণ তো বটেই। এমন অবস্থা হলো কেন?

অথচ, এদিকে, 'দেশে সম্প্রতি অতিধনী নামে একটি নতুন জাতির আবির্ভাব ঘটেছে।' কে-সরকারী একচেটিয়া কায়দার দমনের জন্য ভারত-সরকার এক কমিশন নিয়োগ করেন। ঐ কমিশন মাটের দশকের শেষদিকে তাঁর রিপোর্টে ঐ বক্তব্য পেশ করেন।

তারও প্রায় একুশ বছর পরে, রাজ্যসভার প্রশ্নোত্তরে কেন্দ্রীয় নিরমন্ত্রক যে জবাব দেন, তা থেকে জানা যায়, ঐ অতি-ধনী-জাতিই নাকি আশি-র দশকের প্রথম আট বছর সময়ে ওঁদের সম্পত্তির পরিমান একশ দশগুনের-ও বেশি ছাড়িয়ে ফেলেছেন। সিকিমের কথা-ই ধরা যাক না। রাজতন্ত্রে রাজপরিবারের ধন-সম্পদের কথা না হয় বাদ-ই দিলাম। তারপরও গণতন্ত্রের অধীনস্থ হবার সময় অবধি। সেখানে-ও এই 'অতি-ধনী' পর্যায়ের পরিবারের সংখ্যা কম ছিল না। সবচেয়ে উঁচুতলায় যাঁরা ছিলেন ওঁদের চারজন 'ভুটিয়া'। তিনজন গ্রামবাসী 'লেপচা' এবং বাকি তিনজন 'নেওয়ার'। এই দশজনের মধ্যে ভূটানবাসী তিনজন ছাড়া, বাকি চারজন সপ্তাহে ধনী হয়েছেন। ভূটানিদের মধ্যে পড়েন, রাজ শ্বশুরকুল আর. বি. থেনসাপা, মন্ত্রি তাসুলু ও থেনলুপ দোর্জিকাজী ইত্যাদি। নতুন ধনী হবার মারটম টবগেন, বাইক পেট্রোল, নাস্তাকুল প্রধান ও বুজুর সেতাব।...

এই কি একটি স্বাধীন সার্বভৌম গণতান্ত্রিক রাষ্ট্রের সৃষ্টিকর্তা? যে দেশের সরকারী নীতি ও কার্যকলাপে ধনীরা ক্রমেই আরো ধনী, গরীবেরা আরো গরীব হয়ে চলেছেন। সে দেশের সরকার কী করে, জনগনের আস্থাভাজন হয়ে উঠছেন?

আমার অসম্পূর্ণ চিন্তার মাঝে নিতান্তই আকস্মিকভাবে পাপাই এসে আমার হাতঘড়ির বেঁচকা টান মেরে বললো: এখন থেকে ডাকছি, শুনতে পাচ্ছ না? মা তোমাকে ডাকছে।

১৪

পাপাই আমাকে প্রায় টানতে টানতে নিয়ে এসে হাজির করলো হোটেল বাউলের সামনে। ফটকের পৈঠার 'পর দাঁড়ানো বৌমা ও বৌদি।

কাছে আসতেই কানে এলো: কী হবে দিয়ে, ক'টা রাতের কেনী তো নয়। দেখতে দেখতে কোথা দিয়ে যে কেটে যাবে...

মা, তুমি বুঝছো না কেন? দেখনা, ও কেমন অসহযোগ শুরু করেছে।

কই? তাকে তো দেখছি না।

লাল-মার্কেট দেখতে গেছে। মনে, ওটা না-দেখলে না কি এখানকার মার্কেট সম্পর্কে কোন স্বচ্ছ ধারণা-ই হবে না।

এবার কৃত্রিম রাগ-অভিমান মিশিয়ে বৌদি বলে উঠলেন, তোরা পারিস-ও বটে।

আমি কি আর তখন আমাতে আছি? ভূত চেপেছে বুঝিবা। ভূতপূর্ব নেপাল-রাজ পরিবারের পতন থেকে শুরু করে সিকিমের নবাগত নেওয়ার ট্রেডার্স-এর ক্ষণস্থায়ী কার্যকলাপ-কে ঘিরে আমার চিন্তা স্রোত ঘুরে চলেছে নানাভাবে, বিচিত্রসব ঢেউ তুলে।

অন্যমনস্কতায় হোটেলের ঘরগুলো দেখতে দেখতে কখন যে মনের বাবদীর অন্যেটভাব কেটে গিয়েছে। ঘটে গেছে সুমিতার আগমনে নীল কমল হয়ে আকাশচুম্বে সূর্যেন্দু সময়, সে কথা ঘুণাক্ষরে অবলম্বন না রেখেই, মন মেতে উঠেছে খুশি-তে।

পাশাপাশি কক্ষগুলো, তকতকে চিনামাটি জাকুজি-বেডেড্-রুম। ওয়েটার বললো, এগুলি ডী-লুক্স্ কামরা। টেলিফোন, কালার্ড টি. ভি, ডী-লীল সার্ভিস সহ আনুষঙ্গিক ব্যবস্থাপনার আনুপূর্বিক বর্ণনা দিয়ে গেল এমন তড়িঘড়ি, সব-টা তার ঠিকঠাক হৃদয়ঙ্গম হলো না।

একটু থেমেই ওয়েটার প্রশ্ন করলো, সুপার ডী- লুক্স্ সুইট দেখবেন কী?

শেষ শব্দে আলোকিত হয়ে উঠেছে তখন। সে আলোর ছাপটা পাপাইকে তাঁর চারপাশের নিসর্গের পরিবেষ্টনে আরও রহস্যময়ী উঠেছে খুশি। সেই পরিবেশে বৌদি হাসিতে রহস্য ছড়িয়ে বলে উঠলেন, যথেষ্ট হয়েছে বাছা, আর নয়।

পাপাই প্রশ্ন করে, "স্যুপার ডী-লুক্স্" মানে কী? আর তখন-ই উপাদেয় খাদ্য-প্রস্তুতির ঘ্রাণে ভুরভুরিয়ে উঠে চারদিকের বাতাস।

আমি চেঁচিয়ে উঠি স্যুপার।

ওয়েটার এসে বিছানার নর্যাকরণ সাঙ্গ করে গোলাপজল ও সাবান রেখে গেল যখন, তখন মুগ্ধ চেনেনিষ্ঠ তোয়ালের দিকে তাকিয়ে হঠাৎ-ই বুঝি প্রেমে পড়া মানুষের মতো ছটফটিয়ে ওঠে মনটা।

পাপাই চেঁচিয়ে ওঠে, বুকিং কনফার্মড! তার গলায় বিস্ময়ের চেয়ে আনন্দের সুর-টাই বুঝি ধ্বনিত হয় বেশি করে।

পাপাই-য়ের বিবরণ শুনে খুবলাল হোটেলের সেরা ফ্লোর এটা-ই। রুমরেট হিসাবে বর্তমানে আমরা-ই এখানে একমাত্র। আমাদের ওয়েটার-এর নাম যে গোবিন্দ, সে কথা-ও মিললো পাপাই মারফৎ।

পাপাই বললো : মা, ওঁদের জানাতে হবে না।

উত্তর এলো অর্কিড-তো? ফোনে জানিয়েছি। ট্রারিস্ট-এজেন্সী-তে অর্কিডের ঠিকানা দেওয়া ছিলো। সেখানে-ও।

বৌমা 'আসছি' বলে বেরিয়ে যেতেই, পাপাই বলে ওঠে, এবার একটা মজার জিনিস দেখাই তোমাদের দু'জনকে।

তার, ভাষণাংশী-তে মনে হতে থাকে খুশি জাদুকর বুঝি এক। জানলার দিকে হেঁটেও গেল সে সেই ভঙ্গীমায়। ভারিতে দু'পাল্লার পর্দা দিলো সরিয়ে, আর সেই মুহূর্তে-ই চোখের সামনে ধরা পড়লো এক চমৎকার রূপকথার রাজ্য।

দিনের আলোয় দেখা নদীর ওপারের সেই পাহাড় দু'টো-ই কি? তখন তো দেখেছিলাম সবুজে ছাওয়া স্নিগ্ধ নিবিড়, নীল মিনারের সন্ততার আলিঙ্গনে গভীর প্রসন্নতায় মুকিবা চোখবুজে আছে। আর এখন? এ তো কোন পাহাড় নয়, কয়া তারই পটভূমিকায় কে যেন তারার মালা পরা আলো ঝলমল আকাশ-টাকে টেনে নামিয়েছে।

এ কী কোন স্বপ্নপুরী!

কতদূরে-ই না আমরা। তবু, নদীপারের ঐ জীবনমঞ্চের ভূমীলব যাঁরা, ওঁরা সকলেই দৃষ্টির অগোচরে, থেকে বড্ড বেশি আপনজনের মতো টানতে থাকে। কিন্তু, যাই কি করে? 'জীবনে-জীবন যোগ' করা-র দুঃসাহসীক অনুভূতিদানে ওঁরা-ও তো আমাদের-ই শরিক।

(ক্রমশঃ)

আকাশ কুসুম

(তৃতীয় পর্ব)

বিমলেন্দু চক্রবর্তী

বিজয় কেতন হাতের মুঠোর মধ্যে হাত গুঁজে বসে রইল। ধবল বুঝলো ভদ্রলোকের বিস্ময় বাড়িয়ে দিয়েছে শুধু তোর কথা। ছোট বেলার বান্ধিতা আমার খেলার সাথী। অনেকদিন এক সঙ্গে খেলেছি। তারপর বড় হয়ে আমরা বিচ্ছিন্ন হয়ে গেলাম। এই জীবনের রীতি। ছোট বেলার খেলার সাথীদের সঙ্গে বিচ্ছিন্ন হয়েই আমাদের জীবন কাটে।

ধবল থামলো। বুঝলো ভয়ানক এলোমেলো কথা বলছে। নিজেকে সামলে নিয়ে বললো। মানুষ হিসাবে আমি বোধহয় অন্য রকম। ছোট বেলার খেলার সাথীদের অনেকের সঙ্গেই আমার যোগাযোগ আছে। যাদের সঙ্গে যোগাযোগ নেই তাদের কথা অনেক সময় মনে আসে।

বিজয়কেতনের মুখের উপর চোখ পড়ল। তাকে মনযোগী শ্রোতা করা মনে হল ধবলের। যে কোন পরিস্থিতির মুখোমুখি হবার মতো মানসিক দৃঢ়তা আছে। মানুষের সংসারে অনেক রকম ওলট পালট ঘটনা ঘটে যায়। হয়তো ঘটনা ঘটা উচিত ছিল অন্যরকম। জীবনতো পূর্বাপর বাঁধা নির্দিষ্ট পরিণতির ছক নয়। প্রতিনিয়ত ভাবা হয় নি, কল্পনা করি নি সে রকম ঘটনা ঘটে যায়। সংবাদপত্র অহরহ লক্ষ্য করে। মানুষ এ রকম ঘটনার সামনে পড়ে বিহ্বল হয়ে পড়ে-অনেকে টাল সামলাতে পারে না। বিভ্রান্তির চূড়ান্ত পর্যায়ে নেমে যায়। বিজয় কেতন সেই বিহ্বল,বিভ্রান্ত হয়ে পড়ার শ্রেণীর মানুষ নয়। যে কোন ঘটনা সে দর্শক হয়ে দেখার সামর্থ রাখে। প্রতিটি ঘটনা অনিমেষ চোখে দেখবে, প্রতিটি কথা মনোযোগ সহকারে শুনবে। বিজয়কেতন অবিচল হয়ে থাকতে জানে। মায়ের হাতে শিশুসন্তান হত্যার কাহিনীও বোধহয় নির্বিকারভাবে শুনতে পারবে।

তবু ধবল নিজেকে নিশ্চিন্ত করতে পারল না। একের পর এক কৈফিয়ত দেবার কথা মনে এল। কিন্তু সে কৈফিয়তগুলি উচ্চারণ করতে পারছে না। প্রতিটি কৈফিয়তে মনে হচ্ছে ভয়ানক দুর্বল। অসহায়ভাবে বারবার নিজের মাথার চুলে হাত বুলিয়ে যাচ্ছে। কিন্তু এত অসহায় হয়ে একজন মানুষের সামনে বসে থাকা যায় না। নিরুপায় ধবল বললো, আজকাল আমার এইসব- এই ছোটবেলার কথা বলছি—সেই বয়সের সঙ্গীদের কথা খুব মনে আসে। আমি শুনেছি, বৃদ্ধ বয়সে মানুষ অতীতের কথা ভেবে আনন্দ পায়, অতীতকেই ফিরে চায়।

এতক্ষণে বিজয়কেতনের চোখের পলক পড়লো। এতক্ষণ সে নিষ্পলকে তাকিয়ে ছিল ধবলের মুখের পানে। চোখের মধ্যে ছিল জরিপ করার তীক্ষ্ণতা।

বিজয়কেতন বললো, হ্যাঁ, এ রকম ঘটে।

ধবল বললো, আমি কিন্তু ঠিক যাকে বুড়ো বলে তা নয়। পঞ্চাশ হয়েছে বলে মনে হয় না। এই বয়সেই কিন্তু সব হারিয়ে ফেলেছি। বিশ্বাস হয় ছোট বয়সের সঙ্গীদের সঙ্গে দেখা করছি। অথচ কেন যেন মনে হয় আর বাঁচবো না কেন এরকম মনে হচ্ছে বুঝতে পারছি না। শুধু একটা কথা বার বার মনের মধ্যে ভেসে ওঠে আমার সময় ফুরিয়ে এসেছে। মাঝে মাঝে ভোঁয়ায় যে হারিয়ে যাই নিজেই বুঝতে পারি না।

বিজয় কেতন ধবলের কথা শুনে আশ্চর্য হয়ে বললো, হারিয়ে যান! কোথায়?

ধবল বললো, জানিনা। বলতে ইচ্ছে করছে একটা দিগন্তহীন মাঠের মধ্যে। কিন্তু বলা যাবেনা। কোথায় যে যাই নিজেই বুঝতে পারিনে। কত সময়ের জন্য এই যাত্রা তাও জানিনা। যখন নিজের মধ্যে ফিরে আসি তখন বুঝতে পারি আমি আমার মধ্যে ছিলাম না।

বিজয় কেতন বললো, বিচিত্র তো।

ধবল হাসলো। বললো, আপাত দৃষ্টিতে এটা বিস্ময়কর। বাস্তবে কিন্তু

তা নয়। যারা বর্তমানের কাছে খুব ক্লান্ত তাদের এ রকম হতে পারে।

বিজয় কেতন বললো, কি রকম?

ধবল বললো, এই যে হারিয়ে যাওয়া। নিজের মধ্য থেকে নিজে চলে যাওয়া।

বিজয় কেতন বললো, আপনার কথা বুঝতে পারছি না।

ধবল বললো, এ হল বাস্তব থেকে পালিয়ে যাবার রাস্তা। অনেকে গভীর শোকে মূর্চ্ছা যায়। এভাবে সে দুঃখকে এড়িয়ে যেতে চায়। এটা হল মুহূর্তের জন্য মস্তিষ্কের সচলতাকে বন্ধ করে দিয়ে বর্তমানকে ভুলে থাকা।

বিজয় কেতন আশ্চর্য হয়ে বললো, এতো মনোবিজ্ঞানীর বিষয়।

ধবল বললো, হয়তো তাই। আমি বললাম আমার ধারণার কথা। তাদের কথা তারাই বলতে পারেন।

বিজয় কেতন বললো, আপনার নামটা শোনা হয়নি।

ধবল ভয়ে ভয়ে নিজের নাম বললো। নাম বলেই সে নিজেকে হারিয়ে ফেললো। আস্ত বিশ্বাস হারিয়ে গেল। বার বার নিজেকে মনে হতে থাকলো সে যেন বেড়ালের মত মাছ চুরি করে খেতে বসে ধরা পড়ে গেছে। পালাতে পারছে না।

বিজয় কেতন বললো, আপনি কি লেখক?

ধবল বললো, হ্যাঁ, লিখবার চেষ্টা করি। লেখা হয় কিনা তা জানিনা।

বিজয় কেতনের ভুরু টান টান হয়ে গেল। চোখ বিস্ফারিত হল। ঠোঁটের কোনে ভাঁজ ফেল। কপালে কতগুলো রেখা জেগে উঠলো। চুলে হাত বোলাতে শুরু করলো। রক্তের চাপ সামলাতেই সিগারেটের প্যাকেট খুঁজলো। পেল না। নিজেকে সামলে নিল। বললো, আপনি বসুন। আমি ওকে ডেকে দিচ্ছি।

বিজয় কেতন ঘরের ভিতর ঢুকে গেল।

ঘরের মধ্যে ধবল একা। তার চোখ গেল দেওয়ালে। আটা কোম্পানীর ক্যালেন্ডার। তার পাশেই আলমারী। তাতে কয়েকখানা বই আর পুতুল সাজানো। পুতুলগুলি মানুষি। দেখেই বোঝা যায় লোক নিজের মূল্য ওরা বোঝে না। হয়তো লোক শিল্প কাকে বলে তাই জানে না। কারো বাড়ি দেখে পুতুল সাজিয়েছে। আলমারীর উপর ফুলদানী। ফুল নেই। দেওয়ালে দামী পর্দা। কিন্তু পর্দার ডিজাইন সস্তা ধরণের। কয়েকটি সোফা। এক পাশে টেবিল। টেবিলে হয়তো সেই দিনের সংবাদপত্র।

ঘর শূন্য। গভীর নৈঃশব্দে ডুবে আছে। জানালার পর্দায় বিকেলের বিষণ্ণ রোদ। তার থেকেও বেশি বিষণ্ণতা তার নিজের মধ্যে। বর্ষার আসন্ন মেঘের মত স্থির হয়ে আছে। মুহূর্তে মুহূর্তে সে উদাসীন হয়ে যাচ্ছে। একটা হিমার্ত কন্দরের মধ্যে বসে আছে। চারিদিকে অন্ধকার আর নির্জনতা। ধবল ভয় পেয়ে গেল।

ভয় দূর করতে উঠে দাঁড়ালো। বসলো সঙ্গে সঙ্গে। কবরের দরজা যেন খুলে গেল। নিজের মধ্যে এখন অনুভব করছে উত্তেজনা। অথচ উত্তেজনা থাকছে না। মাতাল হাওয়ার মত এসে কাপটা দিয়েই পালিয়ে যাচ্ছে। কি করবে বুঝতে পারছে না। যে কোন মুহূর্তে বাঞ্ছিতা এসে দাঁড়াতে পারে দরজার মাঝখানে। পর্দা তুলে দাঁড়াবে। দেখবে ধবলকে। ধবল চোখ তুলবে। দেখবে বাঞ্ছিতা কড়ির মতো সাদা মুখ নিয়ে দাঁড়িয়ে আছে।

হুলস্থূল করে রক্ত উঠে এল বুকের মধ্যে। ধবলের হাত পা কেঁপে উঠলো। কোথায় যে ঝড় উঠেছে তা বুঝতে পারছে না। শুধু নিজের মধ্যে আলোড়ন অনুভব করছে। এতক্ষণ যে চোরা স্রোত নদীর বুকের তলা দিয়ে বয়ে যাচ্ছিল তা উপরে উঠে আসছে। ধবল উত্তেজনা আর যন্ত্রণা কষ্ট নিয়ে যাওয়া ঠোঁটের ওপর সামলে নিতে চাইল। ঠোঁটের দুপাশ শক্ত করে চেপে ধরলো তবু ও দেহের.....দুলে চেপে ধরল। কিন্তু পা আর নিজের মনে হচ্ছে না। হাতও নিজের নয়। এ রকম কেন হচ্ছে বুঝতে পারছে না।

আবার দরের দেওয়ালে চোখ বোলালো। যে সব কথা আসবার সময় ভেবেছিল তা ভাববার চেষ্টা করলো। কোন কিছু মনে এলনা। সব কি রকম ঘোলা হয়ে গেছে। বাঞ্ছিতার মুখখানাও মনে পড়ছে না। গত পঁচিশ বছরে বহুবার কল্পনায় মুখখানা দেখবার চেষ্টা করেছে। দেখতে পায় নি। তার স্মৃতির জগৎ থেকে বাঞ্ছিতার নাক, মুখ, ঠোঁট সব হারিয়ে গেছে। এখন ভয় হচ্ছে বাঞ্ছিতাকে চিনতে পারবে কিনা। বাঞ্ছিতা সামনে এসে বসলেও ধবল যদি চিনতে না পারে!

সময় বাঞ্ছিতার মুখে কত পরিবর্তন এনে দিয়েছে। সে সব পরিবর্তনের সঙ্গে ধবল পরিচিত নয়। অতীতের কতটুকু বা ধবল চিনে ছিল বা বুঝতে পেরেছিল? ভালবাসার গাঢ়তায় যখন জড়িয়ে ছিল তখন বাঞ্ছিতাকেই মনে হত সব থেকে বেশী অপরিচিত। ধবলের তখন অনেক সময় মনে হত যে একটা নদীতে সে সাঁতার কাটছে। জলের উপরটার সঙ্গে সে পরিচিত। নদীর বুকের তলায় কি আছে তা জানেনা। ডুব দিলেও জানা যাবে না। এমন করে ভালোবেসেও কিছু জানতে পারেনি বাঞ্ছিতার। পায়নি বাঞ্ছিতার আত্মার সন্ধান তেমনি অপরিচিত বাঞ্ছিতার দেহ।

ধবল পালিয়ে যাবার কথা ভাবলো। ঘরের বাইরে গিয়ে আস্তে দরজাটা বন্ধ করে দেবে। সহজ পায়ে সিঁড়ি কটা টপকে নিচে নামবে। তারপর লম্বা দৌড় দেবে। পালিয়ে যাবে বাঞ্ছিতার কাছ থেকে বাঞ্ছিতার বাড়ি থেকে অনেক অনেক দূরে। কিন্তু ধবল নড়তেও পারলো না। সবটা হবে একটা ছেলে মানুষীর কাজ।

তবুও উঠলো ধবল। পায়ে পায়ে দরজার কাছে গেল। দরজাটা বন্ধ। ধবল ঘরে ঢুকতেই বিজয় কেতন বন্ধ করে দিয়েছিল। দরজায় হাত রাখলো। কি ভাবে দরজাটা খুলবে বুঝতে পারলো না। অবাক হয়ে দাঁড়িয়ে রইল। ঘরের দরজা কি ভাবে খোলে তা কিছুতেই মাথায় আসছে না। এরকম হচ্ছে কেন? ঘুরলো। এসে দাঁড়ালো ঘরের মধ্যে। পাখা ঘুরছে না। ভয়ানক গরম লাগছে। পাখার সুইচ্ খুঁজলো। দেখতেও পেল। কিন্তু পাখা খুললো না। বরং টলতে টলতে গিয়ে দাঁড়ালো আলমারীর কাছে। বইয়ের নামগুলি পড়বার চেষ্টা করলো।

তার মনে এল একটা উপন্যাসের কথা। দীর্ঘদিন পর নায়ক নায়িকার দেখা হয়েছিল এক বিয়ে বাড়িতে। ঘটনাটা ঘটেছিল একেবারেই আকস্মিকতার পথ ধরে। এত আকস্মিক যে দু জনকে দুজন চিনতে পেরেছিল কিন্তু বিশ্বাস করতে পারেনি। সত্যি তাদের দেখা হয়েছে এটা বিশ্বাস করার মত মন যখন তৈরি হল তখন বিদায়ের ক্ষণ এসে গেছে। ধবল সেই বইটির কথা ভাবতে চাইল। ভাবতে পারলো না। নিজের মধ্যে ডুব দিয়েও বইটির নাম খুঁজে পেল না। নামটা মনে আসছে অথচ ধরতে পারছে না। হাতে কলম নেবে সারা বাড়ি কলম খোঁজার মত করে ধবল খুঁজতে থাকলো। বইটা চোখের উপর ভাসছে অথচ নাম মনে পড়ছে না।

আওয়াজ শুনে ধবল ফিরে তাকালো। না কিছু নয়। কোথা থেকে আওয়াজ এল বুঝতে পারলো না। নিজেকে কেন কেন অপরাধী মনে হলো। বাঞ্ছিতার ঘরের মধ্যে তাদের অনুপস্থিতিতে এভাবে ঘোরাঘুরি ঠিক নয়। বাঞ্ছিতার সঙ্গে এমন কোন সম্পর্ক নেই যে বলতে পারে। অনাত্মীয় মানুষের কোথায় ঘর। বাঞ্ছিতা এসে বলতে পারে, কই আপনাকে তো চিনতে পারছি না। এক সঙ্গে খেলেছি বলছেন। তা হতে পারে। আমার শৈশব ও কৈশোর কেটেছে তিন চার জায়গায়। পূর্ববঙ্গ থেকে ভবানীপুর। ভবানীপুর থেকে দমদম্। তারপর মৃগাপুর। তাই কোথায় কার সঙ্গে খেলাধূলা করেছি তা মনে নেই।

এ সব কথা ধবলের মনে আসতেই লজ্জা পেল। এটা একেবারেই অপরিচিত মানুষের বাড়ি তা ভুলে গিয়েছিল। কি করা যায় বুঝতে পারছে না। ধবল মন্থর পায়ে আবার ফিরলো কৌচের এক পাশে বসলো। কি করবে

ভাবলো- অথচ কিছুই মনে করতে পারছে না। অথচ আসার আগে কি ভাবে এ বাড়িতে ঢুকবে কি কি বলবে তা ভেবে রেখেছিল। তার প্রতিটি পদক্ষেপ, কিভাবে কোথায় বসবে, বাছিতাকে একা পেলে কি বলবে, তার মামী উপস্থিত থাকলে কি রকম আচরণ করবে তা একেবারে ছবির মত পেঁথে নিয়েছিল। দিনের পর দিন এসব কথা ভেবেছে। এখন কার কোনটাই মনে আসছে না। সব কি রকম ওলট পালট হয়ে যাচ্ছে।

ধবল ঘুরে দাঁড়াতেই ঘরটা যেন চোখের মধ্যে পাক খেয়ে গেল। অথবা কোথাও ভূমিকম্প হল। এত ভোরে পৃথিবী কাঁপতে থাকলো যে ধবল ভয় পেয়ে ছুটে এসে সোফায় বসলো। কিন্তু সোফার মাঝখানেও বসে থাকতে পারছে না। কে যেন তাকে ধরে ঝাঁকুনি দিচ্ছে। ধবল দাঁতে দাঁত চেপে ধরে নিজেকে স্থির করতে চাইল। কিন্তু কিছুতেই পারলো না। নগ্ন প্রাবনের বিষাণ বেজে উঠেছে। হা হা করে ঝড়ো হাওয়া আসছে। গাছের মাথা এক এক ঝটকায় অভূমি নত হচ্ছে। আবার মাথা তুলছে জ্যা মুক্ত ধনুকের মত। মেঘের দল কিসের টানে যেন বন্যাহীন ঘোড়া হয়ে ছুটছে। হাওয়া আসছে শিকল ছেড়া করেদির মত। মাটির বুক ফেটে ফেটে যাচ্ছে। গাছের শিকড় চড় চড় করে ছিঁড়ছে। বড় বড় মহীরুহ থর থর করে কাঁপছে।

ধবল সোফা আঁকড়ে ধরে বসে রইল। চোখে পলক পড়ছে না। তার চিবুক থর থর করে কাঁপছে। দরজার মাঝখানে দাঁড়িয়ে আছে বাছিতা। ধবল যেমন কল্পনা করেছিল ঠিক তেমনি। চিনতে এক লহমাও দেরী হয়নি। পৃথিবী এত পাল্টে গেল অথচ বাছিতার দেহে তার ছাপ এত কম - বাছিতা তার কাছে প্রাচীন ভাস্কর্যের মত। কল্পনায় কতবার তাকে দেখেছে। এখন তেমনি মন্দিরের দরজার মাঝখানে কোমরে সামান্য বাঁক তুলে দাঁড়িয়ে আছে।

সবে স্নান করেছে। পিঠের উপর ঘন কালো চুল এলিয়ে আছে। কানে দুটি ছোট দুল। সামান্য প্রসাধনে মুখের উপর কিরকম এক আলো। এ রকম আলো ফুলের মধ্যে থাকে। সে আলো পরাগের আলো। এত আলো কোথায় পায় বাছিতা।

বাছিতার ঠোঁট একটু ফাঁক হল। পরিচিত হাসি জেগে উঠেই মিলিয়ে গেল। গালের রেখা কেঁপে উঠতে না উঠতেই যেন গেল। ঠোঁটের ভাঁজে আটকে রইল চলচলে হাসির সম্ভাবনা। ধবল লক্ষ্য করলো এত সময়েও বাছিতার চোখে পলক পড়ে নি একবারো।

ধবল যাবড়ে গেল। বললে, আমি ধবল। তুমি আমাকে চিনতে পেরেছো।

কথাগুলি সে বললো, সর্বশক্তি ব্যবহার করে বললো। কিন্তু গলা থেকে কোন শব্দ উচ্চারিত হল না। ভয় পেয়ে গেল ধবল। সে কি! তার গলা থেকে কোন আওয়াজ বের হচ্ছে না। কথা গুলো বুক ঠেলে উঠে এসে গলার কাছে আটকে যাচ্ছে। সে কি বোবা হয়ে গেল। আবার চিৎকার করে বলতে চাইল, আমি ধবল। কিন্তু গলায় আকুলতা ধ্বনিতে রূপায়িত হল না। অসহায় ধবল শব্দহীন শূন্যতায় ধাবি খেতে থাকলো।

প্রথম কথা বললো বাছিতা। বললো, তুমি?

কথাটা উচ্চারণ করে ঘরের মধ্যে ঢুকল। সহজভাবে সে দাঁড়ালো ঘরের মধ্যে। বললো, তুমি এসেছো আমি ভাবতেই পারিনি। আমি ভাবছি কে এল আমার সঙ্গে দেখা করতে।

কেন, আমি আসতে পারি না? ধবল কথাটা বলতে চাইল। কিন্তু বিস্ময় তার মুখের কথাটা মুহূর্তে ভাসিয়ে নিয়ে গেল। তার নাম শুনেও বাছিতা চিনতে পারলো না.....ধবলের মনে এল। মনের বিস্ময় ভাষার রূপ নিতে চাইল। নিজের মধ্যে বিস্ময়সূচক শব্দ খুঁজলো কিন্তু কোন শব্দই খুঁজে পেল না। সব কি রকম যেন তাল গোল পাকিয়ে যাচ্ছে।

বাছিতা দু পা হেঁটে এসে সোফায় বসলো। বসলো ধবলের ঠিক উল্টো দিকে অনেকটা দূরে। মাঝখানে একটা ছোট টেবিল। হাত বাড়িয়ে ধবল ছুঁতে পারবে না। ধবল এখন যদি মূর্ছিত হয়ে পড়ে বাছিতা ধরতে ...[illegible]বে। কারণ এখন এই ঘর এবং বাছিতা ভয়ানক অপরিচিত মনে হচ্ছে ধবলের। ধবল যেন অনন্ত শূন্যতার মাঝখানে চলে এসেছে। সূর্য চোখের উপর থেকে হারিয়ে গেছে। উত্তেজনা, অবসাদ, বিস্ময়, তীব্র আকাঙ্খা তাকে পাক খাওয়াচ্ছে।

বিনয় কেতন এসে ঘরে ঢুকলো। তাতেই ভয়ানক শূন্যতা যেন হারিয়ে গেল। ধবলের চোখে আলো ফুটলো। শিকল ছেঁড়া করেদি হাওয়া দিতিয়ে দাঁড়ালো। নিজের সাথা শব্দ খুঁজে পেল ধবল। বললো, বাছিতা, আমাকে চিনতে পেরেছো?

বাছিতা চাপা শব্দে হাসলো। বললো, চিনবো না কেন?

ধবল বললো, কি জানি। আমার ভয় হচ্ছিল হয়তো চিনতে পারবে না। কতদিন দেখা হয়নি। এ সব কথা ভেবে ভয়ানক লজ্জা করছিল।

বাছিতা চোখ তুললো। বললো, চিনবো না কেন?

ধবল বললো, একসময় আমরা এক সঙ্গে খেলতুম। ঝগড়াও করেছি। সে কি আজকের কথা! কতরকম পরিবর্তন ঘটে গেল পৃথিবীর উপর থেকে। তবু আমি কলকে যেতে পারলাম না। ততখানি বলে ধবলের খেয়াল হল বিনয় কেতন বাছিতার পাশে বসে আছে। ধবল সচেতন হল। কথাটাকে লঘু করার জন্য বলতে শুরু করলো, আমাকে চিনতে না পারলে মোটেই অবাক হতাম না। ছেলেবেলার খেলার সাথীদের সবার কথা মনে থাকে না। মনে থাকার কথাও নয়। অবশ্য আমি অনেককেই ভুলে যাইনি। তাই বলে সবাইকে মনে রেখেছি তা নয়। এখন তাদের কথাও মনে পড়ছে। আমি কেন দিনে দিনে খেলা ঘরে ফিরে যাচ্ছি।

বাছিতা হাসলো। কোন শব্দ হলনা। তার রাঙা ঠোঁট শুধু একটু ফাঁক হল। আবারে এক ঠোঁটের উপর আর এক ঠোঁট স্থির হল। তাতেই বোঝা গেল তার হাসি।

ধবল নিজের বুকের মধ্যে তৃষ্ণা অনুভব করলো। মনে হল এই মুহূর্তে কিছু একটা করা উচিত। কি কথা উচিত তা বুঝতে পারলো না। বুঝতে পারলো না বলে অসহায় বোধ করতে থাকলো।

ধবলের অসহায়তা বাছিতা লক্ষ্য করলো। তাই তার ঠোঁট আবার ফাঁক হল। মেঘ ফেটে বেরিয়ে আসা রোদের মত তার দাঁতে ঝলক খেল। নিঃশব্দ এক রহস্যময় হাসি তার ঠোঁটের উপর ঝুলে রইল।

ধবল বললো, এরকম না জানিয়ে এসে তোমাকে বিরক্ত করা ঠিক হয়নি। অথচ কি আশ্চর্য আগে এ সব কথা মনে আসেনি।

এবার বাছিতার হাসি সারা গাল বেয়ে কান পর্যন্ত পৌঁছে গেল। সহজ অথচ নিঃশব্দ হাসি হেসে বললো, তুমি এখনো সেই আগের মত ছেলে মানুষ আছো এসেছো তাতে কি হয়েছে।

ধবল বললো, ছেলেমানুষ! বলছো কি? তুমি কি বলছো তা তুমি নিজেই জাননা। আমার বয়স কত হল তা তুমি জান? আমার তো মনে হয় আর বাঁচবো না। প্রতিদিন মনে হয় এগিয়ে চলছি, এগিয়ে চলছি এত দ্রুত যে কখন শিশির বিন্দুর মত করে ঝরে নিজেই টের পাব না।

বাছিতা আবার হাসলো। বললো, এরকম কথা তুমি যখন ছোট ছিলে তখনো বলতে। তুমি ভুলে গেছ। আমার মনে আছে।

ধবল বাছিতাকে এসব কথা বলতো নাকি! নিজের মধ্যে ডুবুরীর মত ডুব দিতে চাইল। সেই ডুব অতীতের দিনগুলিকে নতুন করে পাবার ইচ্ছা জাগলো। হঠাৎ মনে পড়লো, বিদ্যুতের চমকের মত মনে এল। হ্যাঁ, বাছিতাকে মৃত্যু ভয় দেখাতো। ভয় দেখিয়ে তাকে নরম করতে চাইত। নরম করে কিছু আদায় করে খুশি হত। বাছিতা তা বুঝতে পারতো। এখন কি বাছিতা তাই মনে করিয়ে দিতে চাইছে। কেন? বাছিতা একটুও আবড়ে যায় নি তার আকস্মিক উপস্থিতিতে। তাদের দু'জনার সম্পর্ক ভুলে গেছে। ধবল একারণেই ভয় পাচ্ছিল। বাছিতা অতীতের সেই ভালবাসার কোমল দিনগুলির কথা মনে রাখতে পারেনি অথবা গুরুত্ব দিতে চাইছে না। ছেলেমানুষী ভেবে সবটাই হাস্যকর করে তুলতে চাইছে। এ সব কথা মনে আসতে ধবল বিপন্ন হয়ে পড়ল। কি বলবে বুঝতে পারলো না।

(ক্রমশ)

অপারেশন গ্রীন

ধারাবাহিক উপন্যাস

দীনেশ চট্টোপাধ্যায়

স্লাট

মাসের প্রথম দিকেই ত্রিপোলী এসেছিল মাইকেলেরা। ত্রিপোলী মানে লিবিয়ার রাজধানী। ভূমধ্যসাগরের লাগোয়া নগরী। খৃষ্ট পূর্ব সপ্তম শতাব্দীতে ফোয়েনিসিয়ানদের সৃষ্টি। কার্থেজ রোমান সাম্রাজ্যের অংশে প্রাপ্ত নগরী লেপটিস ম্যাগনা।

হেডকোয়ার্টার থেকে তৈরি হয়েই এসেছিল মাইকেল আর শীথ। ফিয়াকো থেকে বের হবার মুখে তারা শুনে এসেছে ম্যাকারিকার প্রেসিডেন্টের ঘোষণা। "ম্যারিকা ও তার সহযোগী সকল রাষ্ট্রের শত্রু লিবিয়া আর তার প্রেসিডেন্ট গদ্দাফি। খতম করো গদ্দাফিকে।" এই ঘোষণার দিন কয়েক পরেই আক্রান্ত হল গদ্দাফি, তাঁর নিজের প্রাসাদেই। ম্যারিকান বোমারুবিমানের অতর্কিত হামলায় খুন হয় গদ্দাফির নাবালক পুত্র। ভারতের প্রধান মন্ত্রী আর কিউবার সৌহার্দ্যনেতা কাস্ট্রো এই নগ্ন হামলার প্রতিবাদে ফেটে পড়লেন। গদ্দাফি নিজেই গেলেন রাষ্ট্র সঙ্ঘে। নাবালক পুত্র হত্যার জন্য দায়ী করলেন খোদ মার্কিন রাষ্ট্রপতিকে। বিস্ফোরণ বিস্ময়ের সঙ্গে শুনলো রাজীব গান্ধী বা ক্যাস্ট্রোর ওরাট পলার প্রতিবাদ। কিন্তু তারা চমকিত হলো গদ্দাফির কণ্ঠস্বরে। তাঁর কণ্ঠস্বরের অদ্ভুত সুরেলা ঝঙ্কারে স্তম্ভিত সবাই। গদ্দাফি রাষ্ট্রসঙ্ঘের তথাকথিত শান্তি প্রচেষ্টাকে অন্তিযুক্ত করে বললেন,—রাষ্ট্রসঙ্ঘ হলো বৃহৎ শক্তিগুলির অন্যায্য কাজকারবারের জায়গা। এটা মীতিহীনতার একটি কিম্বকেন্দ্রিক প্রতিষ্ঠান। ন্যায্য অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে সানগ্রিকভাবে এটা ক্লিব সংগঠন। আমরা আজ যা দেখছি, তা দেখেছি ষাটের দশকে কংগোর প্রধানমন্ত্রী লুমুম্বাকে হত্যার মধ্যদিয়ে। .....ম্যারিকার হোয়াইট হাউস থেকে প্রকাশিত প্রেস রিলিজ বললো,—গদ্দাফি একটা উন্মাদ, ওকে আর ওর লিবিয়াকে খতম করো। ও কিনা আমাদের বিরুদ্ধে সাবোতেজ চালানোর সাহস দেখায়।—গদ্দাফিও ফতোয়া জারী করে বলেন,—"যারাই সাম্রাজ্যবাদ বিরোধী, তারাই লিবিয়ার বন্ধু।"

ফিয়াকোর দপ্তরে বসে মাইকেল নিজে শুনেছে গদ্দাফির বক্তৃতার টেপ। নাঃ, গদ্দাফি ঠিকই বলেছেন। তবু মাইকেলকে আসতে হয় লিবিয়ায়। ফিয়াকোর কাজে লিবিয়ার আসা মানে মুক্ত দুনিয়া তৈরি করতে ম্যারিকার রাষ্ট্রপতিকে সমর্থন করা।

¿S Ë Á6 ± ৫ অনুসারে ডি.আই.পি. লাউঞ্জে লি-পিং এর সঙ্গে দেখা। সব ব্যবস্থা পাকা করে সে ফিরে যাবে করসোরা। লি-পেং এর সঙ্গে চোখাচোখি হতেই তাকে অনুসরণ করে মাইকেল আর শীথ। লি এগিয়ে যায় পার্কিং জোনের দিকে। সেখানে রয়েছে এইট-সিলিন্ডার রোলস। গাড়ির চাবী ইতিমধ্যে চলে এসেছে মাইকেলের হাতে। ব্রিফকেসও বদল হয়েছে এক ফাঁকে। পাশপাশি চলতে চলতে ইতিপূর্বে খবর বলেছে লি পেং—হোটেল সেভিয়ার ৫১০ এবং ৬১০। একটির মাথায় অন্যটি। ৬১০ নং তোমার। ৫১০ শীথের। .....এর আগে মাইকেল দু'বার এসেছে ত্রিপোলী। অবশ্যই অপারেশন-১১১-এর কাজের প্রস্তুতি সারতে। এ হোটেল কেন, লিবিয়ার অনেককিছু চিনে গিয়েছে সে।

বিমানবন্দর থেকে এইট-সিলি চালিয়েই মাইকেল আর শিথ পৌঁছায় হোটেল সেভিয়ারে। বুকিং অনুসারে উঠে যায় নিজে ৬১০ নম্বর রুমে। শীথ যায় ৫১০ নম্বরে।..... নিজের ঘরে পৌঁছে খানিক বিশ্রামের পরই কাজ শুরু করে মাইকেল। এখার সে লিডার। বসবার সময় নেই। একসময় লি-পেং-এর কাছ থেকে পাওয়া ব্রিফকেস খোলে। ব্রিফকেসের মধ্যে পায় মাইক্রো ফিল্ম। ছুরেই প্রোজেক্টার। ফিল্ম চড়ায় মেশিনে। ছোট্ট পর্দায় জেগে ওঠে ফিল্মের বিষয়। অবশ্যই কোড ভাষায়। এ ভাষা মাইকেলের জানা। ফিয়াকোর ইপলস আই মানে উআরা এ ভাষা বোঝে।....পর্দার উপর চোখ রেখে খবর পড়ে যায় মাইকেল। খবর বলছে, ত্রিপোলী থেকে ১০০ মাইলের কিছু বেশী পথের দেবে ভূমধ্যসাগরের লাগোয়া হর্নদ। সিদ্রাউপসাগরের কোল ঘেঁষে মায়াবী নগরী।

ব্রুনস-এর অভিজাত পাড়া হেন-জি। হেন-জিনা-র নাইনথ স্ট্রীটের ৭ নম্বর বাড়ি। ওখানে পৌঁছানোই সব ব্যবস্থা। পাসওয়ার্ড—লিংকেন।

ফিল্মের দুই নম্বর খবরটা খুবই গুরুত্বপূর্ণ। শীথের ঘরের সব কিছুই মাইকেল নিজের ঘরে বসেই দেখতে পাবে। কোড নির্দেশ মতো নিজের ঘরের জানলার কাঁচে প্রজেকশন লেন্স ফেলতে হবে। এ্যাংগেল হবে ৪৫°। তারপর পেরিটেলী করলেই টেলির পর্দায় ভেসে উঠবে শীথের ঘরের সবকিছু।..... মাইক্রো ফিল্মের তিন নম্বর খবরটি আরো তাৎপর্যপূর্ণ। এটা রে-রে, আর তার সহকারিনী মিস ম্যালিনার সম্পর্কে। ম্যালিনার মা যশোমতী ওয়েস্ট বেঙ্গলের মেয়ে। ওয়েস্টবেঙ্গল হলো ইন্ডিয়ার একটা স্টেট। ক্যালকাটার কিছুদূরে আজকের বাংলাদেশ বর্ডার। বর্ডারের এপারের কোন এক গ্রামের গরীব মেয়ে যশোমতী। অসাধারণ সুন্দরী। বিয়ে হয় গরীব ঘরে। যে সময়ের কথা বলা হচ্ছে, সে সময় বাংলাদেশ ইস্ট পাকিস্তান নামেই পরিচিত। যশোমতী ইন্ডিয়া থেকে পাচার হয়ে যায় ওপারে। ম্যালিনা আর রে-রে-এর কোন ছবি নেই ফিল্মটোর কাছে। ওরা দু'জনেই ইংরেজী, ফরাসী, উর্দু, আরবী, বাংলা, হিন্দী, আর তামিল বলতে পারে, পড়তেও পারে মাতৃভাষার মতো। ম্যালিনার বর্তমান বয়স কমবেশী ২৫।...

মাইক্রোফিল্মের শেষ খবরটি ভয়ানক জরুরী। লিবিয়ার আইন বলছে, কিনা লাইসেন্সের অস্ত্র এদেশে কারো কাছে থাকবে না। যদি থাকে, তবে দেশী হলে ১৫ বছর জেল। আর বিদেশী হলে ফায়ারিং স্কোয়ার্ড। খবরের সংগ্রহ পর্বটি শেষ হতেই মাইকেলের মনে হয় শীথের কথা। কি করছে ও? পেরিটেলি করলে হয় না? যেমন ভাবা, তেমন কাজ। নির্দেশ মতো পেরিটেলি চালু হতেই টেলির পর্দায় ভেসে ওঠে শীথের ঘরের দৃশ্য। কিন্তু শীথ কোথায়? বাথ্ রুমে টেলিভায়াল করে। একটু পরেই বাথরুম থেকে বের হয়ে আসে শীথ। এবার তাকে পর্দায় দেখা যায়।

: হ্যালো শীথ। মাইকেল বলছি.....

। হলো। তুমি যে বলছো তাতো টেলিভায়ালে তোমার মুখ দেখে বুঝতে পারছি। —শীথ হাসতে থাকে।

। তা কি করছো?

। এই মাত্র স্নান করে এলাম। এবার.....

শীথের ঘরের দরজার মাথায় সবুজ আলো জ্বলে ওঠে। শীথ টেলির মোবাইল সেটটা নিয়ে গিয়ে দরজা খুলে দেয়। খোলা দরজা দিয়ে আসে তিনটি ব্লন্ডি সঙ্গেত ফ্লোর ম্যানেজার।

। কি ব্যাপার? কথা বলছো কেন?— মাইকেল দুশ্চিন্তা করে।

: কিছু নয়। তুমি স্নান করেছো?— শীথ ব্লন্ডি তিনটির উপর নজর বোলায়। পেরিটেলি দেখে বুঝতে পারে মাইকেল।

। হ্যাঁ, এবার স্নান করবো। বাই।— টেলির মোবাইল সেটটা বন্ধ করে পেরিটেলির পর্দায় চোখ রাখে মাইকেল। দেখে শীথ ব্লন্ডি তিনজনের মুখোমুখী। ফ্লোর ম্যানেজারকে হাত নেড়ে কি যেন বলছে সে। পেরিটেলিতে দৃশ্যটি দেখা যায়। কারো কথা শোনা যায় না। তিনটি ব্লন্ডির মধ্যে যে সবচেয়ে সেক্সী, তার দিকে আঙুল তোলে শীথ। মেয়েটিকে রেখে বাকি দু'জনকে নিয়ে ফ্লোর ম্যানেজার ঘরের বাইরে চলে যায়।..... মাইকেল কিন্তু চোখ সরায় না পর্দা থেকে। সে শীথের ঘরের ব্লন্ডির একটা নামও দিয়েছে। লুসি। শীথ হাত নেড়ে-দুলিয়ে-কি বলে। সে ড্রিংকসের ট্রলি নিয়ে আসে।

শীথ চুপচাপ কয়েক পেগ ঢালে নিজের গলায়। মাইকেল বিরক্ত হয়। বেৎ, অমন মেয়ে তোর সামনে দাঁড়িয়ে। আর তুই কিনা এখন মদ গিলছিস! বেটা তুই, ঠান্ডা মেরে গেছিস।... একটু পরেই মাইকেলের ভুল-ভাঙ্গে। শীথ হঠাৎ টেনে আনে লুসিকে। একেবারে বিছানায়। জোর করে একটা গোটা বোতল ঢেলে দেয় ওর গলায়। ছটফট করতে থাকে লুসি। এক কটকায় ওর পরনের স্কার্ট খুলে নেয়। তারপর...ক্রিং ক্রিং..... নিজের ঘরের কলিং বেল বেজে উঠতেই মাইকেল চটপট পেরিটেলি মাইক্রো ফিল্ম সব গুটিয়ে এটাচীতে ভরে রাখে। বুঝতে পারে ব্লন্ডি নিয়ে এসেছে ফ্লোর ম্যানেজার। দরজা খুলে দিতেই দেখে অনুমান তার সঠিক। ব্লন্ডিদের মধ্য থেকে বেছে নেয় একটিকে। বাকি দু'জনকে নিয়ে ম্যানেজার বিদায় নিতে দরজা লক করে মাইকেল দাঁড়ায় মেয়েটির মুখোমুখী।

। কি নাম তোমার?

: মেরী।

: দেশ কোথায়?

: ম্যাক্সিকো।—মেরীর গলা নিয়ে অহংকার করে পড়ে।

। কি করো?

: কাজ। কতুন কি করতে হবে? ড্রিংকস্ আনবো? —বিরক্তি মেরীর গলায়

। না। কতো বেতন পাও?

: নো স্যালারী। বেতন নেই। কন্ট্রাক্ট্।

। যদি কাজ না পাও? —আবার প্রশ্ন মাইকেলের।

: ফিরে যাবো নিজের ঘরে।

: ঘরে তোমার সঙ্গে আর কে থাকে?

: কেউ না।

। এদিকে এসো।

মাইকেলের ডাকে মেরী এগিয়ে আসে। খুব খাতির করে মাইকেল তাকে পাশে বসায়। কয়েক পেগ নিজে চড়িয়ে মেরীকেও অফার করে। মেরী আপত্তি করে, না, না,। এ সব অভ্যেস নেই।

: আরে খাও না। খেলেই অভ্যেস হয়ে যাবে। আর জোর করেই মেরীকে মদ গেলায় মাইকেল। ক্রমে ক্রমে মেরীর নেশা জমে ওঠে। শেষে রীতিমতো বেহেড হয়ে যায়। হঠাৎ মেরীর মনে হয়, —মদ পরিবেশন করতে মেরী করছে মাইকেল। এক সময় মাইকেলের পিঠ চাপড়ে মেরী বলে ওঠে, —'ডোন্ট মেজি নিগার। বি কুইক.....। চাবুক এসে পড়ে মাইকেলের মুখে। আগুন জ্বলে ওঠে মাথায়। তারই ভাড়া করা মেয়ে তারই পয়সায় মদ গিলে তাকেই নিগার বলে গাল দেয়। তোর দেশ ম্যারিকায়, না? তোর মতো সাদা মেয়ের ছেনালিপনা দেখ্ কি করে বন্ধ করি! সে চিৎকার করে বলে ওঠে,— গেট আপ! ইউ ইল-ফারনাল বিচ....। একটানে মেরীকে দাঁড় করিয়ে জোর করে খুলে নেয় তার বসন। তারপর আবার টেচিয়ে বলে, নাউ, গেট আপ এন্ড স্ট্যান্ড।

এরূপ অবস্থায় পড়ে মেরীর নেশা কেটে যায়। হাউমাউ করে কেঁদে উঠে দু'হাতে মাথা এক করে বসে পড়ে। লজ্জা! লজ্জা!

: ডোন্ট ক্রুয়েল। নিষ্ঠুর হয়ো না। — কাঁদতে কাঁদতে বলে মেরী। চোখের জল আর কান্না নরম করে দেয় মাইকেলকে। এগিয়ে এসে মেরীর মাথায় হাত রেখে বলে—ডোন্ট ল্যামেন্টা। কেঁদো না। আমি ল্যাবে যাচ্ছি। তুমি ড্রেস পরে নাও।

মাথা নিচু করে মাইকেল ল্যাবরেটরীতে গিয়ে ঢোকে।.....

অনেক ঘুমিয়েছিলো মাইকেল সেই রাতে। নিঃসঙ্গ অথচ গভীর ঘুম।

পরের দিন ফুর্নের কাজ মিটে যেতেই শীথকে নিয়ে মাইকেল ফিরতে চায় ত্রিপোলী। শীথ কিন্তু বেঁকে বসে।

। চলো সিড্নি ঘুরে যাই।—বলে শীথ।

: পরে গেলে হয় না?—মৃদু আপত্তি মাইকেলের।

। তা তো বলবেই। সিড্নি তো তোমার দেখা। পুরোনো হয়ে গেছে।—অভিমান শীথের গলায়।

মাইকেল হেসে ফেলে।—বাব্বা! তুমি যদি শীথ আমার বৌ হতে, তবে তোমার জ্বালায় আমি সুইসাইড করতামই।

এরপর এইট-সিলি গর্জে ওঠে মাইকেলের হুতে। গাড়ি ছোটে সিড্নির পথে।..... ভারী চমৎকার রাস্তা। ত্রিপোলীর মতো যানজট নেই। মেডিটারীয়ান হাওয়ার নাতিশীতোষ্ণ মেজাজ। রাত বারোটা সিড্নি পৌঁছতে। ঠিক হয়, আগামী ভোরে যাবে সিড্নি উপসাগরে। সিড্নিউপসাগর, মানে ভূমধ্য সাগরদুহিতা।

সিন্ধি গান্ধ। মূল সমুদ্র থেকে প্রায় হাজার ফুট উঁচুতে। আহা মরি সি-বীচ নয় কিছু। তবু স্নানার্থীর সংখ্যা কিন্তু কম নয়। হোটেল থেকে ভোর ভোর বের হতে চায় মাইকেল আর শীখ। গাড়ির স্টিয়ারিং ধরে বসে থাকতে হয় মাইকেলকে গাড়ি ছাড়ার আগে।

: একটু দাঁড়াও। কৃত্রিম ফোয়ারা দেখে আসি।—শীখ ফোয়ারা দেখতে যায়। মাইকেল মনে মনে হাসে। ও ব্যাটা গেছে মেয়ে মানুষ দেখতে। সিন্ধি গান্ধ কখোন যাবে।

শীখের ফিরতে দেরী দেখে মাইকেল বিরক্ত হয়। ও এমন মেয়েখোর কেন?...শেষে এক সময় শীখ ফেরে। ঘোৎ ঘোৎ করে মাইকেল বলে,—তুমি মেয়ে মানুষ ছাড়া বাঁচতে পারো না?

: কেন? কি করেছি? —হাসিমুখে বলে শীখ।

। কি করো নি। যে কাজ করতে এসেছো, তারই ঠিক নেই। সি. এন. জির লোকদের তো চেনো না। কোথা থেকে চোখ রাখছে কে, তুমি জানতেও পাবে না।

: ও. কে. বস, ও. কে। ঠিক আছে এবার থেকে সাবধান হবো।.....তবে?

। তবে একটা মেয়ে যা দেখলাম কৃত্রিম ফোয়ার পাশে.....

: আঃ শীখ ! — ধমক লাগায় মাইকেল।

শীখ আর কথা বাড়ায় না।

দূরত্ব তেমন কিছু নয়। ঝড়ের বেগে গান্ধে পৌঁছে যায় এইট-সিলি। সকলের আমেজ কাটে নি তখনো। এই নিয়ে দ্বিতীয়বার গান্ধে এলো মাইকেল। গান্ধে! ঘুমন্তনাগর দুহিতা! সত্যি চোখ আটকে যায়। মনোরম দৃশ্য। গান্ধের জল আর সাগরের জল, নীল অথচ কালচে। এক, কিন্তু এক নয়।.....গাড়ির গায়ে হেলান দিয়ে সান-বাথ দেখে মাইকেল। কি যুবক- কি যুবতী, কিংবা কৃষ্ণকৃষ্ণা, সবাই পরেছে জন্মদিনের পোষাক। সবাই সূর্যস্নানে ব্যস্ত। ওদের দেখে হাসি পায় তার। ওইটুকু কাপড়ের আব্রু না রাখলে বোধ হয় ভালোই হতো। নেকেড সোসাইটির একটা দর্শন আছে। এদের আছে কি?

শীখ ইতিমধ্যে পায়ে পায়ে পৌঁছে যায় জলের কাছে। জল আর জল। কেউ কেউ স্নান করছে। কেউ বা অর্ধনগ্ন হয়ে বালির উপরে শুয়েছে। শীখ দেখে কাছে থেকে। দূর থেকে মাইকেল। জলের পরিবেশে অর্ধনগ্ন নারী দেহের দৃশ্যে একটা যৌনতা বোধ জন্মায় মাইকেলের মনে। কোথায় যেন পড়েছিলো,—জলের দৃশ্য মানুষের যৌন চেতনা বাড়ায়। কথাটা যৌন বিজ্ঞানী হ্যাভেলকের না? হঠাৎ মনে পড়ে হোটেল লেভিয়ারের মেয়ীর কথা। না, তার উচিত হয় নি মেয়ীর সঙ্গে অমন ব্যবহার করা। ওর আবার সাদা কালো কি? ও তো পয়সা নিয়ে গতর বিক্রী করে।

আ-হা-হা-হো-ও-সেভ-সেভ ফর গড সেক—একটা মিলিত চিৎকারে চমকে ওঠে মাইকেলের। তার চোখে পৌঁছে যেতে চায় আর্তনাদের কেন্দ্রবিন্দুতে।.....শীখ কই? মাইকেল শীখকে খোঁজে। কোথায় গেলো ও। জলের কিনারে এগিয়ে যায় সে। কিনার ঘেঁসে লোকে লোকারণ্য। সবাই চেচাচ্ছে,—সেভ: সেভ! সবাই কিন্তু ডাঙায়েই দাঁড়িয়ে। লোক জনের মাথা পার হয়ে মাইকেলের নজর গিয়ে পড়ে জলে। দেখে, একটি মেয়ে ভেসে যাচ্ছে গান্ধের স্রোত বেয়ে গভীরতায়। কিন্তু একটা কথা চাই। হঠাৎ দেখে শীখকে। সে জামা প্যান্ট ছেড়ে ঝাঁপিয়ে পড়লো গান্ধের জলে!

: টেক কেয়ার। সাবধান !— ডাঙা থেকে কেউ একজন চেঁচায়।

: ওখানে সাবমেরিনড্ রক, মানে ডুবো পাহাড়। হুসিয়ার। সাবধান করে অন্য একজন।

কিন্তু যাকে উদ্দেশ্য করে বলা, সে কিন্তু ডোন্টকেয়ার। সেই শীখ তীব্রগতিতে এগিয়ে যায় ডুবন্ত মেয়েটির দিকে। মাইকেলের মনে হয়, মেয়েটি আভার কারেন্টে পড়েছে। প্রাণপণ লড়ছে বাঁচার জন্য। শীখ আপ্রাণ চেষ্টা চালায় মেয়েটির কাছে পৌঁছাতে। এক এক সময় মনে হয়, এই বুঝি ধরে ফেললো শীখ। না, আবার স্রোতের টানে আর ঢেউয়ের ঝাপটায় দূরত্ব বেড়ে যায়। মাইকেল বোঝে, শীখের জেদ বেড়ে যাচ্ছে। হঠাৎ একটা তীরমুখী ঢেউ দেখে শীখ ডুব দেয়। মেয়েটি ঢেউয়ের তোড়ে ভেসে আসে একেবারে হাতের নাগালে। খপ করে শীখ ধরে ফেলে মেয়েটির সোনালী চুল। এবার ফেরার পালা। বেকুব মেয়েটির কোমর এক হাতে জড়িয়ে ধরে তীরে ফিরে আসে শীখ।

ধন্য ধন্য করতে থাকে সকলে। শীখের হাত থেকে মেয়েটিকে নিয়ে বালির উপর শুইয়ে দেয় মাইকেল। এই ফাঁকে জামাপ্যান্ট পরে নেয় শীখ। দু'বন্ধু তারপর মেয়েটিকে কয়েক পাক ঘোরায়। খানিক জল উগরে দেয় মেয়েটি। পরিমানে সামান্য। জ্ঞান ফেরে। নিজেকে এমন অবস্থায় আবিষ্কার করে মেয়েটি উঠে বসতে চায়। মাইকেল বাধা দেয়।—জোরা গেট আপ। শীখ, এ্যালকোহল প্লিজ। গাড়ি থেকে এ্যালকোহল নিয়ে আসে শীখ। খানিকটা খাইয়ে দেয় মেয়েটিকে।

। থ্যাংকস্। —মেয়েটি উঠে বসে।

: আমাকে নয়। ধন্যবাদ ওর খাওনা। - মাইকেল শীখকে দেখায়।—ও বাঁচিয়েছে তোমাকে।

: আপনার কে আছেন এখানে?—প্রশ্ন করে শীখ।

। কেউ না। এলোন।

সি-বিচ কাউন্টার থেকে কিনিস্ আনতে যায় মেয়েটি। মাইকেলের পরামর্শে শীখ ওর সঙ্গে যায়। ..... একটু পরেই ফেরে দু'জনে। শীখের কাছ থেকে মাইকেল জানতে পারে যে, মেয়েটির নাম লেনা।

: দেখুন তো কতো কষ্ট দিলাম আপনাকে। —লেনার কণ্ঠে বিনয়।

: কোথায় উঠেছেন। চলুন পৌঁছে দিই। — শীখ উদারতা দেখায়।

: উঠেছি তো হোটেল সিন্ধিতে।

: ওখানেই তো ছিলাম আমরা আজ সকাল পর্যন্ত। কদিন থাকবেন বুঝি? - শীখ গায়ে পড়ে আলাপ জমায়। মাইকেল চটে যায় মনে মনে।

: না, না। আজই ফিরবো ত্রিপোলী। - - লেনা বলে।

: ত্রিপোলী? আমরাও তো ত্রিপোলী ফিরে যাচ্ছি এখন। আপনার কি নিজস্ব গাড়ি আছে? — শীখ প্রশ্ন রাখে।

হাসতে হাসতে বলে লেনা, — নিজস্ব গাড়ি। কোথায় পাবো?

: তা হলে চলে আসুন আমাদের গাড়িতে। — আমন্ত্রণ জানায় শীখ।

। না, না। এমনিতেই কষ্ট দিয়েছি আপনাদের।—একটু চুপ করে লেনা আবার বলে, হয়তো বিশ্রামাদারের অসুবিধা হবে।

এরপর মাইকেলকে কথা বলতেই হয়। সে গম্ভীর স্বরে বলে, - হ্যাঁ, অসুবিধে অবশ্যই হবে। বিশ্রামাদার তো তোমাকে এতোটা পথ কাঁধে করে নিয়ে যাবে। — নিজের কথা শেষ করে মাইকেল হেসে ফেলে। লেনা ও শীখ সেই হাসিতে যোগ দেয়।

হোটেল সিন্ধি থেকে দুপুরের খাবার খেয়ে সবাই বেরিয়ে পড়ে ত্রিপোলীর পথে। স্টীয়ারিং মাইকেলের হাতে। পাশে শীখ। পেছনের সিটে সামান্য লাগেজ নিয়ে বসে লেনা।

(ক্রমশ)

পিঁপড়ে

গোপীনাথ মোহান্তি

অনুবাদ সমুদ্র ঘোষ

ধীরে ধীরে দু'টো পা এগিয়ে চলেছে। দু'খানি ক্লান্ত চরণ। একটার পেছনে আরেকটা। পায়ের পেশী ছিঁড়ে যাচ্ছে। বুকের ভেতরে যেন হাতুড়ির ঘা। মাথার হ্যাট থেকে ফোঁটা ফোঁটা ঘাম ঝরছে, যেমন ক'রে গাছের পাতার থেকে টপ্ টপ্ ক'রে শিশির পড়ে। পরনের শার্ট-প্যান্ট ঘামে ভিজে জবজবে। তবু শরীরটা এগিয়ে চলেছে, যেন বাতাসে ভরদিয়ে। সামনেই পাহাড়ের চূড়ো, রমেশ থামল।

অনেক-অনেক নীচে জমাট বাঁধা অন্ধকারের মতোই বড়ো বড়ো গাছের জঙ্গল। মনে হয় জঙ্গলটা পাহাড়ের ঢালু সিঁড়ি বেয়ে ধীরে ধীরে নীচে নেমে গেছে। কিন্তু ওপরে ন্যাড়া মাথার মতো ঘাসের পাড় বসানো পাহাড়ের মাথাটা সূর্যের আলোয় ঝলমল করছে। চারদিক ঘিরে আছে নির্মল নীল আকাশ।

পাহাড়ে ওঠা চাট্টিখানি কথা নয়। বড়ই কষ্টের। রমেশ নিজেকেই মনে মনে বলল। কিন্তু একজন তরুণ অফিসার হয়ে তার বয়োজ্যেষ্ঠ সহযাত্রীদের এই কষ্টের কথাটা সে কি করে বলে। কাজেই সে তার পায়ের ব্যথা কেড়ে ফেলার চেষ্টা করতে ধীরে ধীরে ঢেলে নীচের ঠোঁটটা কামড়ে ধরল, যেন ইচ্ছাশক্তির জোরেই সব ব্যথা সে কেড়ে ফেলবে। সঙ্গীদের উদ্দেশে একটু জোর করেই বলল, 'কি, এরই মধ্যে সব হাঁফিয়ে পড়লে দেখছি! তারপর সে তার ক্লান্ত শরীরটা কোনমতে টেনে নিয়ে চলল এবারো-খেয়ালে ছুঁচোলো পাথর ডিঙিয়ে।

নীচের থেকে তার চালবাজী বিনু ছুটে আসতে বেল ইঞ্জিনের মতো শ্বাস ফেলতে ফেলতে। যতই সে ওপরে উঠছে ততই তার মাথার পাগড়িটা মস্ত বড়ো একটা মোটা রঙের ব্যাঙের ছাতার মতো ক্রমশঃ উঁচু হচ্ছে।

গাঢ় কালো রং, গাট্টাগোট্টা চেহারা, কানে ও নাকে সোনার নাকড়ি, কাঁধে বন্দুক, গলায় ঝোলানো ফ্লাস্ক, এই হ'ল বিনু। সে ওপরে উঠে এল, রমেশের পেছনে সাইনবোর্ডের মতো এসে দাঁড়ালো।

পাহাড়ের তলাই অঞ্চল থেকে একটা সমবেত সঙ্গীতের ধ্বনি থেকে থেকে ভেসে আসছে 'বেইলে, বেইলে,' এক সেকেণ্ড অন্তর অন্তর সুরটা কানে আসছে।

লম্বা ঘাসের জঙ্গল ভেদ করে সেটা আস্তেই মনুষ্য মূর্তি বেরিয়ে এল এবং হ'ল সেন্স উপজাতির মানুষ পরনে কমদামে মোটা কাপড়। তাঁদের সঙ্গে কুড়ি বেঁধে কাঁধের দুই প্রান্তে তা ঝুলিয়ে নিয়ে আসছে, এইভাবে একটা ভারসাম্য বজায় করে বয়ে নিয়ে চলেছে

গান শেষ হ'ল। বিনু চেঁচিয়ে উঠল, 'যতসব অলসের ঢেঁকি, শিগগির পা চালিয়ে আয়। —যতই এদের বকি ঝকি, এরা সেই পেছুতেই পড়ে থাকবে।'

তাদের মধ্য থেকে কে যেন বলে উঠল, 'আমরা বাপু বুড়ো মানুষ'। তারপর হো-হো করে সমবেত হাসির হুররা।

এরপর তারা একজায়গায় পা ছড়িয়ে বসে বাড়ির তৈরি বিড়ী খেতে লাগল।

বিনু ফ্লাস্ক থেকে তার সাহেবকে চা ঢেলে দিল। একটা অমলা গাছের তলায় বসে গায়ে চুমুক দিতে দিতে রমেশ জিজ্ঞাসা করল, 'এ রাস্তায় তুমি কোনদিন আগে এসেছ বিনু।

—হ্যাঁ, স্যার, অনেকবার। শেষ এসেছিলাম দু'বছর আগে, তার আগে তো অনেকবারই

একটি।

—এর আগে কি জন্য কোন অফিসার এ রাস্তায় এসেছেন?

—হ্যাঁ স্যার, অনেকেই এসেছেন স্যার। এটা তো স্যার হাটে যাওয়ার রাস্তাতেই পড়ে।

শুনে রমেশ খানিকটা থ'মে গেল। ছোটবেলা থেকেই তার মনোগত অসন্না ও আনন্দের কেন্দ্রে ছিল এই অনুভূতি যে আমি সবার চেয়ে এবং সব দিক থেকে বড়ো। আমি থাকব সবার চেয়ে এগিয়ে, কারও চেয়ে আমি কোন দিক থেকেই ছোট নই। তারপর দীর্ঘ সংগ্রাম, বাধা-বিপত্তি ডিঙিয়ে ক্যারিয়ার সৃষ্টির এক সফল ইতিহাস। বালেশ্বর জেলার উত্তরাঞ্চলের এক অজ পাড়া গাঁয়ের গরীব ঘরের ছেলে ধীরে ধীরে কি ক'রে বর্তমানের এক উচ্চপদস্থ অফিসার পদে উন্নীত হ'ল সে এক দীর্ঘ বন্ধুর পথ পরিক্রমার ইতিহাস। স্কুল থেকে কলেজ, জীবনের নির্মম দৌড়ে বন্ধুদের পেছনে ফেলে এগিয়ে যাওয়া, তারা আজ কোথায় হারিয়ে গেছে। তারপর ছাত্রবৃত্তি, মেডেল, পুরস্কার, একের পর এক সাফল্যের সিঁড়ি বেয়ে শুধু ওপরে ওঠার ইতিহাস। তারপর এই চাকুরী। নতুন নতুন লোকের সঙ্গে পরিচয়, দিনরাত লোকের ভিড়ে পরিবৃত হয়ে থাকা, চাপরাশীদের সেলাম, বীমা কোম্পানীর লোকেদের বিনয়-বিগলিত অনুরোধ, উপরোধ, একের পর এক বিবাহ-প্রস্তাব আসা—এইভাবে এই জগৎ তার প্রতি বড়ই মনোযোগ দিয়েছে, তাকে সম্মানিত করেছে।

সেই চাকুরিজীবনের গোড়ার দিকে সাফল্যের জন্য যে লড়াই এবং নিজের কাছে নিজের যে গুরুত্ববোধ বা আত্মগৌরব তা আজ রীতিমত আত্মবিশ্বাসে পরিণত হয়েছে। নিজেকে আজ তার একটা কেউকেটা মনে হচ্ছে। তার চারিদিকে যে মানুষেরা ভিড় ক'রে থাকে তারা আজ তার দেদীপ্যমান ব্যক্তিত্বের ধূসর পটভূমিতে পরিণত।

কিন্তু জীবনের প্রতি পদক্ষেপে আজো কেন এত অস্বস্তি! তার আগেও তো কত লোক এই পথে হেঁটে গেছে তাদের পদচিহ্ন রেখে। তুলনায় তাদের কাছে নিজেকে বড় তুচ্ছ, ক্ষুদ্র মনে হয়। তবে আজ পর্বতে আরোহণ করার সময় এইটুকু ভেবে মনে মনে সে তৃপ্তি পেল যে সভ্যজগৎ থেকে সে-ই বোধ হয় প্রথম ব্যক্তি যে এইপথে এইভাবে পায়ে হেঁটে চলেছে। কিন্তু এখন তার সেই কাল্পনিক আনন্দটুকুও যেন তার হাতের মুঠোয় চলে যাচ্ছে। বিনু এর মধ্যেই তার সেই আগেকার সাহেবের পাগড়ি-চূড়ায় ঊনু কাটিয়ে পাঁচদিন বসবাস করার গল্প বলে যাচ্ছে। জীবজন্তু শিকার, হাসি-আনন্দ, নাচ-গান, হৈ-হুল্লোড়; জায়গাটা কয়েকদিনের জন্য যেন শহরের মতো জমজমাট হয়ে উঠেছিল।

সে ছিল এক দিন। কতমানুষ এসেছে, কতমানুষ চ'লে গেছে। জায়গাটা শুধু সেই চিরকালের অন্ধকার নিয়ে আগের মতোই রয়ে গেল। বিনু বলল, 'কিন্তু আগের সে ঘর নেই স্যার, সে সব জন্তুজানোয়ারও নেই। গোপরা সব সাফ ক'রে দিয়েছে। তারাও নেই। এইখানেই ছিল গোপদের গ্রাম। নিত্যি নিত্যি গ্রামে বাঘের হামলা হ'ত। তাই গ্রাম ছেড়ে তারা পালিয়েছে'।

—এখন তাহ'লে জঙ্গল নেই বলছ? এতগুলো তাঁহলে কি?

—হ্যাঁ, কেটে নেওয়া গাছগুলো আবার গজিয়ে উঠেছে ঠিকই, কিন্তু সে জঙ্গল? সে তার হবেনি স্যার।

কল্পনার চোখে রমেশ দেখতে পাচ্ছে সীমাহীন মানুষের গোত্তাযাত্রা, অগণিত জনপ্রবাহ কত-কতকাল থেকে বনে জঙ্গলে ঘুরে বেড়াচ্ছে—কখনও গভীর বনের অভ্যন্তরে চলে যাচ্ছে, আবার ফিরে যাচ্ছে। ক্ষীণস্রোতা পাহাড়ী নদীটা তাদের দুরন্ত যৌবনের স্মৃতি বহন করে চলেছে, সে আজও শুকোয়নি। আজও সে নুড়িপাথরের ওপর দিয়ে কলকল শব্দে বিরামহীন বয়েই চলেছে।

হঠাৎ তার মনের গভীরে কি এক অজানা উৎকণ্ঠা ও আতঙ্ক-প্রতীতি ঠেলে উঠে তার এতক্ষণকার আত্মলালিত পৃথক সত্তার উগ্র অস্তিত্বটাকে যেন একেবারে ভোঁতা করে দিল এবং অন্তহীন নদীপ্রবাহের সঙ্গে যেন তাকে একাকার করে মিশিয়ে দিল।

ছড়িয়েপড়া বিন্নুটের ওঁড়োর চারদিকে এক দল পিঁপড়ে সারি দিয়েছে। রমেশ চকিত হয়ে নিজের মনেই বলে উঠল, এখানেও পিঁপড়ে? এখানে আসার যে মূলীভূত কারণ ও গূঢ় উদ্দেশ্য এবার সে-কথা তার মনে পড়ল। সে বিনুকে জিজ্ঞাসা করল, 'তুমি বলছ, আমরা তাহলে চাল পাচার কারীদের ধরতে পারব তো?'

—নির্ঘাৎ পারব স্যার, অবশ্যই পারব স্যার। যে পথেই পাচার কারীরা যাক না কেন, এই কাল্‌পাওয়ালাসার ঘাট হয়ে তাদের যেতেই হবে। এখন সবে দশটা বাজে। পাহাড়ের গা বেয়ে নীচে নেমে গেলে আমরা বেলা দুটোর মধ্যেই ঘাটের কাছে পৌঁছে যাব স্যার। তারপর ব্যাটারা কোনদিকে পালায় দেখি। সব ব্যাটাকেই হাতে নাতে ধরে ফেলব স্যার।

—ভাল কথা, তাহলে আর দেরী না করে চল রওনা হওয়া যাক।

এই উঁচু জায়গাটায় একটুও জিরোবার সুযোগ না পেয়ে বিনু মনে মনে বিরক্ত হ'ল। গোপদের উদ্দেশে চীৎকার করে সে তাদের তল্পিতল্পা রওনা হ'তে বলল। গোপরাও মনে মনে অসন্তুষ্ট হয়ে ব্যাগে গজ্‌গজ করতে লাগল। একটুও জিরোবার উপায় নেই বাপু। শুধু দৌড়ও, আরও জোরে দৌড়ও। তাদের উদ্ভট ও দুর্বোধ আদিবাসী ভাষায় তারা বিনু ও তার ছোদপুরুষের উদ্দেশে গালাগাল করতে লাগল। তারা ভাবলো, এই লোকগুলো শুধু জানে হুকুম করতে—জল আনোরে—জ্বালানি আনোরে—মোট বস্তু রে—শুধু হুকুম করার কয়েকটি বুলি এরা শিখে রেখেছে। আমাদের যে শুধু গালাগাল দিয়েই যাবে, এতে এ্যানাদের কোন দোষ নেই।

গোপরা নিজেদের মধ্যে কলরবলি করতে লাগলো—এই লোকগুলো কি বোকা হাবো, এরা কিনা এসেছে বর্ষার দিনে যারা চাল পাচার করে তাদের ধরতে। আরে বাবা, খিদে হল গিয়ে সর্বাইকার ব্যাপার, কার না খিদে পায়? আর যা'র খিদের চাল দরকার সে যেখান থেকেই কিনুক, তার কেনবার হক আছে। এতে পাপটা কোথায়? পাপ কিসের? আর এই যে, ধান-চাল, এসব ফলায় কারা? না, কি, এদের জন্য আলাদা আইন আছে? যে আইনে মদ চোলাই করা পাপ, চুরি করে বনের গাছ কাটা পাপ, তেমনি কি খিদের অন্ন জোটানোও পাপ? সারা দিনমান ভারি ভারি মোট বয়ে বয়ে ক্লান্ত হয়ে একটু জিরোতে চাওয়াও পাপ? নাঃ আর বলার সময় নেই, ব্যাটা চাপরাশি বকাবকি শুরু করেছে। সাহেবও তাড়াতাড়ি পা চালাতে শুরু করেছেন।

কাজেই গোপরা উঠে পড়ল। উঠেই গান ধরল। তাদের এতক্ষণকার যাবতীয় অভিযোগ গানের ঘুরার মধ্যেই আত্মগোপন ক'রে শেষপর্যন্ত হারিয়ে গেল।

সামনে গভীর বন বন। উপত্যকা ধরে নীচে নেমে গেলে সামনে শুরু হল সুড়ঙ্গের মতো সরু একটা রাস্তা। এই পরিবেশে গোপদের সমবেত গান শুনে রমেশের মনটা খুশিই হ'ল। গানটা শুনতে বেশ ভালোই, কি মোলায়েম শান্ত সুর।

কিন্তু এর মানে কি? হয়তো এটা এই আদিবাসী গোষ্ঠীর লোক-রীতি।

—বিনু, রমেশ চীৎকার করে উঠল। মনের মধ্যে তিক্ততা ও উপরে-ওঠা গালাগাল কোনমতে চেপে রেখে বিনু দৌড়ে এল। বিনুর এখন পঞ্চাশ বছর বয়েস, ছাতা দাঁত নেই, মাথায় টাক পড়তে শুরু হয়েছে, এই বয়সে শরীরটা চায় একটু আরেসী পদক্ষেপ, একটু আরাম, একটু শান্তি। কিন্তু এই ছোকরা অফিসার সবাইকে খাড়া তাড়া লাগাচ্ছে। নিজে পাগলের মতো দৌড়চ্ছে, অন্যকেও পাগল বানিয়ে ছাড়বে দেখছি।

বিনুর বাড়িতে খাওয়া-পরার অভাব নেই। এ কাজটা তার না নিলেও চলত। কিন্তু ক্ষমতা—খ্যাম্‌তাটা চাই, খ্যামতা না থাকলে তার রইল কি। তার মতো তুচ্ছ লোকেদের সে যে এতকাল ধরে খাইয়ে পরিয়ে আসছে সে তো তাদের মতোই এক নগণ্য ব্যক্তি হয়ে রেত! তাই ক্ষমতার যাদুটা যাতে হাতছাড়া না হয় সেই ভয়েই সে কি একটা ভয়ংকর টানে এই বয়সেও ঘর ছেড়ে বনে-পাহাড়ে ঘুরতে বেরিয়েছে।

—বিনু, কি সুন্দর গান করে এই লোকগুলো, তাই না?

—হ্যাঁ, স্যার। খুব সুন্দর।

—কিন্তু এর মানে কি?

মাথার পাগড়ীটা এদিক ওদিক সরিয়ে ঠিকমতো বসিয়ে নিয়ে মুখের ভেতরকার পানটাকে আরও একটু চিবিয়ে নিয়ে বিনু প্রশ্নের মতো জানালো, 'এ হলো গিয়ে ওদের টৈতালি পরবের গান'।

—কিন্তু এর মানেটা কি?

—এ হলো সেই ড্যাংড়ো-ড্যাংড়িদের পুরোন গল্পো স্যার, তাদের ভালোবাসার গল্পগুলো।

—এরা কি সব সময় এই গান করে?

—হ্যাঁ স্যার, সারাক্ষণই এই গানই করে স্যার।

—'বেইলে বেইলে' মানে কি ফুইফুল?

—ঠিক ধরেছেন স্যার, এইভাবে আপনি, স্যার, ওদের ভাষা খুব তাড়াতাড়ি শিখে যাবেন, স্যার।

বিনুর জবাবে রমেশ খুব খুশি হ'ল। জিজ্ঞাসা করল, 'এরা বুড়ো বয়সেও কি এই গান গায়?

—আমাদের এই দেশে স্যার, কেউ বুড়ো হয়না স্যার।

রমেশ মনের মধ্যে ধ'রে রাখল, 'বেইলে' মানে ফুইফুল, আর গোপরা শুধু প্রেমের গান গায়।

রমেশকে বোকা বানিয়ে বিনু মনে মনে খুব খুশি হ'ল।

দেশল শ্রমিকেরা তখনও পাহাড়ী পথ চলতে চলতে তাদের দুঃখের গান গেয়ে যেতে লাগলো। তাদের দুর্ভাগ্যের অফুরন্ত গাথা। কিন্তু রমেশ ও বিনু জানতেই পারলোনা যে সারাক্ষণ ধরে তাদের দুর্বোধ্যভাষার সেই গানের মাধ্যমে সাহেব ও ফোরা চাপরাশির উদ্দেশে তারা রীতিমত খিস্তিখেউড় ও গালাগালি চালিয়ে গেল।

পথে একদল গোন্ড উপজাতির লোকেদের সঙ্গে তাদের দেখা হল। তারা নিজেদের মধ্যে হাসি ঠাট্টা ইয়ার্কি করল, তারপর তারাও সেই 'দুঃখের' গানের সঙ্গে তাদের গলা মেলাল। কারণ তারাও যে একই দুঃখ দুর্ভাগ্যের সমান অংশীদার। গানের মধ্যকার বিষণ্ণতাটুকু তারা বেশ সহজেই ধরে ফেলল।

গানে একটু ভাঁটা পড়লে বিনু চীৎকার ক'রে উঠল, বলল আবার গান ধরতে।

আমাদের দেশে কেউ বুড়ো হয় না, সাহেবকে বলা বিনুর নিজের কথাটাই এই মুহূর্তে তার নিজের কাছে নতুন অর্থ-তাৎপর্য নিয়ে যেন মূর্তি ধারণ করল। ঘরে সে তার যুবতী স্ত্রী রেখে এসেছে। মনে পড়ল এ তার তৃতীয় পক্ষ। অনেক আশা করে অনেক কন্যাপণ দিয়ে তার মা-বাপের কাছ থেকে তাকে কিনিয়ে আনতে হয়েছে। এই জঙ্গলের রাজত্বে শ্রেষ্ঠত্ব নির্ভর করে জোর জুলুমের ওপর। জোর করে কোন জিনিস কিনিয়ে না নিলে তাকে আয়ত্ত করা যায় না। এক্ষেত্রে মানুষ পশুকেও কখনও কখনও হারিয়ে যায়। কিন্তু বিনুর জীবনে একটি দুঃখ ও অপূর্ণতা আছে। তার কোন সন্তান নেই। কৌশল ও চালাকি দিয়ে সে অপূর্ণতা ও হতাশাকে ঢেকে রেখেছে। তার আছে ফলের বাগান, চাষের জমি, ঘরবাড়ি, গরু-বাছুর—সব থেকেও তার জীবন শূন্য, কারণ তার কোন সন্তান নেই। বয়স যতই বাড়ছে ততই এই শূন্যতা সে বেশি বেশি করে বোধ করে। ছোট বউয়ের কথা মনে হতেই ভাবল অন্য দুই বড় বউ তার ওপর না জানি কেমন ব্যবহার করছে।

এদেশে কোন স্ত্রীলোক যদি তার স্বামীকে নিয়ে সুখী না হয় তবে অনায়াসে তাকে ছেড়ে যেতে পারে।

হঠাৎ তার দূর সম্পর্কের এক নাতি বিশির কথা মনে হল। সেও নতুন চাপরাশি হয়েছে। মাঝে মাঝে সে তার বাড়িতে এসে হাজির হত আর নতুন ঠাকুমার সঙ্গে হাসি-ঠাট্টা-ইয়ার্কি ও খুটিনাটি করতো।

—'বিনু'

—'স্যার'

—এটা কি করে সম্ভব যে এই যে চাল পাচার হচ্ছে তা আগে একবারও ধরা পড়েনি? মাদ্রাজ বর্ডার পেরিয়ে যে-চাল পাচার হচ্ছে সেগুলো নিশ্চয়ই কোথাও জমা হচ্ছে। আর সেখান থেকে ব্যবসাদাররা তা তুলে নিয়ে যাচ্ছে। কিন্তু ধরো, ফোরাপুট থেকে এই যে চারদিন ধরে পাহাড় ভেঙে বনজঙ্গল পেরিয়ে আমরা হেঁটে চলেছি, কোথাও তো তেমন কিছু চোখে পড়ল না। ব্যাপারটা কি বলো তো?

—'এটা ধরা পড়তো যদি বড়া বড়া চাল চালান হ'ত।'—বিরক্তির সঙ্গে কথাটুকু বলেই বিনুর মনে পড়ল সে নিজে একবার কয়েকশ'মন চাল পাচার করেছিল এবং বেশ চড়া দামেই বেচে দিয়েছিল। তা'র বিশ্বাস যে এই সমাজে তার যার নিজেরটা নিজেকেই যোগাড় করতে হবে, একজন আর এক জনেরটা কেড়ে খাচ্ছে, একে অন্যকে ঠকাচ্ছে এবং তাদের ঠকিয়েই নিজেরা ফুলে ফেঁপে উঠছে, এটাই হয়ে দাঁড়িয়েছে যার যার অধিকার। যেখানে নিজের স্বার্থের জন্য আইন ভঙ্গ করা যায় এবং শাস্তির কোন ভয় থাকে না, সেখানে এই স্বার্থপর নীতির ফল যা হবার তা তো হবেই। সে ভাবল।

কথাটার মোড় ফেরাবার জন্য সে বলল—না, একটা লোক আলাদাভাবে খুব বেশি চাল পাচার করতে পারে না স্যার, হাটে গিয়ে দেখবেন, ছোট ছোট থলের আসে পাহাড়তলী থেকে, তারা বড় জোর দশ-বিশ সের চাল কেনে স্যার। এখান থেকে কয়েক মাইল দূরে মাদ্রাজ বর্ডারে গিয়ে দেখবেন স্যার, সেখানে সারি সারি গরুর গাড়ি, বড় বড় চটের বস্তা আর জালাভর্তি টাকা নিয়ে ব্যবসাদার-রা সব বসে আছে স্যার। তারপর গাড়ি-ভর্তি চাল যাবে বিশাখাপত্তনম্, পার্বতীপুর ও অন্য অন্য জায়গায়। ব্যবসাদাররা, স্যার, ব্যাবসার খাঁতঘোঁত খুব ভালো বোঝে স্যার।

রমেশ গম্ভীর হল।

—ব্যবসাদারদের হাতে চাল পৌঁছে যাবার আগেই আমাদের ধরে ফেলতে হবে।

তার চোখে শিকারীর মতো এক অদ্ভুত তীব্র তীক্ষ্ণ আলো জ্বলে উঠল। একটি মাত্র চিন্তা তাকে বিদ্ধ করছিল। ভাবছিল অন্যেরা কেন আমাদের চাল চুরি করে নেবে। যদি মনে ভাবে এ হল ব্যক্তিগত অধিকারে হস্তক্ষেপ। যে করেই হোক এটা বন্ধ করতেই হবে।

'আমাদের চাল' কথাটুকুর মধ্য দিয়ে সে সচেতন ভাবেই এই কথাটা বোঝাতে চাইল যে সে একজন উড়িয়া, তার পশ্চাতে রয়েছে উড়িষ্যার অতীত ইতিহাস, কত বড় বড় যুদ্ধজয়, রাজ্যজয়, কত সাম্রাজ্য বিস্তারের ইতিহাস—সবই অন্যের ঐশ্বর্যের বিনিময়ে।

অতীতের ধূলিস্তূপ ও ভগ্ন ইঁটের স্তূপ থেকে তার মন ফিরে এল বর্তমানের অবক্ষয়ের রূপে এবং এর জন্য তার মতে দায়ী হ'ল প্রতিবেশী রাজ্য সমূহ। তারাই এই দেশটাকে লুটে পুটে শেষ করেছে। এখন শুধু পড়ে আছে ছিবড়ে। এ দেশের আর কি কিছু হবে? মনে মনে সে নিজেকেই এ প্রশ্ন করল।

এবার তার মনে হ'ল নীচের ওই পাহাড়ী রাস্তায় আজ তাকে শিকার ধরতেই হবে। চাল পাচারকারীদের ধরার নেশা তাকে পেয়ে বসল। দাঁতে দাঁত চেপে সে বলে উঠল—

'একবার যদি ধরতে পারতাম। তবে—'

তবে কি করতো তা অবশ্য সে জানে না। পর্বতের ঢালু বেয়ে সে নামতে লাগলো।

তখন শীতের শেষ। হাঁটার ক্লান্তিজনিত গরম ভাবটা কমতেই আমেজ নিয়ে এল। গায়ে গায়ে নতুন পাতা ও ফুলের সমারোহ। পর্বতের ঢালু অংশের নীচে একটা ছোট্ট গ্রাম, আমগাছের সারি, ধানের ক্ষেত, ধান মাড়াইয়ের উঠোন, আর সারি সারি কয়েকটা বাড়ি। রাস্তার মাঝখানে একটা বাচ্চা ছেলে দাঁড়িয়ে। হাঁ করে আগন্তুকদের দেখছিল। দেখেই 'মা-মা' ব'লে চীৎকার ক'রে উঠল। তারপর দৌড়ে বাড়ির মধ্যে চলে গেল। এই হ'ল ওর। দড়িতে বাঁধা বাছুর গুলো ঘাস খাচ্ছিল। দড়িটা খোঁটায় গোড়া ছিল। তারাও হঠাৎ হাম্বা হাম্বা করে ডেকে উঠল। মেয়েরা যারা বাইরে ছিল সবাই ঘরের মধ্যে ঢুকে গেল এবং ড্যাবডেব শূণ্য দৃষ্টিতে হাঁ ক'রে তাকিয়ে রইল।

একে একে গ্রামের লোকেরা এসে জড়ো হ'ল। রমেশের কাছে এটি ত পরিচিত দৃশ্য। তার কাছে অজানা নয়। তার পায়ে ততক্ষণে টান ধরেছে, একটা বড়ো গাছের ছায়ার মতো মেলে ধরা ছায়ার নীচে সে গিয়ে দাঁড়ালো এবং পিছন ফিরে তাকাল। তার পেছনের পাহাড়টা পঞ্চের বিরাট একটা দৈত্যাকার প্রেতের মতো দাঁড়িয়ে আছে। বিনু হাঁফাতে হাঁফাতে নেমে আসছে আর তার পেছনে পেছনে গোন্দরা যেন দৌড়ে আসছে।

—এখানে একটু খাবার জল পাওয়া যায় না, বিনু?

—নিশ্চয়ই পাওয়া যাবে স্যার। বিনু সদা প্রস্তুত। সে মোট ঘাটের বাঁধন খুলে একটা গ্লাস ও লোটা বার করল, তারপর গ্রামের দিকে ছুটল। গোন্দরা একটু জিরিয়ে নেবার জন্যে মাটিতে বসে পড়ল। রমেশ জলের জন্যে অপেক্ষা করছে, এমন সময় মুহূর্তের মধ্যে একটা চারপাই এসে গেল। একজন লোক একটা লোটাভর্তি গরম দুধ নিয়ে দাঁড়িয়ে আছে, তার পাশেই একজন একছড়া পাকাকলা নিয়ে দাঁড়িয়ে। ওড়িয়া ও তেলেগু মেশানো এক ধরনের ভাষায় তারা বলল, 'অনেক বেলা হয়ে গেছে স্যার। সূর্যি মাথার ওপরে। আজকের মতো এখানে থেকে যান, খাওয়া দাওয়া করুন। বিশ্রাম নিন। নইলে গ্রামের লোকেরা খুব দুঃখ পাবে।'

বিশ্রাম! রমেশ হাসল। সারা পথ জুড়ে এই একই আমন্ত্রণ, আপ্যায়ন। অনেপাহাড়ে চলতে গেলে মানুষকে বোধ হয় এমনি করেই একে অপরের ওপর নির্ভর করতে হয়।—এখানে একটু থামুন, আমাদের গাঁয়ে আজকের রাতটা থেকে যান ইত্যাদি। পরিচিত গাছ-গাছালির ছায়া, আবছেলা ঢালা ঘরের চাল থেকে কুণ্ডলায়িত ধোঁয়ার রেখা, নরনারীর দিনানুদৈনিক জীবনযাত্রা—সর্বত্রই একই ছবি। বনে পাহাড়ে যেখানেই যাও সর্বত্রই সেই মানুষ, সেই পরিচিত মানুষের পৃথিবী।

কিন্তু থামলে তো চলবে না, তাকে এগিয়েই যেতে হবে। গ্রামের সেই স্নেহপূর্ণ আমন্ত্রণ প্রত্যাখান করলেও সেই আহ্বান একটা মিষ্টি গন্ধের মতো কিছুক্ষণের জন্য বিরাজ করতে লাগলো, তারপর পাহাড়ী পথের উদাস-উদাসীন বাতাসে ধীরে ধীরে মিলিয়ে গেল।

বিনু জল নিয়ে এল। রমেশ এক নিঃশ্বাসে সবটা জল খেয়ে ফেলল। বলে উঠল, চল, এবার যাওয়া যাক।

এমন সময় কোত্থেকে এক বুড়ী এসে পথ রোধ করে দাঁড়ালো। তার কালজীর্ণ জরাগ্রস্ত মুখে একটুকরো হাসি। সে বলল, 'বাবা, এই অবেলায়, কিছু না খেয়ে যাবে কি করে? তোমার নিজের মা হ'লে কি তোমায় এমন করে যেতে দিত? গাঁয়ের বাড়িতে তোমার কি মা-বোন নেই?'

সবার মুখ মৃদু হাসিতে ভরে গেল। বুড়ি ছিল গোন্দ-ভোরা জাতের মেয়ে, গোন্দও তেলুগু সংকর প্রজাতি বিশেষ।

রমেশের রোদে পোড়া চোখে হঠাৎ যেন একরাশ স্নিগ্ধ শীতল ছায়া ঘনিয়ে এল। কিন্তু মুখটা ভুলে সে নিজেকে বোঝাতেই যেন বলে উঠল, 'না, না, আমাদের এক্ষুনি যেতে হবে। অনেক কাজ বাকি।'

নিজেকে সে জোর করে টেনে নিয়ে চলল। কিন্তু সেই বুড়িটার মাতৃ-মুখের স্নিগ্ধ স্নেহচ্ছায়া তার মনের মধ্যে লেগেই রইল। সকল মায়ের চোখের মতোই সেই চোখদুটো হৃদয়ের গভীর অন্তঃপুরে দৃষ্টি প্রদীপ জ্বালিয়ে দিয়েছিল এবং চিরন্তন মায়ের শ্রী-বত্সলাই তার সেই মুখে যেন শোনা গিয়েছিল। সে মায়ের জাত নেই, ধর্ম নেই, ভাষা নেই, সে শুধু মা। কিছুক্ষণের জন্য সে তার কাজের গাফিলত্ব ভুলে গিয়েছিল। কিন্তু বেই দেখতে পেল একদল লোক মাথায় চালের বস্তা নিয়ে হাটের পথে সারি দিয়ে চলেছে, তখনই সে বুড়িটার কথাগুলো ভুলে গেল।

—বিনু, ছাটটা কত দূরে?

—আজ্ঞে, এই তো সামনেই। আমরা প্রায় পৌঁছে গেছি, স্যার। ঊদ্দিয়ার, কোন শব্দ নয়, চেঁচামেচি নয়, সব চুপ।' —এই বলে বিনু গোন্দদের সাবধান করে দিল। কাজ বন্ধ করে চুপচাপ এগিয়ে যেতে বলল।

এইবার শুরু হল সত্যকর শিকারীর মতোই বনের পথ ধরে নিঃশব্দ, সাবধানী পদক্ষেপ। বাইরে প্রকৃতির রাজ্যে গভীর নৈঃশব্দ্য ও উমার শান্তি, কিন্তু তাদের বুকের মধ্যে যেন তুমুল অশান্তি ও অস্থিরতা ঠেলে ঠেলে উঠছে। পরিকল্পিত কাজের লক্ষ্যে পরবর্তী পদক্ষেপ নিতে রমেশ যেন দৌড়ে চলেছে। চালপাচার শুধু আজকের জন্য সে বন্ধ করবে না। এর চিরস্থায়ী প্রতিকার হিসাবেই সে তার রিপোর্ট গভর্নমেন্টের কাছে জমা দেবে। এতে তার সুনাম, প্রমোশন ও স্বীকৃতি যেমন জুটবে তেমনি দ্রুত উচ্চপদে ওঠার সিঁড়ির কাজও করবে। এ যেন পরীক্ষায় ভালো ফল করার জন্য প্রাইজ এবং বিশেষ কৃতিত্বের জন্য পুরস্কার পাওয়া। সে ভাবল এ পুরস্কার পাওয়ার যোগ্যতা তার অবশ্যই আছে।

কালো আফ্রিকার আদিবাসীদের উৎস সন্ধানে লিভিংস্টোনের অভিযানের মতোই সে কি বর্ডার ডিঙিয়ে চালপাচারকারীদের মূল আস্তানা আবিষ্কারে তৎপর নয়? ব্যাপারটার সুষ্ঠু সুকৌশলী ও সুদক্ষ সমাধানের পরিকল্পনায় মনে মনে সে নিজেই নিজের কাছে অভিভূত হয়ে পড়ল।

সামনে একটু দূরে রাস্তার ধারে এক গাছের তলায় একটি পরিবার তাদের খাবার খেতে বসেছে। একটা ছোট্ট বাচ্চা মাটির ওপর চিৎ হয়ে পড়ে আকাশের দিকে মুখ করে তার কাঠির মতো হাত-পা নেড়ে তারস্বরে চীৎকার জুড়ে দিয়েছে। তার কর্কশ কণ্ঠের তীক্ষ্ণ চীৎকারে নিঃশব্দ নীল আকাশের বুকটা যেন ফেটে যাচ্ছে। ছেঁড়া খোঁড়া কম্বল জড়ানো মাথায় একঝোকা এলোমেলো উসকোখুসকো চুল, জীর্ণশীর্ণ চেহারার এক নারী পাতার থালায় সবে তার ভাত নিয়ে বসেছিল। ভাত ফেলে হাত না ধুয়েই সে উঠে পড়ল। ছেঁড়া খোঁড়া কম্বলে তার বুকদুটো ঢেকে দৌড়ে এসে বাচ্চাটার মুখে মাই গুঁজে দিল। ওকনো বুক দুটো ছেঁড়া কম্বলের মতোই ঝুলতে লাগলো। বাচ্চাটাকে কোলে তুলে নিয়ে বুকে জড়িয়ে ধরেই সে আগন্তুকদের দিকে হাঁ করে তাকিয়ে রইল। যেন কোন মানুষ নয়, শুধু এলোমেলো একরাশ চুল এবং দুটি বড় বড় উদাসী চোখ। আর কিছু নয়। সে দুটি চোখে বহির্জগতের কোন সংবাদের জন্য কিন্দুমাত্র ঔৎসুক্য নেই, সংসারে কে কত বড় দরের লোক তা জানবার কোন আগ্রহ নেই, সমীহ বোধও নেই। বাইরের জগৎ তার কাছে অস্তিত্বহীন।

এদের কাছে বাইরে জগতে দৃষ্টিক্ষেপ করার মানেও হল প্রকৃত পক্ষে মেহের গভীরে জীবনের ক্রিয়া শক্তির মূলে যে আদিম প্রজাপতি সেখানে দৃষ্টি ফেলা। কিন্তু সেখানে রয়েছে শুধু ক্ষুধা-ক্ষুধা-ক্ষুধা, ক্ষুধার হাহাকার এবং আদিম ভালোবাসার অস্তিত্ব, যে ভালোবাসার পশ্চীমাত্তা দুই পাখা দিয়ে তার শাবককে আগলে রাখে।

লোক তিনটি তখনও আহার করে যাচ্ছে। একটা বুড়ো, একটা বুড়ি, আর তৃতীয়জন হল অল্পবয়সী বউটির স্বামী। শুধু হাড় আর চামড়া, কোটরে বসা চোখ আর মাথাভর্তি একরাশ চুল। মাঝে মাঝে চোখ গুলো চক চক করছে। পাতার

থালায় সামান্য একটু ভাত। কিন্তু এতো খাওয়া নয়, এ হল ক্ষুধার্ত কুকুরের এক নিশ্বাসে পেটে পিলে ফেলা।

পাহাড়ের তলায় কান ভাঙা কালিমাখা মাটির হাড়ি। অস্তাচলী পোড়া উনুন আকাশের দিকে হাঁ করে পড়ে আছে। সমস্ত দৃশ্যটার নগ্ন বাস্তবতায় রমেশ আহত বোধ করল।

—কিন্তু বিনু এরা কারা?

—এরা পাহাড়তলীর তেলুগু স্যার, এরকম অনেক আছে স্যার, খিদের জ্বালায় এরা বনে জঙ্গলে এমনি করেই ঘুরে বেড়ায়।

রমেশ লোক গুলোর দিকে ফিরে বলল,

—"এই, তোদের ঘর কোথায়"?

আরও বার দুয়েক একই প্রশ্নের পুনরাবৃত্তি করার পর বুড়ো লোকটি তার খাবারের থালা থেকে মুখ না তুলেই বলল, 'সীমাচলম্'।

বিনু সাহেবকে বোঝাতে লাগলো যে জায়গাটা এখান থেকে প্রায় বাট মাইল দূরে। রমেশ ভাবল এককালে ওই জায়গাটা উড়িষ্যার অন্তর্গত ছিল। ইতিহাস তার সামনে প্রথমে একটা মস্তবড়ো অন্ধকার পাহাড়ের মতো এসে দাঁড়ালো। তারপর ছোট ছোট হতে হতে ছোট্ট একটা মাটির ঢিবিতে পরিণত হল। তারপর হঠাৎ সেটি হারিয়ে গেল ওই যুবতী মায়ের অন্ধকার চোখের কোটরে যে তখনও তার সন্তানকে আদর করে কোলে জড়িয়ে ধরে বুকের দুধ খাইয়ে যাচ্ছে।

মুহূর্তে তার মনের পটে বিদ্যুৎ দীপ্তির মতো ঝলসে গেল যে, জায়গাটা এখন আর উড়িষ্যার মধ্যে হয়তো নেই, কিন্তু রয়ে গেছে এই মহাপৃথিবীর অগণিত জনপদের মধ্যেই, যে পৃথিবীতে সাধারণ মানুষের জীবন শুধু আদিম ক্ষুধার জন্যই চিরকাল নির্যাতিত ও নিন্দাযোগ্য হয়ে এসেছে।

—এই রকম অনেকেই, স্যার, এদের মতো আজও বনে জঙ্গলে ঘুরে বেড়াচ্ছে। খিদের জ্বালাটাই এদের কাছে সবচেয়ে বড়ো ভয়। সেই ভয় থেকে বাঁচার জন্যে এরা এই জঙ্গল আর জঙ্গলের বাসিন্দেকেও ভয় করে না স্যার।

—ঠিক বলেছিস্ বাবা, ঠিক বলেছিস্।—গোপরা সমস্বরে বলে উঠল। তারপর তারা আরও কাছে ঘেঁষে এল। তাদের মধ্যে থেকে বুড়োটা বলে উঠল, 'যখন খিদের জ্বালা ধরে না, বাবু, তখন সবাই সমান, সবাই এক রকম। কি খিদেই না পেয়েছে রে বাপ্। হাঁ গো, চাপরাশী বাবু আমাদের চাট্টি খেতে দেবে না?'

কোন উত্তর না দিয়ে রমেশ হাঁটতে লাগলো। হঠাৎ তার মনে হল, যে উদ্দেশ্যে সে এসেছে তা যেন কেমন তালগোল পাকিয়ে যাচ্ছে। .....সে এসেছে ন্যায় বিচার করতে। কিন্তু এখন যেন সে তার মানেটা যাচ্ছে হারিয়ে। আশুতীয় সমস্যার তাৎক্ষণিক সমাধান করতেই সে এতকাল অভ্যস্ত, লিপিবদ্ধ আইন মোতাবেক সরকারের বিধিবদ্ধ নিয়ম মেনেই সে এতকাল চলেছে। কোনদিন গভীরভাবে তলিয়ে ভেবে দেখেনি যে তার বাইরেও এক বড়ো সত্য, বড়ো আইন থাকতে পারে।

কখনও তার ন্যায়বোধ ও স্বচ্ছতার সঙ্গে সরকারী আইনের বিরোধ বেঁধেছে। কিন্তু এই ভেবে সে নিজেকে সান্ত্বনা দিয়েছে যে মোটের ওপর কর্তব্য বড়ই কঠোর। কখনও বা নিয়মবদ্ধ মেশিনের মতোই নিষ্ঠুর। অথচ তাকে যে কর্তব্য পালন করে যেতেই হবে। ক্ষুধার তাড়নায় কেউ হয়তো কিছু একটা চুরি করেছে। কারও ক্ষুধার্ত গর্ভবতী স্ত্রী হয়তো কাছারি বাড়িতে তার এক বছরের ছেলে কোলে নিয়ে বারান্দায় গড়াগড়ি দিয়ে কেঁদেই চলেছে আর বলছে কেউ নেই যে একটু সাহায্যের হাত বাড়িয়ে দেয়। কিন্তু কিইবা করার আছে। চোর যে সে মোটের ওপর চোর, তাকে জেলে যেতেই হবে। এই হল আইন। একটা ঘুমন্ত চুরি করার জন্যে একজনের একবছরের জেল হয়েছিল। কারণ এর আগে পাঁচবার সে জেল খেটে এসেছে।

রমেশ ভাবল কর্তব্য বড়ই কঠোর ও কঠিন। সেখানে কোন দয়া-ধর্ম-কোমলতার স্থান নেই। তাই, নতুন করে সে ভেবে স্থির সংকল্প করল যে, যে করেই হোক চালপাচারকারীদের ধরতেই হবে।

কাছেই হাটের সোরগোল শোনা গেল। বাতাসে ভেসে আসছে কাঁচা চামড়ার পচাগন্ধ। জঙ্গলের ভেতর থেকে দলে দলে লোক বেরিয়ে আসছে। কারও মাথায় বোঝা, কারও কাঁধের দু'পাশে ঝুড়ি, ঝুড়ির ভেতর থেকে ছোট ছোট বাচ্চার মুখ উঁকি মারছে। পায়ে দড়ি বাঁধা, মাথা নীচের দিকে ঝোলানো এক ঝাঁক মোরগ, অন্যান্য জিনিসপত্র, বিশেষ করে চাল। শিকার এবার হাতের মুঠোয় এসে পড়েছে, বুকের মধ্যে একটা ধুক্-ধুক্ শব্দ অনুভব করল রমেশ। পাথরের খাঁজ বেয়ে দৌড়ে নামতে নামতে রমেশ চীৎকার করে উঠল, 'বিনু, আমরা ওদের এবার হাতের মুঠোয় পেয়ে গেছি।

সামনেই হাট। লোকের ভিড়। লোকগুলো জড়াজড়ি গুঁতোগুতি শুরু করে দিয়েছে সারিভাঙা একদল শিপড়ের মতো। নানা রঙের বিচিত্র দৃশ্য, নানা রকম গন্ধ। আর গুণ গুণ গুঞ্জন ধ্বনি শোনা যাচ্ছে। কাঁচা চামড়ার বদ গন্ধে বাতাসটা দমবন্ধ করা ভারী। চারিদিকে সারিসারি ছাউনি মাছের দোকান। মাছির ভন্‌ভন্। মানুষ গুলোও যেমনি। কাছেই বন জঙ্গল থেকে বাতাসে ভেসে আসছে। একদিকে কুষ্ঠরোগী ও পচাটে ঘা-ওয়ালা রোগীর ভিড়, ক্ষুধুরের দগ্‌দগে ঘায়ের মতো ঘা, তা থেকে রস গড়াচ্ছে। কালো কালো ছোট ছোট পোকা এসে তাতে বসেছে। অন্যদিকে স্বাস্থ্যবান পুরুষ ও স্বাস্থ্যবতী নারী সেই ভিড়ের মধ্যে ঠেলাঠেলি করে এগিয়ে চলেছে। এই হল হাট বা বাজার।

হঠাৎ রমেশের চোখে পড়ল অপূর্ব সুন্দরী এক যুবতী মেয়ে, চাঁপা ফুলের মতো গায়ের রং এবং যৌবন-পুষ্ট দেহের বাঁজ গুলোও চমৎকার। কিন্তু তার এক গালে এক খাবলা সেই পচাটে ঘা। অন্য গালটা লাল টুকটুকে। কিন্তু সে গালেও ঘা শুরু হয়েছে। তবু মেয়েটি খুব সেজেছে। গায়ে মাথায় ফুল পরেছে, আর মুখের ভেতর মচ্‌মচ্ করে কি যেন চিবোচ্ছে। বেশ ছন্দোময় ভঙ্গিতে সে ধীরে ধীরে হেঁটে যাচ্ছে। চোখের কোণে এমনভাবে তাকাচ্ছে যে একটা দুষ্টু দুষ্টু হাসির আভা ফুটে বেরোচ্ছে। মনে হচ্ছে লীলাচ্ছলে জগৎকে যেন ডাকছে।

হাটের ঠিক মাঝখানে একটা গাছের গায়ে হেলান দিয়ে রমেশ তার চোখ দুটি বন্ধ করল; তার দুই কানে শব্দের ঢেউ এসে আছড়ে পড়ছে। কিন্তু মনের মধ্যে সে দেখতে পাচ্ছে সেই সুন্দরী যুবতীর গালের দগ্‌দগে ঘা।

পাহাড় চূড়োয় তখন গোল বালকদের নাচ শুরু হয়েছে।

রমেশ জানতে পারল যে এই ঘনবনের মাঝখানে পর্বতের চূড়ায় মানুষ থাকে। সে মানুষ প্রাণধারণ করে বেঁচেও আছে। শীতের নিষ্ঠুর তীব্রতায় অভিভূত জ্বালছেই। গর্জমান বাতাসেও তা নিভছেনা। কারণ মানুষ হল 'দলমুগা' ধানের মতো। যত জল বাড়ে, তত গাছ বাড়ে, মরে না। গালে পচা ঘা, মুখে কুষ্ঠের দাগ, তবু প্রাণের কি অদম্য শক্তি। বাঁচার কি দুর্মর তৃষ্ণা। জীবজগতের সকল কাঁটা ধন্য করে গোলাপ ফুটছে। যদিও তার পাপড়ি গুলো ঝুঁকড়ে যাচ্ছে। পোকায় কাটছে। তবু তো ফুল, জীবনের গোলাপ ফুল, বিরাম হীন ফুটেই চলেছে। এ শুকিয়ে যাবে, ঝরে যাবে, তবু তো হেসে উঠেছে।

—স্যার, চা। বিনু ফ্লাস্ক থেকে চা ঢেলে দিল। রমেশ চোখ মেলে তাকাল। জনতার ভিড় চারদিকে বেশ ঘন হয়ে এসেছে। বিনু তার কানে কানে বলল, 'স্যার চাল বিক্রী শুরু হয়ে গেছে। এবার স্যার, সব ধরা পড়বে। তবে এখানে নয়। হাটের বাইরে একটা মোক্ষম জায়গা আছে স্যার। একটা খুব সরু, নীচু গলি, গলিটা গিয়ে পৌঁছেছে একটা চালা ঘরে। সেখানে গিয়ে আমরা সব বসে থাকবো। এটা হবে ঠিক যেন বাঘ-শিকারের মাচান। বিনু হেসে উঠল।

এরপর সবাই মিলে সেই জায়গাটায় গিয়ে পৌঁছল। রমেশ একটা চেয়ারে বসল। হঠাৎ বিনু উঠে পড়ল, চলে যাবার সময় ব'লে গেল, 'যাই শিকার ধরার ব্যবস্থাটা পাকা করে আসি'।

রমেশ বসেই রইল। একটু দূরেই পাহাড়ের ঢালুতে এক-একটা উঁচু মতন জায়গায় গোখদের বস্তিগুলো দেখা যাচ্ছে। খোলা আকাশের তলায় চারপাই পাতা হয়েছে। কুকুর বসে আছে, লেজ নাড়াচ্ছে। কয়েকটা বাচ্চা মনের সুখে একটা বিরাট ঢাক পেটাচ্ছে। দরজার মুখে একটা বুড়ো মতন লোক বসি করছে। এক বয়স্কা নারী উদ্বিগ্ন মুখে তার পিঠে হাত বুলিয়ে যাচ্ছে। সম্ভবতঃ ম্যালেরিয়া জ্বর। একটা হ্যাগল ভাল্ল পাঁচিলের ওপর দাঁড়িয়ে গলাটা বাড়িয়ে কি একটা গাছের ডগা ছিঁড়ে ছিঁড়ে চিবিয়ে খাচ্ছে।

রমেশ এই দৃশ্যটার ওপর তার দৃষ্টি নিবদ্ধ করেই আছে। এদিকে সময় বয়ে যাচ্ছে, রুমাল দিয়ে সে গা থেকে ঘাম মুছে নিল। হাটের যে ধুলোবালি নাসারন্ধ্রে প্রবেশ করেছিল তা বার করার চেষ্টা করল।

দিন শেষ হয়ে আসছে। শীতের বিষণ্ণ বিকেলের পড়ন্ত রোদে গাছের ছায়াগুলি দীর্ঘ থেকে দীর্ঘতর হয়ে আসছে। আর সেই ধূসর পটভূমিতে এই সাধারণ বস্তিটা তার অতি সাধারণ প্রাত্যহিকতা নিয়েই দাঁড়িয়ে আছে।

হঠাৎ কান্নার আওয়াজ। কে যেন কাঁদতে শুরু করেছে। সব বাড়ি থেকে লোকজন দৌড়ে বেরিয়ে এল। যে বাড়ি থেকে কান্নার আওয়াজ আসছিল সবাই সে দিকে ছুটল। মুহূর্তের মধ্যে সেই বাড়ির দোরগোড়ায় লোকের ভিড় জমে গেল। সবাই মিলে নিজেদের মুখে-চোখে-গালে আঁচড় কাটতে কাটতে আর বুক চাপড়াতে চাপড়াতে ভীষণ কান্না জুড়ে দিল। ক্রমে সেই কান্না হুমহুতাসের স্তরভেদে বাড়তে বাড়তে একটা করুণ ক্ষোভের মৃত্যুসঙ্গীতে পরিণত হ'ল।

—'হায়। হায়। হায়। লোকটা মরে গেল গো। লোকটা যে মরেই গেল; হায়। হায়। হায়।'

—বলতে বলতে বিনু কোত্থেকে যেন দৌড়ে এসে হাজির হ'ল।

—আমি সব ব্যবস্থা করে ফেলেছি, স্যার, পাইকরা হাটে ফিরে গেছে। আমি সবকটা পচারকারীকে তাড়িয়ে আনতে বলেছি, স্যার।

—কিন্তু এখানে কি হয়েছে, বিনু?

—এমন কিছু নয়, স্যার, একটা লোক মরে গেছে। খুব সম্ভব পাহাড়ী-জ্বরে ধরেছিল। নতুন কিছু নয় স্যার। এই কথা বলে বিনু রমেশের পিছনে দাঁড়িয়ে রইল।

রমেশের কানে তখনও কান্নার রোল ভেসে আসছে। চিরনূতন, চিরপুরাতন মানুষের কান্না। কালচক্র ঘুরে চলেছে—জন্ম-মৃত্যু—আবার নতুন মানুষের জন্ম—একই লীলা চলেছে—চিরনূতন—চিরপুরাতন—অনন্তকাল ধরে একই লীলা। তার চোখের সামনে এই ছবি একবার আসছে, একবার মিলিয়ে যাচ্ছে। আবার নতুন ছবি আসছে। আবার মিলিয়ে যাচ্ছে। জন্মমৃত্যুর চিরন্তন লীলা।

তার মনশ্চক্ষে উত্তর বাংলেশ্বর জেলার কান্তিপুর গ্রামের ছবিটা ভেসে উঠল। সেখানে তার বাড়ি। তার বাবা-মা, পাড়া-প্রতিবেশী পরিচিত গ্রামের বৃদ্ধরা, চেনাজানো বাচ্চা, জানা-শোনা মেয়েরা, সেখানকার শ্মশানঘাট থেকে গ্রামের চণ্ডীতলা পর্যন্ত ছবিটা তার মনের পটে ভেসে উঠল। জীবন-মৃত্যু, আবার নতুন জীবন। সেখানকার মানুষও বাঁচে, ভালোবাসে, শান্তি চায়.....। জীবনের সঙ্গে যাদের লড়াই নেই, আবার জীবনে যারা দুঃখ পায়, যারা কারও কোন ক্ষতি করে না.....এমন যব যব লোকের কথা তার মনে পড়ল।

তখনও সেই সমবেত মৃত্যুসঙ্গীত সমানে চলেছে।

কতলোক চলে গেছে আগে, কত কত-লোক। অন্ধকার রাত্রে আগুন জ্বেলে গ্রামবাসীরা তাদের আহ্বান করে।

—তোমরা অন্ধকারে ফিরে এসো, আলো আলোয় চলে যেও।

রমেশের পিছনে দাঁড়িয়ে বিনু তার ঘরের কথা ভাবছে। ভাবছে তার যুবতী স্ত্রীর কথা। বিনি কি এখনও আসছে তার স্ত্রীর সঙ্গে ঠাট্টা ইয়ার্কি করতে? হঠাৎ সে নিজের গালে এক চড় কষাল। রমেশ তার দিকে ফিরে তাকাল। দেখল বিনু হাতের তালু দিয়ে গাল ঘষছে।

—এই জায়গায় বড্ড মশা, ইয়া বড় বড় সব মশা স্যার, এদের কামড়ে যা জ্বালা করে না, স্যার।

রমেশ চমকে উঠল। কল্পনায় দেখতে পেল সে বিছানায় শুয়ে আছে, জ্বরে কাঁপছে। চোখ রক্তবর্ণ, শরীরটা রোমশ ভালুকের মতো কালো। তার যেন ১০৩° জ্বর উঠেছে। মনে হচ্ছে কামড়ে দিই, গালাগালি দিই, পাগলের মতো দৌড় লাগাই। বমি,-গায়ে প্রচণ্ড তাপ চড়-চড় করে জ্বর বাড়ছে। তারপর। তারপর জন্ম-মৃত্যু-নবজীবন জন্ম-মৃত্যু.....নবজীবন.....।

কোন প্রচলিত আইন মেনে জীবন চলে না। সে শুধু মানে জন্ম-মৃত্যু-জীবন, জন্ম-মৃত্যু-জীবন।

রমেশের মনে হ'ল সে আজ নতুন চোখ মেলে সব কিছু দেখছে।

মানুষ-মানুষ-অনেক-অনেক মানুষ—শুধুই হেঁটে চলেছে। তারপর অন্ধকারে হারিয়ে যাচ্ছে। কিন্তু জীবনের স্রোতোধারা আজও অব্যাহত।

হাট বন্ধ হয়ে আসার সময় হল। একে একে লোকজন চলে যাচ্ছে। তার মনে হল এদের সবাইকে সে চেনে—এই সব মানুষের প্রত্যেকেই তার অতি পরিচিত। ঘরে অভাবের তাড়না, বাইরে জীবনের প্রহার, তবু তারা চলেছে, সে চলার বিরাম নেই, জাত-পাত-ধর্ম বড়ো কথা নয়, তাদের পরিচয় তারা মানুষ। এরা সবাই যেন তারই গাঁয়ের লোক, সবাই খুবই পরিচিত।

অনন্ত পথযাত্রার একটা নিপড়ে আর একটা নিপড়েকে দেখছে। তাদের শুকনো চোখের কোণায় অনির্বাপিত দুর্মর হাসি যেন এই কথাটাই বলতে চাইছে।

'আমরা সবাই ভাই, আমরা পা দুটো দিয়ে হাঁটি, হাত দুটো দিয়ে কাজ করি। আমরা সবাই একই বৃক্ষতের অধিবাসী, সেই সুপ্রাচীন মাটি, সেই চিরকালীন আকাশ, আকাশের তলায় সেই সনাতন মাটি। আমাদের স্বার্থ এক, আমাদের দুঃখ এক, আমাদের ভাগ্য এক, আমাদের শত্রুও এক। যারা আমাদের যৎসামান্য মুখের গ্রাসটুকু পর্যন্ত কেড়ে নেয়, তাদের পায়ের তলায় আমাদের যারা গুঁড়িয়ে মারে পড়ে থাকে শুধু ধূপাকার তপ্ত ছাই আর পোড়া কাঠ কয়লা।

নিপড়েদের স্রোত বয়ে চলেছে। রমেশের মনের গভীর অতলে অনির্বাপিত হাসির আলোক-লেখা টুকু জ্বলতেই লাগলো।

হঠাৎ বাইরে চাঞ্চল্য শুরু হল। সোরগোল শোনা যাচ্ছে। পাইকরা ফিরে আসছে। তাদের পেছনে ঝুড়ি ও বস্তা মাথায় অনেক লোক। মুহূর্তের মধ্যে রমেশ তার অফিসের সজ্ঞা ফিরে পেল। খাড়া হয়ে দাঁড়ালো। পাইকরা স্যালুট করল। বিনু দৌড়ে এসে জানাল, ওদের দলে ধরে আনা হচ্ছে, স্যার। পাইকরা বলল, দেখুন স্যার, এইলোক গুলো এখানকার হাট থেকে চাল তুলে কিভাবে নীচে সমতলে পাচার করছে। এই যে ঝুড়ি ও বস্তাগুলোর ওপরে লংকা আর তামাক পাতা দেখছেন, কিন্তু নীচে রাখা আছে চাল। এই চালগুলো এরা চড়া দামে বেচবে। একমুঠো ভাতের জন্যে এরা মানুষের হাড়-মাংস খেয়ে ফেলছে স্যার।

রমেশ চোখ তুলে তাকাল। একপাল কাকাল তার সামনে দাঁড়িয়ে। খেতে নিড়ানি দেবার যন্ত্রের লোহার কাঁটার মতোই পায়ের হাড় পাঁজরা গুলো দেখা যাচ্ছে। গায়ের চামড়া ফসুড়ের মতো ঝুলে পড়েছে। শরীর গুলো যেন তোবড়ানো শুধু মাথাভর্তি একরাশ তৈলবিহীন রুক্ষ চুল, আর মিটমিটে চোখ, এরা কি মানুষ? না, মানুষের প্রেত?

তারা কখনও নিজেদের ভাষায় কাতর কাকুতি-মিনতি করছে কখনও কাঁদছে কখনও গর্তে পড়া পেটের দিকে, কখনও নিজের মুখের দিকে আঙুল দিয়ে দেখাচ্ছে। তাদের কাঠের মতো হাতগুলো ঝুলে ঝুলে পড়ছে।

এদিকে বস্তির যে লোকটি মারা গেল তার শবদেহ বাইরে আনা হয়েছে। লোকগুলো এখন ভিড়ের মধ্যে ঠেলাঠেলি শুরু করেছে, তারপর তারা তাদের মুখগুলো উর্ধ্বে তুলে সমস্বরে কান্না জুড়ে দিল, 'ওগো, কে তোমাকে কেড়ে নিল গো। কে তা তোমারে খেয়ে ফেল্লে গো।' আর বস্তির ঠিক নীচেই সরু গলিটাতে ধরে আনা সেই জীবন্ত প্রেতগুলি তাদের বুক-মাথা চাপড়াতে চাপড়াতে কাঁদতে শুরু করল, হায় ভগবান, হায় সর্বশক্তিমান।

পাইকরা গর্জে উঠল, এই চুপ কর, চুপ কর তোরা। শিপগির বস্তা খোল, বস্তা খোল, চাল বার কর।

রমেশ চোখ বুজে ফেলল। তার বুকের মধ্যে যেন বিরাট ধ্বস নেমেছে। দীর্ঘ পদযাত্রার ক্লান্তি ও অবসাদ তাকে ঘিরে ধরল। চোখ বুজেও সে যেন দেখতে পাচ্ছে উন্মত্ত মানব-সমুদ্রের এলোমেলো ঢেউ মিলেমিশে সব একাকার। তাদের গালে পচাটে ঘা, অথচ মুখে হাসি, চিমড়ে যাওয়া কোঁচকানো শীর্ণ শরীর, শুধু চোখগুলো চক্‌চক্ করছে।

সবকিছু তার বন্ধ চোখের সামনে দিয়ে যাচ্ছে। মৃতের জন্যে করুণ আর্তনাদ দরিদ্র ও বাস্তুহারার বুকফাটা হাহাকার আর গর্তে বসা চোখগুলোর গহ্বরে ক্ষুধের আগুন।

রমেশ চোখ মেলে তাকালো। তখনও কান্নার রোল থামেনি, চলছেই, 'আমাদের দয়া কর বাবারা, একটু দয়া কর। হায়, হায়! হে ভগবান, হে সর্বশক্তিমান আমাদের অবস্থাটা একবার এসে দেখে যাও হে ভগবান'।

তার সামনে এক দীর্ঘদেহী নরকঙ্কাল দাঁড়িয়ে আছে। মনে হয় যেন শুকনো তালপাতা দিয়ে তৈরি। কাঠির মতো দুটো শুকনো হাত শূন্যে উঠে সেলাম জানালো, তারপর ধীরে ধীরে নীচে ঝুলে পড়ল। হাত দুটো যে কোন মুহূর্তে ভেঙে গুঁড়িয়ে যেতে পারে।

হঠাৎ একটা ক্যাঁসকেঁসে গলার আওয়াজ শোনা গেল। এটা কি ভাষা রমেশ জানে না। কিন্তু অর্থটা যেন ঠিক মতো কানে এসে পৌঁছল। 'দয়া করো বাবা, দয়া করো।' একটা ছায়ামূর্তি এসে রমেশের ঠিক ডান পায়ের ওপর লটান লুটিয়ে পড়ল। তারপর মাথা তুলে রমেশের দিকে লোভাসুলি চোখ মেলে তাকালো। সেই দৃষ্টি রমেশের খুবই চেনা মনে হল। মনে হয় যেন চেনা লোকের চাউনি। রমেশের এবং আমাদের সকলের চেনা। সকল ক্ষুধার্তের মুখ বোধ করি চিরকালই একরকম—আরনায় প্রতিফলিত ভাঙা-বাঁকা ছবির মতোই বিদ্‌ঘুটে, কিম্ভূত।

রমেশের মনে হল তার গ্রামের লোকেদের সে যেমন ঘনিষ্ঠভাবে চেনে তেমনি করেই এরা সবাই যেন তারই চেনা জানা মানুষ। এই লোকগুলির বিশেষ আকৃতি-প্রকৃতি গঠন-বিশেষত্ব তার মনের সামনে আর নেই। তাদের অন্তর্গত কোন মানুষী সত্তাই যেন তাকে অধিকৃত ও অভিভূত করে রেখেছে।

তার সামনে এই যে মূর্তিটা দাঁড়িয়ে আছে, এটা যেন তার বহুদিন আগেকার মরে যাওয়া স্বপন-কাকার মতো, তেমনি একমাথা উস্‌কো-খুসকো চুল, সেই পাগলাটে লোকটার পালে এক মুখ না কামানো বাসি দাড়ি, কঙ্কার হাড়গুলোর পাশে মাংস খসে যাওয়া গর্ত, চুপ্‌সানো শরীর। ঠিক যেন তেমনি। অবিকল। শুধু একে মনে হচ্ছে বড্ড ক্লান্ত, বড্ড ক্ষুধার্ত, আসন্ন মৃত্যুর ভয়ে বড্ড ভীত।

এই যে গোঁফওয়ালা লোকটা নুয়ে বেঁকে সামনে পড়ে আছে এ হ'ল কান্ত্রিপুর গ্রামের সেই হতভাগা কর্মকার। আর ওই যে রাস্তার বাউণ্ডুলে ছেলেমেয়েরা শুধু হাড়-চামড়া সার—এরাও কি তার কান্ত্রিপুর গ্রামের সেই ছেলেমেয়েরাই নয়—যারা ক্ষুধার তাড়নায় তার বাগানে ঢুকে কাঁচা কমটি পেয়ারা গুলো সব খেয়ে উজাড় করে দিয়েছিল?

আর এই যে মেয়েরা ভাঙা চোরা ফুটো-ফাটা জীর্ণ নৌকার মতো যাদের স্বরস্বরে দেহ, এরা কি তার গ্রামের সেই মেয়েরাই নয়—যারা খুব ভোরে উঠে বনেজঙ্গলে কাঠ-কুটো শুকনো পাতা কুড়োতে যেত শুধু একটু জ্বালানি সংগ্রহের আশায়।

রমেশের মাথা নত হয়ে পড়ল। নত মাথার আড়ালে সে তার চোখদুটোকে লুকোতে চাইল। শুধু তার কণ্ঠের বিড় বিড় আওয়াজ শোনা গেল· 'যা, যা, দূর হয়ে যা, দূর হয়ে যা, এখান থেকে'।

বিনু বিশ্বাস করতে চাইল না তার সাহেব এসব কি বলছে। কেনই বা বলছে! এমন তো হবার কথা নয়। উনি কি সত্যি সত্যি এদের তাড়াতে চাইছেন? উদ্বিগ্ন কণ্ঠে সে বলল, 'কিন্তু স্যার—।' রমেশ ওকে থামিয়ে দিয়ে বলল, 'ওদের ছেড়ে দাও'।

—'সন্ধ্যা ঘনিয়ে এসেছে, দেরী হয়ে যাচ্ছে, যাও তোমরা চলে যাও'।

বিনুর মনে সাহেবের কথাগুলো মূর্তিটা ভেসে উঠল। উনি তো এমন নন। এই কোমলহৃদয় তরুণ অফিসার এই দুনিয়ার কতটুকুই বা চেনেন? সবে গোঁফ উঠেছে, ঝিপঝিপে চেহারা, গলার স্বর নরম, অফিসার বলেই মনে হয় না।

সত্যিকার ক্ষমতা হল ঘাষের মতো পরাক্রমশালী। বিনু তার জীবনে বিগত কয়েক বছরে অনেক অফিসার দেখেছে। তার চাপা ঠোঁটে এক অদ্ভুত ভঙ্গি ফুটে উঠল। খানিকটা মৃদু হাসির খানিকটা বিদ্রূপের।

রমেশ দাঁড়িয়েই আছে। তার চেতনায় এখন কোন ইতিহাস বোধ নেই। সময় চেতনা নেই, সময় যেন শেষ হয়ে গেছে। যেখানে কোন কলিসেন্দ্রয়েষ নেই, পুরুষোত্তম নেই, কোনারক নেই; যারা দেশ বা জাতির মেরুদণ্ড এমন কোন মানুষও নেই। ইতিহাস অর্থহীন। সর্বত্র শুধু ক্ষুধার্ত শিপড়ের দল বাঁচবার তাগিদে মুখে এককণা খাবার নিয়ে সারিবেঁধে চলেছে। তারা বাঁচতে চায়, টিকে থাকতে চায়। এইভাবেই জীবন প্রবাহ বয়ে চলেছে। শিপড়ের স্রোত একটা ঢিবির মধ্যে জড়ো হচ্ছে। এইভাবেই তারা তাদের উইঢ়ি বাঁচার স্বাদ মেটাচ্ছে।

শিপড়েরা বাঁচতে চায়। রমেশ তার শিরদাঁড়ায় একটা হিমশীতল শিহরণ অনুভব করল। শীতের স্বল্পস্থায়ী পড়ন্ত বেলা ; আলো মিলিয়ে আসছে, চারদিক জুড়ে একটা নীলাভ অস্পষ্টতার চাদর কে যেন বিছিয়ে দিয়ে গেল। ধীরে ধীরে ঘোর সন্ধ্যা নেমে এল। তার বুকের মধ্যে মাঘের শীত বেশ জাঁকিয়ে বসল।

ঃ লেখক পরিচিতি ঃ

ভারতীয় সাহিত্যের তথা আধুনিক ওড়িয়া সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ লেখক গোপীনাথ মহান্তির জন্ম ১৯১৪ সনে কটক থেকে ৭ মাইল দূরে নাগাবালি গ্রামে। ইংরেজী সাহিত্যে এম. এ. পাশ করে গোপীনাথ উড়িষ্যা সরকারের প্রশাসনিক পদে দীর্ঘকাল দক্ষতার সঙ্গে কাজ করেছেন। কিন্তু তাঁর আসল পরিচয় সাহিত্যিক হিসাবে। ২৪ খানা উপন্যাস, ৮ খণ্ডে প্রকাশিত ছোট গল্প, ১ খানি নাটক ও বহু সমালোচনা মূলক প্রবন্ধের তিনি রচয়িতা।

তাঁর সাহিত্যের অন্যতম বৈশিষ্ট্য সাধারণ মানুষের প্রতি অপরিসীম মমত্ববোধ ও জীবনের প্রতি ভালবাসা এবং লোকজীবন লোক-কথা ও লোক সংস্কৃতির প্রতি অনুরাগ।

তাঁর উপন্যাস 'অমৃতর সন্তান' (অমৃতের সন্তান) ১৮৫৩ সনে সাহিত্য আকাদেমি পুরস্কার এবং তাঁর 'মাটি মা ভালা' উপন্যাস ১৯৯৭ সনে জ্ঞানপীঠ পুরস্কার লাভ করে।

সরকারী চাকুরি থেকে অবসর নিয়ে তিনি ভুবনেশ্বরে বসবাস করেন।

আলো আলো

রতন চট্টোপাধ্যায়

জামার ফুটো দিয়ে চোখের পাতা মুহূর্তে মুহূর্তে উঠোনে এসে দাঁড়াতেই তড়িঘড়ি গর্জে উঠলো তারক। কে, কে তোর গায়ে হাত তুলেছে রে? পচা বললো, সেকেন, (সেকেণ্ড) মাস্টার। ব'লে ফুলে ফুলে কাঁদতে লাগলো।

কেন? মেরেছে কেন? ওর গম্ভীর মেজাজে জিজ্ঞাসা করলো তারক। পচা বললো, টিফিন বেলায় আমরা ক'জন মিলে বিড়ি খাচ্ছিলাম, তাই—। একটানে গায়ের জামাটা খুলে দাঁচনের নীচে দাঁড়িয়ে তারকের সামনে পিঠটা মেলে ধরলো পচা।

বুকে পিঠে সরষের তেল মালিশ ক'রে, রোদপিঠ করে, দাওয়ার উপর কিম ধ'রে বসেছিল তারক। এ্যালার্জার তাড়নায় বুকের পাঁজর আর গোল্লা গোল্লা চোখের মণি দুটো ঠিকরে বেরিয়ে আসছে তার। বললো আমার ছেলে বিড়িই খাক্ আর বেশ্যা বাড়িই যাক্ তাতে নোকের (লোকের) বাপের কী? ভারী তো চুনোপুটি মাস্টার তার আবার গুরুগিরি। আচ্ছা, দাঁড়া দেখাচ্ছি মজা। বললে আর নিজের চেষ্টায় উঠে দাঁড়াতে পারে না তারক? কিন্তু তড়পানির ঠেলায় পাড়া মাৎ করে দিতে তার জুড়ি নেই। কী দিয়ে মেরেছে তোকে পোদ্দকার (পরিষ্কার) করে বল্। জাবর কাটবি তো চেঁছিয়ে বিষ ঝাড়বো তোর।

ঠোঁট ফুলিয়ে জলভরা চোখে পচা বললো, ছড়ি দে মেরেছে। এই তো, এই দেখ্। বলে, দমকা বাতাসের মত ঝুঁকিয়ে বেঁকে তারকের পায়ের কাছে ঠুস্ ক'রে পড়ে গেল পচা। ছড়ির একটা দাগ তখনও মেলায়নি তার পিঠ থেকে। চেহারা মাছের মত লাল হয়ে আছে। তা দেখে ধাঁৎকে উঠলো তারক। তারপর চীৎকার ক'রে বললো, ইস্ মেকেছ, মেকেছ, ছেলেডাকে আর আস্ত রাখেনি: মেরে ফেলে দিয়েছে একেবারে।

বগলদাবার বই স্লেট উঠোনে গড়াগড়ি খাচ্ছে পচার। সেদিকে একবার তীক্ষ্ণ দৃষ্টি মেলে খানিকটা বাতাস বুকভরে টেনে নিল তারক। বারদুয়েক ধনুকের মত বেঁকে গিয়ে আবার সোজা হয়ে বসলো সে। সমস্টা বেড়েছে তার। সেই সঙ্গে আজ ক'দিন ধরে শীতের দাপটে হাঁপানিটাও বাড়াবাড়ি শুরু করেছে। একটু চীৎকার করলেই দম ফেলতে কষ্ট হয়। তবুও কথা না বলে কী উপায় আছে। খানিকটা জিরিয়ে নিল যেন নিজেরই অনিচ্ছায়। তারপর প্যাকেট থেকে একটা এ্যাজমা সিগারেট বার ক'রে মালসার আগুনে ধরিয়ে জোরে জোরে টানতে লাগলো। সূর্য তখন মাথার উপর স্থির হ'য়ে ধক্‌ধক্ জ্বলছে। দশ বছরের পচার ছায়াটা তার নিজের পায়ের পাতায় পিষ্ট হচ্ছে। এই বয়সেই লায়েক হ'য়ে গিয়েছিল তারক। পয়সার গেঁজে কোমরে পেঁচিয়ে সাত সকালে বেরিয়ে পড়তো আম বাগানের মালিকের বাড়ি। গাছগুলোতে ক'টি ধরেছে কী ধরেনি সে সব দেখাশুনা নেই। ঘাউকো ভাগ্যের উপর কোমরের গেঁজে উল্টে দিয়ে ঘরে ফিরতো তারক। সেই পয়সায় মরশুমি আনাজপাতি কিনে ব্যবসা করে দস্তুরমত নিজের ভাগ্যটাকে গড়ে তুলেছিল সে। তাই তো আজ বছর দুই বিছানায় পড়ে থেকেও বিবি ঠ্যাং এর উপর ঠ্যাং তুলে আছে। সঙ্গে ওষুধপত্তর ও চলছে পুরোদমে। অভাবটা কিসের? পয়সা গোনা শিখলে আবার পড়াশুনোর কী দরকার ভেবে পায় না তারক। সময়ের ফল, আনাজপাতি বেচাকেনা করে এ তল্লাটের অনেক ব্যবসায়ী দোমহলা, তেমহলা বাড়ি হাঁকাচ্ছে। সেখানে দু-পাতা বিদ্যের ডিগ্রিধারী মাস্টার, তার আবার গুরুগিরি ফলিয়ে লাসন। তখনও দাঁচনে তলায় দাঁড়িয়ে ফোঁপাচ্ছে পচা। তার দিকে চেয়ে খেঁকিয়ে উঠলো তারক, বাপের কু-পুত্তুর—কেন? যখন তোকে ধরে পেটালে তখন একটা দান ইট খেড়ে হারামজাদা মাস্টারের খুপ্‌রী উড়িয়ে দিতে পারলে না বাপ্। হারামজাদা ওরারকে বাচ্ছো—এখন ভেউ ভেউ করে বাপের কাছে নালিশ জানাতে এইরেছ? যা—সরে যা বলছি, আমার সুমুখ থেকে। নইলে, পিটিয়ে আমি তোর হাড়মাস আলাদা করে দেবো।

বাপের ভয়ে সেখান থেকে সরে গেল পচা। বাপকে তার জানা আছে। বাপ নিজেই বলে, রেগে গেলে আমি জাপের কু-পুত্তুর হয়ে যাই। পচা নিজেই দেখেছে, চেলা কাঠ দিয়ে প্রায় প্রতিদিন তার মা'কে পর পেটানো পেটাত তারক। রোজ পিটুনি খেতে খেতে একদিন গলার দড়ি দিয়ে তার মা বাপের হাত থেকে রেহাই পেয়েছিল, এই তো সেই দিনের কথা। সেই থেকে বাপের ছায়াকে দেখলেও ভয় পায় পচা। দাওয়ার উপর বসে একা একা গজর গজর করতে লাগলো তারক। হাতের সিগারেট পুড়ে প্রায় শেষ হয়ে এসেছে। ছারপোকা মারার মত সেটাকে মাটিতে টিপে নিভিয়ে দিল সে। জানে তার সবই আসে। কী ছিল পাঁয়ের হাল, আর আজ কী হয়েছে। এক ইস্কুল ঘরে কাল হয়েছে গাঁয়ের। ছেলে-মেয়েগুলো একেবারেই বাপ মায়ের কথা শোনে না। কাক পোয়ানো সকালে বিছানা ছেড়ে উঠেই তারা আগে বই নিয়ে পড়তে বসে।

তারপর কেলা বাড়ার সঙ্গে চান ক'রে, খেয়েদেয়ে বই শ্লেট বগলদাবায় ক'রে টেরি বাগিয়ে ইস্কুল মুখো হয়। এদিকে বাড়ির সব কাজ পড়ে থাকে। সকাল বেলায় গোয়াল পরিষ্কার থেকে শুরু করে মাঠের যাবতীয় কাজ বাপ মাকেই করতে হয়। অথচ ধাড়ি ধিঙ্গি মেয়েগুলো তখন ইস্কুলে বসে সুর করে করে পড়া মুখস্থ করে। বিকেল বেলায় আবার খোলা মাঠে প্যারেড করে নেচে নেচে। রাত গোয়ালে যেসব মেয়েগুলো সূতিকা ঘরে বসে যন্ত্রণায় ক্যাত্রোতে পারে তারাই নাকি ভবিষ্যতে বন্ধুক কাঁধে দেশরক্ষা করার মহড়া নিচ্ছে হারামজাদা সেকেন মাস্টারের কাছে ; গণ্ডে পিণ্ডে গিলছে আর কুঁদো শেয়ালের পারা হচ্ছে। বাধ্য হয়ে পচাকেও পাঠাতে হয়েছে ইস্কুলে। কমিটি চাপের কাছে নতি স্বীকার করতে হয়েছিল তারককেও। সরকারের ক'ড়া হুকুম, ছেলে-মেয়েদের গো-মুরুখ্য (গোমূর্খ) করে রাখা চলবে না। লেখাপড়া শেখাতে হবে। গার্জেনদের পয়সা কড়ি কিছু লাগবে না পড়াতে। মাস্টারের মাইনে সরকার দেবে। কমিটির সেক্রেটারী পরান মণ্ডলের ছেলে হারান মণ্ডল। তারক ও কমিটির একজন বটে। তার হুক আছে কথা বলার। সুতরাং বিহিত একটা করতেই হবে যা হোক।

এই সব ভাবছে তারক। এমন সময় দেখতে পেল, এক হাত দিয়ে কোমর চেপে ধরে, অন্য হাতে লাঠির ওপরে ভর করে হাঁটতে হাঁটতে আসছে ভরত। তারকেরই সমবয়সী। সব ব্যাপারে না হলেও মোটামুটি মিল খায় দুজনে। ইস্কুল

ভরার ব্যাপারে তারও যে খুব একটা মত ছিল তা নয় ; তবে মাসের হাল যেদিকে যাবে, পেছনের হালও সেদিকে যাবে, এই নিয়মে ভরতও নিমরাজি হয়ে সায় দিয়েছিল। মুখুজ্যে ঠাকুরের কথার উপর আর না বলতে সাহস করেনি। গাঁয়ের সবাই তাকে মানে, গোনে। তাছাড়া তিনি নিজেই উঠোনের একটা বড় অংশ বিনামূল্যে ইস্কুলের জন্য দানপত্র করে দিয়েছেন। বলেছেন, বড় অন্ধকার রে বড় অন্ধকার—এ অন্ধকার না কাটলে তোরা মানুষ হতে পারবি নে। সারা জীবন দাসত্ব করবি পয়সাওয়ালা মানুষদের—ঠাকুর ঠাকুর করবি চিরকাল। তোদের বাপ ঠাকুর্দারা করেছে, তোরা করছিস, তোদের ছেলেরাও করবে। স্বদেশী আন্দোলনের চিহ্ন আছে তার সারা গায়ে। সেই সব দেখিয়ে পাড়ার মানুষ জড় করে ঠাকুরমশাই। গল্প করেন—ইংরেজদের হাত থেকে স্বাধীনতা কীভাবে কেড়ে নিতে হয়েছে। নড়াচড়ার ক্ষমতা নেই, বসে তারক সে সব আসরে যেতে পারে না। তবে বাড়ি বসে যেটুকু কানে আসে তাতে ঠাকুরমশাইকে ওলবাজ ধূরন্ধর লোকঠকানো আর কিছু ভাবতে পারে না তারক। বলে, শয়তান গাঁয়ের ছেলে-মেয়েগুলোর মাথা খাবার কল তৈরি করেছে—এবার দুর্ভিক্ষ লাগবে। আরে নিপড়ের কলাটাও বল। কাজের সময় ছেলেডা, মেয়েডা, যদি বিড়িটা আধাটা আগুনে ধরিয়ে টান দেরে দেয় তাহেও কাজ হয়।

ইতিমধ্যে ভরত এসে পড়েছে। সেই হাঁটুর ওপর পর্যন্ত কাপড় পরা। খালি গা, মিশমিশে কালো রং দুপুরের রোদে ঝলকাচ্ছে। উঠতি বয়সে গাছগাছ থেকে পড়ে গিয়ে এই হয়েছে দেহের হাল। তবুও ওর মেয়ে জুটেছে কপালে। ছেলে-পুলেও হয়েছে গণ্ডা কয়েক। বললো, কী ব্যাপার মিতে। বাড়ি বসে শুনতে পাচ্ছি দুখের ছেলেডার ওপর তড়পাচ্ছিস। বলি, অসুখডা আবার চাগালো নাকি?

—তোরা তো আমার অসুখটাই দেখতে পাস। এদিকে যে এক সঙ্ঘ তৈরি করে গাঁয়ের ছেলে-গুলোর চামড়ার উপর যে উড়ো খই গোবিন্দায় নমা'র দল ভূপমূপি বাজাচ্ছে তা তো তোদের চোখে পড়ে না। চেয়ে দেখ, মা মরা ছেলেডার আমার, কী সেকোন্ত করেছে ঐ হারামজাদা সেকেন মাস্টার। বলে, একটা মিথি দিয়ে পচাকে ডাকলো তারক। পচা এসে তার পিঠটা মলে ধরলো ভরতের সামনে। আর ঠোঁট ফুলিয়ে টাপ্সী খেতে লাগলো। আহা-উঁহু করে সমবেদনা জানালো ভরত। তারপর সোজা হয়ে লাঠির উপর ভর দিয়ে পেটের উপর ভেঙে পড়লো —তো মেরেছে কেন? কেন মেরেছে, সেকেন মাস্টার? প্রশ্ন করলো পচার কাছে। তারক উত্তর দিলো, বিড়ি টেনেছে। টেনেছে তা সেকেন মাস্টারের স্বপের কী? তার খায় না পরে? সে আবার কাছে এসে বললে গাজেডা—বিড়ি খেয়েছে তো মহাভারত অশুদ্ধ (অশুদ্ধ) হয়ে গেছে—এ্যা। শোন মিতে, এ শালার বিহিত যদি না হয়, তো জান তারক মালকে, রেগে গেলে শালা তারক বাপের বু-পুত্তুর। জনমের পর আমাদের বাপোরা ও ছেলেদের বিড়ি ধরিয়েছে—হ্যাঁ ধরিয়েছে—তাতে মাস্টারের বাপের কী, তা আমি দেখবো—তবে আমার নাম তারক মাল—এই শুনে রাখ। তারকের গুড়পানির হরে দেখে আপনমনে হাসলো ভরত। তারপর বললো, পরের ছেলেদের পেটানোর কী কলই না বানিয়েছে—দেশটা এবার উচ্ছন্নে যাবে। তারক বললো, খাল কেটে কী কুমীর এইয়েছে দেখ। বিটিশ আমলে ছিলাম ভালো। একটা গেঁয়ো খিস্তি কাড়লো ভরত,—নেয়েওলোর সব পাখনা গজিয়েছে। বুঝেছিস। ও বয়সে আমারগো মায়েরা আমাদের জন্মলো দিয়েছে। আর কিনা আমাদের মেয়েগুলো সেই বয়সে বিহার বিহার করে নাচে আর প্যারেড করে, প্যারেড। আবার কী সব গায় জানিস, চল কোদাল চালাই, তুলে মানের বালাই। অবাক হয়ে ভরতের কথা শোনে তারক—সে কী? তাই নাকি। এ্যা কী বিটি-বিচ্ছিরি কাণ্ড বল দেখি। আমার মেয়ে হলে বিষ কেড়ে নামিয়ে দিতাম না। দাঁতে দাঁত চাপলো তারক।

আচমকা হো হো করে হেসে উঠলো ভরত। সে ওড়ে বালি বুঝলি—তা বললে, সে জন্যে লোক রাখো, আমরা ইস্কুলে কামাই করতে পারবো না। বলে চলে গেল ইস্কুল, বুঝলি। তারক, মাস্টারেরা ওপ জানে, বিশেষ ক'রে ওই সেকেন মাস্টার, ছেলেমেয়েগুলোকে যে কী ওপ করেছে। হাসির স্বর উচ্চ তানে বেঁধে দিল ভরত।

অবাক বিস্ময়ে তারক বললো, তুই নেনে নিলি সে আবদার?

তা আর না মেনে কী উপায় আছে মিতে। এই অল্প পাড়াগাঁয়েও ইনেকটিরি আসছে। দেখিস নি, ওই দেখ, সব আল্লা পুঁতে তার মাথায় তার টানিয়ে বাতি জ্বালাবার তাল করছে। গাঁয়ের অন্ধকার এবার কাটবে গো মিতে। কথাগুলো ব'লে উদাস দৃষ্টি মেলে আকাশের দিকে তাকালো ভরত। ছোটবেলা থেকেই দেখে আসছে দেশ গাঁয়ের হালচাল। যে কয়জন পয়সাওয়ালা লোক বাস করে, তাদের ছেলেরা, মায়ের দুধ খেতেই চলে যায় শহর কোলকাতায়। সেখানে বোর্ডিং কী আত্মীয়স্বজনের বাড়িতে থেকে পড়াশুনো করে। চাকরী করে। পরে দেবদূত হয়ে মাঝে মধ্যে বাড়িতে আসে। আর বাপের বয়সী সব অশিক্ষিত চাষাভুষোদের দিকে মিটি মিটি চেয়ে হাসে। আর নাম ধরে ধরে ডাকে। সেই দুঃখেই মুখুজ্যে মশাই কী দয়ার শরীল, উঠে পড়ে লাগে গাঁয়ে ইস্কুলটা হয় তার জন্যে প্রাণপাত পরিশ্রম করে, একরকম পয়সাওয়ালাদের সঙ্গে যুদ্ধ করেই ইস্কুল করেছেন নিজের উঠোনের উপর। এবার তারদের ছেলে-মেয়েরাও লেখাপড়া শিখবে, বড়হে যাবে, চাকরী করবে। বংশ পরম্পরায় আর তাদের লাঙলের মুঠি ধরে, পাচন হাতে বলদের পেছন পেছন ঘুরে দিনের শেষে বাবু মশায়দের দোরগোড়ায় হাত পেতে পড়ে থাকতে হবে না! এটা কী কম শান্তির কথা। কিন্তু তারক চিরকালের গোঁয়ার গোবিন্দ রয়ে গেল।

সহসা কাঁসর ঘন্টার মত শব্দ শুনে চোখ ফেরাল ভরত। শশী। তারকের বিধবা বোন। কোথা থেকে কাঠকুটো কুড়িয়ে এনে নিজের ঘরে ঢুকেই এক লাফে উঠোনে এসে নেচে উঠেছে। তারপর তারককে উদ্দেশ্য করে বললো শশী, দাদা তুমি দেখনি—?

খেঁকিয়ে উঠলো তারক, কী দেখবো খোলামুখী? আটাশগুলো সব ছড়িয়ে ছিটিয়ে গেছে কে? তা তুমি দেখনি—? ঝঙ্কার দিয়ে উঠলো শশী।

দু-হাত নেড়ে তারক বললো দেখিছি-দেখেছি যাঁড়ান মালের জামনা কুকুর, দুটো চোখ, দুটো কান, চারটে পা, লম্বা মুখ আর ইয়াবড় বেঁকান লেজ। তোর ঘরের পাকাটারি (পাতকাটি) বেড়া ভেঙে ঢুকে, তোকে না পেয়ে রাগ ঝেড়ে গেছে আটার ওপর।

ভরতকে সাক্ষী মেনে শশী বললো, শোন, চোরা সাপের উক্তি শুনলে! এ্যা—বিষ নেই আর ফুলোপনা চক্কর।

বিষ আছে কী নেই তা পাড়ার লোকেরা জানেনা ধ্যেরামজাদী, কুলখাগী—তুই বলতো মিতে—তারপর পচার দিকে ফিরে বললো, কী দেখছো বাপধন, বাপের প্রকমান মেড়িয়ে মেড়িয়ে দেখছো—দেখ, দেখ। ছেনালী মাগীর পেটের বাচ্চা না হলে অমন থির হয়ে দাঁড়িয়ে বাপের অপমান সহ্য করে!

ততক্ষণে লাঠির উপর ভর দিয়ে উঠে দাঁড়িয়েছে ভরত। কেন জানি, এখন এ সব কথা কানে এলেই বুকের ভিতরটা চিন্ চিন্ করে পুড়তে লাগে। এমন কি নিজের মুখেও একদিন বেসব কথা সচরাচর বলেছে আজ যদি কখনও সেসব ভাষা মুখ ফস্কে বেরিয়ে যায় তো ইচ্ছে হয় গলায় দড়ি দিয়ে মরি। কেন এমন হলো, বুঝতে পারে না ভরত। বড় দুঃখ হয় তারকের জন্য। লোকটা একই রকম রয়ে গেল চিরডাকাল। সহসা মনে পড়ল মুখুজ্যে মশাইয়ের কথা, লেখাপড়ার আর এক নাম হচ্ছে, আলো—সেই আলো এসে ঠিকরে পড়বে তোদের ছেলে-মেয়েদের মুখে। তখন দেখবি তোদের মুখেও সেই আলোর বিলিক। চকিতে ইলেকট্রিকের খাম্বার দিকে চোখ পড়তেই উজ্জীবিত হয়ে উঠল ভরত। আর ক'দিন, এবার আলো ওই খাম্বাতে জ্বলবেই...। হ্যাঁ, হ্যাঁ জ্বলবেই বলতে লাঠিতে ঠক্ ঠক্ শব্দ তুলে, চলতে লাগলো ভরত...।



এখন

নির্মলেন্দু গৌতম

গাড়িটা মঞ্চের কাছাকাছি এসে দাঁড়াতেই তিন-চারজন ছুটে এসে দাঁড়ালো গাড়ির কাছে।

সামনে ড্রাইভারের পাশে সমীর বসেছিল। প্রমিতাকে আনতে গিয়েছিল সমীর। পেছনে ফিরে প্রমিতার দিকে তাকিয়ে সমীর বললো, 'এখানেই নামতে হবে। ক্লাবের ভেতর আপনাদের জন্য বসবার ব্যবস্থা করা হয়েছে'।

প্রমিতা শুনলো কথাটা। সামনের কাঁচের ভেতর দিয়ে জায়গাটাকে দেখলো। দেখলো, গাড়ির পাশে এসে যারা দাঁড়িয়েছে, তাদের। তারপর দরজাটা খুলে গাড়ির বাইরে পা রাখলো।

এগিয়ে এসে খোলা দরজাটাকে ঠেলে বন্ধ করে দিয়ে সমীর বললো, 'নিন, চলুন'।

বলেই পা বাড়ালো সমীর।

প্রমিতা হাঁটতে থাকলো সমীরের পেছন পেছন। হাঁটতে হাঁটতেই দেখলো, মঞ্চটাকে চমৎকার করে সাজানো হয়েছে সামিয়ানার শেষ পর্যন্ত চেয়ার সাজিয়ে বসবার জায়গা করা হয়েছে দর্শকদের জন্য। ছড়িয়ে ছিটিয়ে কিছু দর্শক বসে আছে সেই সব চেয়ারে।

হঠাৎ-ই তারা প্রমিতাকে দেখতে পেয়ে ঘুরে বসেছে। ক্যামেরাটা দেখতে পেয়েই সচেতনভাবে অন্যদিকে তাকিয়ে হাঁটতে থাকলো প্রমিতা।

সমীর হঠাৎ ঘুরে প্রমিতার দিকে ফিরে বললো, 'জায়গাটা আপনার খারাপ লাগছে না তো'?

'না, না, খারাপ লাগবে কেন জায়গাটা। মঞ্চটা তো চমৎকার হয়েছে। বসবার ব্যবস্থাও তো বেশ ভালই করেছেন।' প্রমিতা বললো সঙ্গে সঙ্গে।

না, খারাপ লাগলেও খারাপ বলা যায় না। বলাটা ঠিকও নয়। এসব ক্লাব তাদের বার্ষিক অনুষ্ঠানগুলো রীতিমতো গুছিয়েই করতে চেষ্টা করে। দু'চারজন নামী-দামী শিল্পী আনে তারা, পাড়ার কিছু শিল্পীকেও সুযোগ দেয়। প্রমিতা কিছু সময়ের জন্য এসব অনুষ্ঠান এক দুবার দেখেছে, কিন্তু এবার এই প্রথম এরকম অনুষ্ঠানে যোষিকা হিসেবে থাকছে। এসব কথা ভাবতে ভাবতেও সমীরের সঙ্গে ক্লাবঘরে এলো প্রমিতা।

একটা চেয়ার টেনে প্রমিতাকে বসতে বললো সমীর।

প্রমিতা বসতেই সমীর বললো, 'আপনি একটু বসুন। আমি ক্লাবের প্রেসিডেন্ট তারাপদদা-কে ডেকে নিয়ে আসছি'।

বলেই হাত ছুটে বেরিয়ে গেল সমীর। প্রমিতা হাতে ঘড়ি দেখলো। অনুষ্ঠান শুরু হবে সাড়ে ছ'টায়। এখনও ছটা বাজেনি। একটু আগেই এসে পড়েছে ওদের জন্য। আসলে, পাঁচটা থেকেই গাড়িটা নিয়ে বাড়ির সামনে বসেছিল সমীর।

ক্লাবের দরজায় অনেক মুখের ভীড়। প্রমিতাকে দেখছে সবাই। প্রমিতা মুখ ফিরিয়ে নিরাসক্তভাবে ক্লাবের দেওয়ালে টাঙানো সুভাষচন্দ্রের ছবিটার দিকে তাকিয়ে রইলো।

যেসব শিল্পীদের নেমন্তন্ন করেছে ক্লাব, তাদের অনেকের সঙ্গে পরিচয় আছে প্রমিতার। তারা যদি কেউ এসে পড়তো, ভাল হত। একা একা কতক্ষণ আর এভাবে বসে থাকা যায়।

না, বেশিক্ষণ প্রমিতাকে একা একা বসে থাকতে হল না। সমীর এল প্রেসিডেন্ট তারাপদ-দাকে নিয়ে।

প্রমিতার সঙ্গে সমীর পরিচয় করিয়ে দিল তারাপদদার।

না, তারাপদদা বয়স্ক মানুষ নন। কিন্তু ভঙ্গিটা খানিকটা বয়স্ক মানুষের। প্রমিতার দিকে তাকিয়ে মুগ্ধ গলায় বললেন, টিভিতে অনেক অনুষ্ঠানে আপনাকে কিন্তু আমি দেখেছি'।

হাসলো প্রমিতা।

আসলে, এরকম কথার কোন উত্তর হয় না বলেই হাসতে হয় প্রমিতাকে।

'আমাদের ক্লাবের ছেলেরা তো আপনাকে আনবার জন্য রীতিমতো চাপাচাপি করে রাজি করিয়েছে আমায়'। তারাপদদা বললেন ফের।

এবারও হাসলো প্রমিতা।

ছেলেরা কিন্তু আপনার ওপরই নির্ভর করে আছে। ফাংশনটা শুরু হলে আপনি কিন্তু একটু দেখবেন। মানে, ভুল-টুল হলে ঠিকঠাক করে দেবেন। একটু থেমে ফের বললেন, 'আসলে

আপনাদের তো অভিজ্ঞতা অনেক। সেটা তো মানতেই হবে। ভুল-টুল হলে আপনি ঠিক শুধরে দিতে পারবেন'।

'সে আপনি ভাববেন না। কিছু অসুবিধে হবে না'।

প্রমিতা বলল।

ঠিক আছে। তাহলে আপনি বসুন। আমি একবার ওদিকটা দেখে আসি। ফাংশন শুরু হতে তো আর বেশি সময় ও নেই'।

বলে আর একবার মুগ্ধ চোখে প্রমিতার দিকে তাকিয়ে সমীরকে নিয়ে চলে গেলেন তারাপদদা।

নিশেষে আবার সুভাষচন্দ্রের ছবিটার দিকে তাকিয়ে বসে রইল প্রমিতা।

সত্যিই প্রমিতা একদিন মঞ্চে উঠেছিল। প্রথম দিন মঞ্চে উঠেই প্রমিতা বুঝে গিয়েছিল, মঞ্চকে সে আর ছাড়তে পারবে না। আয়নার সামনে দাঁড়ালে তো শুধু নিজেকেই নিজে দেখা যায়। অন্তত আয়না চারিদিকে সাজিয়ে মঞ্চ যেন আরও অনেক বড় কিছু। সে জন্যেই কী দারুণ আকর্ষণ তার। মঞ্চের আলো যেন পরিচিত আলো নয়। সমস্ত শরীরের রহস্যকে সে যেন তীব্র করে দিয়ে যেন্ত করে। নিজের দিকে তাকালেই তখন মনে হয়, ইন্দ্রিয়গুলো আমূল যেন রক্তের ভেতর সূত্রের তরঙ্গ হয়ে আছড়ে পড়ছে।

সত্যিই, প্রমিতা এখন নিজেকেই নিজে দেখে।

এসব কথা ভাবতে ভাবতেই একবার ব্যাগটা খুললো প্রমিতা। ছোট আয়নায় ঘুরিয়ে ফিরিয়ে মুখ দেখলো।

দরজায় এখন নানান রকম মুখ। কখনও মুখের সংখ্যা বাড়ছে কখনও কমছে।

না, ঠিক এরকম পাড়ার ক্লাবের অনুষ্ঠানে কখনও আসেনি প্রমিতা। আসলে, যেভাবে সমীর নামে ছেলেটি অনুরোধ করেছিল। তাতে তাকে না করতে পারেনি প্রমিতা। তাছাড়া, প্রমিতা যে টাকা চেয়েছিল, সে টাকাতে রাজী হয়ে গিয়েছিল ওরা। 'না' বলবার কোনও পথই ছিল না প্রমিতার।

তাছাড়া সমীর এসেছিল প্রমিতার এক ঘনিষ্ঠ জনের চিঠি নিয়ে। তাকেও ঠিক অস্বীকার করার উপায় ছিলো না প্রমিতার।

এসব কথা ভাবতে ভাবতেই প্রমিতার সময় ফুরোতে থাকলো।

• • • • •

অনুষ্ঠান শুরু হতে প্রায় একঘন্টা দেরী হয়ে গেল। 'পাড়ার ক্লাবের ফাংশান, কি করা যাবে বলুন। আপনি শুধু একটু মানিয়ে নেবেন।' বার বার এসে বলেছেন তারাপদদা।

সমীরও বার বার এসে ক্ষমা চেয়ে গেছে।

প্রমিতা বার-বারই বলেছে, 'বুঝতেই পারছি সব। আমার জন্য কিছু ভাববেন না'।

• • • • •

অনুষ্ঠানের প্রথম বিকটাতে গান গাইলো পাড়ার শিল্পীরা। নামী-দামী শিল্পীরা গাইতে উঠলো তারপর। সাজিয়ানার নীচে সাজানো চেয়ার ছাপিয়ে ভীড় ছড়িয়ে পড়লো বাইরে।

এখন বেশ ভালোই লাগছে প্রমিতার। আসলে, ভালো দর্শক না হলে অনুষ্ঠানে এসে কখনোই ভালো লাগে না।

অনুষ্ঠানের শুরুতেই মঞ্চে উঠে প্রমিতা বুঝতে পেরেছিল, তার সম্পর্কে দর্শকের সত্যিই কৌতূহল আছে। সে দিক থেকেও মঞ্চে দাঁড়াতে ভাল লাগছিল প্রমিতার।

তারাপদদা কিন্তু প্রমিতার পাশে পাশেই আছেন। কে কার পর মঞ্চে উঠবে সেই নামটা ধরিয়ে দিয়ে যাচ্ছে আর সেই নামটা প্রমিতাকে বুঝিয়ে দিচ্ছেন তারাপদদা।

দেখতে দেখতে এক সময় গানের শিল্পীদের অনুষ্ঠান শেষ হয়ে গেলো। তারপর বসলো যন্ত্রসঙ্গীতের আসর। ঘড়ি দেখলো প্রমিতা। প্রায় এগারোটা। সত্যি, রাত অনেক হয়ে গেছে। অন্যান্য পাড়ার ক্লাবের অনুষ্ঠানে এরকমই রাত হয়। না, আর জোর করে থাকবার দরকারই নেই প্রমিতার। কাল যন্ত্র সঙ্গীতের পর আর কোনো অনুষ্ঠান নেই। কি হবে আর থেকে। তাই পরে পায়ে এসে তারাপদদার মুখোমুখি দাঁড়ালো প্রমিতা। বললো, 'আর তো আমার দরকার নেই'।

তারাপদদা ঠিক কি বলবেন বুঝি ভেবে পেলেন না। আসলে, মনে মনে প্রমিতার চলে যাওয়াটা বুঝি মানতে পারছিলেন না।

বুঝতে পারলো, প্রমিতা। মনে মনে হাসলো। বললো, 'সত্যি অনেক রাত হয়েছে। আপনি আমার গাড়ির ব্যবস্থাটা করে দিন'।

'হ্যাঁ। এখুনি দিচ্ছি...' বলেই হঠাৎ উঁচু গলায় সমীরকে ডাকলেন তারাপদদা।

সমীর এলো।

শুনি চলে যেতে চাইছেন। গাড়িটাকে ক্লাবের সামনে আনতে বলো'। তারাপদদা বললেন সমীরকে।

সমীর তাকালো প্রমিতার দিকে। বললো, 'এখুনি চলে যাবেন?'

'হ্যাঁ, অনেক রাত হয়েছে।' হাত ঘড়ির দিকে আর একবার চোখ রেখে বললো প্রমিতা।

কি যেন ভাবলো সমীর। বললো, 'ঠিক আছে। গাড়িটাকে আমি নিয়ে আসছি'।

বলে তাকালো তারাপদদার দিকে। বললো, 'আপনি ওই প্রোগ্রামটা....'

'ঠিক আছে, ঠিক আছে।' তারাপদদা বললেন সঙ্গে সঙ্গে।

সমীর আর দাঁড়ালো না। বেরিয়ে গেল।

মঞ্চের ওপর যন্ত্রসঙ্গীত শুরু হয়েছে। উইংসের ফাঁক দিয়ে একবার শিল্পীদের দেখলেন তারাপদদা। তারপর পকেটে হাত ঢুকিয়ে প্রমিতার মুখের ওপর নিষ্পলক দুটো চোখ রেখে মুগ্ধ গলায় বললেন, 'বুঝলেন, আপনার রেটটা ঠিকই আছে। আপনার জন্য দু'হাজার টাকা কখনোই বেশি নয়'।

বলেই পকেটে ভোবানো হাত বের করে একটা খাম প্রমিতার দিকে বাড়িয়ে ধরে বললেন, 'এই যে আপনার টাকাটা। পত্রের বারও কিন্তু আপনাকে আসতে হবে। বলতে পারেন, আমরা আপনার এখন থেকে বাঁধা খদ্দের'।

মুহূর্তে কি যে ঘটে গেল প্রমিতার মনের মধ্যে, প্রমিতা তা বুঝতে পারলো না। এই প্রথম বুঝি আয়না ছাড়াই নিজেকে দেখতে পাচ্ছে প্রমিতা। প্রমিতা যেন এখন আর প্রমিতা নয়, রেটে বাঁধা একটি নারী। তার খদ্দের তৈরি হয়েছে। তার হাতের খামের মধ্যে যে টাকাগুলো, সেই টাকাগুলোর সঙ্গে সে যেন একাকার হয়ে গেছে।

না, প্রমিতা চেষ্টা করেও নিজের দিক থেকে নিজের চোখ ফেরাতে পারছে না। আশ্চর্য এক উত্তেজনায় ঘামতে থাকলো প্রমিতা।

সমীর ডাকতে এসেছে। গাড়ি রেডি। আচ্ছন্নের মতো সমীরের দিকে তাকালো প্রমিতা। তারপর পা বাড়ালো।

না, কারো সঙ্গে আর একটা কথাও বললো না প্রমিতা।

• • • • •

গাড়িটা বাড়ির সামনে থামতেই ব্যস্ত পায়ে গাড়ি থেকে নামলো প্রমিতা।

সমীরও নামলো।

কিছু বলতে যাচ্ছিল সমীর। তার আগেই সেই খামটা সমীরের দিকে বাড়িয়ে ধরলো প্রমিতা। বললো, 'এটা তুমি নিয়ে যাবে। আমি তোমাদের ক্লাবের অনুষ্ঠানে যা করেছি, মনের আনন্দে করেছি। মুহূর্তের জন্য একবার থামলো প্রমিতা। বড় করে একটা নিশ্বাস নিলো। তারপর সমীরের দিকে ঝুঁকে পড়ে বললো, 'বিশ্বাস করো, তোমাদের অনুষ্ঠানই আমার জীবনের শেষ অনুষ্ঠান। আর আমার কোনোদিন তোমাদের অনুষ্ঠানে ডাকতে এসো না'।

সমীর বুঝি কিছু বুঝে উঠতে পারছে না। প্রমিতা তার হাতে খামটা প্রায় জোর করেই ধরিয়ে দিয়ে ঘুরে পা বাড়ালো বাড়ির গেটের দিকে।

এখন অনেক অনেকক্ষণ ধরে শাওয়ারের নিচে দাঁড়িয়ে স্নান করবে প্রমিতা।

সুরেশ

রুহিদাস সাহা

মেদিনীপুরের একটি গণ্ডগ্রাম নয়নপুর। তারই অধিবাসী হৃদয়রঞ্জন দাসের সংসার স্ত্রী ও তিনটি মেয়েকে নিয়ে। হৃদয়রঞ্জনবাবুর রয়েছে একটি মনোহারী দোকান। অল্প জমির উপর ছোটখাটো পাকা বাড়ি। সংসারে তেমন স্বচ্ছলতা নেই, তবে খেয়ে পরে বেঁচে আছেন এবং তিন তিনটি মেয়ের কথা মনে রেখে কিছু সঞ্চয়ও করেছেন। বড় মেয়ের বয়স বাইশ, পরের দুজনের জন্ম দু বছরের ব্যবধানে।

একদিন পশ্চিম আকাশে লাল আবীর ছড়িয়ে সূর্য্য ঢলে পড়েছে। এমন সময় একজন আগন্তুক হৃদয়রঞ্জন দাসের উঠোনে এসে দাঁড়ালো।

আগন্তুক একজন যুবক, বেশ হৃষ্টপুষ্ট দেহ, মাথায় কোঁকড়ানো চুল, দেখতে বড় সুন্দর। স্যুট-কোট-বুট পরা এমন একজন যুবকের আগমনে স্বভাবতঃই ব্যস্ততা প্রকাশ পেল। হৃদয়রঞ্জনবাবু এগিয়ে আসতেই যুবকটি বলে উঠলো—দেখুন, আমি এসেছিলাম অফিসের কাজে পটাশপুরে। এখানেই হয়ে গেল সন্ধ্যে। তাই আমি একটু আশ্রয় চাইছি আপনাদের কাছে।

গ্রাম বাংলার মানুষ সহজ সরল, সেই সঙ্গে তারা অতিথি পরায়ণ। তার উপর এমন একটি সুন্দর যুবক চাইছে আশ্রয়। ফলে হৃদয়রঞ্জনবাবু এক বাক্যেই সম্মতি জানালেন এবং অতিথির আপ্যায়নে ব্যস্ত হয়ে উঠলেন।

যুবকটি নিজের নাম জানালো সুরেশ বসু আর বাবার নাম সমীরণ বসু। বাড়ি ঘুঘুডাঙ্গাতে। সে কোথায় কাজ করে, কত উঁচু পদে কাজ করে ; কত টাকা তার মাইনে, বাড়িতে কে কে আছে, তারা ক ভাই, ক বোন এসবও কথায় কথায় জানিয়ে দিল সে। কয়েক ঘন্টার মধ্যে সুরেশ হৃদয়রঞ্জন বাবুর বাড়ির সকলের মধ্যে বিশেষ পরিচিত হয়ে উঠলো। হৃদয়রঞ্জনবাবুকে ডেকে বললো মেশোমোশায় এবং তাঁর স্ত্রীকে মাসিমা। মেয়েদের সঙ্গেও প্রাণখোলা হাসিখানা কথা বলতে শুরু করলো সুরেশ।

হৃদয়রঞ্জনবাবু সুরেশকে সম্বোধন করছিলেন, 'আপনি' বলে। আপত্তি জানিয়েছিল সুরেশ, বলেছিল—আমি তো আপনার ছেলের মতো। আপনি আমাকে 'তুমি' বলে সম্বোধন করবেন। তাই হলো হৃদয়রঞ্জনবাবু তাকে 'তুমি' বলেই সম্বোধন করতে লাগলেন।

একটি অপরিচিত পরিবারের সঙ্গে নিজেকে এমনভাবে পরিচিত করে তোলা সুরেশের মতো খুব কম লোকেই পারে।

পরদিন সকালে উঠেই সুরেশের কথা—মেশোমশাই, নিশ্চয়ই আপনারা আমাকে পর ভাবছেন না। তাই বাজারটা আজ আমি নিজেই করব।

হৃদয়রঞ্জনবাবু স্ত্রী সঙ্গে সঙ্গে বলে উঠলেন—তা কি করে হয়, বাবা।

আমাকে যদি আপনারা পর না ভাবেন তবে তা হবে না কেন, মাসিমা—সঙ্গে সঙ্গেই জবাবও দিল সুরেশ।

তাই হলো বেশ বড় একটি ফর্দ্দ হলো, থলি থিটি নিয়ে এলো সুরেশ।

হৃদয়রঞ্জনবাবু বড় মেয়ের নাম সুধা। গায়ের রং কালো। মাথা ভরা চুল। দেখতে সুশ্রী।

এক সময়ে সুরেশ সুধার চোখে চোখ রাখলো। মনের কথাটা বলেও ফেললো এক ফাঁকে। সুধা মাকে জানালো।

এই সুধাকেই কত জায়গা থেকেই দেখে যাচ্ছে চার বছর ধরে। তিন তিনটি মেয়ে। বিয়ে তো দিতেই হবে। তাই আগে থেকেই চেষ্টা চালিয়ে যাচ্ছেন হৃদয়রঞ্জনবাবু। কিন্তু কনে পছন্দ হয় তো পণে পছন্দ হয় না। সাধারণ পাত্রেরও আকাঙ্ক্ষা—পণ, গয়না—কুড়ি ভরি সোনা, কুড়ি হাজার টাকা নগদ, আরও কত কি! হৃদয়রঞ্জনবাবুর সাধ্যে কুলোয় না।

ওলকাতার রাইটার্স বিল্ডিংসে এ চার হাজার টাকা মাইনে পাওয়া অফিসার সুরেশের এমন ইচ্ছায় যেন হাতে চাঁদ পেয়ে গেলেন হৃদয়রঞ্জনবাবুর স্ত্রী। সুরেশকে তাঁর মনে হলো যেন দয়ালু দেবতা। স্বামীকে বললেন সব কথা। আনন্দ হলো তাঁরও। তবে কারও কারও সঙ্গে পরামর্শ করার কথা তুললেন তিনি। স্ত্রী রাজী হলেন না। বললেন আজকাল মানুষ বড় হিংসুক, কারও ভাল দেখতে পারে না। তাদের সঙ্গে পরামর্শ করতে গেলে নিশ্চয়ই তারা নানা গন্ডগোল তুলবে, কাজ আর হবে না।

সুধাকে আজই নিয়ে যাবে সুরেশ। দেরি করা যাবে না। অফিসে তার জরুরী কাজ। হৃদয়রঞ্জনবাবুকে 'বাবা' এবং স্ত্রীকে 'মা' বলে সম্বোধন করলো। সে বললো, আপনারা কিছু ভাববেন না। আপনারা শুধু আমাদের মাথায় ধানদুর্বা দিয়ে আশীর্বাদ করুন। তাহলেই আমাদের মঙ্গল হবে। অযথা খরচ করে কি হবে। আমরা বাড়ি গিয়েই রেজিস্ট্রী করে নেবো। তারপরে বাড়িতে অতিথিদের আমন্ত্রন করে একটা উৎসব করব। তার আগেই চিঠি দিয়ে আপনাদেরকেও যেতে লিখবো।

তাই হলো। হৃদয়রঞ্জনবাবু ও তাঁর স্ত্রী ধানদুর্বা দিয়ে আশীর্বাদ করলেন। শঙ্খও একটু বেজে উঠলো। সুরেশ মাথা নীচু করে শ্বশুর—শাশুড়ীকে প্রণাম করলো।

বাড়ির বড় মেয়ে, গয়নাগাঁটি কিছু করা ছিল। সুরেশকে শাশুড়ী এ প্রসঙ্গে বলতেই সুরেশ বলে উঠলো মা বাবা আমার জন্যে অনেক পাত্রী দেখেছেন। আমাদের ঘর অনুযায়ী চল্লিশ ভরি সোনা, পঞ্চাশ হাজার টাকা নগদ, কুড়ি হাজার টাকা মূল্যের আসবাবপত্রেরও অর্ডার এসেছে। কিন্তু এসব আমার ভাল লাগে না। তবে আমার মা জবা তো রয়েছেন। তাঁরা যাতে একটু খুশি হন তাই-ই আপনারা করুন। তবে নগদ টাকা আমি নেবো না। কারণ ওটা আমার নীতি বিরুদ্ধ।

ঘরও যেমন বড়, ঘরও তেমনই। তাই সাধ্যের সর্বোচ্চ পরিমাণ ন'শত ভরি সোনার গয়না সুধাকে পরিয়ে দিলেন হৃদয়রঞ্জনবাবু ও তাঁর স্ত্রী। কিন্তু ছেলের মাপ মতো না হওয়ায় ছেলেকে একটি আংটিও দিতে পারলেন না। এর জন্যে অবিশ্যি সুরেশের অসন্তুষ্টি প্রকাশ পেল না। বলল—ওর জন্যে ভাববেন না আপনারা। উৎসবে যখন যাবেন তখনই নিয়ে যাবেন ওটা।

এবার ওভযাত্রা। চোখে জল সকলের। চোখে জল সুরেশেরও। শ্বশুর শাশুড়ীর পায়ের ধুলো নিয়ে 'দুর্গা' 'দুর্গা' ধ্বনির মধ্যে সুধাকে নিয়ে এগিয়ে চলে সুরেশ।

ট্রেন ধরলো। চলে এলো হাওড়ায়। উঠে এলো 'মনোরমা' হোটেলে। বেশ সাজানো গোছানো একটি ঘর। দেখে বেশ আনন্দ সুধার। সুরেশ সুধালো—দেখ তো, কী সুন্দর জায়গা।

সুধা বল—সত্যিই সুন্দর।

এত সুন্দর জায়গায় আমরা দুদিন থেকে যাই, কি বলো—শুধালো সুরেশ।

ঘাড় নেড়ে হাসিমুখে সম্মতি জানালো সুধা।

বেল কেটে গেল দুদিন দুরাতে।

এবার বাড়ি যাবার কথা বল সুরেশ। তার আগে সে অফিসে দেখা করে যেতে চায়, দেখিয়ে নিতে চায় নববধূ সুধাকে।

দুজনে চলল রাইটার্সে। আগেই সহকর্মীদের বউ দেখাতে, সেখান থেকে যাবে বাড়িতে।

পৌঁছেও গেল রাইটার্সে। কিন্তু সরাসরি তো আর বউ নিয়ে ঢোকা যায় না। দপ্তরে গিয়ে আগে পরিচয়ের তৈরি করতে হয়। বুঝালো সে সুধাকে।

সুধাও বুঝলো। সুরেশের নির্দেশ মতো বাইরের একটি বেঞ্চে বসে রইল সুধা। ব্রীফকেস নিয়ে সুরেশ ঢুকে গেল দপ্তরে।

সময় গড়িয়ে যায়। মিনিটের কাঁটা ঘুরে যায়, ঘন্টার কাঁটাও। অসেই জায়গায় সুধা। ঘন্টা তিনেক পেরিয়ে গিয়েছে ইতিমধ্যে। উদ্বেগের চিহ্ন সুধার মুখে। অনেকেরই চোখ এড়িয়ে গেল না।

ইতিমধ্যে আরও সময় কেটে গেল। সুধার চোখে এখন জল। ভীড় জমে উঠেছে সুধাকে কেন্দ্র করে। প্রথমদিকে জর্জরিত সে। তাকে দপ্তরেও নিয়ে গেল, ঘুরিয়ে দেখানো হলো। কিন্তু তার পরিচিত সুরেশকে সে দেখতে পেল না। তোতা নিয়ে বেরিয়ে গেছে কে জানে! দপ্তরে ঢুকবার বেরোবার পথ তো তিন তিনটে।

কান্না-ভেজা গলায় ভাঙ্গা ভাঙ্গা কথায় কাহিনী শুনালো সে। হাওড়ায় হোটেলে সুরেশ বলেছিল—এর নাম কলকাতা, ভয়ংকর জায়গা। এখানে কেউ সোনা দানা পরে না।

একথা গাঁয়ে থাকতেও শুনেছিল সুধা। তাই এক এক করে গয়নাগুলো তুলে দিয়েছিল সুরেশের হাতে, সুরেশ ওগুলো ভরে নিয়েছিল ব্রীফকেসে।

সকলেই বুঝে নিয়েছে কী ঘটেছে আসলে।

পুলিশ এলো। নিষ্পাপ মেয়েটি এখন পুলিশের হেপাজতে। এরপরে ওর স্থান হবে কোথায় কে জানে!

পণ্য

রাসবিহারী দত্ত

নপটি কাঁধে ঝোলাটি ঝুলিয়ে হাসনাৎ বেরিয়ে পড়ে। সরু চটি ঝুলে থাকে। হাটাস হাটাস শব্দ তুলে চলে এগোচ্ছে মাঠে। মাঠে মাঠে এগোবার পেছন দিকে চাকায় কাদা, আশ্বাব আঁচল ধরে নিচাপি হয়ে দাঁড়িয়ে। এবারে হাত নাড়িয়ে, এগিয়ে চলে সন্ধানের দিকে।

পথ হাঁটছে হাসনাৎ। কিন্তু মন চলছে উজানে। উজান বেয়ে চলেছে হাসনাৎ আশ্বাসের কাঁপছে উত্তেজনায়। হাতের মুঠিতে এখন আকাশ। গাছ-গাছালির ফাঁক-ফোকরে টুপ টুপ ডুব দিচ্ছে অস্তগামী সূর্য। চারদিকের কলরব ধিতোতে ধিতোতে নৈঃশব্দে নামছে। দূরন্ত বাড়ির ঘুরন্তুর শব্দগুলো তা যেন বন্ধ হচ্ছে। কিন্তু এসবের কোন কিছুই হাসনাতের মনের উজানে কোন বিভ্রাট ঘটাতে পারছে না।

হাসনাৎ শেখ। তাহিরপুর মৌজায় তাকে সবাই চেনে। ছিপ ছিপে লম্বা, চেহারা। অম্বল পিত্তের রোগীর মত পেট আর পিঠ কিছুটা ঝাঁকা। পূর্ণিমা অমাবস্যার মতো তার শরীরে জৌলুস আসে আর যায়। ঠিক তার মরশুমি ব্যবসার মত।

হাসনাৎ ব্যাপারী। তার বেসাতি নানা পশরায়। যখন যেমন, তখন তেমন। চাষের মরশুমের আগে সে গরুর ব্যাপারী। কাছুর সময় কাছু, তিলের সময় তিল, সরিষার সময় সরিষা। কুমড়োর সময় কুমড়ো। আর যখন কোন ফসল থাকে না, তখন তার টুকটুক গরু-ছাগলের ব্যবসায় চলে।

ফলে তাহিরপুর কেন পাশাপাশি মৌজার অনেকেই তাকে চেনে। কারণ প্রায় বাড়িতে তার অবাধ যাতায়াত। কিন্তু টাকা পয়সার ধার বাকিতে কারো কখনো যে সে নয়-ছয় করেনি তা নয়। মৌজার সবাইই তার উপর কোন না কোন ভাবে নির্ভরশীল। কিন্তু দায় দরকারে চাষের বলদটি পরিবর্তন করতে হলে কিংবা ফসলটি বেচতে হলে যেহেতু হাসনাৎকেই সবচেয়ে পড়ে তাই ভালোর মন্দোর সবার চেনা। গরীব সম্পন্ন গ্রামবাসী যে ফসল ফলায় তা নিজেরই সংসার খরচের জন্য, কিন্তু কখনো কখনো বাড়তি ফসল হয়। বাড়তি ফসল নিয়ে কে আর পশরা সাজিয়ে বসে। তা সব ক্ষেত্রে সম্ভবপরও নয়। তাই সবারই নির্ভর হাসনাৎ কুড়োয় সে।

কিন্তু আগের মত তার আর ব্যবসা চলে না কেন না ব্যাপারী হিসেবে হাসনাৎ আর একা নয়। তিন চারজন এই কাজে নেমে পড়েছে। প্রতিপত্তি যেতে বসায় সংসারে এখন টানাটানির চূড়ান্ত।

তারপর অনুবস্ত্র হিসাবে ছুটছে তিন তিনটি কেস। মহকুমা কোর্ট ছোটাছুটিতে পয়সা যাচ্ছে মেলা। কোন মতেই আয় বাড়ে সামাল দিতে পারছে না। এই সময়ই ছক্কু মিঞার বাড়তি উপসর্গ।

আজও হাসনাতের গন্তব্যস্থল হল মহকুমা কোর্ট। কিন্তু আজ আর হাসনাতের ভারাক্রান্ত অবস্থা নয়। সে আজ মৌজে আছে। হাঁটছে, মন তার উজানে। পায়ের গতি যেন রণ পা।

কেস থাকলেই সে আগের দিন বেরিয়ে যায়। জাতভাই সোহরাবের বাড়িতে কে যেন ডেকে উঠল।—সন্ধ্যা নেমে গেছে। সাতটার বাসটা না ধরতে পারলে ফের একঘন্টা পরাতে হবে। পা চালায় হাসনাৎ।

কিন্তু মনটায় ছলাৎ চলাৎ খেউ খেলছে। একটা তীব্র জ্বালা তাকে কুরে কুরে খাচ্ছে। হাজার হাজার টাকা নয়, মাত্র পঁচিশ টাকা। আর দুটি মাস সময় চেয়েছিল সে। এমন বেহেড যে, পঞ্চায়েতে নালিশ করে দিল।

ছক্কু মিয়ার ওমর শরীরে জ্বালা ধরালেও ধৈর্য্য হারায় নি হাসনাৎ। মুহূর্তে মুলকিল আসান করে ফেলে ছুটেছিল ঝিজমৎপুর।

হাসনাৎকে দেখে ভূত দেখার মতো চমকে উঠেছিল ছক্কু মিঞা যার বিরুদ্ধে সে পঞ্চায়েতে নালিশ করেছে, অপমানের চূড়ান্ত করেছে যে, সে বিনা দ্বিধায় এসে উপস্থিত। মতলব আছে নাকি কিছু। সন্দিগ্ধ চোখ তুলে তাকিয়েছিল ছক্কু মিঞা।

হাসনাৎ উপচে পড়া উৎসাহ দেখিয়ে বলল—সালাম ছক্কু মিঞা। আমতা আমতা করে ছক্কু মিঞাও সেলাম জানালো।

হাসনাৎ পিঁড়িটাকে টেনে নিয়ে জাঁকিয়ে বসল। তারপর বলল, হালুক সাজো মিঞা ভাই, বেশ বকল গেছে।

সন্দেহ নিয়েই বাঁশের দরজা ঠেলে ঘরের ভেতর গেল ছক্কু মিঞা।

হাসনাৎ ফুরসত পেল ভাবনার। কি ভাবে কথাটা পাড়লে কাজ হবে। সব থেকে যাথার জায়গায় সাবধানে গুছিয়ে না বলতে পারলে ভেস্তে যাবে সবটা।

বাঁশের দরজাটায় ফের কাঁচ ভরে শব্দ হল। চমকে উঠল হাসনাৎ। নিজেকে সামলে নেয় মুহূর্তে। হাসনাৎ আরো ঘনিষ্ঠ হয়ে বসে। কথাটা পাড়ে। আলাপ জমায়। উপচানো খুশি চেপে রাখে।

বাসের শব্দে তন্দ্রাচ্ছন্ন ভাঙে হাসনাতের। কখন সে চৌদ্দমাইল বাসস্ট্যান্ডে এসে পাঁচে

পেছে। সাতটার বাস ছাড়বে ছাড়বে করছে। পরিপাটি করে জামাটা পরে নেয়। আর তড়িঘড়ি উঠে পড়ে।

কিছুক্ষণের মধ্যেই বাস ছাড়ে। জানলার পাশটায় বসার জায়গা পেয়ে খুশি হয়। জানলার কাচটা সরিয়ে দেয়। বাইরের দিকে তাকায়। জ্যোৎস্নায় ভরে রয়েছে চারদিক। আকাশের দিকে তাকায়, সুডৌল চাঁদ জ্বলছে। লাজরাঙা দুলহনের মত। দুলছে। ভেসে ওঠে নসীবনের মুখ। প্রায় বছর খানেক হল খোদাবক্স হাসনাতের পেছনে লেগে আছে। খোদাবক্সের কথা কোনদিনই রাখতে পারেনি। বার বারই ছলে চিররুগ্না বিবির প্রসঙ্গ তুলে নিরস্ত করেছে। বিবির ভীষণ রোগ, এই যায় সেই যায় অবস্থা। কথায় কথায় একবার হাসনাৎ খোদাবক্সের কাছে বলে ফেলেছিল। সেই থেকেই খোদাবক্স পেছু নিয়েছে।

অবশ্য মেয়ে নসীবন খুপসুরৎ। কিন্তু ঘুপচা মন্দ। পর পর দুবার বিয়ে দিল। দু দু'বারই নসীবনের নসীব পুড়ল। একজন দুরারোগ্য রোগে আর একজন অপঘাতে। তারপর থেকেই নসীবনের নামে কলঙ্ক, নসীব পোড়ানো মেয়ে এই নসীবন।

সবে বাইশে পা দিয়েছে নসীবন। খুবই কাঁচা বয়স। জলকলসির ভাঁটার মত শরীর। যেদিন প্রথম দেখেছিল হাসনাৎ, কয়েকমুহূর্ত চোখ নড়েনি। যেন বেহেস্তের হুরী। সে দিন সে তার ডাগর চোখে সুরমা পরেছিল। আর নির্ভরতার অবলম্বন খুঁজি পেয়ে যেতে পারে এমনিভাবে এনে চোখে মায়া ছড়াচ্ছিল। কোন গোপন ইচ্ছা যে সেই মুহূর্তে সুরসুড়ি দিয়েছিল তা হাসনাৎ নির্ঘাৎ বোঝে। এই সময় দিদারীর মায়ের শীর্ণমুখ ভেসে ওঠার একটু ইতস্তত বোধ করেছিল কিন্তু তার তো এই যায় সেই যায় অবস্থা। তাই সব আশার জলাঞ্জলি দিতে হাসনাৎ চায়নি। নসীবনের প্রত্যাখ্যান উৎসাহ সেই মুহূর্তে না জাগলেও নিরুৎসাহের উষ্ণ ঝলু হাসনাৎ ফিরিয়ে দেয়নি।

পরমুহূর্তেই ভীরু ভয় ছায়া ফেলেছিল সারা শরীরে। চারদিকের প্রচার নসীব পোড়ানো মেয়ে নসীবন। যার ঘরে যাবে নির্ঘাৎ তার ঘর পুড়বে। সাধ গেলেও বুক দুরু দুরু ভয় সাহসকে সাপটে ধরে। তাই এতদিন কোনভাবে এগোয়নি হাসনাৎ।

এহেন মেয়েকে নিয়ে বিপদে পড়েছে খোদাবক্স। কোনমতে পার করতে না পারলে সারা জীবনের দুশ্চিন্তা। অথচ সাহস হাসনাৎকেই সে পাকড়েছে। সে যে দেবে বোঝে না তা নয়। তবে মেয়েকে উদ্ধার করতে হবে আগে।

নসীবনের কথা খোদাবক্সকে হাসনাৎ বলে দিয়েছে। এমনকি এ কথাও শুনিয়েছে যে ওই সব প্রচারে তার কোন ভয় ডর নেই। নেহাৎ চিররুগ্না বিবি। ওটা দিন গেলেই না হয়.....। এই বলে সময় পেরিয়ে এসেছে হাসনাৎ।

এমন সময় সুযোগটি হাতের কাছে এসে যায়। হাত বদল হতে হতে বেশ কিছুটা সময়ও পাওয়া যাবে। আখেরে মোক্ষম দাওয়াইও দেওয়া হবে। আসলও মিটে হলো না অথচ সুদ মিলল চৌদ্দা।

সব ব্যবস্থাই পাকা। ভালোয় ভালোয় ব্যাপারটা মিটলে হয়। বাস থেকে নেমেই সোজা উঠবে সোহরাবের বাড়ি। আজ রাতেই সব সেরেসুরে রাখতে হবে। বাইরে চোখ মেলল। সাদা মখমলে মোড়া গাছপালা পেছনের দিকে ছুটছে। এখনো শহরের আলো দেখা যাচ্ছে না। তবে বেশী বাকি নেই।

পরদিন সকাল সকাল সব কাজ সমাধা করে হাসনাৎ ছুটল বাস স্ট্যান্ডে। ওখানেই খোদাবক্স ও নসীবন নামবে বাস থেকে। নসীবনের কথা মনে পড়তেই তার পুরো ছবি চোখের সামনে ভেসে উঠল। মনটা আনমনা হল মুহূর্তে। ভেসে উঠল ছকু মিঞার মুখ। বিবিয়ে গেল সারা শরীর ও মন। বাটাকে এমন শিক্ষা দেবে যে সারা জীবনের মত তাগাদার তপতে হবে। পরক্ষণেই আবার মনটা আকুলি বিকুলি করে উঠল। বেচারা নসীবন, তার কি দোষ। এমন সুন্দর ফলফলানো লাউডগার মত তাঁটালো শরীর। মায়া করানো এমন চাউনি। কিছুটা অপরাধবোধ পেয়ে বসল হাসনাৎকে। বিষয় হল মন। কিন্তু পরমুহূর্তেই সব কোথায় উবে গেল। জুনপুট থেকে সেই একটাই বাস যায় আর আসে। একটা বাস ধরতে না পারলে বলে থাকো ঘণ্টা দেড়েক। নিশ্চয়ই খোদাবক্স বা নসীবন ঐ বাস ধরবে। সারা জীবনের মতো খোদাবক্সের নিশ্চিন্তি। নিশ্চিন্ত কি? এ নিয়ে ভাববার সময় নেই হাসনাতের। কন্যাদায় থেকে মুক্তি দিচ্ছে এতো মহৎ উপকারই। তারপর যখন অলক্ষণে নসীব পোড়ানো মেয়ে। বলতে গেলে, খোদাবক্সের মহৎ উপকার করছে হাসনাৎ। অবশ্য জিনিস পত্তরের বদলে টাকাই চেয়েছে হাসনাৎ।

-সে জিনিসপত্তর ওওরাখোওরার অক্তি অনেক। টাকাই সই। বামনগর বাজারেও কেনাকাটা করা যাবে।

-না বলছিলাম কি ওখানে এখানকার থেকে দাম পড়বে কেন।

-সে আর কতটুকু। একটু দাম কমের জন্য ঝক্তি কিনেক।

আর কথা বাড়ায়নি খোদাবক্স। সেরেসুরে যদি ব্যাপারটা মিটে যায়। মেয়েটার মতো মেয়ে বিদায় যখন দিলেছে টাকাটা নিয়ে আমেলা করা নিরর্থক। সে চুপ করে যায়।

সব আশাকে অবসান ঘটিয়ে জুনপুটের বাস এসে থামল। এদিক ওদিক চোখ ফেলতে হল না। খোদাবক্সই জানলার ফাঁক দিয়ে হাত বাড়িয়ে তাদের উপস্থিতির কথা জানাল। নিশ্চিন্ত খোদাবক্স। নিশ্চিন্ত হাসনাৎও।

বাস থেকে নামার সময় হাসনাৎ একটাকে লজ্জায় মিইয়ে থাকা নসীবনকে দেখল। চোখে চোখ পড়ল। চোখ নামিয়ে নেয়। মরমে মিইয়ে যায় নসীবন। খোদাবক্স পেছনে তাকিয়ে তখন বলছে-সাবধানে পা ফেলিস, পা পিছলে পড়ে যাসনি যেন।

এই সতর্কীকরণে কাজ হল। আরক্তিম মুখের ছবি বদলে গেল এক নিমেষে। ধীরে ধীরে পা ফেলে নেমে পড়ে নসীবন।

এবার খোদাবক্স হাসনাতের দিকে মুখ ফিরিয়ে জিজ্ঞেস করে: সব ব্যবস্থা পাকা তো?

মাথা নেড়ে সায় দিল হাসনাৎ।

এরপর সকলেই এগিয়ে যায় রেজেস্ট্রি অফিসে। অফিসের সঙ্গে সব যোগাযোগই করেছে জাতভাই মোহরারটি। সে সেখানেই আছে। হাসনাৎ সেই অফিসের দিকেই নিয়ে চলল। ভাবতে থাকে কি জানি ছকু মিঞা পৌঁছেছে কিনা!

কয়েক পা মাত্র। সেখানে পৌঁছাতেই মোহরার ব্যস্ত সমস্ত হয়ে খাতির যত্ন করল খোদাবক্স ও নসীবনকে।

সব ব্যবস্থা পাকাই ছিল। মোহরার সকলকে ভেতরে নিয়ে গেল। খোদাবক্সের এসবের কোন অভিজ্ঞতা নেই। সে খুটিয়ে খুটিয়ে দেখতে থাকল প্রতিটা। রেজিস্ট্রার বার বারই তাকে দেখছে যেন। খোদাবক্স যেন সন্তুষ্ট হয়

এমন সময় রেজিস্ট্রার দুটো কাগজ বাড়িয়ে দেয়। একের পর এক সই। সব শেষে সেই হাসনাৎকে সই করতে দেবে রেজিস্ট্রার যেন এক মুহূর্ত কি ভাবেন। হাসনাৎকে কাগজটি সই করতে দেওয়ার সময় নিজের তর্জনী দিয়ে কায়দা করে টিপ ছাপের নিচে সাক্ষীর জায়গায় সই করতে ইঙ্গিত করল। কারণ খোদাবক্স বেশ খুটিয়ে খুটিয়ে রেজিস্ট্রারের সব কাজ দেখছে। ব্যাপারটা হাসনাতের জানা। সে বাম হাতটা আড়াল করে সাক্ষীর জায়গায় সই করল। সই সাবুদ সেরে রেজিস্ট্রার আইনঘটিত কাজ-কর্মের সংক্ষিপ্ত সমাধা করে ফেলে। তারপর চলে মিষ্টি মুখের পাট।

এত তাড়াহুড়ি ব্যাপারটা চুকে-বুকে যেতে খোদাবক্স আসতে আসতে রাস্তায় হাসনাতের কেন এবিধা করল। তারপর বলল, গাঁয়ে নিয়েই মসজিদে শ্রীলতীর সঙ্গে দেখা করে

বাকি কাজটা যেন মিটিয়ে নেয়। হাসনাৎ ব্রতে বলল, সে সব ব্যবস্থা পাকা করে এসেছি।

খোদাবক্স এবার বাসস্ট্যান্ডের নিমগাছের নিচে একটু থামে। লুঙ্গির খুঁট খুলে টাকা বের করে। তারপর হাসনাতের হাতে দিয়ে গুণতে বলে। হাসনাৎ যেন ঘরের সঙ্গে গুণে নেয় নোট।

হাসনাৎ টাকা কটা টাঁকে গুঁজে যেন খুশি খুশি মুখে তাকায়। খোদাবক্স হাসি হাসি ভাব এনে বলে, খুশি তো? হাসনাৎ উত্তর করে কাঁচু মাচু হয়ে-কি যে বলেন।

এবার বিদায়ের পালা। খোদাবক্সের চোখ ছল ছল করে উঠল। মেয়ের সঙ্গে কাউকেই পাঠাচ্ছে না। অনেক ভেবেচিন্তেই এই সিদ্ধান্ত নিয়েছে খোদাবক্স। বাড়িতে রুগ্ন বিবি। কখন কি না কি ঘটে। এই মওকা ছাড়তে হবে ভেবেই খোদাবক্সের কঠিন মনও কেঁদে ওঠে। অবশ্য হাসনাৎকে দীর্ঘদিন চেনে। তাছাড়া মসজিদের মৌলভীও তার বিশেষ পরিচিত। মুহূর্তে এইসব চিন্তা মাথায় এসে ভিড় করে কিন্তু সেগুলোকে দূরে ঠেলে সচেতন হয়। এবার বিদায় দিতে হবে। বাস ঘন ঘন হর্ণ দিচ্ছে।

হাসনাতের হাতদুটো ধরে ছল ছল চোখে খোদাবক্স জড়ানো গলায় বলে, বড় আদরের মেয়ে আমার। তার সব ভার দিলাম তোমার উপর। যেন সুখে থাকে। আমার মেয়েকে আমি জানি। ও তোমাকে সুখে সোহাগে রাখবে। হ্যাঁ যে টাকাটা বাঁচবে তা দিয়ে স্থায়ী ব্যবসা করো। আমি গিয়ে সব ঠিকঠাক করে দিয়ে আসব।

বিদায়ের পালা হঠাৎই শেষ হয় যেই বাসটি স্টার্ট নিল। নসীবন গিয়ে লেডিজ সীটে বসে। হাসনাৎ ও হুকু মিঞা বসে পাশাপাশি। বাস চলতে শুরু করে। নসীবন জানলায় মুখ বাড়িয়ে কিছুক্ষণ বাগানের দিকে চোখ রাখে। কিন্তু মুহূর্তেই আড়াল পড়ে উঠল।

দুচোখে জলের ধারা তখনো শুকোয়নি। লজ্জা ও কৌতূহল মেশানো চোখে তাকায় হাসনাতের দিকে। দেখে দুজনেই বেশ কথাবার্তায় ব্যস্ত। চোখ মেলে দেয় বাইরের বিস্তীর্ণ প্রান্তরে।

তীব্র বেগে বাস ছুটে চলছে। দূরে সমুদ্র পাড়ের কাউ গাছগুলো মাথা উঁচু করে সারি সারি অপূর্ব মায়া ছড়াচ্ছে। সোনা হাওয়া এসে বিলি কাটছে চুলে। ব্যাগে একটা সাদা গাইডের কালো বাস্তুর চলতে চলতেই বাঁটে মুখ দেওয়ার চেষ্টা করে বিফল হচ্ছে। তার মা দাঁড়াচ্ছে না। চলছে তো চলছেই।

হঠাৎই আব্বাজানের কথা মনে আসে। বুকের ভেতরটায় দমক লাগে। বাড়ন্তুলেমানপুর-বাজান আব্বা- প্রিয় ছবিগুলো সব ভেসে ওঠে। সবই ছেড়ে চলে যেতে হচ্ছে।

মাতনাটা থেকে থেকে একেবারে বুক থেকে গলা পর্যন্ত উঠে আসে। অনেক কষ্টে চেপে থাকে, বাইরের আকাশ, গাছপালা, পাখ-পাখালি ও বিচিত্র ঘটনা দেখতে দেখতে।

এক সময় চোখ যায় হাসনাতের দিকে। ব্যাগে হাসনাৎ ও সেই বুড়োটি কি যেন চাপা কথাবার্তা বলছে। বুড়োটি কথার ফাঁকে ফাঁকে বারবারই তাকাচ্ছে নসীবনের দিকে। নসীবন কেমন যেন লজ্জা পায়। সে ঘোমটা একটু জবর টেনে দেয়। হাসনাতের কোন চাচা বা আত্মীয় হতে পারে। এই সময় হাসনাতের উপর তার খুব রাগ হয়। তার উচিত ছিল বলে দেওয়া যে কি, কীভাবে তার থাকবে করা উচিত ইত্যাদি। কোন কাণ্ডজ্ঞান যদি থাকত।

এমন সময় নসীবনের চোখে হাসনাতের চোখ পড়ে যায়। মিষ্টি হাসে নসীবন। হাসনাৎও মুচকি হাসে। নসীবনের ফের চোখ পড়ে যায় বুড়ো মিঞার উপর। ছিঃ ছিঃ কি লজ্জার কথা। সেও ফোকলা দাঁতে হাসছে। লজ্জায় নসীবনের মাথা কাটা যাওয়ার জোগাড়।

বাস চলছে। তীব্র বেগে ছোটে এ লাইনের বাস। দূর দূর স্টপেজ। কাঁকুনি এমন হয় শরীরের অঙ্গপ্রত্যঙ্গ নাট বল্টু যন্ত্রাংশের মত আলগা হয়ে খসে খসে পড়ার যোগাড় হয়।

জানালার কাঁচ থেকে চোখ ফেরাতেই হাসনাতকে দেখে চমকে ওঠে। হাসনাৎ নিবিষ্ট মনে টাকা গুনছে। তবে কি বাজানের দেওয়া টাকা। না না, তা হয় কি করে। এমন সময় দেখল বুড়ো মিঞা আবার এক থোক টাকা দিল। হাসনাৎ ফের গুনতে থাকে। তারপর আবার। নসীবন ক্রমশই হতচকিত হয়ে যায়। কোন ভাবনাই তার কূল কিনারা পায় না। বেশ কৌতূহল নিয়েই ঘোমটার ফাঁক থেকে দেখতে থাকে। এক সময় দেখে হাসনাৎ গোনা টাকাগুলো ট্যাকে গুঁজছে। কিছুটা আশ্বস্ত হয়। এবার দেখল মিঞাকে কাগজ দিতে। হাসনাৎ হাতে নিয়ে উল্টে পাল্টে বেশ কয়েকবার দেখে। তারপর সেটিও বেশ সযত্নে রেখে দেয়।

মিঞা মাথা নেড়ে কি যেন জিজ্ঞেস করে। হাসনাৎও মাথা নেড়ে কি যেন বলে। সারা মুখে তৃপ্তির ঢেউ খেলে। আর অমনি চুক চুক চোখে তাকায় নসীবনের দিকে। নিমেষে নসীবন মুখ ফিরিয়ে নেয়। জানলার বাইরে দৃষ্টি মেলে ধরে। আর সাত পাঁচ ভাবনার ডুব দেয়।

হাসনাৎ-এর ডাকে চমকে তাকায়। ভাবে নামতে হবে। তড়িঘড়ি সিট ছেড়ে উঠে দাঁড়ায়। হাসনাৎ নিরস্ত করে বসতে ইঙ্গিত করে। আর শরীর খারাপ লাগছে। সে নেমে পড়বে। পরের বাসে যাবে। চাচা তাকে ঘরে পৌঁছে দেবে।

কথা শেষ করতে না করতেই দাঁড়িয়ে বাস থেকে নামল। নসীবন কিছু বুঝে ওঠার আগেই বাস ফের ছেড়ে দেয়। নসীবনের চোখে আঁধার নামে। সে নতুন বিবি, চাচার সঙ্গে পাঁরে ঢুকবে। চোখের দৃষ্টি ঝাপসা হয়ে আসে।

সে কৌতূহল মেশানো চোখে তাকায় চাচার দিকে। বিস্মিত হয়। চুক চুক চোখে চাচা তাকিয়ে আছে যেন। মুখে মিট মিট হাসি। নিমেষে দৃষ্টির ধরণধারণ ক্রমশই বদলে যাচ্ছে। বেশ ভীত সন্ত্রস্ত হয়ে যায় নসীবন।

হুকুমিঞার চোখজোড়া ক্রমশই উজ্জ্বল হয়। বড় সুন্দর ভাগর ভাগর চোখ নসীবনের। এমন ওঁটো শরীর যে শাড়ীর বাঁধনে আটকে থাকতে চায় না। বাসের কাঁকুনির সঙ্গে সঙ্গে শরীরের কিছু কিছু অংশ বে-আব্রু হয়ে যাচ্ছে। মনে মনে হুকুমিঞা তারিফ করে হাসনাতের। যতখানি খারাপ ভেবেছিল হাসনাৎকে ততখানি খারাপ সে নয়। বেশ করিৎকর্মা। ভালোই। কেমন খুপসুরৎ জুটিয়ে আনলো এক নিমেষে। প্রথমটায় বিশ্বাস হয়নি। তবে একেবারে অবিশ্বাস করে উড়িয়ে দেওয়াও হুকু মিঞার স্বভাব বিরুদ্ধ।

এমন সময় কন্ডাক্টর হাঁক ডাক শুরু করে চৌদ্দ মাইল, চৌদ্দ মাইল। ব্রতে হুকু মিঞা ঝট্ করে উঠে পড়ে। তারপর নসীবনকে ইংগিত করে-নামো।

এক মুহূর্ত ভাবে নসীবন। বাস থেকে না নামলে তো কোন সুরাহা নেই। যে করেই হোক গাঁ পর্যন্ত গেলে হয়। নাকি বাস থেকে নেমে অপেক্ষা করবে হাসনাতের জন্য। শরীর খারাপ বলল। এখানে অপেক্ষা না করে ঘরে যাবে বা কি করে। নসীবন অস্বস্তিতে কাল গুনছিল। হুকু মিঞার ডাকে সে উঠে পড়ে।

বাসটা এতক্ষণে থেমে গেছে। যাত্রীরা প্রায় নেমে পড়েছে। হুকু মিঞা আগেভাগেই নেমে পড়ে হাত বাড়িয়ে আছে। অবশ্যনা নসীবন ঠিকমত নামতে পারছে না যেন। লজ্জারুণ নসীবন সাবধানে হুকু মিঞার হাত উপেক্ষা করেই নেমে পড়ে।

চোখমুখ কোঁচকায় হুকু মিঞা। অস্ফুটে কি যেন বলতে থাকে। শুনতে পায় না নসীবন। তবে মিঞার মুখভঙ্গী ভালো ঠেকে না নসীবনের। বাস ছেড়ে চলে যায়।

নসীবন একপাশে গিয়ে দাঁড়ায়।

ইতিমধ্যে হুকুমিঞা কোথা থেকে একটা রিক্সা ডেকে নিয়ে এসে দাঁড়ায়। নসীবনকে ইংগিত করে রিক্সায় ওঠার জন্য। নসীবন সেদিকে ভ্রুক্ষেপ না করে দাঁড়িয়েই থাকে।

বিরক্ত হয় হুকু মিঞা। নসীবনের কাছে সরে গিয়ে জলে-হাজার টাকা গুনাগার দিয়ে শাদী করেছি: মুফৎ নয়।

চোরা স্রোতে

মোহন নস্কর

দিন দিন রহস্যময়ী হয়ে উঠছে রণিতা। তার ভাবনার সঙ্গে মিলছে না পরিবারের অন্যান্যদের ভাবনা। বাজারের আলু পটল যাচাই করে কেনার মত মেয়ে দেখাকে তার মনে হয়েছে অপালীন প্রক্রিয়া। অপমানকর, নারীত্বের অবমাননা। আদিম অসভ্য প্রথা। কিন্তু অভিভাবকদের খুশি করতে পাত্র পক্ষের সামনে তাকে বসতে হচ্ছে। উদ্ভট প্রশ্নের উত্তর দিতে হচ্ছে নিজের ইচ্ছার বিরুদ্ধে। তারা চলে গেলে বলছে—রিজেক্ট।

আঠারোজন পাত্র এবং পাত্রপক্ষ এলো দেখলো পছন্দের কথা জানালো। ফিরে গেল। রণিতার পছন্দের সীমানায় কারও তরী ভিড়ল না। তাদের পছন্দ হলেও রণিতার পছন্দ হলো না। ওরা কেউ গ্রেজুয়েট পেত্নি নয়। শিক্ষায় সৌন্দর্যে স্বাস্থ্যে যোগ্য। সুদর্শন, জীবনে প্রতিষ্ঠিত। ওদের কেউ ইঞ্জিনীয়ার। কেউ আই. এ. এস. অফিসার। কেউ অধ্যাপক, কেউ বা প্রতিষ্ঠিত ডাক্তার। এদের কাউকেই যোগ্য মনে করছে না। আজকাল ছেলে মেয়েরা নিজেদের জীবন সঙ্গী নিজেরা পছন্দ করে নিচ্ছে। তেমন কিছু করলে খুশি হতেন রণিতার অভিভাবকরা। আশ্চর্য: মেয়ে কি চাইছে বোধগম্য হচ্ছে না তাদের।

আশ্চর্য চরিত্রের মেয়ে। নিজের ইচ্ছা নিজের নিয়ন্ত্রণে নাই। দর্শনে মাস্টার ডিগ্রি পেয়ে প্রথমে বললো—অধ্যাপনা করবো। কিছুদিনের মধ্যে সে ইচ্ছা ত্যাগ করে বললো—মডেলিং করবো। এক দুদিন গেল। কাজও গেল ছোট খাটো। মন ভরলো না। বললো—বাবিশ। নোংরা জায়গা। পরের ইচ্ছা সঙ্গীত শিল্পী হলো। চর্চাও করলো প্রখ্যাত শিল্পীর কাছে। কিন্তু সঙ্গীতে যে ধৈর্যের প্রয়োজন, তা ছিল না রণিতার। ছেড়ে দিল। এখন রূপচর্চা। সিনেমা দেখা আর এক দঙ্গল ছেলে বন্ধু নিয়ে হৈ হল্লোড় করে বেড়ায়। রণিতার জীবন চর্চা বলতে এখন এই টুকু। আগে তবু সাহিত্যের প্রতি কিছুটা আগ্রহ ছিল এখন তাও নেই।

রণিতা সত্যিই সুন্দরী। ধৈর্য ধরে থাকলে নামি মডেল হতে পারতো, চাই কি সিনেমার নায়িকা হওয়ার সবরকম যোগ্যতা ছিল। বাবা নামি ব্যবসায়ী। দুই দাদা। বাবার সহকারী। এরা এ যুগের সংস্কার মুক্ত মানুষ। মেয়েকে পূর্ণ স্বাধীনতা দিয়েছেন। মেয়েকে স্বাধীন ভাবে সঙ্গী নির্বাচনের ব্লাঙ্ক চেক দিয়ে বলেছেন—তোমার নিজের পছন্দ থাকলে আমাদের আপত্তি নেই। রণিতা জানিয়ে দিয়েছে সে রকম পছন্দের কেউ নেই। অনেক ছেলে বন্ধু আছে ঠিকই। কিন্তু তারা শুধুই বন্ধু। তার বেশি নয়। কলেজ জীবনে দু-একজন ছেলে বন্ধুকে ভাল লেগেছিল। কিন্তু সেই ভাললাগার আয়ু বেশি পায়নি। রণিতার উপলব্ধি এরাও অন্যের থেকে আলাদা নয়। এরা বন্ধু হতে পারে কিন্তু স্বামী নয়।

তবে কি কুমারী থাকতে চায় রণিতা? সে নিজেও জানে না কি চায়। সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেনি অভিভাবকদের। আসলে তার ভাবনার মানদণ্ড এক নয়। অন্যান্যের ভাবনা কালকের ভাবনার সঙ্গে মেলে না। আজ যা চায় কাল তা চায় না। আজ যাকে ভাল মনে হয় কাল ধারণা পাল্টে যায়। সব ক্ষেত্রেই তার মনে হয়েছে এটাই শেষ নয়। শ্রেষ্ঠ নয়। শেষের পরেও শেষ

আছে। প্রেটর পরে আছে প্রেটতর।

বান্ধবীরা সতর্ক করেছে-আজ যাদের বাড়িতে ডাকছিস। একদিন ওদের জন্যেই পস্তাতে হবে। বান্ধবীদের সতর্কবাণী রণিতার কাছে কৌতুকের। তার বিশ্বাস অন্যরকম। হাসতে হাসতে বান্ধবীদের দিকে সরস জবাব ছুঁড়ে দিয়েছে-ঘুষটা টাকার রূপ। টাকা ছাড়লে অনেক পাঁঠা পাওয়া যাবে। চাইলে রামপাঁঠাও পাওয়া যেতে পারে।

জর্মনির অধ্যাপক পাত্র এনেছিলেন বড় মামা। ডক্টরেট। বৃষ্টি পরে পাত্রী দেখতে এসেছিলেন বলে রণিতার কাছে ছবিটি। মন্তব্য—এ যুগে অচল। সেকেলে, অরুচিকর, ভি. ভি. পি'র ইঞ্জিনীয়ার বড়দার বন্ধু। বেতন হাজার পুনের টাকা। অন্যান্য ভাতা অতিরিক্ত। সুদর্শন। বিদেশের ডিগ্রি আছে। প্রবাসী বাঙালী। বিদুষী বালিকা। সেও বাতিল হয়েছে মায়ের চুল ছোট করে ছাঁটা বলে। অদ্ভুত মন্তব্য রণিতার।

মেড়োর গলায় মালা দিতে পারবো না বাপু! ছাঁ চুল বটে সঞ্জয় দত্তের। যাকে বলে ম্যাচো হিরো। বড়দা বোনের পছন্দের কথা শুনে বন্ধুকে বললো-তুই সঞ্জয় দত্তের মত চুল রাখতে পারবি না?

বন্ধু শ্রীশীশ হেসে বললো—না।

—কেন?

—আমি হনুমান নই।

সঞ্জয় দত্তের মত কাঁধাবি চুলের আর একটা পাত্র আনলো বড়দা। রণিতার পছন্দ হলো। কিন্তু যখন শুনলো বেতন বেশি নয় সাকুল্যে দশ হাজার। বেঁকে বসলো। রণিতার বিশ্বাস ওই বেতনে এযুগে একটা ছোট পরিবার ভালভাবে চলতে পারে না। স্বাবসায়ী পাত্রও রণিতার অপছন্দ। বৃত্তি ব্যবসাকে বাদ দিয়ে স্ত্রীকে ভালবাসার সময় পাবে না। আর স্ত্রীকে ভালবাসার সময় দিলে ব্যবসা লাটে উঠবে। তাছাড়া স্বাবসায়ীরা টাকা পয়সা, লাভ লোকসান বোঝে। প্রেম ভালবাসা বোঝে না। অর্থাৎ স্বাবসায়ীরা রোমান্টিক হয় না।

রণিতার বাবা হতোদ্যম। পিতা পুত্রীর দূরত্ব বাড়ছে প্রতিদিন। এ যুগে আকছার শোনা যায় বিচিত্র মানসিক রোগের। রণিতা কি সে রকম কোন রোগের শিকার। বিয়ে করতে তার পাচ্ছে। ডাক্তার বন্ধুর সঙ্গে পরামর্শ করলেন ; পরীক্ষা নিরীক্ষার শেষে ডাক্তার জানালেন রণিতা সম্পূর্ণ সুস্থ। বিয়েতে অসুবিধা হবে না।

রণিতা বোকা নয়, বুদ্ধিমতী, যুক্তিবাদী। তার কাছে আবেগ নয় যুক্তিই বড়। পারিবারিক আলোচনার টেবিলে তার তীক্ষ্ণ যুক্তিজালে দাদারা অনেক সময় হার মেনেছে। রণিতার মধ্যে বস্তুমুখী অহংবোধ ক্রিয়াশীল। সময়ের দাবিকে আমল দেয় না। কালের পদধ্বনি শোনে না। শোনার চেষ্টা করে না। হুৎ বলে উড়িয়ে দেয় সব কিছু। ধনীর কন্যা বলে তার অহঙ্কার আছে। সমগ্র পৃথিবীর ধনীর হাতের মুঠোর ক্ষমী অহংকারের রঙীন চশমায় চোখ ঢেকে রণিতা দেখতে চায় না কালের গতি।

সময় দাঁড়িয়ে নেই। মহাকালের চাকা অবিরাম ঘুরে চলেছে। সময় চলেছে। চলতে চলতে এক সময় কখন তার নাগালের বাইরে চলে গেছে রণিতা টের পায়নি, একদিন আবিষ্কার করলো তার সমবয়সী বান্ধবী, আত্মীয়রা কেউ অবিবাহিতা নেই। তার থেকে বয়সে ছোটরাও অনেকে নিজের পছন্দ মত জীবন সঙ্গী বেছে নিয়েছে। অথবা বাবা মায়ের পছন্দকরা পাত্রের গলায় মালা দিয়ে তারা এখন ঘরণী। সুখি সংসারী,-সন্তানের জননী।

বেশ চলছিল দিন। চলছিল জীবনযাপন। হঠাৎ যেন বাতাস থমকে দাঁড়ালো রণিতার সামনে। বিস্ময়ে আকাশ দেখলো। আকাশ আর আগের মত নীল নেই। আয়নায় মুখ দেখলো। আগের মত লাবণ্য নেই, মাথার চুল আগের মত কালো নেই কানের পাশে দু'একটা চুলে রূপালী রঙ ধরেছে। চোখের নিচে কালির আভাস। আগে পথ চলতে যুবকদের মুগ্ধ দৃষ্টি তার আগা পাস্তালা লেহন করতো। একটা সুটো হাল্কা টিজ খারাপ লাগতো না। রণিতা লক্ষ্য করছে ইদানিং যুবকরা মুগ্ধ দৃষ্টিতে তাকায় না। টিজ করে না। কেউ কেউ আন্টি সম্বোধন করে। রণিতার চোখের আলোয় পাল্টে যাচ্ছে পৃথিবীর চালচিত্র। তার হাতের নাগাল থেকে খসকে গেছে সময়ের লাগাম। সময়ের অমোঘ চরণচিহ্ন রণিতার শরীরের অলিতে গলিতে।

পৃথিবী বড় নির্মম। নির্মম কালের অনুশাসন। সময় বড় পিছল। রণিতা চোখের রঙীন চশমা খুলে দেখলো পিছলে গেছে সময়। কেউ তার জন্য পথে অপেক্ষা করে নেই। ট্রেন স্টেশন ছেড়ে চলে তার অজান্তে। এখন গুমসান স্টেশন প্ল্যাটফর্মে সে একা দাঁড়িয়ে আছে শূন্য হাতে। রণিতা উপলব্ধি করলো চোরা স্রোতে সময় চলে গেছে সীমানা ছাড়িয়ে। বিয়ের বয়স অতিক্রান্ত। প্রেম থেকে প্রেমতর আজও আসেনি। অথবা এসেছিল সে চিনতে পারেনি। অহংকার, অবজ্ঞায় দূরে সরিয়ে দিয়েছে।

বাবা, দাদারা রণিতার জেদের কাছে পরাজিত। ক্লান্ত, তারা হতাশার হাল ছেড়ে দিয়েছেন। ও জীবন যেমন ভাবে চালাতে চায় চালাক। বাবা দাদাদের সঙ্গে দূরত্ব বেড়েছে দিন দিন। রণিতা বুঝলো আর দেরি করা সমীচীন নয়। এবার বিয়ে করা উচিত। কিন্তু ইচ্ছার তীরে এসে দেখলো কোন পাঁঠা তার জন্যে অপেক্ষা করে নেই। বন্ধ জানালা খুলে দেখলো বাতাস হাহাকার করছে মরচে পড়া গরাদে গরাদে। আয়নায় প্রতিবিম্ব দেখে রণিতার শূন্য বুকে ঝড় উঠলো।

একাল আর সেকাল। দুই কালের দুই আমিকে মেলাতে গিয়ে অঙ্ক মিলছে না রণিতার। দিন চলে যাচ্ছে। চিকন কালো চুলে রূপালী বাটিকের হিজি বিজি বাড়ছে। মুখে ক্লান্তির মরা ঢেউ চলকাচ্ছে। রণিতা ঘরে যাচ্ছে।

হঠাৎ হৃদরোগে মারা গেলেন রণিতার বাবা। রণিতা ছিটকে পড়লো তার পরিচিত কক্ষ পথ থেকে। ভাঙনের মুখে দাঁড়িয়েছিল যে পরিবার, ভেঙে খান খান হয়ে গেল। ছ' মাসের মধ্যে দুই ভাই পৈত্রিক ব্যবসা ভাগ বাঁটোয়ারা করে দুই জায়গায় ডেরা বাঁধলো। মা আর রণিতা পড়ে থাকতে বাধ্য হলো পুরানো বাড়িতে। উপলব্ধি দিয়ে অনুভব করলো বিশাল লবণ সাগরের মাঝে ছোট লবণ দ্বীপে বন্দিনী সে। চারিদিকে নোনা বাতাস। লবণাক্ত হাহাকার। দিশাহারা রণিতা দেখলো পাশে দাঁড়ানোর মত একজনও মানুষ নেই। অন্ধকার এই দ্বীপ ডাকিনী যোগিনী প্রেতিনীর বিষাক্ত নিশ্বাসে ভারাক্রান্ত।

অন্ন বস্ত্র বাসস্থানের অভাব নেই রণিতার। অভাব নেই বিলাসের। অর্থ বিলাস বাসন নিয়েই তো জীবন নয়। জীবন একান্ত নিজের। জীবনের আর এক নাম পথ চলা। জীবনের দুর্গম পথ পরিক্রমায় একজন সঙ্গী চাই। যে অন্ধকারে আলো দেখাবে। হাত ধরে দুর্গম পথ চলতে সাহায্য করবে। ঝড়ের রাতে চওড়া বুকের আড়ালে আগলে রাখবে। দেবে নির্ভরতা। দেবে নিশ্চয়তা।

রণিতা অনুভব করছে শূন্য বুকের গভীরে অতৃপ্তির ঘুণপোকারা কিল বিলিয়ে বেড়াচ্ছে। কুরে কুরে খাচ্ছে ছোট ছোট স্বপ্ন গুলো। অর্থ সব। অর্থ থাকলে সব আছে, সময়, সুখ কিন্তু থাকবে হাতের মুঠোয়। পূর্বের ধারণা বদলে যাচ্ছে, পট পরিবর্তন হচ্ছে, অর্থই শেষ কথা বলে না, শেষের পরেও আরও কিছু আছে, যা আজও অধরা রয়ে গেছে রণিতার কাছে। অজানা থেকে গেছে, অচেনা থেকে গেছে, হয়তো এসেছিল কোন এক সময়। চিনতে পারেনি রণিতা। ধরতে পারেনি, অবজ্ঞায় অবহেলায় প্রত্যাখান করেছে।

শরীরে মনে রণিতা এখন বিধ্বস্ত। এতোকাল যেটা প্রয়োজন মনে হয়নি। আজ শরীর চাইছে, এবিলের কুহুকুহু শরীর চাইছে নিশীথ রাত্রির গহিন স্তব্ধতায় এক সবল পুরুষের আলিঙ্গন, নিপীড়ন।

সব কিছু ওলোট পালোট হয়ে যাচ্ছে। অভিজ্ঞতায় জেনেছে পুরুষ জাতটা খুব সস্তা। রূপ আছে, শিক্ষা আছে, বাপের অগাধ অর্থ আছে।

শরীর খুলে কী দেখা যায়?

ঘনশ্যাম চৌধুরী

শরীর খুলে কি দেখা যায়? দেখা যায় মনের আনাচ কানাচ। আনাচকানাচ, কোণা-খাদ্দি আরো সব বড়সড় জীবন-আপন ধরে নেবেন মুরলী মনোহর। তারপর তিনি সেগুলোকে বর্ণমালায় সাজাবেন। মুরলী মনোহর দাসকে তাই আমাদের জানা দরকার। উনি গল্প লেখেন, উনি উপন্যাস এবং কবিতাও লেখেন। উনি ঈশ্বরের সঙ্গে কথা বলেন। কারণ ঈশ্বরের মতো মুরলী মনোহরও সৃষ্টি কাজে ব্যস্ত। এখন রাত নিশুতি। জানালার পর্দা সরালেই নক্ষত্র ছড়ানো আকাশ। সেখানে সপ্তর্ষি, ধ্রুবতারা, স্বাতী, অরুন্ধতী, অশ্বিনী রোহিণীদের ভীড়। তিনি জানালার বাইরে মহাকাশে দৃষ্টি ছুঁড়ে দিয়ে লেখার রসদ নেন। তিনি জানেন, তাঁর ইস্পাত ফলার মতো ধারালো লেখা বুদ্ধিমান মানুষের মগজ ফালাফালা করে দেবে। তাঁকে বীকৃতি দেবেই মানুষ। কারণ এছাড়া তাদের কাছে দ্বিতীয় কোন পথ খোলা নেই। মুরলী মনোহরের ইচ্ছে, এই নশ্বর জীবন থাকতে থাকতে তিনি এই গ্রহের মানুষের জন্য অসামান্য কিছু দিয়ে যাবেন। যা তাঁকে অবিনশ্বর করে রাখবে। তাঁর কীর্তি দেশের গণ্ডী পেরিয়ে বিশ্বে কীর্তিত হবে।

মুরলী মনোহরের জীবনী জানার অধিকার থেকে যাচ্ছে আমাদের। কারণ আগামী দিনে দেশের একজন চিত্রাশীল ব্যক্তি হিসেবে, তিনি যখন আবির্ভূত হতে যাচ্ছেন, তাঁর সে জীবন তখন সাধারণ মানুষকে প্রেরণা জোগাবে। বড় সড় খবরের কাগজগুলোতে, রেডিও টিভিতে তাঁর নাম বার-বার তখন শোনা যাবেই। অতএব মুরলী মনোহরের জীবনটাও আমাদের জেনে নিতে হবে।

উদীয়মান এই সাহিত্যিকের বাবা কৈলাস দাস ছিলেন মৎসজীবী। তিনি খালে-বিলে-পুকুরে-নদীতে মাছ ধরতেন। বাজারে মাছ বেচতেন। কঠোর জীবনে বিলাসের মেন ছিলো না তাঁর। মুরলী মনোহর ভেবেছেন, যখন তিনি সভা সমিতিগুলোতে ডাক পাবেন, তখন বাবার সেই দারিদ্র্য মন্ডিত জীবন তুলে ধরবেন বক্তৃতায়। এদিকে বিশ্বস্ত সূত্রে যেটুকু খবর পাওয়া গেছে, তাতে জানা যাচ্ছে, কোন এক বরষাভর মধ্যাহ্নে বিপ্রহরে কৈলাস দাসের খাপসা জালে মাছের বদলে একটা থলি উঠে আসে। রূপকথার গল্পের মতো সেই থলিতে এক গোছা স্বর্ণালঙ্কার পাওয়া যায়। লিখিত কোন তথ্য কোথাও না পাওয়া গেলেও কথিত আছে, কৈলাস দাস সেই সব সোনাদানা বেচে নিজের বাড়িতে এক কালীমন্দির প্রতিষ্ঠা করেন। প্রতি শনি-মঙ্গলবারে মা কালী তাঁর মধ্যে ভর করতেন। বহু আর্ত মানুষ কৈলাস দাসের বাড়িতে ভীড় জমাতো শোকতাপক্লান্ত-ব্যাধির হাত থেকে বাঁচতে। মা কালীর অশেষ করুণায় পাঁচ বছরের মধ্যেই কৈলাস দাসের দোতলা পাকা বাড়ি ওঠে। প্রতি শনি ও মঙ্গলবার প্রণামীর থালায় এত পয়সা পড়তো, যে, কৈলাস দাস প্রথমে দফায় সেগুলি দাঁড়িপাল্লায় ওজন করে রাখতেন। প্রতি মঙ্গল ও শনিবার তিনি রাত বারোটার পর নৃমুণ্ডমালিনীচামুণ্ডাচণ্ডিকার সাধনায় বসতেন মোক্ষলাভের জন্য। কথিত

একটু প্রশ্রয় দিলে, দু দু করে তাকালে ছুটে আসবে যে কোন যুবক। সুন্দরীর পদতলে লুটিয়ে বলবে আমাকে কৃতার্থ করো তোমার ভালবাসা দিয়ে প্রেম দিয়ে। আমাকে লেহন করো তোমার মুখ দৃষ্টির আলোয়। পুরুষ মাত্রই হ্যাঙলা। প্রশ্রয় দিলে জীবন দিতে ও প্রস্তুত।

একটা নির্দিষ্ট সময় পর্যন্ত ছেলেরা মেয়েদের পশ্চাতে হ্যাঙলামো করে। সময়টা অতিক্রান্ত হলে যে যার পথ দেখে নেয়। ঠিক সময়কে চিনতে পারে নি রনিতা। ধরতে পারেনি সময়ের হাত।

কলেজের সহপাঠিনীর শ্রীলেখাকে দেখে প্রথমে চিনতেই পারেনি রনিতা। শাঁখা সিঁদুরে সুখি গৃহবধূ। বিবাহিত জীবনের পূর্ণতা শ্রী আছে শ্রীলেখা তার উজ্জ্বল উপমা। আগের থেকে সুন্দরী হয়েছে। পরিবর্তন হয়েছে শরীরে, পোশাকে।

শ্রীলেখা কলেজে আসতো শহরতলি থেকে। নিম্ন মধ্যবিত্ত পিতার কন্যা। বাপ রেলের কেরানী। অনেকগুলো ভাইবোন। টানা হাঁচড়ে চলা জীবন। বিলাসিতা ছিল ধরা ছোঁয়ার বাইরে. রনিতার বন্ধু আর বিলাসিতার পানে দাঁড়িয়ে দু'চোখ ভরে দেখতো। নীরবে শুনতো রনিতার আকাশ ছোঁয়া কথা বার্তা। মুখচোরা লাজুক মেয়ে শ্রীলেখা। ধনীর কন্যার সহপাঠিনী ঠিক কিন্তু ওর সঙ্গে পাল্লা দেবার ক্ষমতা কোথায়। রনিতা উচ্চাকাঙ্ক্ষার কথা শোনাতো বন্ধুদের। ভবিষ্যতের কথাও শোনাতো। জানতে চাইতো অন্যদের ভবিষ্যৎ পরিকল্পনা কী :

শ্রীলেখা অসহায়ভাবে বলতো—বাবা গরীব, আমার জীবনের কোন উচ্চাকাঙ্ক্ষা নেই। বাবা কষ্ট করে লেখা পড়া শেখাচ্ছেন ভাল জামাই পাবার জন্যে।

—তোর ইচ্ছা কী?

জানতে চেয়েছিল রনিতা।

—আমার কোন ইচ্ছা নেই। বাবার ইচ্ছা আমার ইচ্ছা। শব্দ করে হেসে রনিতা বলেছিল—গাঁইয়া। রাজনৈতিক নেতাদের ঢঙে আরও বলেছিল—আর সে যুগ নেই, নারী-পুরুষের দাসী বাঁদি হয়ে থাকবে না। আমরা এখন অবলা নয় সবলা। আমরা চাই স্বাধীনতা, স্বামী হবে বন্ধু। সংসার হবে যৌথ, দারিদ্র হবে ভাগাভাগি। আধা-আধি।

শ্রীলেখা কিন্তু কেনাকাটা করেছে, এক হাতে কোলাব্যাঙ। অন্যহাতে দেড় বছরের শিশুপুত্রকে সামলাতে হিমসিম। রনিতা চিন্তিত পড়লেন।

—আই শ্রীলেখা।

রনিতাকে দেখে অবাক হলো? শ্রীলেখা। ধনীর সুন্দরী কন্যা কেন এদের মত নেই। মিউটি গুলাবে পরিপাটি সংসার বছরের ছেলে শরীর ঘিরে। স্নিগ্ধ শরীরের যৌবন টিলে ঢালা। উদরের বেলাভূমিতে চর্বির সমাবেশ। চোখের চারিদিকে ক্লান্তির ছাপ। শাঁখা সিঁদুরহীন নিশ্চয় অবিবাহিতা।

—কেমন আছিস শ্রীলেখা? কোথায় বিয়ে হয়েছে তোর? দুটি প্রশ্ন এক সঙ্গে উগরে দিল রনিতা। প্রশ্নের উত্তর দেবার আগেই শ্রীলেখা তার ঘুমন্ত শিশুকে রনিতার কোলে দিয়ে বললো—একটু ধরতো ভাই। ঘুমে ঢলে আমাকে নাস্তানাবুদ করে দিল।

—রিন্টু। মাসিমনির কোলে একটু যাওতো বাবা। বেহাল পোশাক সামলে, ব্যাগ থেকে বিস্কিট বের করে কোলে নিতে চাইলো সে মায়ের কোলে ফিরতে চাইলোনা, মাথা নেড়ে প্রবল আপত্তি জানালো।

—মাসির কাপড় নোংরা করবে। এসো দুষ্টুমি করোনা। দেড় বছর রিন্টু মাসি নামের মধ্যে মজার খোরাক পেল। হাততালি দিয়ে মাতি, মাতি, মাতি। রনিতার চিবুকে হাত দিয়ে বললো—

—তুমি মাতি?

—হ্যাঁ আমি মাসি। নতুন মাসি। রাঙা মাসি। ব্যস আর যায় কোথায়। নতুন মাসিকে ব্যতিব্যস্ত করে তুললো শ্রীলেখার ছেলে। কখনও চুল ধরে টানে। কখনও গলার হার, কখনও গলা জড়িয়ে নাকে হাগ্গি দিচ্ছে।

শ্রীলেখা জানালো সে থাকে বাটানগরে, স্বামী মহাকরণের মাঝারি মাপের কেরানী। এটাই প্রথম সন্তান। জীবন মুষ্টু।

কলেজ জীবনে শ্রীলেখা ছিল অর্ন্তমুখি। স্বল্পবাক। দামি দামি শাড়ি ব্লাউজ পরনা পরার ক্ষমতা ছিল না। আসলে সে সচেতন ভাবে সহপাঠিনী ধনী কন্যাদের সমকক্ষ হবার চেষ্টা করেনি। কলেজ জীবনে শ্রী লেখাকে করুনা করতো রনিতা। পড়া লেখায় ভালছাত্রী হয়েও পড়া শেষ না করে কলেজ ছেড়েছিল। বাপের পছন্দের পাত্রের গলায় মালা দিতে পিঁড়িতে বসেছিল। শ্রীলেখার বিয়ের কথা জেনে রনিতা কলেজ ক্যানটিনে বন্ধুদের সঙ্গে আলোচনায় বলেছিল-শ্রীলেখা কি বোকা। বিয়ের সময় পেরিয়ে যাচ্ছে না। মেয়েদের বিয়ের অর্থ সংসারের বাঁদি বন্দী। একজন পুরুষের দাসত্ব করা। যতদিন বিয়ে না হচ্ছে ততদিন মেয়েরা স্বাধীন। নিজেকে নিজের মত চালাও। নিজেকে চেনো। সুন্দর জীবনটাকে ইচ্ছামত উপভোগ করো।

—চলিরে রনি। চলে আয়না একদিন আমাদের বাড়িতে। ও ভীষন খুশি হবে।

ও, অর্থাৎ শ্রীলেখা স্বামীর কথা শোনালো। শ্রীলেখা পুনরায় বললো—বাটার মোড়ে গিয়ে সত্যজিৎ সরকারের বাড়ি বললে যে কেউ চিনিয়ে দেবে। আসবি কিন্তু। রনিতা হেসে বললো-সময় পেলে যাবে।

ভারাক্রান্ত মন নিয়ে ঘরে ফিরলো রনিতা। চাওয়া পাওয়ার হিসাব নিকাশে কোথাও বড় ভুল হয়েছে, শ্রীলেখা জিতেছে। ওদের দেখে নিজের সামাজিক অবস্থান বিশ্লেষণ করে রনিতা এক সময় ভাবতো ওরা কি বোকা। নিজেদের বলি দিচ্ছে সমাজের যুপকাষ্ঠে। ছিন্নমস্তার মত নিজের গলা কেটে নিজেই রক্তপান করছে। বেচারা। সময়ের দাস।

ছোট শিশুর নিষ্পাপ আদরে রনিতার বুকে অতৃপ্তির দাবাস হা হা: করছে। জয় পরাজয়ের হিসাব নিকাশে দেখছে শ্রীলেখারা জয়ী প্রতিটি পদক্ষেপে। স্বামীর বিশাল কায়াকে জড়িয়ে সূর্যমুখী ফুল খোলা আকাশ দেখছে। ছোট শিশুকে বুকে পেয়ে শ্রীলেখা পরিপূর্ণা। বিপদ আপদ ঝড় ঝাপটায় নিরাপত্তা দিচ্ছে স্বামী নামের বিশাল কায়াওয়ালা মহীরুহটী। সব শিশুই দেবশিশু। শিশুর মুখে মা ডাক স্বর্গীয় সুষমা ছড়ায়। ছোট শিশুর মুখে 'মাতি' ডাকে রনিতার বুকে অনির্বচনীয় সুখের শিহরণ জাগছিল। দুষ্টুমিতে নাস্তানাবুদ হয়েও মনে হচ্ছিল এতো পরম সুখের। পরম পাওয়া হৃদয়ের গহনে ঝিনি ঝিনি ঝঙ্কার তুলছিল।

নারীর পূর্ণতা জননীতে। শ্রীলেখা জননী হয়ে সুখি। শ্রীলেখার সঙ্গে তুলনা করে রনিতা দেখছে সে নিজেই পরাজিত। ভীষণভাবে পরাজিত।

ড্রেসিং টেবিলের আয়নায় নিজেকে নগ্ন করে রনিতা দেখতে চাইলো সেন্সেটেড আর কতটা অবশিষ্ট আছে। অবশিষ্ট আছে যৌবনের। নেই নেই। এখন টিকে আছে শুধু যুবতীর খোলসটুকু। এখন যদি কোন যুবকের সামনে নতজানু হয়ে আবেদন করে—আমাকে গ্রহন করো। সে মুখ ফিরিয়ে নেবে। অবজ্ঞায়। ঘৃণায়, করুণায় চোখে তাকিয়ে বলবে—বোকা। রনিতা রূপ লাবণ্য অর্থ বিলাস বৈভবের অহংকারে জীবনকে ইচ্ছা মত মেলে ধরে তাকিয়ে তাকিয়ে ভোগ করার বাসনায় চিনতে পারেনি সময়কে। সুখের সাদা পাখি উড়ে গেছে নীল আকাশের সীমানা ছাড়িয়ে।

স্বামীর অকাল মৃত্যু। পুত্র পুত্রবধূদের অবহেলা, রনিতার কিংকে ভবিষ্যতের নিরাপত্তা সহ্য করতে পারলেন না মা। তিনিও স্বামীর অনুগামিনী হলেন এক বছরের মধ্যেই।

মায়ের মৃত্যু রনিতাকে আর ও নিঃসঙ্গ করে দিল। এখন তার সামনে ধূ ধূ মরুভূমি। বিশাল মরুপ্রান্তরে দাঁড়িয়ে সে একা। দাসী, বৌমিরা যে যার সংসার আবর্তে ঘুরপাক খাচ্ছে? যে যার পরিবার নিয়ে ব্যস্ত। বিব্রত। অর্থ, বিলাস বৈভব আগলে রক্ষ ঘুড়ির মত রনিতা এখন একা। ভীষন একা।

নিঃশ্বেস

অশোক ভট্টাচার্য্য

দুটো হাতের পরে ভর দিয়ে অতি কষ্টে জানলার পাশে উঠে বসল বিনোদ। দিনের পর দিন শুয়ে থাকতে আর ভালও লাগে না। অথচ কোন উপায়ও নেই!

সন্ধ্যে বেলায় তাই বাড়ি বাড়ি যখন শাঁখের ফুঁ বেজে ওঠে বিনোদ তখন জানলার পাশে উঠে বসে প্রতিদিন। আজকেও বসেছিল। বসে ভাবছিল, রমলা সেই দুপুর বেলায় কারখানায় গিয়েছে আর এই সন্ধ্যে হয়ে গেল এখনো ফিরলো না। আজকে বোধ হয় আর কিছুই জোগাড় করতে পারে নি, শূণ্য হাতে ফিরে আসবে!

কাউকেই আর দোষ দেয় না বিনোদ। হলোই বা সহকর্মী কে আর দেবে? ছোট্ট কারখানা। আর কি বা ওদের মাইনে, বিনোদ নিজেই তো ভাল করে জানে। তবু ভাগ্যিস্ কাজ করতে থাকা অবস্থায় এ্যাকসিডেন্টটা হয়েছিল। দুটো পা-ই শেষ পর্যন্ত কেটে বাদ দিতে হোল। মালিক কিছু টাকা দিয়েছিল, চিকিৎসার কিছু ব্যবস্থা করে দিয়েছিল, আর সহকর্মীদের কাছ থেকে বাড়তি কিছু সহানুভূতিও পেয়েছিল

কিন্তু আজ দু'টা মাস হোল কাজ। একটা পয়সাও আয় নেই। কারখানার সবাই তো ওরা কাজ করে 'নো-ওয়ার্ক-নো-পে'—এর ভিত্তিতে। কত টাকাই বা তাতে জমাতে পেরেছিল? পাঁচ-পাঁচটা পেট বাই-এ। কি করে যে চলে তা একমাত্র ঈশ্বর জানেন। তাছাড়া কপালের ফের কখনে বলে ; এতদিন অসুখ-বিসুখ কোনটাকেই পাত্তা দেয় নি বিনোদ। আর এই এ্যাক্সিডেন্টের পর থেকেই সব কিছু যেন প্রতিশোধ নিতে শুরু করেছে।

লো-হেলার, হাই-ব্লাড সুগার। দু-মাসেও পা-এর কাটা ঘাটা পুরোপুরি শুকায় নি। তার পরে মাঝে মাঝেই দুর্বল শরীরে ঠাণ্ডা লেগে শ্বাস কষ্ট শুরু হয়। এই দু'টা মাসেই বিনোদ নেহে তো হটেই, মনেও ভেঙ্গে পড়েছে একেবারে।

প্রথম দু-এক মাস অন্যান্যরা সহ-কর্মীরা চাঁদা তুলে কয়েক টাকা রমলার হাতে দিয়েছিল। তা আজ হয়তো কিছু আর জোগাড় করতে পারে নি। তাছাড়া বিনোদ আজ রমলাকে যাওয়ার সময় বলে দিয়েছি মালিকের সাথে দেখা করে একটু যেন বুঝিয়ে বলার চেষ্টা করে বড়ছেলে পটলাকে যদি একটা কিছু কাজ দেয়।

কথাটা বলেই, বিনোদ নিজেই একবার ভেবেছিল কি কাজ ওকে দেবে মালিক? পটলার বয়স তো সবে এই দশ পেরিয়ে এগারোয় পড়েছে। তারপর! লিকলিকে বা রক্ত শূণ্যের মত চেহারা।

কপাৎ করে একবার রান্না ঘরের দিকে তাকাতেই হঠাৎ বিনোদ চেয়ে দেখলো, রমলা এসেছে কিনা। কিন্তু না ; একটা বিড়াল। হঠাৎ নিজেই একবার হেসে উঠল বিনোদ, ওদের ঘরেও বিড়াল তাহলে এখনো আসে?

সন্ধ্যের অন্ধকার এক সময় গাঢ় হয়ে রাত্রি নেমে এলো। আশে পাশের বাড়ি গুলোতে আলো জ্বলে উঠল। বিনোদ নীরবে জানালার ধারে বসে সব দেখতে লাগল। দেখল, এক সময় রমলাও এসে বাড়িতে ঢুকল।

ঢোকা মাত্রই বিনোদের ইচ্ছে করল না যে রমলাকে ডেকে জিজ্ঞেস করে কি হোল? তাছাড়া আশা মাত্রই—বোধ হয় খিদের তাড়নায়—তিনটে ছেলে মেয়েই চেঁচামেচি শুরু করে একটা যেন তান্ডব বাঁধিয়ে তুলল। অন্ধকার ঘুপটি ঘরে তাদের কঙ্কাল সার শরীর গুলো চলাফেরা করতে দেখে বিনোদ নিজেই যেন একবার শিউরে উঠল।

শূণ্যের মধ্যে কথাটা ছুঁড়ে দিয়ে বিনোদ বলে উঠল, 'হেরিকেনটা এখন বরাদ্দ হয়'। বলেই আবার ভাবল, কে জানে আজ সকালে রমলা কেরোসিন জোগাড় করতে পেরেছে কিনা। কাল তো রাত ন'টার পরেই কেরোসিনের অভাবে হেরিকেনটা ধীরে ধীরে নিভে গিয়েছিল। তবু বিনোদ দেখল রমলা একটা লম্ফ ধরিয়ে উনুনটায় আঁচ দিল। ছেলে মেয়ে গুলোকে কাছে টেনে একটু শান্ত করে নিল।

আশ্চর্য মেয়ে রমলা ; বিনোদ ভাবতে লাগল। এত অভাব, এত অসুবিধে অথচ রমলা কোনদিন তো কিছু অভিযোগ করে না? তোর বেলা উঠেই বিনোদ কারখানায় বেরিয়ে যেত। দুপুরে কোন রকমে একবার নাকে-মুখে দিতে আসত, তারপর আবার সাইকেল করে ছুটে চলে যেত। সংসারের সব ঝামেলাই রমলা নীরবে নিয়েছিল নিজের ঘাড়ে। সপ্তাহ অন্তে কত টাকাই বা পেত বিনোদ। তাই-ই যখন রমলার হাতে এসে দিত, ও তাতেই খুশী হোত। আর এখন, একটা পয়সা দেওয়া তো দূরের কথা, উল্টে তারই জন্যে খরচের শেষ নেই।

একটা দীর্ঘ নিঃশ্বাস অজান্তে পড়ে গিয়ে চোখ দুটো বন্ধ হয়ে এলো বিনোদের। এক একবার ভাবে বিয়ে করাটা তার উচিত হয় নি। কিন্তু যৌবনের মাদকতায় তখন তো আর অত কেউ ভাবতে পারে না। আবার ভাবে, যদি বিয়ে না করত তবে রমলার মত বৌ সে কোথায় পেত?

ওর মতন মেয়ে হয় না।

—'চা নাও তোমার'

—চমকে উঠে বিনোদ দেখল চা নিয়ে রমলা দাঁড়িয়ে আছে।

'চা' একটু ভেবে বিনোদ বলে উঠল। সেই দুপুরে বেলা তিনটে রুটি খেয়েছিল, তার পরে এখনো তো কিছু পেটে পড়েনি। একটু ভেষ্টাও পেয়েছিল। তবু সঙ্গে সঙ্গে হাত বাড়িয়ে চা-টা নিল না বিনোদ। কে জানে রমলার জন্যে আর এক কাপ হয়েছে কিনা? দুপুরে তো বিনোদ নিজের চোখেই দেখেছে রমলা কিছু না খেয়েই বেরিয়ে গিয়েছিল। বিনোদ একবার ভেবেছিল বলে, 'তুমি কিছু খেয়ে গেলে না। কথাটা ভাবা মাত্রই খুব ভয় পেয়ে গিয়েছিল। রমলা যদি জিজ্ঞেস করে কি খাব। তখন? সেই ভেবে আর কিছু বলতে পারে নি বিনোদ।

আর একটু এগিয়ে এসে বিনোদের সামনে চায়ের কাপটা নামিয়ে রাখল রমলা। সঙ্গে সঙ্গে চলে না গিয়ে একটু দাঁড়িয়ে থাকতে বিনোদ বুঝল রমলা কিছু বলতে চায়।

বিনোদ জিজ্ঞেস করল, 'ওপধরারা আজকে কোথ হয় আর, কিছু 'কালেকশন' করতে পারে নি—তাই না রমলা?

রমলা সোজাসুজি 'না' বলতে পারল না। অন্য প্রসঙ্গ তুলে বলল, 'আজ মালিকের কাছে ওরা আজকে নিয়ে গিয়েছিল'।

—গিয়েছিলে? বিনোদ একটু আগ্রহের সাথে বলে উঠল, কি বলল? দেবে পটলাকে একটা—?

রমলা বলল, 'না পটলাকে নয়, আমাকে। তোমাদের মাল বাহাইয়ের কি একটা কাজ আছে সেই কাজে। তোমার কাছে শুনে আসতে বলেছে। তুমি রাজী হলে তবে মালিক চেষ্টা করে দেখতে পারে।

বিনোদ কোন উত্তর দিল না। রমলাও চলে গেল তার কাজে।

সেদিন অনেক রাত পর্যন্ত ঘুম এলোনা বিনোদের। মাল বাছাই-এর চাকরিটা মেয়েদেরই দিয়ে থাকে মালিক। অভাবের ঘরের শক্ত সমর্থ সব মেয়েগুলো মাল বাছাই-এর কাজে আসে। কিছু দিন কাজ করার পরে চলে যায়। আবার নতুন মেয়ে আসে। কোত্থেকে যে মালিক ওদের জোগাড় করে আনে তা কে জানে। এই নিয়ে কারখানায় চোখ চাওয়া-চাওয়ি করে, চাপা হাসি সবাই হাসে। কিন্তু কোন গুঞ্জন করে না কেউ, সবাই এড়িয়ে যায় মালিকের ব্যাপার বলে। শুধু মাঝে মধ্যে কারখানার যুবক ছোঁড়াগুলো চটুল কথাবার্তা বলে বাড়তি ফায়দা লুটে নেয়। বিনোদের কোন দিনই এসব ভালো লাগে নি। কারখানায় কাজ করলেও একটা মার্জিত ভাব, একটা নীতি বোধ সব সময়ই তাকে ঘিরে রেখেছে।

বিনোদ ভাবতে পারে না—এত অভাবের মধ্যেও তার একমাত্র ভরসাস্থল রমলা, —তাকেও কি এবার হারাতে হবে? পরক্ষণেই ভাবল কি করে ও না করবে? ছেলে-মেয়েরা বড় হচ্ছে। এই বস্তির পরিবেশে কতদিন আর ওকলো পেটে বাপের শাসন মেনে চলবে। ওরা একদিন বেরিয়ে যাবে যে যার মতন। লোকে তাপে রমলাও হয়তো একদিন বিদ্রোহ করে জিজ্ঞেস করে বসবে, 'বল কেন তুমি সেদিন আমাকে চাকরীটা নিতে বারণ করেছিলে? বিনোদ কি তখন সদুত্তর দিতে পারবে? তার এই নীতির কথা বললে কি ওরা মানবে?

একটা একটা করে বিনোদের কাছ থেকে সব কিছু যেন দূরে সরে যাচ্ছে মনে হোল সে যেন ক্রমশঃ ছবে পড়ছে নিস্ব, নিঃসঙ্গ। একটা চাপা কষ্টে বিনোদ বিছানায় এপাশ থেকে ও-পাশে ফিরতে লাগল।

হঠাৎ ঘুম ভেঙ্গে উঠে রমলা' বলে উঠল—সে কি তুমি এখনো ঘুমাওনি। বিনোদ কোন উত্তর দিল না। শুধু একটা চাপা গোঙানির শব্দ তার ভিতর থেকে শোনা গেল। রমলা তাড়াতাড়ি বিনোদের কাছে উঠে এলো। তার বুকের পরে হাতটা রেখে ঝুকে পড়ে জিজ্ঞেস করল, 'তোমার কি হয়েছে?'—কি যে হয়েছে রমলা ঠিক বুঝতে পারল না। আর বিনোদও তা বোঝাতে পারে না।

আছে, দুর্জনেরা বলে, তখনই তিনি নাকি সেই পয়সা ওপরে বসতেন। প্রাচীন লোকেদের মুখে শুনতে পাওয়া যায়, বন্ধ দরজার বাইরে থেকে নাকি রৌপ্যমুদ্রার ঝনাৎকার শোনা যেত। অবশ্য দুর্জনদের সেইসব অপবাদ খণ্ডন করে দিলেন কৈলাস দাস। বাল্যকালে বাবার দিয়ে বলতেন, মা-মা চণ্ডিকা। তোর হাতের বাজুবন্ধের শব্দকে এরা রৌপ্যমুদ্রা বলে ভ্রম করে। এদের ক্ষমা করে দিস মা। এ-হেন পিতা তাঁর একমাত্র পুত্রের নাম রেখেছিলেন মুরলী।

চিন্তার ছট খোলাই সাহিত্যের কাজ অথবা চিন্তাকে জনশ্রুতি জটিল করে তোলা সাহিত্যের কাজ এ সম্পর্কে মুরলী মনোহর আজও সঠিক সিদ্ধান্তে আসতে পারেন নি। লেখক-শিল্পীদের মধ্যে একটা দ্বৈতসত্তা কাজ করে। মুরলী মনোহরের এই যে সিদ্ধান্তে আসার ক্ষেত্রে ব্যর্থতা, তাও হয়তো তাঁর দ্বৈতসত্তারই লক্ষণ। জীবনের বিচিত্রতিক্ত অভিজ্ঞতাকে সাহিত্যে নিয়ে আসতে হবে। জীবনের রূপ তো সরল পথের নয়। বক্র তার পথ। আত্মবিশ্লেষণে ইতি এবং নেতি দুইই তুলে ধরতে হবে তাঁকে। উপন্যাসের বড়ো প্রেক্ষাপটে নারীপুরুষের জীবনের সূক্ষ্ম অনুভূতিগুলো কলমের আঁচড়ে জীবন্ত করে তোলার চেষ্টা চালিয়ে যাচ্ছেন মুরলী মনোহর। কারণ কল্পনার কাঁচুলিতে তৃপ্তা মেটেনা। তাই তিনি অপেক্ষা করে আছেন সেই মহান সৃষ্টির জন্য। যা তাঁকে সৌভাগ্যের শীর্ষে নিয়ে যাবে, যশের বরমাল্য এসে পড়বে তাঁর গলায়।

এখন রাত হলেও মুরলী মনোহরের চোখে ঘুম নেই। লেখার টেবিলে কাগজ-কলম নিয়ে বসেছেন তিনি। তিনি তাঁর বৃহৎ উপন্যাস রচনার সময় থেকে নিয়েছেন নিশিথ রাতে। চরাচর থেমে আছে। দেওয়াল ঘড়ির একটানা টিক টিক শব্দ জানান দিচ্ছে, কালের রথের চাকা চলছে তার নিজের নিয়মে। বৌ কাঞ্চনবালা পাশেই খাটে ঘুমিয়ে আছে। ইদানিং মুরলী মনোহরের চিন্তা ভাবনার পরিবর্তন আসছে। বৌয়ের কৃষ্ণকলি চোখ থেকে হতাশা মানক তুলে নিতে পারছেন না তিনি। কাঞ্চনবালা স্বাস্থ্যবতী। দীর্ঘ যৌনজীবনে কাঞ্চনবালার সবরকম সহযোগিতা তিনি পেয়েছেন। মুরলী মনোহরের সমস্ত অস্তিত্বকে কাঞ্চনবালা অনায়াসে ভরে নিয়েছে শরীরে। মুরলী মনোহর কি ক্লান্ত। খানিক আগেই ওরা দু'জন এক ঝোড়ো সময় পেরিয়ে এসেছেন। সমমকালে দাম্পত্যে রুচিবোধ থাকে না। শারীরিকতার আক্রমণে সকলেই কি এভাবে উন্মত্ত হয়? এই ব্যাপারে ফ্রয়েড, ইয়ুং প্রমুখের লেখা মুরলী মনোহর পড়েছেন। তিনি অপর কোন নারীতে উপগত হননি কাঞ্চনবালা ছাড়া। ফলে নারীর যৌন বা মানসিক বিশ্লেষণ করতে তাঁকে ফ্রয়েডের মনোবিজ্ঞানের আশ্রয় নিতে হয়। কার্ল মার্কসের রচনাও তিনি মন্থন করে পড়েছেন। তাঁর গল্পে অথবা উপন্যাসে কোন প্রতিবাদী চরিত্র, শ্রমিক, কৃষক কিংবা কোন রাজনৈতিক নেতাকে জীবন্ত করে তুলতে হলে তিনি কার্ল মার্কসের শরণ নেন। আমি শিল্পী, মুরলী মনোহর স্বগতোক্তি করেন—একজন প্রতিমা শিল্পী যেমন কাঠামো, খড়, মনের খোসা, পাট, মাটি ইত্যাদির উপাদানে মূর্তি তৈরি করেন, আমাকেও চরিত্র সৃষ্টি করতে কার্ল মার্কস, শ্রীরামকৃষ্ণ, ফ্রয়েড, ইয়ুং এমনকি দরকার হলে কোন কেন্দ্রার আত্মজীবনীর সাহায্যও নিতে হবে।

কোন রকম ছুঁৎমার্গ থাকলে বড় লেখক হওয়া যাবে না—উচ্চাদর্শের সঙ্গে উচ্চস্তরের ভাবনার সম্মিলন ঘটাতে হবে। মহৎ ভাবনাকে মানুষের মধ্যে ছড়িয়ে দিতে পারেন একমাত্র মহৎ লেখকরাই—

আচ্ছা মিস্টার দাস, আপনার রচনায় যে সব চরিত্রগুলো আমরা দেখতে পাই তার উৎস কোথায়?

মুরলী মনোহর দাসের ঠোঁটকাটা অভিজ্ঞ। আধুনিক শিল্পকলা তিনি গ্রহণ করেন নি। ভারতীয় সনাতন ঐতিহ্য-অনুসারী শিল্পকলা দিয়ে তিনি তাঁর অফিসঘর সাজিয়েছেন। খাজুরাহো, অজন্তা, ইলোরা অথবা শ্রাবন্তী কিংবা বিম্বিসার কথা মনে প'ড়ে যায় তাঁর অফিসে ঢুকে। আজ সকালে অ্যাপয়েন্টমেন্ট ছিলো বিখ্যাত চৈনিকের এক সাংবাদিকের সঙ্গে। প্রশ্নটা শুনে মুরলী মনোহর সামান্য হাসলেন। দামী সিগারেট অনেকটা টান দিয়ে নকশা করা দামী হাইদানে ছাই ঝাড়লেন।

এইসব চরিত্রগুলো উৎসে লুকিয়ে আছে চরিত্রগুলোর মধ্যেই।

ব্যাপারটা যদি একটু খুলে বলেন—রিপোর্টার তার টেপ রেকর্ডারটা এগিয়ে দেন।

দেখুন, গভীর অনুধ্যান এবং জগৎ-জীবনকে উপলব্ধি করার ব্যাপক দৃষ্টিই আমার রচনার চরিত্রসৃষ্টির ক্ষেত্রে নিরাসক্তভাবে কাজ করে।

আচ্ছা, এই 'ব্যাপক দৃষ্টি' এবং 'নিরাসক্তভাবে কাজ' করা ব্যাপারটা যদি একটু খুলে বলেন।

মুরলী মনোহর মিষ্টি হাসলেন। লেখকদাও বিখ্যাত ব্যক্তির এই হাসিতে প্রভাবিত হয়ে দন্ত বিকশিত করলেন।

ব্যাপক দৃষ্টি বলতে আমি বোঝাতে চাইছি পৃথিবীর সমগ্রতার সঙ্গে মিলিয়ে সৃষ্ট চরিত্রটাকে ছড়িয়ে তোলা। বুঝতে পারলেন।

প্রশ্নকর্তা বিজ্ঞের মতো সম্মতিসূচক ঘাড় নাড়লেন।—আর 'নিরাসক্ত'?

আপনি সমুদ্র-মোহনায় গেছেন?

হ্যাঁ।

জাহাজকে পথ দেখিয়ে দেবার বাতিঘর নিশ্চয়ই দেখেছেন।

তা দেখেছি।

বাতিঘর থাকে সমুদ্রের মধ্যে। সে দূর থেকে ভুল ভূখণ্ডকে দেখে। তাকে সমগ্রতা দিয়ে বোঝাবার চেষ্টা করে। আমি একজন লেখক হিসাবে তেমনি নিরপেক্ষ-নিরাসক্ত থেকে মানুষকে উপলব্ধি করি। তাকে সৃষ্টি করি।

আই সী। আচ্ছা মুরলী মনোহরবাবু, সাহিত্য আপনাকে টানলো কেন? আপনার এই যে সাহিত্য সমর্পিতপ্রাণ জীবন, তার মূলে আপনার কোন চিন্তা কাজ করছে?

একটা চিরন্তন বোধ। সেই বোধকে না যায় বলা, না যায় ছোঁয়া। ঈশ্বরের সঙ্গে ব্যাপারটির তুলনা চলে। অর্থাৎ ঈশ্বর মানুষের সৃষ্টি, না মানুষ ঈশ্বরের সৃষ্টি—এই প্রশ্নে যে দ্বন্দ্ব, আমার বোধ আমাকে বৃহৎ সাহিত্য কর্মের দিকে ঠেলে দিল, নাকি সাহিত্যকর্মই আমাকে সেই বোধে নিয়ে গেছে তা আজও আমি বুঝে উঠতে পারিনি। আমার কাছে তারী আশ্চর্যের।

আপনার জীবনে সবচেয়ে আশ্চর্যের জিনিষটা কী?

ঘটিতি গদগদকণ্ঠে উত্তর দিলেন মুরলী মনোহর—

আমার স্ত্রী। স্ত্রী জিনিসটা আশ্চর্যের।

স্ত্রী! জিনিসটা!—স্ত্রীকে জিনিসের সঙ্গে তুলনা করায় রিপোর্টারের চোখ দু'টো চকচক করে উঠলো। তিনি নড়ে বসলেন।

অবাক হবার কিছু নেই। আমার বস্তুগত দৃষ্টিভঙ্গীই এখানে কাজ করে।

কিন্তু স্ত্রী আশ্চর্যের জিনিস কেন?

আশ্চর্যের, কারণ, দীর্ঘদিন তার সঙ্গে থেকে তাকে সবচেয়ে ভালো করেই চিনি। কিন্তু তাকে আজো একটুও জানতে বা বুঝতে পারি নি।

রিপোর্টার তার মনের চঞ্চলতা থামাতে টেপ রেকর্ডারটা শক্ত মুঠোয় চেপে ধরে মহান লেখকের মুখের কাছে নিয়ে যায়।

আমার স্ত্রীর কোন সাহিত্যবোধ নেই। এবং যদি তা থাকতো তা হতো আমার পক্ষে যন্ত্রণাদায়ক।

কেন?

খুবই সরল ব্যাপার। রোজকার ঘরকন্নার ক্ষেত্রে, জীবন যাপনের দৈনিক প্রয়োজনে সবারই একটা 'মেয়েছেলে' দরকার। অনেকে শিক্ষিতা, বুদ্ধিমতী, আত্মসচেতন, 'মহিলা'কে জীবন

সঙ্গিনী হিসাবে বেছে নেন। কিন্তু আমি মনে করি, সেটা ভারী যন্ত্রণাদায়ক। সেখানে ব্যক্তিত্বের সঙ্ঘাত অশান্তি বাড়ায়।

মুরলী মনোহর টেপ রেকর্ডার থেকে মুখটা সরিয়ে কেশে গলাটা পরিষ্কার করে নিলেন। তারপর ফের শুরু করলেন—

রাতে বিছানায় আমি স্ত্রীর কাছে সাহিত্য বা দর্শন আলোচনা চাই না। তখন চাই নিবিড় প্রেম। তখন যদি সে আমার সঙ্গে সাহিত্য আলোচনা শুরু করে, তা হবে আমার কাছে বিছের কামড়ের মতো।

বুঝলাম।

সাহিত্যিকের কাজ হলো জীবনের এক ব্যাপক দর্শন তুলে ধরা। বিশ্বের সমগ্রতার পরিচয় ঘটবে সাহিত্যের মাধ্যমে। রাজনীতি বাদ দিয়েই বা কি করে তা করা যাবে। তাই মুরলী মনোহর তাঁর গল্প-উপন্যাসে রাজনৈতিক চরিত্র রাখেন। সমাজতন্ত্র ব্যাপারটাও এখন বহু উচ্চারিত। কাজে কাজেই সমাজতন্ত্রের পক্ষেও মুরলী মনোহর বহু কথা বলেছেন। কিন্তু ইদানিং বিশ্বে সমাজতন্ত্রের ভাঁটা চলছে। পূর্ব ইউরোপের ভাবসাব দেখে মুরলী মনোহর কি স্ট্যাণ্ড নেবেন সেটা ভাবছেন। সোভিয়েতে নাকি দলে দলে সব চার্চে যাচ্ছে। ঈশ্বরের উত্থান আদৌ হয় কিনা সেটা ভালো করে বুঝেই তবে তিনি এ ব্যাপারে মন্তব্য করবেন। কারণ আজ সমাজবাদ আর কালকেই ঈশ্বরের কথা বললে সেটা ভালো দেখাবে না।—আপনি কি ঈশ্বরে বিশ্বাস করেন?—এই জাতীয় প্রশ্ন তিনি এড়িয়ে যাচ্ছেন।—এই মুহূর্তে ঈশ্বরকে নিয়ে আমি ভাবছিনা। মানুষের অনেক সমস্যা আছে। সেগুলি নিয়েই আমি চিন্তাভাবনা করছি—এ জাতীয় উত্তর দিচ্ছেন তিনি। তিনি মনে করেন, ঈশ্বরের অপার করুণায় এ জাতীয় মন্তব্যই তাঁর রক্ষাকবচের কাজ করবে।

আচ্ছা মুরলীবাবু, আপনার যে উপন্যাসটার আকাদেমি পাওয়া উচিৎ ছিলো বলে অনেকে মনে করেছেন, সেখানে আপনি জীবনের কোন দিকটার প্রতি আলো ফেলেছেন, অর্থাৎ সেই লাইট হুইচের আলো।

জনান্তিকে একটা কথা বলে নেওয়া উচিৎ যে, কাহিনীর গোড়াতেই উল্লেখ করা হয়েছিল, মুরলী মনোহরের বাবা তাঁর নাম রেখেছিলেন মুরলী। ওদুদার মুরলী দাস নামটিতে তাঁর প্রবল আপত্তি আছে। এই প্রসঙ্গটা নিয়ে তিনি স্ত্রী কাঞ্চনবালার সঙ্গে বিয়ের প্রথম দিনই আলোচনা করে নিয়েছিলেন। দাস পদবীটাও তিনি মেনে নিতে পারেন নি। মুরলী দাস নেহাৎই 'পাতি' নাম। হিন্দী রামায়ণকার তুলসীদাস, বৈষ্ণব কবি চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দ দাস ইত্যাদি নামগুলি পরম্পরায় এলেও বাঙালী গল্পকার—ঔপন্যাসিক-দের পদবী ঠাকুর, বন্দ্যোপাধ্যায়, চট্টোপাধ্যায়, গঙ্গোপাধ্যায়, বসু, মিত্র, নিদেনপক্ষে মজুমদার ইত্যাদি রয়েছে। সেখানে মুরলী দাস হালে পানি পাবে না। তাই মুরলীবাবু বলে তাঁকে কেউ সম্বোধন করলে তিনি তাতে অসন্তুষ্ট হন। এই কারণেই তিনি মুরলী মনোহর যোগ করার গুরুত্বপূর্ণ, ঐতিহাসিক সিদ্ধান্ত নেন।

কেন এই ঐতিহাসিক সিদ্ধান্ত। মুরলী মনোহরের মুখ থেকেই আমরা তা শুনতে চাই।

জীবনের এক ব্যাপক দর্শন তুলে ধরা সাহিত্যের কাজ। বিশ্ব সমগ্রতার পরিচয় ঘটানোর জন্যই আমি কলম ধরেছি। সেক্ষেত্রে নিজের নামটাও একটা বড় ফ্যাক্টর। একজন বড়ো মাপের লেখকের নাম কখনো মুরলী হতে পারে না। সাহিত্য স্রষ্টা জীবনবেদ রচনা করতে যে জটিলতম প্রয়াস চালান, তার নামও সেই অনুপাতে গুরুগম্ভীর হওয়া চাই। সেক্ষেত্রে আমি পদার্থবিদ্যার একটি সাধারণ সঙ্জ্ঞাকে গ্রহন করেছি। সঙ্জ্ঞাটি হচ্ছে, কোন বস্তুতে যে পরিমাণ পদার্থ থাকে তাকে ওই বস্তুর ভর বলে। পাঁচ কিলোগ্রাম সন্দেশ অথবা লোহা যাই হোক না কেন, ওই পদার্থের পরিমাণ বা ভর পাঁচ কিলোগ্রাম। এখানে পাঁচ হলো ভরের একক। এক্ষেত্রে 'মুরলী' এই ছোট একক সংখ্যাটির ভর ঠিক তত কুদ্রই হবে। 'মনোহর' যোগ করলে একক সংখ্যাটির সাথে সাথে পরিমান বা ভর বেড়ে যাবে, এবং সেটা একজন মহান লেখকের পক্ষে মোটামুটি পুরিয়ে যায়। মুরলী মনোহরের মনে পড়ে তাঁর বাবা কৈলাস দাসের কথা। তিনি উচ্চকণ্ঠে বলতেন, মা! মা জগদম্বে! ব্যোম শঙ্কর। বাঁজখাই গলার সেই আওয়াজ অনেকেরই পিলে চমকে দিতো। মুরলী মনোহর এই শব্দ ব্রহ্মের সূত্রকে প্রয়োগ করে ভাবা ব্রহ্মের এই সঙ্জ্ঞাটি সৃষ্টি এবং প্রয়োগ করেছেন।

তাহলে মুরলী মনোহরবাবু, আপনার সেই মহৎ উপন্যাসটি সম্পর্কে কিছু বলুন। কিছু সমালোচক অভিযোগ করেছেন, ওই উপন্যাসের চরিত্রগুলির মধ্যে বাস্তবোচিত কার্যকলাপ একটুও খুঁজে পাওয়া যায় না। তার উৎসমূল নাকি মরীচিকার মতো 'ঘোরাটে'. 'কুয়াশাচ্ছন্ন' ইত্যাদি মন্তব্যও অনেকে করেছেন।

মুরলী মনোহর দাস সেই মহৎ উপন্যাসটি সম্পর্কে কিছু বলতে গিয়ে থাঁধায় পড়ে গেলেন। তিনি এটা জানেন, সেটি একটি মহৎ উপন্যাস এবং সেটি একটি জাতীয় সাম্মানিক পুরস্কার পাবে বা পেয়েছে। গীতার 'মা ফলেষু কদাচন' নীতিতে তিনি বিশ্বাসী নন। তিনি যা লিখবেন অবেন তার পুরস্কার প্রাপ্তিও তিনি ভেবে রাখেন। কিন্তু এই উপন্যাসটি আদৌ লেখা হয়েছে না হবে সে সম্পর্কে তিনি কিছুই মনে করতে পারলেন না। যে চরিত্রগুলির কথা তার কল্পনায় এলো সেগুলি কি গ্রাম বাংলার? না শহরের? কৃষক? মহাজন? শ্রমিক? চাকুরে? কর্মি সম্পাদক? প্রেমিক না প্রেমিকা? তারা কি রোজকার পৃথিবীতে হেঁটে চলে বেড়ায়? খায়-দায়, বাথরুমে যায়? আশ্চর্য। মুরলী মনোহর কিছু মনে করতে পারছেন না। তিনি ক্রমশঃ রাগান্বিত হয়ে উঠলেন। তিনি চীৎকার করে বললেন, আমি মুরলী মনোহর দাস বলছি। মহান লেখক।—এই প্রচণ্ড শব্দব্রহ্মে যে জ্যোতিপুঞ্জ সৃষ্টি হলো তাতে রিপোর্টার ভদ্রলোকটি বাক্য হারা হয়ে গেলেন।

মুরলী মনোহরের সাজানো অফিসের মহিলা রিসেপসনিস্টটে অথেষ্ট সুন্দরী, অদ্ভুত ধরনের স্মার্ট। বিবাহিতা নাকি অবিবাহিতা তা বোঝার উপায় নেই। রিসেপসনিস্টের সামনে এখন একটি বাউণ্ডুলে যুবক দাঁড়িয়ে।

আচ্ছা দিদি, মুরলীবাবু আছে?

কথা শুনে মহিলার চোখ রক্তবর্ণ। ঘন ঘন নিশ্বাস পড়তে লাগলো তার। যুবকটির দিকে আগুনের দৃষ্টি ছুঁড়ে দিলেন মহিলা।

দিদি নয়, মিস্ ভাট (দত্ত)। মুরলীবাবু নয়, মুরলী মনোহরবাবু। আছে নয়, আছেন। বুঝলেন!

ও, তা আ-আচ্ছা উনি কি- আছেন?

কেন?—স্মার্ট মহিলাটি ফনা তুললেন।

আজ্ঞে আমি 'কালের পদধ্বনি' পত্রিকার সম্পাদক। ওনার একটা লেখা চাই।

কোথাকার পত্রিকা?

আজ্ঞে গোপালপাড়া।

ক'পিস বেরোয়?

আজ্ঞে।

আপনাদের সার্কুলেশন ক' হাজার।

আজ্ঞে দু'শো পঁচাত্তর। এবার বিজ্ঞাপনই পেয়েছি সাতশো নব্বুই টাকা। আমরা ওনার একটা লেখা চাই।

উনি এখন অফিসে নেই, কখন পাবো?

ওনাকে পাওয়া যাবে না।

আজ্ঞে উনি তো প্রথমদিকে আমাদের কাগজে অনেক গল্প লিখেছেন।

উনি এখন মহৎ উপন্যাস লিখছেন। এছাড়াও তিরিশ চল্লিশ পঞ্চাশ হাজারী সার্কুলেশনে তাঁকে নিয়মিত ধারাবাহিক লিখতে হচ্ছে।

আপনি একবার 'কালের পদধ্বনি' পত্রিকার কথা বলুন। ওনার প্রথম লেখাটি এই কাগজেই বেরিয়েছিল। পরে তো উনি পুরস্কার-টুরস্কার পেলেন। অন্ততঃ উনি যদি দশ লাইন শুভেচ্ছাবাণী লিখে দেন, আমরা ছাপাবো।

আপনি আসুন।

অ্যাঁ!

আপনি আসুন।

সুন্দরী মহিলার নাসারন্ধ্র স্ফীত হয়ে উঠলো। চোখ দিয়ে আগুন ঝরতে লাগলো। রক্তমুখ দিয়ে বেরোতে লাগলো গরম ভাপ। উনি দাঁত খিচোলেন। দাঁতের ফাঁকে দেখা গেল কেউটে সাপ।

'কলের পদধ্বনি'-র সম্পাদকের চোখের সামনে তখন দুলুম সর্ষেফুল। তার মনে হলো ঘরের উত্তাপ ভীষণ বেড়ে গেছে। সেই তাপে রিসেপশন টেবিলের পুরু কাচের কভারটা ফেটে গেল। দেওয়ালে বিদ্যুৎবাতির স্ট্যাণ্ডগুলো খেঁকে যাচ্ছে। পড়ে গিয়ে দুটো ভাঙলো। মহিলা কের খ্যাঁক করে উঠলেন। যুবকটির জামার হাতা ছিঁড়ে গেছে। উঠে দাঁড়িয়ে সে দৌড় দিল রাস্তার দিকে। কোন রকমে একটা ডবলডেকার বাসে সে চলতিতেই উঠে পড়ল।

অফিস ঘরের ভেতর বসে মুরলী মনোহর সবটা দৃশ্য দেখে ভীত হলেন। এই রকম প্রাইভেট সেক্রেটারিই তিনি চাইছিলেন। তার ভারী ইচ্ছে হলো সুন্দরীর পাছায় নিজের হাতটা একটু রাখবেন। অপোগণ্ডটার সাহস দেখো! বলে কিনা ছোট পত্রিকার জন্য লেখা চাই। ওদের জানা নেই, মুরলী মনোহরের লেখা প্রতিটি অক্ষরের দাম কতো।

তিনি রোমাঞ্চিত হলেন। তিনি আদর করে ডাকলেন, মিনু।

সেই মিনু ডাকটা ইথার তরঙ্গে ভাসতে ভাসতে সুন্দরী মহিলার কানের পর্দায় ধাক্কা দিতে লাগলো। সুন্দরীর চেহারার পরিবর্তন দেখা যাচ্ছে। তার শরীরটা ফুলে উঠতে লাগলো। মিউ মিউ শব্দ ফুটলো মহিলার গলা দিয়ে। খানিক বাদেই সে একটা আদুরে বেড়ালে রূপান্তরিত হলো। বেড়ালটা চারপায়ে হেলেদুলে হাঁটতে হাঁটতে মুরলী মনোহরের কনফিডেন্সিয়াল রুমে ঢুকে লাফ দিয়ে মুরলী মনোহরের পিয়ে বসল। মুরলী মনোহর উম উম শব্দ করে তাকে আদর করতে লাগলেন। বিড়ালটার ফুলে ওঠা শরীরের সাদা লোমগুলোর ভেতরে আঙুল দিয়ে তিনি বিলি কাটতে লাগলেন। মুরলী মনোহর আলোর সুইচটা অফ করে দিলেন। বাইরে তখন আকাশ গলে গলে জ্যোৎস্না গড়াচ্ছে। এ দৃশ্য দেখে খুবই আনন্দ পেলেন তিনি।

ঝম ঝম ঝর কের দু' এক পশলা বৃষ্টি হয়ে গেল পর ভেজা মাটি থেকে একটা সোঁদা গন্ধ উঠে আসে। তেমন জলের ক।ক হালকা শব্দ শুনতে পাচ্ছেন। কিন্তু তার ছবিটা পাচ্ছেন না। তিনি বসে আছেন মেঘের মতো নরম একটা সোফায়। ঘরের মেঝেতে লাল মখমলের গালিচা বিছানো। তাতে গোল এবং চৌকো নকশা। পারিপার্শ্বিক পরিবেশে এক ধরনের সঙ্গীতময়তা বিরাজ করছে। উদাস উদাস বোধ করছেন তিনি। নিজের মনেই অনেক কথা বলছেন। শিল্পীর জগৎ ভাবলেও কম গুরুত্বপূর্ণ নয়। মনের কথা রেকর্ড করার কোন কলকব্জা আবিষ্কার হয়েছে কিনা তার জানা নেই। নাই বা হলো, তবু তিনি নিজে নিজেরই মনোবিশ্লেষণ করে চলেছেন। তিনি দরজার বাইরের দিকে তাকালেন। দেখলেন কেয়ারী করা ফুলের বাগান। লাল পাথর বিছানো রাস্তার দু'পাশে থোকা থোকা ফুলুম চন্দ্রমল্লিকার সারি। কিন্তু জায়গাটা কোথায়। এটা কি তাঁর বাড়ি বাড়িটা খুব চেনা চেনা লাগছে, কিন্তু খুব যে পরিচিত তাও নয়। তিনি আরো দূরে তাকালেন। দূরে গাছগাছালির একাকার স্পর্শে নিগূঢ় আড়াল হয়েছে। সেখানে গ্রাম-জনপদে একটা ভরা ভরা ভাব। পোয়াতী বউয়ের মতো। কাঞ্চনবালার এখনো ছেলেপুলে হয়নি। কেন! ত্রুটি কি তাঁর! না কাঞ্চনবালার! এই ব্যাখ্যাতেও মুরলী মনোহরের স্বভাবজাত দ্বন্দ্ব কাজ করেছে। তিনি এই ব্যাপারটাও কোন কাহিনীতে চালিয়ে দেবেন বলে ঠিক করেছেন।

নুড়ি বিছানো পথে তিনি মানুষের পদশব্দ পেলেন। সদর পেরিয়ে এক মহিলা এগিয়ে আসছেন। কাঁধে একটা বড়সড় ঝোলা ব্যাগ। তিনি কি ভুল দেখছেন? অপূর্ব সুন্দরী মহিলা। মুরলী মনোহর চোখটা রগড়ে নিলেন। সে ততক্ষণে ঘরে চলে এসেছে।

হ্যালো মিষ্টার দাস।

অ্যাঁ—হ্যালো।—মুরলী মনোহর হতচকিত। মহিলার কণ্ঠস্বর থেকে টুপটাপ করে পড়েছে মুক্তোর দানা। মহিলা হাসলেন। মহিলা বললেন,

কনগ্র্যাচুলেশনস।

থ্যাংকিউ।

সুইডিশ রেডিও জানিয়েছে, নোবেল প্রাইজ কমিটি আপনার নাম ঘোষণা করেছে। আপনার সেই বিশ্বখ্যাত উপন্যাসটি শেষ পর্যন্ত প্রত্যাশিত পুরস্কার পেল।

মুরলী মনোহরের হার্ট বিট ডবল হয়ে গেল। তবু তিনি স্মার্ট হওয়ার চেষ্টা করলেন। বিশ্ববন্দিত সাহিত্যিকের দায়ীত্ব ফুলে উঠলো। তাঁর শরীরে, চোখেমুখে। তিনি হাত বাড়িয়ে দিলেন মহিলার দিকে।—বসুন। আপনার পরিচয়টা কিন্তু পাইনি।

আমি প্রমীলা বালসুব্রহ্মনিয়াম। ভিন্নী দূরদর্শনের সাহিত্য-সংস্কৃতি শাখার প্রতিনিধি। আমার ক্যামেরা টিম বাইরে অপেক্ষা করছে। আপনার সাক্ষাৎকার চাই।

খানিকক্ষণের মধ্যেই ক্যামেরাম্যান এবং অন্যান্য সহকারীরা তাদের যন্ত্রপাতি নিয়ে উপস্থিত হলো।

মিস্টার দাস। আপনি সোফার ডান দিকে একটু কাত হয়ে বসুন। ঘাড়টা একটু ঘোরান। না! অতটা না। আর একটু, আর একটু। ব্যস। ঠিক আছে। মাউথপিসটা আমি আপনার জামার বোতামে আটকে দিচ্ছি।

কল্পিত পুরস্কারটি পেয়ে আপনার কেমন লাগছে?

এক বিচিত্র প্রতিক্রিয়ায় আক্রান্ত হচ্ছেন আমি। আমার দ্বিমাত্রিক সত্তা, যার কথা আমি অনেক জায়গাতেই বলেছি, এই মুহূর্তে তারই আলোড়ন চলছে আমার মধ্যে।

মেয়েটি বসেছে মুখোমুখি সোফায়। টকটকে কর্সা গায়ের রঙ। পরনে নীল জর্জেটের শাড়ি। ব্লাউজের গলাটা সামনের দিকে এতটাই নামানো যে, সেদিকে চেয়ে মুরলী মনোহরের কাঞ্চনজঙ্ঘার উপর সূর্যকিরণের উপমা মনে এলো। তার দৃষ্টি হলো বেসামাল।

আপনার লেখালেখি, আপনার চিন্তাভাবনা—এসব নিয়ে যথেষ্ট আলোচনা হয়েছে। আপনিও এ-ব্যাপারে অনেক বলেছেন। আমি আপনার ব্যক্তিগত, জীবন নিয়ে প্রশ্ন করবো।—ক্যামেরা ঘুরলো সুন্দরীর দিকে।

ব্যক্তিগত জীবনে কাদের সাহচর্য আপনাকে উদ্দীপিত করে?—ক্যামেরা ঘুরলো মহান লেখকের দিকে।

আমার শুশ্রূষাকারী, আমার একনিষ্ঠ পাঠক এবং অবশ্যই আমার স্ত্রীর সাহচর্য আমাকে উদ্দীপিত করে।

লেখা সম্পর্কে আপনার ফিলিসফি টা কি? অর্থাৎ আমি বোঝাতে চাইছি, লেখা এবং আরো লেখা, নতুন নতুন আইডিয়াকে বর্ণমালায় গেঁথে তোলার যে নিরলস প্রচেষ্টা, তার সম্বন্ধীয়ভাবের কথা আপনার শ্রীমুখ থেকে শুনতে চাই।

লেখা এবং না লিখতে পারা, এই দুইয়ের টানপোড়েনে আমি ক্ষতবিক্ষত হই। যেমন আমি হতাশার ভুগি তেমনি আবার সাদা কাগজও আমাকে যন্ত্রণা দেয়। আমার স্ত্রীর কাছে আমি লেখা সম্পর্কিত কোন বক্তব্য দিলেও শুনতে ইচ্ছুক নই, তবুও আমি একটি রাতে তাঁর ভালোবাসার আশ্চর্যজনকভাবে লীন হয়ে যেতে পারি। পরেরদিন ততোধিক আশ্চর্যজনকভাবে নতুন নতুন আইডিয়া আমার মাথায় এসে যায়।—কথা বলতে বলতে মুরলী মনোহর মহিলার মনোভাব এবং প্রতিক্রিয়ার দিকে লক্ষ্য রাখেন। এটা কি শিল্পীর কৌতূহল আর অন্বেষণস্পৃহা। তার শাড়ি, ব্লাউজ, গলার হার, কপালের টিপের মাপিং লক্ষ্য করেন তিনি।

খাদ্য তালিকায় কি আপনার পছন্দের?

চিংড়ি মাছ দিয়ে লাউয়ের ঘন্ট, মাছের মধ্যে চিতল আর সরু চালের ভাত।

আপনি দিনে লেখেন না রাতে লেখেন?

রাতেই আমার মগজ খোলে।

আপনার সাহিত্য চিন্তা অর্ন্তমুখীন, না বহির্মুখী?

বিশ্বজনীনের চিন্তায় সৃষ্টিকে গভীর এবং সার্বিক করে তোলাই আমার লক্ষ্য। এই যে আপনি বসে আছেন, একটি সুন্দরী, তন্বী যুবতী—আমি আমার সৃষ্টিশিল্পার সঙ্গে আপনাকেও একাত্ম করে নেবো।

মহিলা হাসলেন। মুরলী মনোহরের কানে নূপুর বাজলো। মহান লেখকের চোখের সামনে ভেসে উঠলো এক ছুটন্ত ঘোড়া। কেশরে ঢেউ তুলে সে ছুটছে।

আপনি আপনার জীবনবীক্ষণের কথা বলুন। অন্য তার সঙ্গে আপনার প্রতিভার সম্বন্ধের কথা।

জীবন হচ্ছে রূঢ়তম বাস্তব। তার সঙ্গে মেশাতে হয় কল্পনার রঙীন মদ। প্রত্যেকটা মানুষ হাঁটে এবড়োখেবড়ো জমিতে। কিন্তু কল্পনার থাকে কবিতার ছন্দ, বেহাগ অথবা ইমনের সুর। মানুষের মন স্বপ্ন পছন্দ করে। সেই মনটাকে আমি ধরতে চাই। মনস্তত্ত্ববিদের জটিল চিন্তাপদ্ধতি প্রয়োগ করে তাকে সাহিত্যভাষার ঘরে ঘরে সাজানোই আমার কাজ।

সেখানে কি আপনার ব্যক্তিজীবনের প্রভাব পড়ে?

পড়ে বৈকি। আমার বাবা আমার নাম রেখেছিলেন মুরলী। সে তো বাঁশি। বাঁশির সুর প্রকৃতিকে মশগুল করে দেয়। ডাল-ভাত-চচ্চড়ির জগৎ থেকে নিয়ে যায় রাজকুমার, অভিসারে। সাহিত্যের মাদকতা দিয়ে আমি আকর্ষণ করি সব মানুষকে।

কিন্তু সবাই কি আকর্ষিত হয়। জনতা কি আপনাকে নিজের লোক বলে মনে করছে? তারা কি আপনার লেখা পড়ে নিজেদের সুখদুঃখের আনন্দের সঙ্গে মিশিয়ে নিতে পারছে।

নিশ্চয়ই।

কিন্তু প্রমাণ দিতে পারেন?

বিশিষ্ট ব্যক্তিরা আমার বইগুলির উচ্চ প্রশংসা করেছেন। তাছাড়া জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কারগুলিই তো তার জ্বলন্ত প্রমাণ।

এ ব্যাপারে একটা অভিযোগ শোনা যাচ্ছে। যে সব বিশিষ্ট ব্যক্তি আপনার উচ্চ প্রশংসা করেছেন তারা নাকি আপনার 'কায়েমী লোক'। জনতা নাকি আপনার দিক থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। কারণ আপনি তার জন্যতার পরিচিহ্নের পায়ে পা ফেলেন না। আরো অভিযোগ, আপনি নাকি বিভিন্ন পুরস্কার কমিটিতে নিজের লোক ঢুকিয়েছেন। আপনার বই নাকি তাঁই হয়ে প'ড়ে থাকছে বইয়ের দোকানগুলোতে। উঠতি প্রতিভাবান লেখকদের আপনার তথাকথিত 'কায়েমী লোকরা' যথাযথ মর্যাদা দিচ্ছে না। গণংকাররা বলছে, একটা বিস্ফোরণ ঘটে আপনার চূড়ো থেকে পড়ে যাবার সম্ভাবনা নাকি শতকরা আটানব্বুই ভাগ।

এসব অপপ্রচার। মুরলী মনোহর চীৎকার করে উঠলেন। তিনি ভাবো কেন রাগান্বিত হবারও চেষ্টা করলেন।

কিন্তু সুন্দরী ভারী সুন্দর হাসলেন। ঝরে পড়লো শরতের কিরকিরে বৃষ্টি। আকাশে সাদা মেঘ। শিউলি ফুলের মিষ্টি গন্ধ পেলেন মুরলী মনোহর। সুন্দরী দু'হাত দিয়ে তার চুলের খোঁপা ঠিক করতে লাগলো। তার গাঁচা হলুদ বর্ণ বাহু, বাহুসন্ধি, নাভি দেখতে পেলেন মুরলী মনোহর। জিভ বেরিয়ে এলো তাঁর। মহিলা হাত নামালেন। মহান লেখক হাঁফ ছেড়ে বাঁচলেন।

আপনি দেশের গৌরব। আমাদের গৌরব। আপনার এতবড় সম্মানে গর্বে আমাদের বুক ফুলে উঠছে।

সুন্দরীর এইসব কথা টুপটাপ করে মেঝেতে ঝরে পড়তে লাগলো। তারপর কথাগুলো সারা ঘরময় লাফালাফি করতে শুরু করলো। কোন কোন কথা দরজা পেরিয়ে নুড়ি বিছানো পথে চলতে লাগলো। দেখে মুরলী মনোহর নিজেকে দেখতে পাচ্ছেন না। নানারঙের মেঘের স্তরে তিনি অদৃশ্য। তাঁর দমবন্ধ হয়ে আসতে লাগলো। তিনি হাত দিয়ে সামনেকার মেঘগুলো সরাতে লাগলেন। তিনি মেঝেতে চোখ রাখলেন। সেখানে বিচিত্র রঙের খেলা। কার্পেটের মধ্যে সাতরঙের ভাস্কর্য চলছে। মহান লেখক বললেন,

আমি কোথায়?

তুমি যেখানে যেতে চেয়েছিলে, সেইখানে।

এ তো প্রমীলা বালসুব্রহ্মনিয়ামের গলা।

হ্যাঁ আমিই। তুমি কি আমাকে মনে মনে কামনা করছিলে না।

ন—না, হ্যাঁ। তুমি কোথায়?

এই তো। এখানে। মুরলী মনোহর দেখলেন—সাদা গোলাপের পাপড়ির মতো পোষাকে প্রমীলা দাঁড়িয়ে। সদ্য রক্তের মেঘ দুলকি চালে সেই পাপড়ির ভেতর দিয়ে, বাইরে দিয়ে, ওপর দিয়ে, নিচে দিয়ে ভেসে যাচ্ছে।

তুমি তো আমাকে চাইছিলে। তুমি তো আজ অনেক বড়। বিশ্ব জোড়া নাম। তোমার ভালোবাসা তো সব মেয়েরই অনেক বড় পাওয়া। এসো।

প্রমীলা হাত বাড়িয়ে দিলো সেই মেঘের রন্ধ্র থেকে। মুরলী মনোহর অসাবের পা ফেলে হেঁটে চললো সুন্দরীকে ধরতে।

এসো। কাছে এসো। এই দ্যাখো। আমি কামনা।

প্রমীলা তার শরীরের পাপড়িগুলো ছিঁড়ে ফেলতে লাগলো। মুরলী মনোহর তীব্র আকাঙ্ক্ষা নিয়ে মেঘের আড়ালে। ক্রমশঃ এবং আরো ক্রমশঃ।

আরো জোরে পা চালালো মুরলী মনোহর। আরো জোরে। প্রমীলার মুখটাই শুধু দেখা যাচ্ছে।

প্রমীলা ডাকলো—মুরলী, এসো। মুরলী মনোহর কাছে এসে তখন তার হাত ধরলো। সে জড়িয়ে ধরল তাকে। আঃ কি নরম শরীর। মুরলী মনোহর বললো—তুমি সৌন্দর্যের ধ্বনি। আমি ডুবে যাব তোমাতে। মুরলী আবেগে চোখ বুজলো। প্রমীলা বললো-এসো। প্রমীলার নগ্ন শরীরের যুবতীকে পেঁচিয়ে ধরলো। কি নরম! কিন্তু বরফ ঠাণ্ডা। শিরশির করে উঠলো মুরলী মনোহরের সারা দেহ। প্রমীলার শরীরটাকে ঠিক বুঝতে পারছেন না তিনি। এ কেমন শরীর, সাপের মতো। প্রমীলার হাত খেলা করতে লাগলো মুরলী মনোহরের শরীরে।

চোখ খোল মুরলী মনোহর। প্রমীলার হাত মুরলী মনোহরের মুখ ছুঁয়ে ছুঁয়ে যাচ্ছে। মুরলী চোখ খুললো। মুরলী দেখলো প্রমীলার হাতটা কালো-সাদা-বেগুনি-নীল রঙের মিশ্রণে একটা সাপের ফণা হয়ে তার মুখের সামনে দুলছে। মুরলী মনোহর চীৎকার করে উঠতে চাইলো। কিন্তু কোন কথা বের হল না। তারপর হেলতে দুলতে সেই সাপের ফণা নেমে এলো মুরলী মনোহরের কপালে—আ-আ-আ-আ-আ কন-কনাৎ।

একটা কাঁচের গ্লাস ভাঙলো। কপালে যন্ত্রণা।

মুরলী মনোহর ধড়ফড় করে উঠে বসলো বিছানায়। চোখ রগড়ালো সে। কপালে গড়িয়ে রক্ত পড়ছে। কপালে হাত দিয়ে দেখলো একটা কাঁচের টুকরো বিঁধে আছে। পায়ের টেবিলে সাদা কাগজ, কলম। লেখা হয়নি একটা অক্ষরও। বাইরে বৃষ্টি হচ্ছে।

বউ কাজলবালা এক কাপ গরম চা টেবিলে ঠক করে নামিয়ে রাখলো।

চা খাও। কাচের গেলাসটা ভাঙলো কেন? বাজে সাড়ে ন'টা সে খেয়াল আছে?

মুরলী দাস আমাদের সুখ-দুঃখে ভেজা জ্যাবজেবে পৃথিবীতে ফিরে এলেন।

খোলা চোখ

কালীকুমার চক্রবর্তী

বিটোফেন বাজছে স্টিরিওতে। ঘুমচ্ছে সুজনের শরীর। মনটা ঝরঝরে।

দু'চোখ বুঁজে সে সুরের নাচন ধরছে, ছেড়ে দিচ্ছে; এমন সময় বেজে ওঠে ফোন। লম্বা টানা আওয়াজ। এস. টি. ডি. মনে হচ্ছে।

দ্রুত উঠে ফোন ধরে সুজন, —হ্যালো।

—হ্যালো সুজন? খাড়েনওয়ালা স্পিকিং; হিয়ার ইজ অ্যা নিউজ ফর-য়ু।

—ইয়েস স্যার, বলুন।

—য়ু হ্যাভ্ টু স্টার্ট ফর ম্যারিকা ফর সাইনাল এনগেজমেন্ট উইথ নিকলসন।

—ওকে স্যার, বলবেন গলা সুজনের, সামান্য কাঁপে।

চেয়ারম্যান খাড়েনওয়ালা এবার বলেন ইংরিজিতে,

—তুমারে দিয়ে হোটেল সুইট হুর্ট বুক হো গিয়া। অভি এয়ার টিকেট। ওভি হো জায়েগা। মিস্টার ব্রমফুবন্ধনে সাথ জলদি ভেট কর না।

—ঠিক হ্যায় সার, বলেই সুজন ফোনের রিসিভার রেখে দেয় ক্রাডেলে।

খুশিতে ঝকমকে দেখায় তাকে। আনন্দে রিভলভিং চেয়ারে পাক খেয়ে নেয় ক'বার। বেজায় দারুন শরিফ। গায়ের ওপর পা নাচায়। গলায় তার ওপড়ল সুর, ইংরেজি গানের...আই স্যাল মিস য়ু ফরএভর, ও মাই ফরএভর।

ভেতরে ভেতরে তার কথার ফোয়ারা আসে, জোড়া লাগে, ছিঁড়ে যায়। ডিবেট্টার মিস্টার সিংহানিয়া উপদেশ দিয়েছিলেন মাস-কয়েক আগে, গো অ্যাহেড সুজন, গো ফাস্ট, কোম্পানীকে দেখ, কোম্পানীও তোমার পেছনে থাকবে।

দেখেছেই তো সুজন। কোম্পানীকে এরিমধ্যে কয়েক কোটি টাকার লাভ এনে দিয়েছে! চেয়ারম্যান, ডাইরেক্টর, রীতিমত খুশি। সেজন্যই তো কোম্পানী তার দিকে নজর। সুজনকেই বলতে হবে। কর্মক্ষম সুজন। স্মার্ট, সুদর্শন, কথাবার্তায় চৌকস। কথার ফাঁক-ফোকড় থাকে না। খুবই কৌশলে সামলায় ক্লায়েন্টদের।

তো আমেরিকার নিকলসন কোম্পানীর সঙ্গে জোড়াযোগ করার সুযোগ, কথাবার্তা চালাবার দায়িত্ব তাকে, দেওয়া হবে, এতে আশ্চর্য হবার কিছু নেই। তার পারসোনালিটি, কর্মদক্ষতার মর্যাদা থাকবে না? থাকবে। এবং থাকছেও। অবশ্য সেজন্য সে মোটা অংকের চেক পায়।

চমকে দেবার মত ভবিষ্যৎ তার। বকেয়া বাড়ির এলিভিটেটরের মত ধাপে ধাপে ভবিষ্যতের ফ্লোর। উন্নতির, সমৃদ্ধির এলিভিটর দ্রুত উঠে যাবে—ফার্স্ট ফ্লোর, সেকেন্ড, থার্ড ফ্লোর। কিন্তু সিকিলতা আসলেই মুস্কিল। ভবিষ্যৎ আটকে যাবে থার্ডে।

মান্টি ন্যাশনাল কোম্পানীর এটাই নিয়ম ৩২, ৩২, সাহস বুকে ওঠো, আরো উপরে, আরো...না হলে কিন্তু একই ফ্লোরে, একই পোস্টিং-এ থেকে যেতে হবে এমনও হতে পারে, একটু ভুল চালে, ফলিসের থ্রিলেমিস্টে নীচের পোস্টে চলে যেতে হবে ভাবতে পারে সুজন। এমন ডিগ্রেডেশন।

এখন সে কোম্পানীর সিনিয়র এক্সিকিউটিভ। কোম্পানীর প্রফিট-লস নির্ভর করছে তার উপর। তার উপর অনেক ভরসা কোম্পানীর, অনেক নির্ভরতাও। সুজন চৌধুরী, ওপরওয়ালার ভাষায় মিঃ চৌড়বি. খুবই কাজের লোক। কত লোয়ার পোস্টিং থেকে উঠে এসেছে আপার পোস্টের হাক ধরবার। ভাবা যায়? অ্যা মিরাক্যাল। এটা সম্ভব হয়েছে তার নিষ্ঠা, সাহস আর জীবন গড়ার নেশার জন্য। কত অল্টারনেটিভ করিয়ে নিয়েছে কোম্পানীর। কোম্পানীও তার জন্য করেছে অনেক। মোটা মাইনে, লাক্সারি ফ্ল্যাটের ডিলাক্স সুট। আনলিমিটার্ড কার্নিচার। তাছাড়া চাকর-বাকর, বাঁধুনিতো আছেই। খরচ দেয় কোম্পানী।

আনন্দতো হবেই সুজনের। তৃপ্তি আসবেই। জীবনে উন্নতির গ্রোথ পাবেই। পরিপূর্ণ জীবন তাদের। অ্যা পারফেক্ট মান যব... ভাবতে দিয়ে হঠাৎ সুজনের গলার সুরে ব্রেকিড কি ব্যাপার? তার চোখ চলে যায় দেওয়ালে, তার কথার ফটোর দিকে। ধ্বক্ করে ওঠে বুক। বাবা

হাসছে কি তাকে দেখে? স্বাধীনতা আন্দোলনের জেলখাটা আসামী বিজন চৌধুরীর মুখে হাসি? ব্যঙ্গ করছে কি বাবা?

রাজনৈতিক ব্যক্তিত্বের চোখে তার বাবা এক ঐতিহাসিকচরিত্র। ভোগ-লালসাহীন নিস্বার্থ মানুষ। ইস্টারন্যা বোর্ডের ছবিটা এখনও সুজনের চোখে ভাসে।—ট্রেজ, দ্য আর দি সন্ অব বিজন চৌধুরি। অ্যা হিস্টিরিক্যাল পারসোনালিটি? সিংহোনিয়া আবেগে গলায় নিয়া ঝুলিয়ে ফেলেছিল। শেষটা বোর্ড কেন স্তব্ধ। আর কোন প্রশ্ন করেনি কেউ। ক'দিন বাদেই এলো তার অ্যাপয়েন্টমেন্ট লেটার।

বলতে গেলে বাবার জন্যই সুজনের এই চাকরি। তাঁর অতীত সংগ্রামের পুরস্কার। অথবা প্রতিদানও বলা যায়। যে মানুষটা দেশের জন্য অত করলো। তার ছেলে চাকরি পাবে না?

বাবার কথা মনে আসতেই ম্রিয়মান হয়ে যায় সে। এখনও তার বাবা একগুঁয়ে, বেপরোয়া, সুজনের কোন ব্যাপারেই তাঁর কোন উৎসাহ নেই। তাদের সঙ্গে থাকেন না তিনি। আর এটাই দুঃখ সুজনের। সব ছেড়েছুড়ে তিনি এখন তিনি এখন বাঁকুড়ার কোন্ অখ্যাত গ্রামে মেতে আছেন আদিবাসীদের নিয়ে। ওদের নাকি সামাজিক পরিবর্তন ঘটাবেন তিনি।

আজই একটা চিঠি এসেছে বাবার ঃ আমি এখন এদেরই একজন হয়ে গেছি খোকা। এক সঙ্গে খাই-দাই, কাজকর্ম করি। রাতে মাদল বাজিয়ে নাচগানে ডুবে থাকি। তুমি ভাবতে পারবে না কি বিরাট কর্মযজ্ঞ চলছে এখানে। যৌথ খামার, যৌথ কৃষিকাজ, কুটির শিল্পের নানা শাখা, সরকারী-বেসরকারী সাহায্যে শিক্ষা-প্রতিষ্ঠান, হাসপাতাল, লাইব্রেরী, বয়স্ক শিক্ষার ব্যবস্থা, নিজের চোখে না দেখলে বিশ্বাস করা যাবে না। মন ভরিয়ে দেয় উদার আকাশ। শান্ত সুন্দর প্রকৃতিক শোভা, অরণ্যের গভীর গম্ভীর হাতছানি।

চিঠিটা অনেকবারই পড়ে ফেলেছে সুজন। বার বারই ভারাক্রান্ত হয়েছে মন। দুঃখ হয়। অথবা জীবনটাকে নষ্ট করে দিচ্ছেন বাবা। একেবারে বাজে খেয়ালে। তবু কি করতে পারতেন তিনি। যা শুরু করেছেন অনেকদিন আগে। একক নিঃসঙ্গ মানুষ বাবা। তিনি কি নিঃসঙ্গতা কাটাতে পারতেন না? পারতেন, নিশ্চয়ই পারতেন।

এখনতো তাঁর সুজনের পাশে পাশে থাকার কথা। বিয়ে থাবেন-থাবেন। সুজনের উন্নতির ব্যাপারে আরেকটু সাহায্য করতে পারতেন। তাকে মদত দিতে পারতেন। কোম্পানীর কর্তা ব্যক্তিদের ওপর পারতেন আরেকটু প্রভাব খাটাতে। অবসর সময়ে সামাজিক কল্যাণমূলক সংস্থার সঙ্গে জড়িয়ে নিতে পারতেন নিজেকে। কৃষ্টি, সংস্কৃতি, ধর্ম, পুরাকীর্তি সংরক্ষণে হৈ চৈ ফ্যাপানো চমক আনতে পারতেন। কিন্তু সে সব কিছুই করলেন না। ঘরে গেলেন আদিকালের বোধ বিশ্বাসে। নিঃসঙ্গতা বোধ থাকতে পারতো তাহলে?

অথচ চিঠি লিখেছেন। বেশ দৈ চৈ-এর মধ্যে, কর্মযজ্ঞের মধ্যে মেতে আছেন তিনি। আদিবাসীদের সামাজিক পরিবর্তনের ব্যাপারে নাকি মশগুল। আসলে গোয়ার্তুমি, বাবার এটা বেক জেদ। আদিবাসীদের চাল-চলন, জীবন যাপনের সঙ্গে তাদের মত মানুষদের কাজকর্ম, কৃষ্টি-সংস্কৃতির মিল হয় নাকি?

এসব ভাবতে ভাবতে চিঠিটা আবার টেবিলে রেখে দেয় সুজন। বাবার ফটোর দিকে আরেকবার তাকায়। সঙ্গে সঙ্গে মুখড়ে পড়ে। কিন্তু এখন তো তাকে বিষণ্ণ হলে চলবে না। বিজ্ঞান প্রযুক্তির যুগ এখন। চারিদিকে দুরন্ত প্রতিযোগিতা। ব্যক্তির সঙ্গে ব্যক্তির, দেশি পুঁজির সঙ্গে বিদেশী পুঁজির। বিশ্বায়নের স্রোতের উপর ভেসে থাকার কসরৎ রপ্ত করতে না পারলে ডুবে যেতে হবে অতলে।

এবার দু'চোখ বুজে ফেলে সে। খাড়েলওয়ালার নির্দেশটা চারিয়ে তোলা নিজের ভেতর। এয়ার প্যাসেজের জন্য মডার্ন ট্যুর এজেন্সির রামকৃষ্ণাকে বলতে হবে। ওদের কমিশন খুব বেশি নয়।—কে?

গালে নরম স্পর্শে চমকে চোখ খোলে সে। "মি" মানে মিনা, তার বেটার হাফ গালে গাল ঠেকিয়ে বলে ওঠে,—কি ভাবছো সু? টেবিলে কার চিঠি ওটা?—বাবার, উদাস গলা সুজনের। বাসী মিত্রেরা ভাই না? আমি অবাক হয়ে যাই সু, অমন হ্যাকওয়ার্ড মানসিকতা ওয়ালা বাপের ছেলে হয়ে তুমি এত মডার্ন হলে কি করে?

—আহ—মি, প্লিজ স্টপ। বাবাকে নিয়ে কোন.....

—আমার দরকার নেই, ক্ষমাসুন্দর হাসে মিনা।

মিনা মানে সুজনের আদরের "মি" একজন ডাকসাইটে সমাজ নেত্রী। নারীবাদী আন্দোলনের দুর্ধোষ সম্পাদিকা। সুতরাং সুজনের বাবাকে নিয়ে মিনার কোন সেন্টিমেন্ট থাকার কথা নয়। ওসব কাঁপা লোক দেখানো আদর্শ-টাদর্শে তার মন গলে না। ওরকমও দেয় না সে। বিশ্বের বিভিন্ন নারী সংস্থার এলিটেরা, রাজনীতি বিশারদরা এবং শিল্প-বাণিজ্য প্রতিষ্ঠানে কর্ণধাররা মিনাকে চেনে এক ডাকে। তো সুজনের বাবার এইসব ভাবালুতা যা তাকে প্রশ্রয় দেবে কেন সে?

সুজনেরও গর্ব কম নয় মিনাকে নিয়ে। সে উঁচু ঘরের। দেশ-বিদেশের নানা সম্মেলন, সেমিনার, প্রেস কনফারেন্সে তার ঝাইফাই ব্যক্তিত্ব। বিদেশ সফর-টফর তার কাছে জলভাত ব্যাপার।

বাপ দরদী সুজনকে আদুরে হাতে পাশে টেনে নিয়ে মিনা ড্রেসিং টেবিলের দিকে এগোতে থাকে। তার হাঁটার ছন্দে বাতাস নাড়া খায়। ডানলোপিলোর ছাতলহীন চেয়ারে বসে বাঁদিকে মুখ বাড়িয়ে কেষ্টার মাকে ডাকে,—কেষ্টার মা, ও কেষ্টার মা, এদিকে এসো, তাড়াতাড়ি। পাশে বসে আছে বিউটি পারলারের আরতি।

কেষ্টার মা বিধবা। পঞ্চাশ ছুঁই ছুঁই বয়স। নিরাভরণ। পরে পতরে ফেটে নিজের পেট চালায়। কেষ্টার মা'র কেষ্টা কিন্তু বেঁচে নেই। মারা গেছে অনেকদিন আগে। লোকে বলে ডাকাত ধরতে গিয়ে সে টেনে মারা গেছে ডাকাতদের হাতে। তবু লোকে মিনতি বিশ্বাসকে কেষ্টার মা সম্বোধনে ডাকে। ওর মিনতি নামটাই ভুলে গেছে অনেকে।

কেষ্টার মা মিনা সুজনের সংসারের হাল ধরে আছে। বুটি পটলি নামে আরো দুটো মেয়ে বাইরের কাজ করে। এই সংসারে তার কাজের প্রশংসা নেই। কিন্তু কিছু ত্রুটি হলেই সর্বনাশ। মিনিমণি বাড়ি মাথায় তুলবে। তুলোধুলো করবে কথার চোটে।

সুতরাং তাকে সঙ্গে সঙ্গেই ছুটে আসে কেষ্টার মা। সামনে এসে দাঁড়ায়। মিনার কেশচর্চা করে মিজিল পারলারের আরতি। সেই দিকেই মিনার দৃষ্টি। কেষ্টার মা'র দিকে না তাকিয়ে আদেশ হয় মিনার।—শোন কেষ্টার মা, আজকের মেনু হবে ফ্রাইডেড্ রাইস, ফিস ফ্রাই, চিকেন রেজালা আর আনারসের চাটনি। ফ্রিজে সন্দেশ আর আইসক্রিম আছে, এই দিয়েই চলে যাবে ডিনার।

—ঠিক আছে মিনিমণি, বলে কেষ্টার মা চলে যায় কিচেনে। ডিভানে আধশোয়া সুজন মিনার কেশপরিচর্চা দেখতে থাকে। সাজলে গুজলে মিনাকে সুন্দরী মনে হয়। গায়ের রঙটা আরেকটু ব্রাইট হলে তাকে দেখে কে?

—মি, মেয়ার ইজ অ্যা ছাপি নিউজ ফর য়ু।

—হোয়াট নিউজ সু? সুজনের দিকে মুখ না ফিরিয়ে জিগগেস করে মিনা। মুখে তার আলতো হাসি লাগানো।

—কোম্পানীর আরেকটা মোটা টাকার কন্ট্রাক্ট-এ এগ্রিমেন্ট করাতে ম্যারিকা যেতে হবে?

—তাইনাকি? কবে, কবে যেতে হবে সু?

—দুরেক দিনের মধ্যে। এয়ার টিকেট কনফার্ম হবার ওপর ডিপেন্ড করছে বাবার ভেট্।

—তোমার পটিনায় ছুরে যেতে পারছি তো আমি?

এ কথায় হাসে সুজন। হাসির শব্দ খুব তীব্র না হলেও তীক্ষ্ণসুরের, —না মি। ডাইরেক্টর আর্ট অ্যালাও করেনি, বলে সুজন নিজের ভেতরে হাসে। মনে মনে ভাবে, কন্টিনেন্টে স্ত্রী থাকে নাকি পার্টনার হিসাবে? শুনলে অন্য একজিকিউটিরা হাসবে। ওদেশে স্টার মার্কা হোটেলে সব রকমের সুযোগ সুবিধা থাকে।

অবশ্য সুজন জানে মিনার এটা শুধু কথার পিঠে কথা বলার জন্যই বলা। এখন সুজনকে সঙ্গ দেবার ফুরসৎ আছে নাকি তার? রোজই তো প্রোগ্রাম। নানা ধরনের। কিন্তু ব্যক্তিগত কিছু সমিতিগত এনগেইজমেন্ট। আজই আছে আর্ন্তজাতিক নারী দিবসের সেমিনার। বক্তব্য রাখবে মিনা।

বিউটি পার্লারের আরতি কেশপরিচর্চার কিনিশিং টাচ্ দিয়ে চলে যায়। নিজেকে অরেকটু গোছগাছ করে নিয়ে দ্রুত চলে আসে সুজনের কাছে,—দেখ তো সুর সব ঠিক আছে কিনা?

—দারুন, দারুন, যেন পটে আঁকা, একটা ছবি হবে নাকি?

—এ্যাই-ও, নটি বয়, বলে মিনা একটা পাক খেয়ে নয়। তারপর স্থির হয়ে বলে, শোন তোমার গাড়িটা নিয়ে যাচ্ছি। আবার তাড়াতাড়ি ব্যাক করিয়ে দেব। আমারটা গ্যারেজে, কি সব খুটিনাটি ডিফেক্ট।

সুজনের কপালে চিন্তার ভাঁজ পড়ে। বিস্তৃত হয়। ইতস্তত করে বলে, কিন্তু আজ যে আমাকে ডাঃ মুখার্জির কাছে যেতে হবে। তোমার সেই হর্মোন সংক্রান্ত রিপোর্টটা আনতে হবে। আ-হা-হা, নিয়ে যাও, তবে তাড়াতাড়ি ব্যাক করিয়ে দেবে।

—ও সিওর, বলে মিনা শরীরে ঢেউ তোলে। সেই ঢেউ এসে লাগে সুজনের ভেতর মনে। তার ভেতরটা নাড়িয়ে দিয়ে মিনা চলে যায় দ্রুত লিফটিংয়ের দিকে।

সুজন ভূকুঞ্চিত বোধ করে। এক কাপ কফি দরকার। কেটার মাকে ডাকে জোর গলায়। কেটার মা ছুটে আসে, কি বলছেন দাদাবাবু?

—এক কাপ কফি খাওয়াও তো কেটার মা।

—আনতিচি দাদাবাবু, বলে দাঁড়িয়ে থাকে। যায় না তবু।

—কি হলো? সুজন অবাক চোখে তাকায়।

জড়োসড়ো গলায় কেটার মা জিগগেস করে, আর্ন্তজাতিক নারী দিবসটা কি দাদাবাবু? এদিনে কী হইচে? সুজন শুনে হাসে। হাসতে হাসতে বলে, এটা জান না? নারীদের উন্নতির জন্য এই দিনটা উৎসর্গ করা হয়। শপথ নেওয়া হয়। দেশ বিদেশ থেকে মহিলা নেত্রীরা এসে নারী নির্যাতন, নারী শোষণের বিরুদ্ধে বক্তব্য রাখে। সে এক এলাহি ব্যাপার কেটার মা। তুমি বিদিমনির কাছ থেকে ভাল করে বুঝে নেবে।

বিস্ময়ভরা চোখে তাকিয়ে থাকে কেটার মা। সে ভাবে, এতসব হচ্ছে? অশিক্ষিত বলে তাদের মত মেয়েরা অত-এব খবর রাখে না। অথচ মেয়েদের জন্য কত কাণ্ড কারখানা হচ্ছে চারিদিকে। এসব জানে না তারা। বিদিমনির কাছ থেকে জেনে নিতে হবে গোটা ব্যাপারটা। এসব ভাবতে ভাবতে রান্নার কিচেনে চলে যায় কেটার মা।

সেমিনার দারুণ জম জমাট। আর্ন্তজাতিক নারীদের ক্ষোভ বিক্ষোভ, অধিকার, দাবী দাওয়ার বিস্তারিত আলোচনা চলছে। নামী দামী ব্যক্তিত্বের ভীড়। ওদেরই সামনে বক্তব্য রাখছে মিনা। পরিষ্কার ঝরঝরে গলা তার : আমেরিকার বিদের ওপর অত্যাচার চলছে। ফ্রান্সের যৌনকর্মীদের স্বাধীনতা ক্ষুণ্ন হচ্ছে। বৃটেনে ওম্যান লেবাররা নায্য মজুরী পায় না। আমাদের দেশের মেয়েরা এখনও দাস প্রথার ভেতর আটকে। তাই দেশে দেশে নারীদের সপক্ষে আরো জনমত গঠন করার প্রয়াস চালিয়ে যাব। অত্যাচারী পুরুষদের বিরুদ্ধে সোচ্চার হব।

বলতে বলতে মিনার চোখ মুখ লাল হয়ে যায়। বাচনভঙ্গিতে অনমনীয় দৃঢ়তা। কঠিন কঠিন বক্তব্য। গায়ে চোরা বিদ্যুৎ খেলে যায় সুজনের। গায়ের রোমকূপ খাড়া হয়ে ওঠে। কিন্তু কোথায় যেন খটকা লাগে তার। ওধুমাত্র পুরুষ তন্ত্রের বিরুদ্ধে বলছে কেন মিনা?

হঠাৎ তার বাবা বিজন চৌধুরীর মুখটা নারী শোষণকে দেখা ঠিক নয়। গোটা সমাজ ব্যবস্থায় যে শোষণ চলছে নারী নির্যাতন তারই অঙ্গ। সমাজের সমস্ত শোষণ অত্যাচারকে জিইয়ে রেখে অবিচ্ছেদ্য শোষণ। এসব পুঁজিবাদের কৌশলমাত্র।

ঠোঁটে ঠোঁট চাপে সুজন। বাবার কথাগুলো এই মুহূর্তে তাকে যেন খামচাতে থাকে। ওপর ওপর চিন্তা করলেও তো দেখা যায়—মেয়েরা মেয়েদের ওপর অত্যাচার করে। দায়ী কে তাহলে? বাবার কথাই কি সত্যি? এর জন্য দায়ী সামাজিক, অর্থনৈতিক, রাষ্ট্রীয় ব্যবস্থা?

হঠাৎ চারদিক থেকে হাত তালি পড়ে। মিনা অভিনন্দিত হচ্ছে। অনেকে ছুটে আসে ওর দিকে। নানা দিক থেকে অনেকগুলো হাত এগিয়ে আসে হ্যাণ্ডশেকের জন্য। অনেকের চোখে প্রশংসার দ্যুতি। রাজনৈতিক নেত্রীর মত ভীড় ঠেলেঠুলে মিনা এগিয়ে চলে সামনের দিকে।

গাড়িতে ওঠে ওরা। মিনার নাকে টোনা মোর সুজন বলে, দারুণ বলেছ মি, একসাইটিং অ্যাণ্ড আগ্রেসিভ্। তবে নারী নির্যাতনের জন্য পুরুষরা দায়ী এটা কিন্তু মানতে পারলাম না। মিনা বাঁ হাতটা পদির ওপর দিয়ে এগিয়ে দেয় সুজনের কাঁধে। দু' আঙুলে সুজনের দু'টি কুচি চুলে টান মেরে কথা চিবাতে থাকে, —ওসব বুঝবার চেষ্টা করা না যু, জনফিউশনে পড়বে। সুজন কিছু না বুঝে অনেক কিছু বোঝার ভান করে।

ফ্ল্যাটে এসে ওরা থ। কেটার মা, বুচি, পটলিরা ফ্ল্যাটের কোথাও নেই। শুধু দরোয়ান রামলখন সিং নীচে বসে। তৃষ্ণায় মিনার গলা শুকিয়ে গেছে। ঠাণ্ডা পানীয় বা সরবৎ না হলে তৃষ্ণা মিটবে না। রামলখনের কাছ থেকে সব শুনে মিনার সারা শরীরের রক্ত চিড়িক করে মাথায় উঠে যায়।

এত সাহস কেটার মা, বুচিদের। রামলখন সিং ওদের ঠাণ্ডা পানীয় এনে দেয়। মিনা আকণ্ঠ পান করে কিছুটা স্বস্তি বোধ করে। গা এলিয়ে দেয় ডিভানে। সুজন ধীর পায়ে চলে যায় ফোনের কাছে।

আধঘন্টা পরে ওরা আসে। কেটার মা নরম পায়ে এগিয়ে এসে জিগগেস করে,—আপনারা কখন ফিরি এ্যালেন বিদিমনি? ওকে দেখে চলাৎ করে রক্ত উঠে যায় মিনার ব্রহ্ম রন্ধ্রে। রুদ্ধকণ্ঠে গলায় হঠাৎ চেঁচিয়ে ওঠে,—কোথায় গিয়েছিলেন?

নতমস্তক কেটার মা, মিন মিন করে বলে,—খেটে খাওয়া মাইন্ষের নিয়ি মিটিং হতেছেল মাঠে। আর্ন্তজাতিক মাইয়ের দিন চলতিছে যে।

কথা শেষ করার আগেই চেঁচিয়ে ওঠে মিনা, —বেরিয়ে যাও বুচি পটলিদের নিয়ে চলে যাও। আমি কোম্পানী থেকে অন্য লোক চেয়ে নেবে।

—কি বলতিচেন বিদিমনি?

—আর কোন কথা শুনবো না আমি, বলেই পটপটিয়ে বেডরুমের দিকে চলে যায় মিনা।

কেটার মা হতভম্ব। তার চোখ দু'টো ক্রমশঃ ঘোলা হয়ে যেতে থাকে। ঘোলা চোখ তুলে সামনের দেয়ালে তাকায় সে। দেয়ালে হরিণের মাথা, বাঘের মুখ আর রঙবেরঙের নানা ধরনের মুখোশ। মুখোশ গুলো যেন বাতাসে উড়ছে, দুলছে। অন্ধ ঠিক তার উল্টোদিকে সুজনের বাবার ফটোটা স্থির গম্ভীর মুখে লেপ্টে আছে দেওয়ালে।



বিশ্বায়নে সিনেমা ঃ অভিনব বিষয় বৈচিত্র্য শতাধিক ছবিতে কিন্তু মিলের খিল খুলেছে

সমীরণ দত্তগুপ্ত

গত এক সপ্তাহ ধরে কলকাতা সহ রাজ্যের মানুষ দেখেছেন পৃথিবীর বিভিন্ন দেশের শতাধিক ছবি। যার একটা বড় অংশ নির্মিত হয়েছে এই ৯-এর দশকেই। বিশ্বায়ন, বাজার অর্থনীতি এখন সারা পৃথিবীতে বেশ দাপিয়ে বিরাজ করছে। ছবিগুলিতে এর প্রতিফলন ঘটেছে। কেমন করে বিশ্বায়নের রথচক্র মানুষের মূল্যবোধকে ভাসে করছে। কেমন করেই বা মানুষে মানুষে পারস্পরিক সম্পর্ক নষ্ট হচ্ছে। ছবি সে সবকিছুকেই ঘুঁয়েছে, নারীর পণ্য হয়ে ওঠা। পণ্যের গুণমানে নারীকে বিবেচ্য করার প্রয়াস। পরিচালকের ক্যামেরায় ধরা হয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশের ছবিগুলির মধ্য দিয়ে এ আমরা দেখলাম বিশ্বায়নের প্রভাবে মানুষের জীবনে কি নিদারুন দুর্ভোগ যন্ত্রণা নেমে এসেছে। আছে কয়েকটি কালজয়ী ছবি। কুরোসোয়া থেকে ব্রেখট। আইজেনষ্টাইন। বিকল্প সিনেমার পথচলা ঋত্বিক সিনেমার কথোকথা। এরই সঙ্গে হলিউড মোঘলদের সর্বগ্রাসী ধারা। ১০ থেকে ১৭ই নভেম্বর। কলকাতা ছিল উৎসবমুখর। পৃথিবীটা যেন আমাদের দোরগোড়ায় বিরাজ করেছে। এসেছেন বহু বিশিষ্ট পরিচালক, অভিনেতা-অভিনেত্রীরা। পারস্পরিক মত বিনিময় করেছেন। জানিয়েছেন নিজ নিজ দেশের সিনেমার সংকট ও সম্ভাবনার কথা। রাজ্য সরকার পরিচালিত এই উৎসব এবারই আন্তর্জাতিক স্বীকৃতি ও পেলো। চতুর্থ কলকাতা চলচ্চিত্র উৎসবের অন্যতম একটি পর্ব ছিল। ইন্টারন্যাশনাল ফোরাম ফর ইয়ং সিনেমা। ফিল্ম সিনেমার গত ১১ই নভেম্বর থেকে প্রদর্শিত এক ঝাঁক ছবির একটি স্টর্ম ইন দি আফটার নুন। আমেরিকার এই ছবিটির পরিচালক একজন অনাবাসী বাঙালী। গত ১৩ই নভেম্বর প্রদর্শিত রবীন পোদ্দার পরিচালিত এই ছবিটির বক্তব্য তাৎপর্যপূর্ণ। ৪এর দশকে ভারতীয় গণনাট্য সংঘের পতাকাতলে শামিল হয়ে বিকল্প সংস্কৃতির পথে যারা হাঁটতে শুরু করেছিলেন অনাবাসী এই ভারতীয়টি তাঁদেরই একজন। পরবর্তীকালে কল্লোল নাটকের সঙ্গে যুক্ত হন। নাটামন নামে একটি সংস্থা নিয়মিত পরিচালনা করতে করতে সাতের দশকের মাঝামাঝি নাগাদ জীবিকার সন্ধানে পাড়ি দেন ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলসে।

স্টর্ম ইন দি আফটারনুন ছবিটির বিষয়বস্তু হচ্ছে বিশ্বায়ন ও বাজার অর্থনীতির ঘেরাটোপে মার্কিন মুলুকে এক ভারতীয় পরিবারে মূল্যবোধ আর অস্তিত্বের সংকট। ভোগবাদ কেমন করে স্বামী স্ত্রীর পারস্পরিক সম্পর্ক নষ্ট করছে। ছবি প্রদর্শনের পর পরিচালকের কাছে প্রশ্ন রেখেছিলাম, ছবির গল্পের উৎসটা কোথায়? তিনি জানান তখন বৈভব আর প্রাচুর্যে মানবিক চাহিদার সংকট অনুভব করছিলাম। একদিন নিজের স্ত্রীকে বিরক্ত হয়ে জিজ্ঞাসা করেছিলাম এই ভোগসর্বস্ব জীবন ও অহেতুক খরচ কবে কমাবে? সে উত্তর দিয়েছিল তুমি যবে যথেষ্ট রোজগার কমাবে। এইখান থেকেই ছবির গল্প তৈরির পটভূমি তৈরি হয়।

এবার থাকা যাক মার্কিন মুলুকে ভোগবাদী সমাজের অভ্যন্তরে থাকা একটা পরিবারের সংকট কেমন করে তৈরি হলো। স্বামী, স্ত্রী, শাশুড়ির সংসারে যথেষ্ট বৈভব। ভোগসর্বস্বতার চোরা স্রোতে স্বামী-স্ত্রীর সম্পর্কে মধ্যে ফাটল ধরলো। এলো একজন ভোগ্যপণ্যকে ব্যবহার করার মতোই স্ত্রীর মানবিক চাহিদা পণ্য হয়ে উঠল। ডাক্তার অজয় বসুর

পরিবারে আসন করলো। অস্তিত্বের সংকট শুরু হলো। যেমন করে পণ্যসর্বস্ব অর্থনীতির সংকট তৈরি হচ্ছে। আমেরিকান সমাজে থেকে যতটা সম্ভব সফলভাবেই পরিচালক রবিন পোদ্দার ফেলুলয়েডে কোলাজ তৈরির চেষ্টা করেছেন। [illegible] কাজ। কয়েকটি মার্কিন যুবতী [illegible] এলো ভোগসর্বস্ব সমাজের দাঁতাকলে [illegible]। নিজেদের মানবিক চাহিদার সংকটের [illegible] অন্যের বন্ধুর সংকটের প্রতি সহানুভূতিশীল। ছবিতে খানিকটা নাটকীয়তার মাত্রা আছে। সিনেমাটিক আবেদন তাতে খানিকটা ক্ষুণ্ন হয়েছে। ছবির শেষ কিন্তু স্বামী-স্ত্রীর মিলনের মাধ্যমেই। পরিচালক ফেলুলয়েড ভোগসর্বস্ব সমাজের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন।

ইস্টার ন্যাশনাল কোয়াম ফর ইয়ং সিনেমা বিভাগের অধিকাংশে ছবিই ৯০-এর দশকে তৈরি। অধিকাংশেই ইউরোপের কেন্দ্রগুলির পুঁজিতম বিষয়বস্তু। প্রায় প্রতিটি ছবিতেই নারীর শরীর, তাকে ঘিরে মনুষ্যত্ব, পৌরুষের টানাপোড়েন মূল বক্তব্য। ছবিগুলি দেখলে বোঝা যাবে ইউরোপীয় সমাজে বর্তমান সময়ে চলছেটা কি। সুইজারল্যান্ডের বেশ কয়েকটা ছবি প্রদর্শিত হচ্ছে এই বিভাগে। এরকম দুটি ছবি 'দি ওয়াশার ম্যান ফ্রোক' ও 'নাইস টাই ডিন লুই পারসিভিউ'। ছবি দুটির পরিচালক ক্লাউডি গোয়িট্যা। সুইস সিনেমার ক্যামেরার কাজ অত্যন্ত ঝকঝকে। আধুনিক প্রযুক্তির ব্যবহারের সুকলতা ছবিতে আছে। প্রকৃতি দুটি ছবিতেই বড় একটা জায়গা জুড়ে আছে। প্রাচুর্য, বৈভবের অত্যন্তরে থাকা মানুষের শুন্য হওয়া অস্তিত্বের সংকট ছবির অন্যতম বিষয় বস্তু। ছবিতে নারীর শরীর ব্যবহারের একটা প্রবনতা বিদ্যমান।

সমস্যাটা হচ্ছে মানবিক অস্তিত্বের সংকট বোঝাতে ফেলুলয়েডে ভোগসর্বস্ব জীবন, তার যন্ত্রণাকে যতটা বিস্তৃতভাবে স্পর্শ করার চেষ্টা, ঠিক ততটাই স্পর্শ করতে বিশ্বাসীয় মুভির অধিকতা অনুপস্থিতি। অর্থাৎ গোটা সমস্যাটার প্রকরণে চেতনাটা বোঝাতে নারীর শরীর নিয়ে ভোগসর্বস্বতার ইদুর দৌড় চিত্রায়িত হয়েছে। কিন্তু ভাবনার সমান ভাষার তথ্য অনুপস্থিত। অথচ ফেলুয়ড ফেলায়। যদিও নারীর শরীর সর্বস্ব কাহিনীর উপস্থাপনার মধ্য দিয়ে ভোগসর্বস্ব সমাজ, সেখানে নারীকে ভোগ পণ্যের মূল্যমানে বিচার বোলআনা। সিনেমাটিক আবেদন নিয়েই ছবিতে বিরাজ করেছে। সমস্যাটা হচ্ছে ধারনিক সিনেমার অনুপস্থিতি। ফেলার উত্তরণের উপেক্ষুখ। প্রায় প্রতিটি ছবিতেই এই সীমাবদ্ধতা দেখেছি। এ এক ধরনের ফাঁকি। বাস্তবতা প্রকর্ষনে কার্যপ্রণালীন পরিচালক যেসব থাকা সমাজ বাস্তবতার প্রতি তেমনভাবে দৃষ্টি দেননি। যদিও দর্শকদের আসল অবস্থাটা বুঝতে অসুবিধা হবে না।

এরকমই পোল্যান্ডের পরিচালক আন্দ্রেজ ফাজদার 'দিস নো বডি' মেলার ল্যাতের পরিচালক ইজিউটারমলের বাউন্ডস হ্যাণ্ড ব্রাইজসমেইড। ভোগসর্বস্ব সমাজের প্রতিফলন হচ্ছে ছবি দুটিতে। কেমন করে নারীর শরীর ভোগ্যপন্য হয়ে ওঠে। নারীও নিজেকে সঁপে দেয়। শারীরিক কিংবে বিকৃত হয়ে ওঠে। তখন এরা পৈশাচিক খেলায় মেতে ওঠে। একদিন কিন্তু খেলা থামে। নারীর মানবিক চাহিদা ফল্গুধারায় প্রবাহিত হয়। মানুষে মানুষে পারস্পরিক সম্পর্ক নষ্ট হচ্ছে। নারী পুরুষের শরীরের অযেচ্ছ ব্যবহার। ন্যাপটার মধ্য দিয়ে অস্তিত্বের সংকট গভীর হয়। একাকীত্ব নেমে আসছে। মানবিক চাওয়া পাওয়ার সঙ্গে শরীর সর্বস্ব চাহিদার ফারাক তৈরি হয়। ফেলুলয়েড এই ভাষনকে ধরেছে বেশ নিপুনভাবেই। পোল্যান্ডের ছবিটি ঐতিহ্যবাহী লোকসংস্কৃতিকে স্পর্শ করেছে। উত্তর আধুনিকতার সর্বনাশা ছড়কে বোঝাতে পরিচালক সে দেশের লোকসংস্কৃতিকে ছবিতে ব্যবহার করেছেন। ফোকের ভাষাতেই উত্তর খুঁজতে চেষ্টা করেছেন। কিন্তু শেকড়ের সন্ধানে সে যাঁতার অযেচ্ছ সম্ভাবনা সত্ত্বেও ছবির বক্তব্য সীমাবদ্ধতা দ্বনির্ভরতায় আক্রান্ত হয়েছে। পোল্যান্ডের ছবিটিতে ঘুষোস ব্যবহার করা হয়েছে। এসেছে রূপকথা ছবিতে শরীরে উল্কি আঁকা। এসব নিয়েই ফেলুলয়েড বাস্তবতাকে ছুঁয়েছে। পণ্যের জন্য মানুষের ইদুর দৌড় বোঝাতে বা উল্কিকে গাড়ির পরিকে ব্যবহার করা হয়েছে। ইদুর দৌড়ের নিষ্টকল যে শূন্য তা বোঝানো হয়েছে চোখের জলে। বাউন্ডস হ্যাণ্ড ব্রাইডমেইড ছবিতে প্রচ্ছন্নভাবে ধরা পোলা হয়েছে বিবাহ ধরে উত্তরণকে। কে এই ন্যাপটার কর্তব্যরিনী। কেন মানুষ এই মরীচিকার পিছনে ছুটছে।

এরকমই আরেকটা ছবি গ্রীসের পরিচালক ভিসিলিস ভ্যাসেলিউসের দো নিকনামি কল দি ডেভিল। ছবির ভরুবরণ ১৯৯৭ সাল।

একটি মেয়ের চোখের জল দিয়ে ছবিটির শুরু। ক্যামেরা নিখুঁতভাবে চোখের জল ধরেছে। আসলে চোর মেয়েটি। ভোগসর্বস্ব সমাজের প্রতীক। বৈভবের হাতছানি আর সাফল্যের অযেচ্ছ ধারনাটা মেয়েটি পূরণ করতে চেয়েছে ওর শরীর দিয়ে। সে ভদ্রলোকে ভোগনে চু যাচ্ছে। শুরু সাফল্য করে। ওর শরীরের দিয়ে আর পয়সার জন্য দিয়ে একাকার হয়ে যায়। একসময়ে ধরা পড়ে। পয়সার গুপ্তধান বোঝাতে মেয়েটি অবলীলাক্রমে খুলে ফেলে ওর শরীরের যাবতীয় আক্র। পণ্যনির্ভর বেচাকেনার সঙ্গে নারীর বেচাকেনা একাকার হয়ে যায়। ফেলুলয়েড ঘুঁরে যায়। শরীরকে যথেচ্ছভাবে ব্যবহারের জন্য দিয়ে মেয়েটি পন্যের গুপ্তধানকে প্রতিফলিত করে। শরীরে অত্যাধিক কাম তৈরির জন্য কৃত্রিম ওষুধ সেবন করে। যেমন করে পণ্য নির্ভর অর্থনীতি [illegible] একদিন শরীরে সংকট নামে। এরই মধ্যে মানবিক চাহিদাগুলো সজাগ হয়ে ওঠে। দ্বন্দ্ব শুরু হয়। অসম্ভব ভাল অভিনয়। বিশেষ করে নায়িকার।

পোল্যান্ডের আরেকটি ছবি 'আগাথাস ফিজন্যাপিং', পরিচালক নারিক পিস্তওয়াস্কি। ষোল বছরের কিশোরী আগাথাস। জামরেল এক রাজনৈতিক নেতার কন্যা। হঠাৎই ভালবেসে ফেললো এক ভবঘুরে জিপসি ছেলেকে। পরিবারের পরই সিদ্ধান্ত নিলো ওরা বিয়ে করবে। আগাথাস জিপসিকে বাড়ি নিয়ে এলো। বাড়ির লোকেরা আপত্তি তুললো। আগাথাস নাবালিকা, তাছাড়া স্ট্যাটাস আলাদা। প্রেমিক প্রেমিকা সে বাধা মানলোনা। ওরা পালিয়ে গেলো। ছেলেটির পিতৃ পরিচয় অজানা। ভবঘুরে জীবন, জীবন ভাল করেকটা গান আছে ছবিতে। পোল্যান্ডের ঐতিহ্যবাহী লোকসঙ্গীত। চললো টানাপোড়েন। পরিচালক ছবিতে পোল্যান্ডের রাজনীতির একটা ছবি এঁকেছেন ব্যাঙ্গভরে। রাষ্ট্রীয় অনুশাসন নিয়ে ব্যঙ্গ করা হয়েছে। এসব টানাপোড়েনের মধ্যে যুজনে বিয়ে করলো। ছেলেটি নিজের শুদ্ধতার রক্ত দিয়ে বন্ধন দৃঢ় করতে উদ্যত হলো। তখনই আগাথাসের স্বপ্নের গণ্ডিতে সে গ্রহণ লাগলো। শুরু থেকে কয়েকটি চালে গল্প বলতে বলতে পরিচালক শেষ দৃশ্যে ট্রাজিডি এনেছেন।

সিনে সেন্ট্রালের পরিচালনায় ঔবেলকরে এই পর্বের আরেকটি ছবি ক্রোয়েশিয়ার 'হাউ টি ওয়ার স্টার্টেড ইন মাইল্যান্ড'। পরিচালক জেলেকো ব্রিচেন। সাবেক যুগোস্লাভিয়ার সংকট এই ছবির মূল বিষয়বস্তু। কেমন করে জাতি সমস্যার জর্জরিত মানুষ অস্তিত্বের সংকটে আক্রান্ত হলো ইতিহাস কথনের ধরা দিয়ে তা বলা হয়েছে। কিন্তু সমস্যা হচ্ছে, এই ইতিহাস কথন কতটা বিশ্বাসযোগ্য, ছবিতে একটা বড় অংশ জুড়ে আছে সেনাবাহিনী তার্কবলাপ। কেন কাল ব্যক্তি ছবিটিতে একাকার হয়েছে। সেনাবাহিনীর যান্ত্রিকতা, নেতিবাচকতাকে ফেলুলয়েড ধরা হয়েছে। কিন্তু ব্যক্তির দ্বন্দ্ব, চাওয়া পাওয়া, প্রেম বিষয় তেমনভাবে সিনেমাটিক আবেদন নিয়ে ছবিতে আসেনি। কাকতালে ফটোগ্রাফিক সম্পাদনা আরেকটু খাঁটোসাটো কাম্য ছিল।

প ত্র প ত্রি কা

- বর্হির্বাঙ্গলার বাঙালীদের মুখপত্র 'সঙ্কিতা' (নভেম্বর) সংখ্যার প্রাপ্তি স্বীকার করছে। নানা প্রতিকূলতা সত্ত্বেও বর্হির্বাঙ্গলার বাঙালী সমাজ যে বাংলা সাহিত্য ও সংস্কৃতি ধরে রাখতে ও প্রসার ঘটাতে তৎপর তা এই পত্রিকার মধ্যে দিয়ে জানা যায়। মূলতঃ পাটনা ও বিহারের বিভিন্ন শাখার কার্য বিবরণী ছাড়াও ভারতের অন্যান্য দু' একটি প্রদেশের কথাও জানা গেল। আমরা এই পত্রিকার উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করি।

- অখিল ভারত বঙ্গ সংস্কৃতির একুশ বছর পূর্তি স্মারক সংখ্যা 'ক্রান্তিক' দপ্তরে এসেছে। সংখ্যাটি সংস্থার কার্য বিবরণী হলেও কিছু কিছু লেখা আছে যা দৃষ্টি আকর্ষণ করে। সিতেশ রায়ের 'পথের কাহিনী' ভিন্ন ধারার লেখা। পড়তে বাধা লাগে তবে সেটা কাটিয়ে উঠতে পারলে পথের নামকরণ বিষয়ে পুরানো তত্ত্ব বেশ জানা যায়। অন্য একটি লেখা লালন ফকিরকে নিয়ে। সাম্প্রদায়িক ধর্ম বিদ্বেষের যুগে লালন ফকিরের সর্বধর্ম সমন্বয়ের গান সত্যিই মনমুগ্ধ জোয়ার আনে।

- দহন চেতনা। স—ঝুলীপদ ঘোষ, ৩৪/১/১, কালী ধাপাজী লেন, হাওড়া-৭১১১০১। ২য় বর্ষ। দাম-১০। মোট ৭টি প্রবন্ধের মধ্যে "আমেরিকান নিগ্রো অথবা কৃষ্ণ কবিতা" প্রবন্ধটি উল্লেখ করার মতো, অন্যগুলি আরও বিস্তৃত করলে ভাল হতো। "মহাযষ্ঠীর লুচী" রম্যরচনাটি যেমন উপেক্ষা করাই ভাল অপরদিকে ছড়া "হেমিত মঙ্গল" পড়তেই হবে। একমাত্র গল্প "যাত্রী" এবং কবিতাগুচ্ছের কবিতাগুলি সুনির্বাচিত সন্দেহ নাই।
- ছড়াকা। স—সতীন বিশ্বাস। ১৭/১৭, কালীরাম দাস রোড, দুর্গাপুর-৭১৩২০৪। ত্রৈমাসিক। ২য় বর্ষ। দাম-২। ২১টি ছড়াকা নিয়ে ছোট্ট ফোল্ডার পত্র। ছড়াগুলি উপভোগ্য।
- চিত্রাঙ্গ। স—শেখ নসরুৎ আলি। কল্লি মহলা, পাণ্ডুয়া, হুগলী, ত্রৈমাসিক। ৩য় বর্ষ। দাম-১০, ৫টি প্রবন্ধ, ১টি রম্যরচনা, ৭টি গল্প, ১৮টি কবিতা, ১টি নকশা, ২টি ভ্রমণ ও ১টি খেলা নিয়ে রচনা। প্রতিটি বিভাগের রচনাই সুনির্বাচিত। কলকাকে ছাপা ও আঙ্গসৌষ্ঠব দৃষ্টি কাড়ে। বিশেষ করে প্রবন্ধের অংশটি উল্লেখযোগ্য।
- নীল সুষমা। স—প্রশান্ত ঘোষ। ১৮বি/৫, রাজা রামমোহন রায় সরণি, শ্রীরামপুর-৭১২২০৩। ত্রৈমাসিক। রচনাগুলির মধ্যে বাসনা নির্মাণ ও অঘটন যথাক্রমে রচনাশৈলী ও বিষয়বস্তুতে ভাবর। সবগুলি না হলেও বেশ কিছু কবিতা মনকে নাড়া দেয়।
- শাশ্বিক। স—ডাঃ শ্রাবন্তী বিশ্বাস। ৫১/২৯, নেতাজী সুভাষ রোড, বিষড়া, হুগলী-৭১২২৫৮। ত্রৈমাসিক। দাম-১২। ঝকঝকে, তকতকে ছাপা—প্রচ্ছদ ও যথাযথ। অল্প পরিসরে পত্রিকাটিকে আকর্ষনীয় ও উন্নত করার জন্য সম্পাদকদ্বয়ের প্রয়াস বিশেষভাবে লক্ষনীয়। রচনার মধ্যে নতুন খেলা—গল্পটি বিশেষ উল্লেখযোগ্য।
- অভিনয়। স—অমল রায়। ১বি, প্রতাপ রুদ্র লেন, কলি-৫৭। ত্রৈমাসিক। ১৫বর্ষ। দাম-১৫, নানান রীতির ১১টি নাটক ছাড়াও আধুনিক বাংলা নাটকে চরিত্রচিত্রণ শীর্ষক প্রবন্ধটি নাট্যমোদীদের তৃপ্ত করবে।
- সপ্রতিভ। স—শিবশক্তি চক্রবর্তী। ১৬, উত্তরপল্লী স্ট্রিট, বেনাচিতি, দুর্গাপুর-৭১৩২১৩, বর্দ্ধমান। ত্রৈমাসিক কবিতা পত্রিকা। ১০ম বর্ষ। দাম-৫। বিভিন্ন স্বাদের ৪৪টি কবিতা নিয়ে "একাত্তাই কবিতাও কবিদের পত্রিকা" হয়ে উঠেছে। ছাপা ও প্রচ্ছদ যথাযথ।
- প্রেক্ষণ। স-সুদীপা বসু। স্কুল রোড, কান্দি, মুর্শিদাবাদ-৭৪২১৩৭। ত্রৈমাসিক। ৫ম বর্ষ। দাম-১৫। প্রবন্ধ, গল্প, কবিতা, ছড়া—নানান স্বাদের লেখা। প্রচ্ছদ থেকে পত্রিকাটির সর্বাঙ্গে সমাজ সচেতনার ছাপ স্পষ্ট।
- ভোরের তারা। স—বিশ্বনাথ হালদার। ছোট দেউড়ীপাড়া, কালনা, বর্দ্ধমান-৭১৩৪০৯। ত্রৈমাসিক ছিন্নোর পত্রিকা। ১৬শ বর্ষ। দাম-৩। স্বল্প পরিসরে ছোটদের জন্য নানান সম্ভার।
- কালের যাত্রার ধ্বনি। স—সতী চট্টোপাধ্যায়। বলরামবাটী, সিঙ্গুর, হুগলী-৭১২৪০৯। ২২শ বর্ষ। হাতে লেখা মাসিক পত্রিকা। বিষয় ও আঙ্গিকে অভিনব ও বৈচিত্রপূর্ণ।'
- রতন। স—মানিকলাল দাস। টেপনপাড়া, বাসবুদ্রা-৭৪১১২১, নদীয়া। ত্রৈমাসিক। ১৩শ বর্ষ। দাম-৫। ১বর্ষার পত্রিকার ১টি প্রবন্ধ, ২টি গল্প ও ৩টিকর কবিতা, প্রচ্ছদে নজরুলের উক্তি সব মিলিয়ে এক নিশ্বাসে পড়ার মত।
- শ্রীরামপুর সমাচার। স—সমন কুমার গাঙ্গুলী। ৯ দে বাগান, শ্রীরামপুর, হুগলী। 'সংবাদ পাক্ষিক'। ৩১ বর্ষ। দাম-২৫। গল্পে গদ্যে বেশ মোটাসোটা। প্রবন্ধ, নিবন্ধ, রম্যরচনা, কবিতা, গল্প অনেকগুলিই আছে। বিষয় বস্তুতে রচনা চয়নে সম্পাদকের মুন্সিয়ানা আছে। দুটি উপন্যাসও আছে তবে ওগুলিকে উপন্যাস বলতে অসুবিধা-মাত্র পৃষ্ঠা চারেক করে।
- অন্বেষা সাহিত্য। স—অশোক মজুমদার। সি ১১, ডি এম সি ট্রাক কোয়ার্টার্স, সিটি সেন্টার, দুর্গাপুর-৭১৩২১৬, বর্দ্ধমান। ৪র্থ বর্ষ। দাম-১০। বেশ গুছিয়ে করা সংখ্যাটিতে কবিতা। এখানে একগুচ্ছ কবিতা এখানেও এই সময়ের গল্পে একগুচ্ছ গল্প ছাড়াও একটিমাত্র প্রবন্ধ আছে। সম্পাদকের রুচিবোধের মুন্সিয়ানার প্রশংসা প্রাপ্য।
- আন্তারবী। স—ড. শিশির কুমার মাইতি। ২৪ ঠাকুর রামকৃষ্ণ লেন, হাওড়া-৭১১১০৪। ত্রৈমাসিক। ৩২বর্ষ। দাম-৩০। গল্পে গদ্যের সাথে নানান স্বাদের রচনায় সমৃদ্ধ। প্রচ্ছদ প্রশংসনীয়। ছাপাও যথাযথ।
- রূপসী ধরিত্রী। স—অজিত মিত্র। পাঁটপুর, হুগলী। ত্রৈমাসিক। ৩৬ বর্ষ। দাম- ১০। প্রবন্ধ, গল্প, কবিতাগুচ্ছের প্রতিটি রচনাই সামাজিক চেতনাসমৃদ্ধ। ছাপা যথাযথ।
- বিচার। স—শিশির কর। ৪৬ কালী ব্যানার্জী লেন, হাওড়া-৭১১১০১। সংবেদ সাপ্তাহিক। দাম-১৮। স্মৃতিকথা, নিবন্ধ, গল্প, রম্যরচনা, ভ্রমণ, কিচার, স্বাস্থ, খেলা, কবিতা ও ছড়া এবং ছোটদের ইত্যাদি শিরোনামায় প্রায় শতখানেক লেখার সমাবেশ। মলাট বিভ্রান্তিকর।
- শ্রীঘৃরিকা। স—বিশ্বনাথ চট্টোপাধ্যায়। ২০৫, শরৎ চাটার্জী রোড, হাওড়া-৭১১১০২। দাম-৫। ১৪ বর্ষ। ছোট্ট পরিসরে অনেক রচনা। সম্পাদকের রুচি ও আন্তরিক প্রয়াস লক্ষনীয়।
- মণিমুক্তা। স—নীলমণি মুখোপাধ্যায়। ২০, দেবেন্দ্র গাঙ্গুলী রোড, হাওড়া-৭১১১০৩। ১১ বর্ষ। দাম-৩। বাহুল্য বর্জিত আয়োজন—কিন্তু ছোটদের জন্য আন্তরিক প্রয়াস রচনা চয়নে। গল্প, ছড়া, নিবন্ধের দু'চারটি তো সত্যিই অনন্য।
- কাঁচামিঠা। স—মানসী কুরি। উমরপাড়া, কাঞ্চননগর। বর্দ্ধমান-৭১৩১০২। ৫ম বর্ষ। দাম- ৩। ছোটদের মাসিক পত্র। দাম তত্ত্ব

আয়োজন অসামান্য। খুদে পাঠকদের ভালো লাগার উপাদান পত্রিকা জুড়ে। প্রচ্ছদটির প্রতি আরও একটু মনোযোগ দাবী করে।

- ছোটদের সাহিত্য। স—সনৎ কুমার দাস। ৫০/১/১, বেলিলিয়াস লেন, হাওড়া-৭১১১০১। ৬ষ্ঠ বর্ষ। ত্রৈমাসিক। দাম-৫। স্বল্প পরিসরে বেশ কিছু নজরকাড়া লেখা মন কাড়বেই। বিশেষ করে ছড়া/কবিতার অংশটি।
- নবকল্লোল। স—গৌরাঙ্গ সেনগুপ্ত। ৫১/১, শিবপুর রোড, হাওড়া-৭১১১০২। ৩য় বর্ষ। দাম-১২। সাহিত্যপত্র। কবিতাগুলোর মধ্যে "বাঁকাজল" ও প্রবন্ধ "গজল কবিতার ইতিহাস" উল্লেখযোগ্য, তবে "উল্লাসদির ঘাট" গল্পটি কৃত্তিবাস পত্রিকার পাতায় বড়ই বেমানান। প্রচ্ছদটির দিকে একটু নজর দিলে ভাল হতো।
- স্পন্দন। স—নারায়ণ দত্ত। বিদ্যাসাগর, পোঃ-ফালাকাটা, জলপাইগুড়ি-৭৩৫২১১। ২য় বর্ষ। চতুর্মাসিক। দাম-১০। 'সতর্কতার দৃষ্টিচোখ রেখে' যদি সব কবিতা ছাপা হোত তবে 'সমরের উত্তাল ঢেরস, কবিতায়" আরো অর্থবহ হোত। এছাড়া নাটিচর্চা সম্পর্কিত রচনাগুলি পত্রিকার সম্পদ বৃদ্ধি করেছে।
- স্টিমেন্ট। স—শ্রীচরণ সরকার মণ্ডল। ৩৪ জাতীয় সড়ক, কালিদাচক, মালদহ-৭৩২২০১। ৮ম বর্ষ। দাম-১০। ত্রৈমাসিক। সম্পাদিকীয় মনকে ছুঁয়ে যায়। কবিতার রকমফেরের গল্পের রকমফেরের-এর পাশাপাশি করেকটি উল্লেখযোগ্য প্রবন্ধও ছাপা হয়েছে।
- মন্ত্রার। স—কেশবলাল ভট্টাচার্য। ডোমজুড়, হাওড়া। ১৭ বর্ষ। দাম-৩। স্বল্প পরিসরে যে লেখা সম্পাদক উপহার দিয়েছেন-তা যথেষ্ট। তবে রচনা চয়নে আরো একটু যত্নবান হলে ভাল হতো।
- হুগলী সংবাদ। স—সন্ধ্যা ঘোষ। ষ্টেশনপল্লী, ডানকুনি, হুগলী। সংবাদ পাক্ষিক। ৩য় বর্ষ। দাম-২। সংবাদের পাশাপাশি কিছু কবিতা ও নিবন্ধ নিয়ে সাজানো সংখ্যাটি।
- সাহিত্য বাণী। স—আভাস মজুমদার। ২৬/১, কৈপুকুর লেন, শিবপুর, হাওড়া-২। ২৫ বর্ষ। দাম-৩০। শারদ সংখ্যাটি তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশে নিবেদিত বেশ কিছু উল্লেখযোগ্য প্রবন্ধ ও কবিতার সম্ভার। অন্যান্য রচনাও আছে।
- সমন্বয়। স—বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়। আনন্দময়ী, ইন্দ্রনাথ চক্রবর্তী সরণী, কেয়াতল, হুগলী-৭১২৩০৫। দাম-২০। ছিমছাম ছাপা, বাহুল্য বর্জিত অঙ্গসজ্জা সর্বত্রই মনকে নাড়া দেয়। একগুচ্ছ সুনির্বাচিত কবিতার পাশাপাশি করেকটি গল্প ও প্রবন্ধও ভাল লাগে।
- ছোটদের দাবি। স—অরুণরঞ্জন চক্রবর্তী। হাটপুকুর, ডি আই পি রাজারামতলা, হাওড়া-৭১১১০২১। ৪র্থ বর্ষ। ছোটদের বান্মাসিক পত্রিকা। পত্রিকার প্রথমাংশে ঝকঝকে ছাপার সাথে পরবর্তী অংশের অসঙ্গতি চোখকে পীড়া দেয়। তবে রচনা বৈচিত্র্যে মনটা ভরে ওঠে।
- প্রেরেনটা। স—গৌতম কুমার দে। ২১, ধর্মদাস কুণ্ডু লেন, শিবপুর, হাওড়া-৭১১১০২। ৬ষ্ঠ বর্ষ। ত্রৈমাসিক। দাম-১৫। এসংখ্যার বিশেষ সংযোজন ১০ টি সুনির্বাচিত ও অলঙ্কৃত ছোট গল্পের ডালি।
- রুদ্রাক্ষ। স—শিবাজী পণ্ডিত। ১৯, রামলাল ব্যানার্জী রোড, বরানগর, কলি-৩৬। দাম-১০। বিভিন্ন ধরনের রচনা, অল্প সৌষ্ঠব। সম্পাদকের সবল পরিচর্যা বিশেষ উল্লেখ্য।
- আসর সংকেত। স—সোমেশ ভুঁইয়া। ১১/২/১বি, আনন্দ চ্যাটার্জী লেন, কলি-৩। সব সেরেন্ডির আসরের ত্রৈমাসিক খবরাখবর। ১ম বর্ষ।
- প্রতিভা প্রজন্ম। স—ইঞ্জিনিং অধিকারী। বারাতলা বাহিরকুঞ্জ, বিরলাপুর, পঃ ২৪ পরগণা-৭৪৩৩১৮। ত্রৈমাসিক। দাম-৫। ৭ম বর্ষ। ৫টি গল্প, ১৮টি কবিতা ও ১টি প্রবন্ধে সমসাময়িক প্রজন্মের প্রতিভাকে স্থান দিয়েছেন সম্পাদক।
- মুকুল। স—দীপালি চৌধুরী। মালগ্রাম, শিববাড়ি রোড, শিলচর-২ কাছাড়, আসাম। ছোটদের ভাল লাগার মতো ছড়া-কবিতা-গল্প দিয়ে সাজিয়েছেন সম্পাদিকা—কিন্তু বড্ড ভুলো মন—ভাই ঠিকানা, বর্ষ, দাম ইত্যাদি আনুষ্ঠানিক প্রয়োজনীয় তথ্য বাদ গেছে।
- নতুন আলো। স—সন্তোষ চট্টোপাধ্যায়, রবিরঞ্জন চট্টোপাধ্যায়। কিশোরদের সংকলনে অনেক গল্প, ছড়া, কবিতা, প্রবন্ধ, স্মৃতিকথা লিখেছেন নবীনদের সাথে মেলবিদ্ধ প্রবীণ সুধিজন। ছাপা ঝকঝকে, তকতকে, তবে বর্ষ, দাম, ঠিকানা, ইত্যাদি বাদ কেন, বুঝলাম না।
- আহরণ সমাচার। স—দেবকিশোর চক্রবর্তী। ভদ্রেশ্বর, এ্যামাস, হুগলী-৭১২২২১। সংবাদ পাক্ষিক। দাম-১৫। প্রবন্ধ, রচনা চয়নে, বাহুল্য সৌষ্ঠব, অফসেটে ছাপা ইত্যাদিতে সম্পাদকের সবল নজরদারি উল্লেখযোগ্য। ১০টি গল্প, ১টি প্রবন্ধ, ১টি রম্যরচনা, ২টি দীর্ঘ কবিতা আর একগুচ্ছ কবিতার মধ্যে ভালমন্দ বাছা অত্যাসঙ্গিক।
- সময়। স—অনিন্দ্য মুখোপাধ্যায়। ২৩৮এ, ক্ষুদিরাম বসু সরণি, রেল পার্ক, শিবড়া, হুগলী-৭১২২০৫। চতুর্মাসিক। ১ম বর্ষ। ১০ টাকা। গল্প, প্রবন্ধ, নিবন্ধ, বিজ্ঞানের কল্পনা, কবিতা, ছড়া, ম্যাজিক, কার্টুন অনেক কিছু আছে সাম্প্রতিক সময়কে মনে রেখে ছাপা, অঙ্গসজ্জা যথাযথ।
- খেয়া। স—সুরজিৎ মালাকার, স্বপন নগর। এন টি ৩/২৪২ আর্যাপুর এস্টেট, কানপুর, উত্তরপ্রদেশ-২০৮০০৯। ২৪ বর্ষ। সাহিত্য ত্রৈমাসিক। দ্বিনছাম ছোট্ট পত্রিকা। প্রচ্ছদ থেকে শুরু করে প্রতিটি রচনা নির্বাচনে রুচি ও নির্দিষ্ট লক্ষ্য ধরা পড়ে।
- মুনিয়া। স—সুকেশ মজুমদার। সোনারপুর, রাধাগোবিন্দপুর, দক্ষিণ ২৪ পরগণা। ২৪ বর্ষ। দাম-৫। ছোটরাও একদিন বড় হবে নিরোনামের প্রতি লক্ষ্য রেখেই পত্রিকার প্রচ্ছদ ও রাজার সন্নিবেশ ঘটানো হয়েছে। প্রচ্ছদ প্রশংসনীয়। ভেতরের ছাপাও ঝকঝকে।
- মাটি। স—কিংশীল সাঁতরা। আনন্দবিহার, পশ্চিমপাড়া, সবং মেদিনীপুর-৭২১১৪৪। দাম-২০। প্রবন্ধ, গল্প, রম্যরচনা, নাটক, প্রবীণদের পৃষ্ঠা থেকে ছাড়াও আছে একগুচ্ছ কবিতা/ছড়া। প্রচ্ছদ/ছাপা সাধারণ, কিন্তু রচনা চয়ন অসাধারণ।
- সীমায়ন। স—গোবিন্দ চন্দ্র রায়। ফটকবাঘ, অমলনা, বর্ধমান-৭১৩৪০১। ২৫ বর্ষ। দাম-৫। কালনার সংস্কৃতির ওপর লেখালেখি নিয়ে সংখ্যাটি সাজানো। এ ব্যাপারে উৎসাহীদের ভাল লাগবে।
- অভিযান। স—স্বপন আইচ। বসিরহাট, কোতবিহার-৭৩৪১৩১। ৬ষ্ঠ বর্ষ। দাম- ৫। একটি সামাজিক দায়বদ্ধতার প্রতি নজর দেওয়া হয়েছে গল্প-কবিতা ইত্যাদি নির্বাচনে।
- মাধ্যম। স—কাজল সেন। ৬৯, মধুসূদন বিশ্বাস লেন, হাওড়া-৭১১১০১। ১৭ বর্ষ। দাম-৫। সাহিত্য পাক্ষিক। বিভিন্ন ধরনের রচনার সন্নিবেশ। অফসেটে ছাপা, তবে কোথাও যেন অধ্যবসায়ের চাপ—মতিই বেমানান।
- মালঞ্চ। স—জিষ্ণু গুপ্ত। ২৮/৬, পূর্বপাড়া রোড, ঠাকুরপুকুর, কলি-৬৩। ৪১ বর্ষ। দাম-৫। সাহিত্য পত্র। স্বল্প পরিসরে মানান রচনা। বিভিন্ন বিজ্ঞাপনের ছায়া ছোট "ছোট প্রতীতের [illegible]" পত্রিকার পরিশিষ্ট মনকে নাড়া দেয়।
- ছোটদের কথা। স—[illegible]। ৫, সাহেবতলা রোড, মহাদেবনগর। বর্ধমান-৭১৩১০২। সচিত্র পাক্ষিক পত্র। ২৬ বর্ষ। ৪ টাকা। নতুন আঙ্গিক, স্বল্প পরিসর, নতুন প্রযুক্তিতে ছাপা, সামগ্রিক কিছু লেখা—এসব নিয়েই অসামান্য।
- অভিনব অগ্রণী। স—দিলীপ কুমার রামকিশোর ও চরণদের নিজস্ব মাসিক সংবাদ পত্রিকা। ৪৬ আই, বড় বাগান লেন, শ্রীরামপুর। হুগলী-৭১২২০৩। দরভাষ-৬২২-২০৪৭।

With

Best

Complements from

BANERJEE LABOUR CONTRACTOR

Rifle and metel & Steel Factory
Ichapore Nawabganj 24 Parganas (N)

বর্হিবাঙলার বাঙালীদের মুখপত্র

সংহিতা

বিহার বাঙালী সমিতি

☎ 245 4573

DUTTA & Co.

FISHING TOOLS ORDER SUPPLIER

39 B, Dr. Suresh Sarkar Road
Calcutta-14

ক্রান্তিক

ক্রান্তিক

মাসিক সাহিত্য সঙ্কলন

শারদীয়া ২৬ বর্ষ সেপ্টেম্বর-অক্টোবর ১৯৯৮

সূচীপত্র

কবিতা

ভূদেবদেব □ রক্তবিহঙ্গী সখা □ ৯

প্রবন্ধ

অরুণাভ সিংহ □ সৈয়দ মুস্তাফা □ ১৩

অরুণকুমার মুখোপাধ্যায় □ শঙ্খ ঘোষ □ ১২

অন্নদাশঙ্কর রায় □ ড. শঙ্খকুমার নাথ □ ১৭

একাত্মতার তত্ত্ব ও তথ্য □ অনন্যা চক্রবর্তী □ ২১

বিশ্বের ঐশ্বর্যে ও দারিদ্র্য □ অমলেন্দু বসু □ ২৪

নব্যবস্তুবাদ বিষয়ক □ ড. ঈ. এম □ ২৬

বাংলা গীতের ভূমিকা □ নীরেন্দ্র চক্রবর্তী □ ৩৩

সুধীন্দ্র দত্ত □ বিমল মাজি □ ২০৪

কবিতা : ২১-২৯

সম্পূর্ণ উপন্যাস

গুরুদিন □ অশোক ভট্টাচার্য □ ৪৭

অন্ধকারে বসে □ অমর মিত্র □ ৮৩

পরীর ডানায় □ অমল চট্টোপাধ্যায় □ ১০৪

নীলাচলের অন্তিমলগ্ন □ বরেন গঙ্গোপাধ্যায় □ ১২৫

নতুন মানুষ □ গৌতম রায় □ ১৭২

গল্প

উর্বশী □ অমল বসুচৌধুরী □ ৩১

একদা এক দেশে □ অনুবাদ : সমুদ্র সেন □ ১০২

নওসর ও এক বৃত্তান্ত □ বরীন্দ্রনাথ দাস □ ১২৭

প্রতিবিম্ব □ অতীন্দ্রকুমার বসু □ ১৪৯

প্রতীক্ষাতুরের পটভূমিকে □ লালু ঘোষ □ ১৭৬

কালচাঁদ নন্দর □ তারাপদ সাহা □ ১৭৯

শেষ কথা □ অনুবাদ : সমরেশ বসু □ ১৮২

অন্তরঙ্গ □ অনুবাদ : তারাপদ বসু □ ১৮৩

রোদ্দুর □ অনুবাদ : মিত্রা গুপ্তা □ ১৮৭

মনের ভেতর মনের মানুষ □ শুভেন্দু ভট্টাচার্য □ ১৯৭

পাপের মানুষ □ শৈবাল চক্রবর্তী □ ১৯১

ওষুধ □ মোহাম্মদ বরকত □ ১৯৩

পাঁচালি □ বিমলেন্দু চক্রবর্তী □ ১৯৬

মনোবাঞ্ছা □ মোহন সরকার □ ১৯৯

তুমি আসবে না □ নির্মলেন্দু গৌতম □ ২০২

প্রচ্ছদ : অর্ঘ সরকার ● অলঙ্করণ : শুভ্র মাজাতপু, সলীল দাস ও পার্থ মৈত্র ● মূল্য : ৩০ টাকা

ক্রান্তিক চলে আসে পরিবেশনা-র-এর পক্ষে বাসন্তিকুমার দত্ত সম্পাদিত ও মুদ্রিত ও উদ্যোগ চক্রবর্তী কর্তৃক প্রকাশিত, ফ্ল্যাট ৩১, ব্লক-৫, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলিকাতা-৭৩ থেকে প্রকাশিত।

Krantik is published from Krantik group of publications for an annual subscription Rs. 150 in registered post and by hand delivery Rs. 100 Krantik Prakashani Flat-31, Block-5, Bankim Chatterjee St., Calcutta-700 073 RN-32755/78 Ph. 551-4007



ভূমিকা

এখনো চাইছে কবিতা পুরোনো বন্ধুরা।
কে জানে ঘড়ির কাঁটাতে
হা হা করে ওঠে কিনা ব্যঙ্গের হাসি, অথবা সে
কোন এক আঁধারেরই তিমিল মন্ত্রণা
শতাব্দীর শেষে এসে তবে
জিতে নেবে যৌবরাজ্য, অকাতরে, সময়ের জুয়া!

ক্লান্ত মালা হাতে নিয়ে ফিরে যাব পথিক পৃথিবী

জানিনা--জানিনা·· জানিনা
তবু আর পর বলি, তুমি আনো উজানের মায়া
মনা নামে সেই এক লাবণ্যের নিবিড় জোছনা।
অলেখা সেতারে তুমি অলৌকিক জ্বালা—
পেয়েছে মৃত্যুর হেমগৃহবিভা, তাই বলে
মৃত্যু কি এতই সারধি?
পথে তার চূর্ণ করে ফেলে যাবে
খুঁজে খুঁজে খুঁজে ফেরা সেই এক
বিবস শুশ্রূষা।
ফিরে আসে আবার কবিতা :
রাতের বিবরে স্বপ্ন, তবু, বুঝে নেয় স্বার্থের ভূমিকা
—তুমি যে আমার তৃষ্ণা, হে মালিনী,
তুমি আমার বাঁচা।

শতরূপ চাকী

পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ

পর্ষদের সম্প্রতি প্রকাশিত কয়েকটি পুস্তক

● ভারতবর্ষের ইতিহাস (১ম খণ্ড)	—ইন্দ্রেন্দ্রনাথ মুখোপাধ্যায়	—৬০.০০
● উদ্ভিদবিদ্যার পরিভাষা	—উদ্ভিদবিদ্যা পরিভাষা উপসমিতি	—১৪০.০০
● উচ্চতর গতিবিদ্যা	—অমল কুমার রায়চৌধুরী	—১১০.০০
● তড়ীয় পদার্থবিদ্যার ভূমিকা (১ম খণ্ড)	—শ্যামল সেনগুপ্ত	—১০০০০
	অশোক ঘোষ	
	দেবীপ্রসাদ রায়চৌধুরী	
● ভারতের অস্ত্রশস্ত্র : প্রাচীন থেকে আধুনিক	—প্রিয়দর্শন সেনশর্মা	
● মৌলিক পদার্থ	—কানাইলাল মুখোপাধ্যায়	
● প্রকৃতিতে প্রবৃত্তি	—দ্বারিকানাথ ঘোষ	
● পেট্রোলিয়াম	—দেবব্রত চন্দ্র	
● ভূগোল পরিভাষা	—ভূগোল পরিভাষা উপসমিতি	
● ভূবৈজ্ঞানিক পরিভাষা	—দীপঙ্কর লাহিড়ী	
● ইঞ্জিনিয়ারিং ভূবিদ্যা	—প্রসাদ চন্দ্র গোস্বামী	
● খনিজ দেহের আকৃতি	—অনিল কুমার দত্ত	
	নারায়ণ দাস মিত্র	
● রোগী পরীক্ষা পদ্ধতি	—পূর্ণেন্দু কুমার চট্টোপাধ্যায়	
● ভৌত রসায়ন (১ম খণ্ড)	—নিত্যানন্দ কুণ্ডু	
ঐ (২য় খণ্ড)	— ঐ	
● জৈব রসায়নে কর্মালী	—ঊষা সরকার	
● জৈব রসায়ন (১ম খণ্ড)	—কানাইলাল মুখোপাধ্যায়	
● ফলমূলক বস্তুবাদ (অখণ্ড)	—মরিস কর্নফোর্থ	
	(অনুবাদ : ভোলানাথ বন্দ্যোপাধ্যায়)	
● মেডিক্যাল অভিধান	—অমলকুমার বন্দ্যোপাধ্যায়	
	(রবীন্দ্র পুরস্কার প্রাপ্ত—১৯৮৪)	
● গণজ্ঞাপন	—পার্থ চট্টোপাধ্যায়	

কার্যালয় : আর্য ম্যানসন (নবম তল), ৬এ, রাজা সুবোধ মল্লিক স্কোয়ার, কলকাতা-৭০০ ০১৩

বিপণন কেন্দ্র : ১, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩
(সংস্কৃত কলেজিয়েট স্কুলের একতলায়)

সগর্বে ফিরে দেখা—
পশ্চিমবঙ্গ বামফ্রন্ট
সরকারের কুড়ি বছর

কৃষি উৎপাদন—
প্রগতির এক নতুন দিশা

কৃষি উৎপাদন-ই রাজ্যকে নিয়ে যায় অর্থনৈতিক অগ্রগতির পথে। আজ যা পশ্চিমবঙ্গে প্রমাণিত। বামফ্রন্ট সরকারের বিশেষ প্রয়াসে পশ্চিমবঙ্গ বর্তমানে কৃষি উৎপাদনের ক্ষেত্রে উচ্চস্থানে অধিষ্ঠিত। খাদ্য উৎপাদনে বামফ্রন্ট সরকারের দৃঢ় পদক্ষেপ রাজ্যকে স্বয়ং সম্পূর্ণ করার ক্ষেত্রে এক দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন করেছে।

বিশেষ সাফল্য ঃ

- ☑ খাদ্যশস্যের উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিশেষ সাফল্য
- ☑ ধান উৎপাদনে অগ্রগণ্য
- ☑ সবজীর যে অগ্রগতি
- ☑ শুধু জমি বিতরণ-ই নয়, ভূমি সংরক্ষণ, ক্ষুদ্র সেচ প্রকল্প, উন্নতমানের বীজ এবং সার প্রয়োগে উৎপাদনে সাফল্য
- ☑ একই জমিতে একাধিক শস্য উৎপাদনে বিশেষ সাফল্য
- ☑ সুষমা সার ব্যবহারে অগ্রণী
- ☑ সক্ষম কৃষিজীবীদের সহজসাধ্য বা ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা।

নতুন শতাব্দীর প্রাক্কালে কৃষি উৎপাদনে সফলতার মাধ্যমে রাজ্যকে অগ্রগতির পথে নিয়ে যেতে পশ্চিমবঙ্গ সরকার অঙ্গীকারবদ্ধ।

পশ্চিমবঙ্গ সরকার

D.O. No.-3184 ICA/Advt
dt. 3.9.98

সংগ্রহ করার মত সাম্প্রতিক কালের কিছু উল্লেখযোগ্য বই

অমরেন্দ্র চট্টোপাধ্যায়-এর ভূতের বেশে হঠাৎ এসে (গল্প) বোকারাম চোখারাম (গল্প) ডুডুম ডুম (ছড়া)	**আনসার উল হক-এর** ঝু কিক কিক বেলে গাড়ি (ছড়া) আইকন বাইকন (ছড়া) চিরন্তন (কবিতা)
মনোরঞ্জন পুরকাইত-এর আয় ছুটে আয় (ছড়া) ঝাঁড় ছপ ছপ নৌকো (ছড়া) এ নদী শঙ্খচিলের (কবিতা)	**হাসান আহসান-এর** ছড়ার গাড়ি (ছড়া) ঝিকিব ঝিকির (ছড়া) রহস্যময় বন্দি (গল্প)
সুকুমার মজুমদার-এর ইচ্ছে নদীর গান (ছড়া) স্বপ্নের কুলি (গল্প) টাপুর এবং টুপুর (গল্প)	**অরুনা ভট্টাচার্য-র** এসো লিখু ছড়া শিখি (ছড়া) ছোট মামার ট্রাজেডি (গল্প) ছদ্মবেশ রক্তের বাঁশি (গল্প)
প্রণবকুমার পাল-এর পঞ্চ পুরুষ ও পাঞ্চালী (বাক্যগ্রন্থ) গোপাল দরজা ছুঁয়ে (কবিতা) ডাম্পি (ছড়া)	**বিশ্বনাথ রাহা-র** নিনু খুড়োর চাক (ছড়া) টুনটুনির পাঠশালা (ছবি ও ছড়া)
চন্দ্রচূড় ঘোষ-এর জিরাফ বুড়ো (গল্প) যোকারাম চোখারাম (গল্প)	**মানসী বালা-র** উড়লো টিয়ে জানলা দিয়ে (ছড়া)

● প্রাপ্তিস্থান ●

ক্রান্তিক, স্টল নং ৩১, ব্লক-৫, বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭২

With

Best

Compliments of



Modi Xerox

With

Best

Compliments of



Ful Chand

With

Best

Compliments of

M. L. Roy

ভারতবর্ষ

রাসবিহারী দত্ত

এই কি আমার দেশ, ভারতবর্ষ,
আজন্ম পরিচিত বাংলা, আশৈশব সাথী?
কূপ কোথা কোথা তবে, কোথা আজ তোরের মোরগ
ধানফুল গন্ধ কোথা, ফসলী মাঠের মাঝে
সোনালি সূর্যকে ঘিরে কিষানি আবেগ?
নিকোনো উঠোনে কোথা, রাশি রাশি আঁটি আঁটি ধান
নবান্নের গন্ধ কোথা, ঘুঘু ডাকা দুপুর,
অজস্র টেকির শব্দে পড়ন্ত বিকেলই বা কোথা
সন্ধ্যা শাঁখ, পরিচিত কিঙ্কিণি নূপুর?

ওরা সব কোথা গেল
অভিমানে ঝরেছে কি চুপে
নাকি কেউ লুঠ করে নিল মগ ঘুমে ছিলাম যখন।

মগ ঘুমে থেকে থেকে কতদিন দেখিনি তোমায়
চারিদিকে একি অন্ধকার!
ঝুলেটে বিবেকেরা আজ উদ্ভাস মুখর
ছড়ানো সন্ত্রাস চারিদিকে
বিধ্বস্ত ধূসরাশ খোঁজে গৃহকোণ
ভারি বুট ভালোবাসা কেড়ে নেয়
পথে পথে পড়ে থাকে লাশ
ধর্ষণদাব বাহিনীর ধাপট স্পর্শভরে
পিষ্ট করে শ্যামল সবুজ দ্বীপভূমির ইজ্জত বিকোয়।

তাইতো গিয়েছে থেমে মোরগের গান
দোলয় না মন আর কখনো খঞ্জন
ধান কাটা শেষ হলে চড়ুইরা মাঠে মাঠে খেড়ায় না নেচে।
নিকোনো উঠোনে আজ নেইকো টেকির শব্দ
সন্ধ্যায় তুলসীমঞ্চে বাজে নাকো শাঁখ
প্রেমীরা খুঁজে ফেরে প্রিয়তম মুখ
সবাই ভয়ার্ত ভিড় মেঠোপথে মানুষের ভাকে।
২

আশ্রয় আমার সাতাশ, তবু
ঘুমের মধ্যে জাগরণে চতুর্থপাঠ, চতুর্থপাঠ, চতুর্থপাঠ...
সারা শৈশব হাঁটু মুড়ে চিবুকে হাত
উবু হয়ে ভাবছে বসে ভাবছে কবে
আগামীকালই রোদ দেখাবে গোধূলি মেঘ
মবুরপুটি জাহাজগুলো পাল তুলবে
বাগান ভরে ফুল ফুটবে ঘ্রাণুঘ্রনা, ঘ্রাণুঘ্রনা, ঘ্রাণুঘ্রনা...

চোখের কোলে জমছে কালি সকাল বিকেল
ছন্নে হয়ে বাগান দেখে কাপড় মেপে বিজাপনে
-দোর থেকে দোর ছুটোছুটি ঘ্রান্ত ফড়লে

শুকনো মুখে হাসি এনে, কান্না চেপে
কিবাছি ভবে ঘাত দুপুরে ভাত হবে না, কাজ হবে না, কাজ হবে না.

চাউনি তরুণ মা জননীর বাত বিয়েছে
তাই বোনেদের বায়নাগুলো পুরুষ স্বামীর
হাবনা হয়ে বাপকে তাড়ায়
জায়গা নেই মুখ লুকোবার
ঘরি গলি পথের ফাঁকে সর্চলাইটে পুলিশ হাঁকে
এং লড়ো ছিন পার পাবে না, পার পাবে না, পার পাবে না...

সাতাশ বছর বয়েস আমার
ঘুমের মধ্যে জাগরণে চতুর্থপাঠ, চতুর্থপাঠ, চতুর্থপাঠ...
সারা শৈশব হাঁটু মুড়ে চিবুকে হাত
উবু হয়ে ভাবছে এখন ভাবছে বসে
নিশানে কেন স্বপ্নগুলো জপবে নাকি
কেড়ে ফেলবে, দেখানো সব পুথিবা৩লোব
খুঁজবে নাকি কবরখানা, কবরখানা, কবরখানা...

ধর্ষণজাবী, এ বড়ো কম সময় নয়
আপনস্তব্ধ টাস নাটাস
জীবনের হাল, কি আর বলবো
পেটে পিঠে তফাৎ খোঁজা ভার
মেনায় বিকিয়ে গেছে ঘটি বাটি
তাস তবু নারিকেল পাতার জীর্ণবাড়ি
—পাহক দিচ্ছে পুলিশ আনাড়ি।

অথচ এমন নয়, মনুষেরা চিরদিন নিঃশেষ্ট থেকেছে
অক্তাপ্রস্তুত উদ্দীপনা দেখায়নি কোনদিন
হেলেসানা হিতুমীর তবে কিসের ইঙ্গিত
শোনায়নি জীবনের গান, আবহ সংগীত?
তবুও তিরিশ বছর পর হেলেসানা,
কেন প্রতিক্রিয়া কবলিত হয়
কি নক্সির দেখাবে এর, জবাব কখনো হয়?

ধর্ষণজাবী এ বড়ো কম কথা নয়
কেনা জনে রক্ত কবরীতেও থাকে কাঁটা
তা বলে কি করবী হাসে না
সোনালি বোদ্দুরে সুমিষ্ট ভাষে না?
খোঁজ নিও এই বিশে শতাব্দীর কাছে
যথারীতি সে খবর মুখে মুখে প্রচারিত আছে।

ধর্ষণজাবী, এ বড়ো কম সময় নয়
এ কথাও ভাবে যদি ধরিত্রির চিন্ময়
এবা শিকার হয় প্রতিপক্ষ শিহিরে
কতটুকু দোষারোপ করা যায় তাদের বিবেক বিচারে।

অর্ধশতাব্দী, এ বড়ো কম সময় নয়
কীর্ণ কাঠামো হলেও
বাড়ির দখলি সত্ত্ব কে আর হাতাতে চায়;
অসহিষ্ণু মানুষ এভাবে নিষ্ক্রিয়ে এলে
এবং থেকে থেকে হুহু উঠলে ঘায়নুখী
পিছটানে সুড়সুড়ি দিবে, যথারীতি
কেউ যদি নিষ্ক্রিয়ের গতিমুখ ভাঙে
স্বতঃই সন্দেহ জাগে—
এখনও লুকিয়ে আছে ডাকে।

তারপর,
তারপর কি হলো বলবে তো—
তারপর সেই যে সেই হাঁটু-কাপড়ে বুড়ো
স্বাধীনতার জন্মি হাঁকু পাঁকু, বাত গরীবে
নিজের মাঝে দু'ভাগ করতি সই দিলে
একঝাটা সবার মুখে ছাই ছড়ালে,
ফেলে দিলে নুড়ো।

তারপর তো দেখতিছ এই লোকের হাল
জমি নাই, ভিবেট নাই, গোয়ালে বিলোনা গাই নাই
শিছনের কাপড় নাই, কুটার অভাবে খাঁ খাঁ আটচাল।

তাও যা যা ছেল
সাতপুরুষের দোহাই পেড়ে
সেই ফুলপরী যে এলো
দেশের মধ্যি চোখা চোখা বাণী দিল
গণতন্ত্রের নাম্নি নিয়ে কথা হাঁটলে,
আশা ছাঁটলে
আসমান জমিন এক করল
কথা রটল বটে
এ নাকি সাক্ষাৎ মা, জগদম্বা,
কলকেতার কোন মাঠে।

তারপরই তো ক্ষেপল মানুষ
জবাব দিল একঝাটা, আড়ি
সভার মধ্যি হই বই রই, ফাটলো বিষের হাঁড়ি
খবর রটল ফুলপরী নয়, মেমীও নয়
গরীব মানুষের রক্ত-চোষা রাক্ষুসী সে বুড়ি।

কলকব্জির নাড়ি ধরল
এবার কি মা'র মুক্তি হল।
ধান্ কলল কেশে
তা, হয় কি কোন দেশে
অবশ্যর যে সেই ছাজির হলো
আর এক ঘুড় ঘুড়ো।

বুঝলে ধানু ভাই—
বদলে নুখোস সাবেক আদল
মানুষ বদল নয়,
ঘুলা দিলেই মুক্তি আসে
শান্তিতে কয়।

ভারতবর্ষ এগুচ্ছে হে এগুচ্ছে।
সিংহাসনে দৃষ্টি রেখে বুঝছই তো
সময়মতো হয়ই এবা হচ্ছে
কোন রোগের কোন চিকিচ্ছে;
যখন যেরূপ হয় প্রয়োজন
যোগিনী কি ভৈরবী
মা ভৈ মাঝল যা ইচ্ছে.....

এর পর তো নিস্নুকে কয়
ভারতবর্ষে হচ্ছেটা কি, কি হচ্ছে?

কৃষি বিপ্লব, সাম্যবাদ পাশাপাশিই
ধরাধরি হাত এগেছে
দেখছো নাকি গেবাই কলের লড়াকু নেতা
মাইঃ মন্ত্রে মজুর—মালিক মেলাচ্ছে।
এরপর ও প্রশ্ন সাজে, ভারতবর্ষ এগোচ্ছে।

তবাই এব জঙ্গলে যারা
লড়েছিল হে এককালে
তাদের কেউ কেউ এখন কেউ যন্ত্রক
জোতদারদের বন্দুকগুলো আগলাচ্ছে...

একটু রোসো, ভারতবর্ষ এগুচ্ছে হে এগুচ্ছে।

হাড় কাঁপানো শীতের রাতে
বিশু রুগ্নির বাড়িতে বৈঠক,
বিষয় : ভরা ফসলী ভাতারমারিব বিল।
উপর থেকে নেতা এসেছে
চলছে চুলচেরা আলোচনা;
পাশে ক্রিকাস বুড়ো বিশু বাগদি
হাত সেঁকছে মালসায়,
মাঝে মাঝে ফুকফুকিয়ে কাশে
আর কথার পিঠে কথা চড়িয়ে
অভিজ্ঞতায়, জ্ঞান দেয়।

জোর আলোচনা। নৌকোর ছাল যখন হাতে

হিসেব কষেই পা ফেলতে হবে।
থানা হো তবুও পাঁচ কষছে
ঘুঁসে উঠলো কেউ
ছিঁকে মোড়লও তাক করেছে বন্দুক
খিস্তি দেগেছে কেউ
নেতা বললেন যুক্তি
জমির লড়াই নয়কো সোজাসুজি
হলেই একটা এদিক ওদিক
গেল গেল রব উঠবে
পড়বে ঘাড়ে দায়—

তবে কি আর
দাওয়ায় বসে
দারুণ কষে হুঁই তোল
ফসল উঠুক ছিঁকে মোড়লের গোলায়।
কথার পিঠে কথা চড়িয়ে
আবার বুড়ো ফুকফুকিয়ে কাশে
বড় বউকে ডেকে বলে, "কই গ বউ,
তামাকওলের ছাই ফুরলো বোধ হয়"।
বিরক্ত মুখ কেউ ঘললে
আঃ কথার পিঠে কথা চড়িয়ে
বড্ড বুড়ো জ্বালায়।

আবার শুরু আলোচনা। নীরবতা ভঙ্গ করে নেতা
কালের ফেরে ভাবতে হবে সকল কিছু
জমির লড়াই নয়কো ছেলেখেলা।
মুখ ঘষে বীতি ভেঙে কেউ বললে
বুঝলি এবার ব্যাপ্পা
এমনি করেই সময় যাবে দোনামোনায়
দাঁও লুটবে ছিঁচকে মোড়ল
ধান তুলবে গোলায়
কাঁধিয়ে উঠলো ভাগচাষীরা
—তাহলে কিটা হবে
হেই বাবুসো উপায় বলে যাও,
কথার পিঠে কথা চড়িয়ে
আবার বুড়ো ফুকফুকিয়ে কাশে
ডেকে বলে, উপায় কি আর
জড় জমছে হাড়ে
—ঘুরঘুনটুস্থ উসকে দাও।

৭
বুক বাড়, বুক বাড়
ভেসে পড়ছে মজবুত বিমান
ঘরবাড়ি কি অন্নবাড়ি
দেশ জুড়ে শুরু হল ঘুরন্ত উদ্যান।

তিরিশ সালের তন্ত্র
নড় বড়, জড় নড়
কেরামতি ভেজালটি কারবার
কি জাপার ঘুরু হলো কেবা কোন জন।

ছিসেবে মেলে না যেই
সাদাসেশ ঘুঁই ঘুঁই
চালচিত্র পাল্টে যায়
কাঁপে দুঃশাসন।

বুক বাড়, বুক বাড়
ভেসে যায় ঘরবাড়ি
তিরিশ সালের তন্ত্র
মজবুত বিমান

জীবনের আবাবান গুহাবাস
এইবার মানিব মানুষ চক্ষুষ্মান।

৮
আজ আর ছিঁচে নেই তেমন কাজো কাছে, যেমন ছিলাম
তার হেতু, শুধু সেতু
নিজস্ব প্রতিভার কাছে,
তারল দুঃখেরে অন্তে।

কোনো কাগ কাঁধে নেই আর
উসকো খুসকো চুল
সন্তা চটি ছুতো, কোটরগত চোখ
অথচ নিশ্চিন্ত নির্ভুল।
এখন যেতেসেতে দাওয়ার বসে
মিষ্টি কথা বিনিময় নেই,
মুড়ি-নারিকেল, পানন্যা-তোল,
প্রথম মধ্যাহ্নে কলবি পাকে
এক থালা গরম ভাত, যেমন ফিস্ট.....

ঘোমটা টানা নববধূর বিস্ময় ভরা চোখ
ইনি কনিউনিস্ট.....

কি শুরু গম্ভীর আলোচনা
সহজিয়া কথায় অমৃত
আজ নিছুই নয় জ্ঞানচর্চা নৃত
ম্যানিফেস্টো কি রেড বুক, চে'র ডায়েরি
পকেটের নোট বুক এখন খেরো খাতা

আদর্শের জন্য যারা ধার তন্ত্রে ও তালুকে
কাউকে কাউকে তাদের উল্টোনো ইতিহাসের পাতায়
মোবাইল ফোন বাঁকে লিমুজিন গুলু করে থাকে।
সাধারণ মানুষ দেখলে পরে তাদের
নিরালম্ব মুখমণ্ডে চোখ উল্টে নিজেদের ঢাকে;

ভুলেই বিছুটি বিষ
গাছে, কাঁধে হাত রাখে—

আদর্শের পথে যারা যায়
সে কেন জড়ায় পাঁকে।

কেনই বা জড়াবে না, বলো
সংগঠক কোথায় এত
প্রবল সরকার চালানো চাই
মৌতাতের লোভে তারা ছিল আই চাই
সুযোগের সদ্ব্যবহারে আদর্শের চুমে দিয়ে যাই
আজ তারা দক্ষ কুশীলব।
তাছাড়া যুধিষ্ঠীর সকলেই হয় না
জীববৃত্তি, হিংসে হিংসে সরীসৃপ
জীবনের প্রতিটি বাঁকে চুপিসারে লুকিয়ে থাকে।

আদর্শের পথে যাত্রা যার
কেউ কেউ তাদের মতিভ্রমে
মধ্যপথে পড়ে যুধিপাকে।

পাশাপাশি দুটি যুবক-যুবতী ব্রিগেডের সবুজে বসে।
মাথার উপর নীল আকাশ
পাখির ঝলকা ডাকে
গান বাঁধা বন্ধ রেখে তাকায়

জোড়সপ্তার টগবগ টগবগ দাপিয়ে বেড়াচ্ছে
হম হম হম হম সবুজের ব্রজধাম।

বিষয় গড়ালো বাদানুবাদে, জনটি তর্ক
পৃথিবীর শ্রেষ্ঠ দ্বীপভূমি, মধুপর্ক ভারতের চালচিত্র
ছিড়ির বিড়ির তলানিতে গিয়ে ঠেকল,
বলে চলল অর্কপ্রভ।

–মেঘো, সবে তো পঞ্চাশ....
সুচেতনাকে মাঝপথে থামিয়ে
বাঁকিয়ে উঠল অর্কপ্রভ
–পঞ্চাশ বছর মোটেই কম সময় নয়।
–তুমি কি বলতে চাও উত্তরোত্তর মেটেই এগোয় নি ভারত?
–ভাঙচুর হাজার গুণ বেশি। তিলোত্তমা দ্বীপভূমি এখন মুক্তকেশী

বেড়ে সন্তানের পিতামহ প্রপিতামাতাদের চুতুর্থী, কুলাঠিকুলি
কুলুঙ্গিতে তুলে রেখে ন্যাপ না রেপ
উদান ব্যাদানে ভুবন ঐতিহ্যদানের
জ্যাকসনি ধাঁচের চন্দ্রিমা খাবে
নাকছাবি, টাঁকছাবি তুলে দিতে ব্যস্ত
হায় দু'শো বছরের পদানত ভারতবর্ষ....

–তোমার কমিউনিস্টরা কি এমন সোনার সেঁউতি
তোড়াতোড় গাঁইতি এখন গোঁজ খায়
নীরেট বুদ্ধির গোলবাজারে।

–বিস্তর বিপর্যয় কাটিয়ে কি উঠছে না ভেবেছো।
–কে অস্বীকার করছে তা, কিন্তু আসল সংগঠন কই?
–তা কি তোমায় জানিয়ে করবে?

–কস্তুরি জন্ম নিলে কাউকে খবর দিতে হয়।

কে বললে শেষ চালার পালা
নতুন করে শুরু
বাঁক বিপাকে পথ করাই
কিংবা তুফান মরু
বুকে নিয়ে করলে শুরু
ফুরায়রে লড়াই অহরহ :
পেরোব ঠিক, পেরিয়ে যাব
ভীমি কালিদহ।

এমন তো নয় তৈরি সড়ক
পায়ে পায়ে পেরিয়ে যাওয়া শুধু
কাঁটা ঝোপের বালাই নেই
শুধু মরু ধূ ধূ :
এমনকি নেই নষ্ট হওয়া
স্বর্ণহরের যৌবনেরই দিন
মায়ের বুকে সান্ত্বনা নেই
স্বামীর পত্নীশোক, পৌর্য অন্তরীপ।

রূপান্তরের পথ কি তবে
সবুজ মরীচি!
শীতাতপে তত্ত্ব তাজা
রম্য ফলগীতি?
রূপান্তরের পথ পিছিল
মৌল রূপান্তর ঃ
রক্তদানের উৎসব সে
লড়াই মরণপর।

মহামণীষীর বিভ্রান্তি!

রবি মাইতি

জীব প্রজাতির সংখ্যা প্রায় অগণ্য। তাদের মধ্যে একমাত্র মানব জাতিকে অর্থযুক্ত ও সার্থক ভাষাভাষী প্রজাতি হিসাবে চিহ্নিত করা হয়। সমাজ প্রকৃতি-বিজ্ঞানের ক্ষেত্রে এভাবে 'ভাষাভাষী' শব্দটি তার প্রতিনতম দ্যোতক হওয়ার যোগ্য। জীব হিসাবে তাই একমাত্র মানুষই তার সেই অর্থবোধক ভাষা-শক্তির যথোপযুক্ত প্রয়োগের দ্বারা পার্থিব প্রকৃতিপ্রবাহে বা বিশেষত তার একমাত্র জন্মভূমি হিসাবে নিজ প্রজাতি-প্রকৃতির অপূর্ণসরণ যোগ্যতা অর্জন করতে পারে। তার জন্য অবশ্যই সবিকৃত ভাষা প্রয়োজন প্রয়োজন অনিবার্য। কারণ, বিড়াল জল যেমন জীবন জীবন, বিড়াল ভাষাও তেমনি প্রজাতি তথা সমাজ অর্থাৎ মানব বহুসমাজ-বিকাশের প্রাণ স্বরূপ। অনিবার্যভাবে লক্ষণীয় যে, এ-বিশ্ব ও তার বিকাশ একক (Unit) ভিত্তিক। যেমন, একটি প্রজাতির ভিত্তি হল এক-একটি স্বয়ংক্রিয় বা স্বয়ংসম্পূর্ণ একক জীব। কবুতর প্রজাতির একক-ভিত্তি হল এক-একটি স্বয়ংক্রিয় ও স্বয়ংসম্পন্ন কবুতর জীব বা প্রাণী। ব্যাপক অর্থে, পার্থিব বিকাশের ক্রমবিকাশমান সাধারণ একত্ববেদীর নাম হল : পরমাণু-অণু-মহাণু (যৌগীন) প্রকৃতকোষদেহ (যৌগোদ্ভিদ বা) যৌনজীব-জীবমিথুন-গণপতি। কিন্তু এগুলির এক-একটি নিজ উৎপত্তি বা সৃষ্টির জন্য কখনো অসম্পূর্ণ, কৃত্রিম বিশ্বের পক্ষের ওপর নির্ভরশীল সত্তা নয়। অন্তত একটিমাত্র অসম্পন্ন বা সুসম্পন্ন একক বিকশিত হয়ে পরবর্তী কোনো সুসম্পন্ন বিকশিত একত্বে উত্তীর্ণ হতে পারে না। 'মানব'-অভিহিত শব্দটির প্রকৃতবিজ্ঞান সম্মত উত্তীর্ণ অর্থ হল তাই মানবপ্রজাতি, কোন ব্যক্তি মানুষ নয়।

বিশ্ববিখ্যাত প্রত্নতত্ত্ব-ও জিন-বিজ্ঞানী বি. জি. সিম্পসন জানিয়েছেন, "It is populations, not individuals, that evolve." এখানে Population- অভিধাটি মূলত Gene Population. হিসাবে সূচিত হলেও এর প্রকৃতিবিজ্ঞান সম্মত সমাজবিজ্ঞানগত অর্থ-তাৎপর্য হল, Human-Population. তাছাড়া মানুষের ক্ষেত্রে উপলব্ধির প্রকৃতিবিজ্ঞানিক অর্থ হয়ে দাঁড়ায়, ব্যক্তির নয়, সমষ্টিরই বিবর্তন [ও বিকাশ-ক্ষমতা] ঘটে থাকে।

কিন্তু ঈশ্বর বা অনিবার্য্য, জ্ঞানে বা অজ্ঞানে, কিংবা ব্যক্তিগত মানুষ তার প্রজাতি প্রকৃতিকে সার্বজনীনভাবে অনুসরণ করতে নাও পারে। যদি তাই হয় তাহলে সে তখন তার জৈবনিক বা প্রজাতি শক্তি হিসাবে ক্ষমা, প্রেম, সাম্যের এবং কাম, সাহিত্য, সংগীত শিল্প-কলাদি আত্মীকরণ-ওসের মত প্রজাতি-প্রাপ্ত বা অর্জিত ঐসব শ্রেষ্ঠ ওপরাজিরও বিচ্যুতি। বিজাতি এবং জাতেনুসের পরিণতি ঘটিয়ে বসতে পারে। নিউটনের মহাকর্ষ-সূত্রের নিয়মে যেন তখন ঐসব ওপাজীও ক্রমবর্ধিত যেন ওপগুলস, বা বহুতপাত, যথা পতিত হতে থাকে। অর্থাৎ, প্রজাতি-প্রকৃতির অনুসরণ যোগ্যতা যথাযোগ্যভাবে সম্ভব হলে উপযুক্ত ভাষাভাষী মানুষের দ্বারা তখন কেবল বৃত্তিবিকাশ-বিজ্ঞানের নয় বিশ্ববিধানের পরিপ্রকৃতি ও তার নির্দেশক পক্ষকেও সপক্ষ এবং স্বাধিত করা সম্ভব হতে পারে। সেই কাজ সার্থক হলে স্বয়ংক্রিয়-মানবপ্রজাতি তখন তার সহজ পূর্ণবিকশিত একক-প্রতিনিধিদের মাধ্যমে বস্তুসত্তাগত ঈশ্বর-ঘটনার বিকশিত হতে আরম্ভ করবে। ক্রমক্রমে সমগ্র প্রজাতিগত ভাষার একত্বাৎ মিলিত সেই পূর্ণবিকশিত সংঘটিত হলে সেই অবস্থার নাম তখনকার ঈশ্বরসত্তা হিসাবে প্রতীত হতে পারে। সম্ভবত সেটি একদা প্রকৃতি বিজ্ঞানীদের দ্বারা অভিহিত 'big crunch' এবং তার (আদিত্য-) বৈপরীত্যমূলক ঘটনাটি তাঁদের দ্বারা 'big bang' হিসাবে সেরূপ বিশ্বস্বরূপের সূচনা বা হোমেগা-মুক্ত হতে চলেছে। সে-কারণে এখন তার কোনো মানুষ বা আদিমা-ঈশ্বরের তেমন প্রয়োজন থাকছে না। কিন্তু কেনেরকমের বস্তুসাধিত সম্ভাবে বা সার্থকতামূলক চূড়ান্ত উক্তির আধার গ্রহণ করলেও মনীষী বিবেকানন্দ যেমন বলেছিলেন "আদার্কি দ্বারা কোনো মহৎ কাজ হয় না। স্বরূপীর যে তাঁর আর একটি চূড়ান্ত সত্যপ্রকাশ উক্তি হল, "জীবে প্রেম যেই জন সেবিছে ঈশ্বর।" এই সত্য উক্তির মধ্যে কিন্তু মনীষীর ব্যক্তিমানবতা মূলত 'চালকির' কোনো সন্ধান নাই এবং সে মানবত্বকেও ছেড়িতে যথা হল। কেবল আদিমা-ঈশ্বর-প্রতিমার কৌশল হিসাবে 'জীবে-প্রেম' নয় ; পরন্তু, সেটি হল প্রকৃতিবিজ্ঞানের পরমার্থ মূলক বস্তুসত্তাগত 'জীবে-প্রেম' দ্বারাই 'অবতারের' ঈশ্বরের 'প্রতিক্রমন' বা Substitution. কারণ, ক্রমাধিক ও অধিনস্থবেলী প্রকৃতির সর্বজনস্তুত নিয়ম লঙ্ঘন করেই সেই ঈশ্বর মানবপ্রজাতির বস্তুসার মূলিবাতা অর্থাৎ ক্রমশ-প্রসিত ও সচেতনা-চেতনাহিত পার্থিবপ্রকৃতির মূলত ঈশ্বর না হয়ে হয়েছে কেবল ব্যক্তি-ভক্তের-ঈশ্বর অর্থাৎ যে-ঈশ্ব পক্ষপাতদুষ্ট। এবং এই মহামনীষীর অন্য একটি অন্যত শ্রেষ্ঠ প্রকৃতিবিজ্ঞান মূলক উক্তি হল : "Uniformi is the rigorous law of nature." প্রকৃতি এই 'সমকপতা বা নিয়মশক্ততা' কিংবা অনঙ (আমা এটি হল প্রকৃতির ওপর অপূর্ণ-মানব-আরোপি তথাকথিত ঈশ্বরের ওপ) -সরলরিখার সৃষ্টির মা সর্বপ্রকার তথাকথিত ঈশ্বর বা অদিমা-ঈশ্বর সম্পর্ক ভাবনা জনিত সকল সিদ্ধান্ত বা তত্ত্ব ও জ্ঞান হয়ে নি যায়। সাংবাদিক থেকে তাঁর উক্তিও ছিল, 'God unnecessary, nature explains all.'

প্রসঙ্গক্রমে বলতে হয় যে, বড় বড় বৈপ্লবা প্রকৃতিবৈজ্ঞানিক আবিষ্কারগুলি কিন্তু শত শত বছর ধ একটু একটু করে ঘটতে থাকে. কারণ, কোন মনী কোন বিশেষ তাৎপর্যপূর্ণ আবিষ্কারের ভাবনাচিন্তাভাবে, সর্বদিকতে সর্বদিকে অগ্রসর কো ব্যক্তি বা মনীষীর. এমন-কি, প্রজাতি প্রতিভূ-মহামনীষ সাক্ষাৎ পাওয়া অসম্ভব হয়। বস্তুত, প্রজাতিপ্রতিভূ ব্য একেই বলা যেতে পারে, যিনি দেশ-কাল নির্বিশে পূর্ববর্তীদের সঞ্চেতন প্রকৃতিবিজ্ঞানীই নন। অন্ত কোনো পূর্ণমন্তের ক্ষেত্রে তেমন হওয়া উচিত,—বি প্রজাতিগতভাবে অগ্রিমের প্রজাতি কর্তৃক পূর্বনির্দিষ্ট কি একটি বা একাধিক সমাজ প্রকৃতির নির্দেশক। অর্থাৎ সাধনা বলেও তিনি কোনো না কোনোভ প্রজাতিবিজ্ঞানের জন্য যার কম সচেতন প্রয়োগ ক্ষেত্রের পালনের মধ্য দিয়েও বিজ্ঞানসম্মতভাবে জাগ্রত এবং নিরলস নিষ্ঠাবান হয়ে কোনো বি প্রজাতি কর্তৃক পালনে সক্ষম হন। সেই কিংবা প্রত্য প্রতিভূ-মনীষীকে হজতো মহামনীষীর সাক্ষাৎ লা করা যায়। বুদ্ধ, সক্রেটিস, প্যাগলিও, চৈতন্য, গ্যালিল ডারউইন, মার্ক্স, এঙ্গেলস, রামকৃষ্ণ পরমহংস রবীন্দ্রনাথ, বিবেকানন্দ প্রকৃতি যাঁরা আজন্ম প্রজা পূর্ববর্তিত ওদের অধিকারী হিসাবে প্রতিভাজন ও উদ্ভূত এবং প্রজাতি ও সমাজবিকাশের কর্তব্যে নিষ্ঠা ও অনেকাংশে নিয়োজিত বা আত্মসমর্পিত,—তাঁ একইভাবে আখ্যাত হতে পারেন। কিন্তু উপরোক্ত বা কালগত কারণে কোনো বিশেষ আবিষ্কার ঘটায় পূ

হয়তো কোনো প্রজাতি প্রতিভূ বা অন্যমনীষী সেই ভবিষ্যৎ অধিকারের সম্বন্ধে তাৎক্ষণিকভাবেই স্বল্প সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। সেরূপ সিদ্ধান্তকে হয়তো আমরা দমন করলে তাকানুগভাবে অভিহিত করতে পারি। আর যার অন্যমনীষার মত বিশ্লেষানন্দের ক্ষেত্রে ও সে-ঘটনা তাত্ত্বিক মনে করা যায়। বিষয়টি বস্তুত গুরুত্ব সহ আলোচনার যোগ্য।

উনবিংশ শতাব্দের শেষ শেষবাস পর্যন্ত পরমাণু বা atom প (গ্রীক ভাষায় atom=indivisible, non-breakable) বস্তুটিকে চিরন্তন পদার্থ বা বস্তু হিসাবে গণ্য করা হত। সুতরাং, প্রকৃতি বৈজ্ঞানিকতাকেও তখন সম্ভবত কোনো বস্তুর চিরন্তনত্ব স্বীকার্য হতে পারত। কিন্তু ১৮১৭ খ্রী-এ পরমাণুর অন্তর্গত ক্ষয়া বিজ্ঞেয় বস্তু হিসাবে ইলেকট্রন-কণিকার আবিষ্কার, ১৮১৮ খ্রী-এ পরমাণুর অন্তর্গত বর্ষাত্মিক তেজস্ক্রিয় রশ্মির এবং ১৯০০ খ্রী-এ ফটোক্রিয় থেকে সাম্প্রতিক পারমাণবিক বলবিদ্যা আবিষ্কারের পর চিরন্তন ও এমন কি, হাজার হাজার বছরের স্থলিত সেখর চিরন্তন পদার্থ যাবতে দূরীর্ঘ ঘোষিত দাম্ভোরের মূলেও কুঠারাঘাত চলতে থাকে। কিন্তু অন্তজল পরেই, বর্তমান শতাব্দের গোড়ার ১৯০৫ সালে আপেক্ষিক তত্ত্বের আবিষ্কারের পর প্রকৃতি-বৈজ্ঞানিকদের নিছক অনুমিত ঐশ্বরিক সাম্রাজ্যেরও পরিসমাপ্তি ঘটনের সম্ভাবনা অত্যুজ্জ্বল হয়ে ওঠে। তার পূর্বমুহূর্তে ১৯০২ খ্রী-এ বিজ্ঞেয়ানন্দের "অকস্মাৎ" মৃত্যু ঘটে। "অকস্মাৎ" কথাটি বলা হয়তো ঠিক হবে না। কারণ, মৃত্যুর কিছুকাল পূর্বে (সঠিক কাল নির্ণয় সম্ভব হয়নি) তিনি কেন তাঁর সৃষ্টিসত্ত্ব জ্ঞেয়-সিদ্ধান্তের ফলেই সমষ্টিগত বা সমগ্রভাবে মানবসমাজের ও মানববন্ধনমাত্র-বিকাশের অনিবার্য প্রয়োজন অনুভব করে সেজন্য তাঁর নিজ ব্যক্তিসত্তারও বিসর্জন দিতে সংকল্প করে লিখেছিলেন, "It may be that I shall find it good to get outside of my body to cast it off like a disused garment. But I shall not cease to work until the world shall know that it is one with god." লেখক প্রজাতি তথা মানববন্ধনসমাজে তথা সমগ্র জড়প্রকৃতির কারণেই ব্যক্তি-সত্ত বস্তুবস্তুর্থ এবং হয়তো সেজন্য যসনর্থ বা অনুপযুক্ত দেহটি ত্যাগ করার বিষয়েও সংগত ও উচিতবোধ করেছিলেন। কিন্তু তার জ্ঞেয়-জড়প্রকৃতি, মৃত্যুত্ত্ব-সর্বাহে, পূর্ণ যৌবনবিকশিত, কৃতিসমৃদ্ধ অন্যমনীষার এই অকাল-মৃত্যুর জ্ঞেয়া-সিদ্ধান্ত কেন।। কারণ মনে হয় একটিই। কয়েক শ'বছর আগে আপেরার আর এক অন্যমনীষা চৈতন্যের শরীর-সম্বন্ধীয় প্রশ্নের উত্তরে তাঁর একজন ভ্রেষ্ঠ ভক্তবন্ধু অনুপমী হরিদাস জানিয়েছেন, "শরীর সুস্থ হয় মোর, অসুস্থ বুদ্ধি মন।" বর্তমান প্রসঙ্গেও আমাদের সেই একই উত্তর মনে আসে। অর্থাৎ, আপেক্ষমান মনীষীর নিজস্ব তাঁর 'বুদ্ধি-মনের' বিশ্লেষি। সৌভাগ্যে তখন ছিল একদিকে বহু বছরের পরিপুষ্ট-ভাবাবর্জিত বা 'ভাবের অতীত' এক অসম্ভব ও উদ্ভট তত্ত্বপ্রবর্তিত অধ্যাত্মিকবিজ্ঞানের সম্ভোষ। অন্যদিকে আছিল অসম্ভ ভবিষ্যতের নিশ্চিন্তস্তর তার সুনিশ্চিত ও প্রত্যক্ষীভূত বিজ্ঞানচেতনা। এই উভয়ের সুতীব্র দ্বন্দ্ব আপেক্ষমান মনীষীর চিত্তলোকে সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়েছিল। তাঁর সেই অন্তর্দ্বন্দ্বির অন্তরতীতির জন্যে 'ভালাভি'র কোনোরূপ ছিল না। ফলত, সেই জ্ঞেয়াসিদ্ধান্তজনিত জ্ঞেয়াগ বিষয়টি কোনোরূপ আত্মহত্যা বা অতিসন্ধিমূলক অপমৃত্যু হয়ে পারে না। তার কারণও তাঁর অবশ্যই উক্ত ভাবাই নিহিত আছে। জনাত্মকবিশ্বাসী বিশ্লেষানন্দ যে সিদ্ধান্ত করেছিলেন তার উদ্দেশ্য ছিল সমগ্র জগৎসংসারী বা প্রজাতিমানব কর্তৃক সত্যাত্মবিজ্ঞানে সাধনা আত্মনে ঈশ্বর সান্নিধ্য লাভের পথ ধরে জীব-জড় নির্বিশেষে বিশ্বসোদরের মুক্তি। ইতিপূর্বে বহুজন আমাদের পূর্বনির্ধারিত প্রকৃতি বৈজ্ঞানিক আলোকে আলোকিত দৃষ্টিভঙ্গি নিয়ে বলতে গেলে বলতে হয়, সে-উদ্দেশ্য ছিল প্রকৃতি-বৈজ্ঞানের তাৎপর্য নির্ভর চিরপদার্থের উচ্চতম বিকাশ সংগঠন। এ তাঁর অনুমিত তত্ত্ব হলেও কাজটি অনুমিতভাবেও সমজসাত্ত করেছে ছিল না। তাঁর কিয়ে সেজন্য হয়তো চাই ঘনেষ্টিত সুস্থ-সমর্থ দেহে চিরদিন বাস্তব অর্থাৎ অসংখ্যজন জীবনধারণ পূর্বক বহু মানুষকে একপ্রভাবে প্রাণিত করে অন্তত তা অভাবিত প্রসমাধান মাধ্যমে যথাযোগ্য প্রেষ্ঠজীব হিসাবে সমষ্টি বা প্রজাতিগতভাবে উন্নীত ও প্রজ্ঞানন প্রজাতিতে উত্তীর্ণ রূপে দেওয়া এবং তার জন্য সার্থকভাবে সুদীর্ঘ ও নিষ্ঠাময় যবিরাম শ্রুত চালিয়ে যাওয়া । কিন্তু কোনো অপ্রমেয় বা অহিংসা ঈশ্বরের সান্নিধ্য যে প্রজাতিগত বা সামাজিক চিরমুক্তির শেষ অবলম্বনীয় পথ হয়ে উঠতে পারে না, সে-সম্বন্ধে নির্দেশমানের জন্য তখনো আপেক্ষিক-তত্ত্ব, জিন-তত্ত্ব ও প্রতিবর্তী-ক্রিয়াতত্ত্ব প্রকৃতির মত কোনো প্রকৃতিবিজ্ঞান বিষয়ক তত্ত্বের সুনিশ্চিত আবিষ্কার ঘটে ওঠেনি। সে কারণে তাঁর জ্ঞেয়ার দেহ-মন পরিত্যাগের বা সংকেতে ইচ্ছামৃত্যুর সংকেতটিকে কালানুগ বিরাতি বলেই সিদ্ধান্ত করতে হয়। তাছাড়া, প্রজাতি বা সমাজ-মানস থেকে উদ্ভূত মনের সমাধান প্রজাতিগত হওয়াই ফলশ্রুত বা সার্থক হতে পারে। সুতরাং কেমনোরূপ বিজ্ঞান আত্মহত্যাকারী বা অপমৃত্যু যে সমাজ-মানসে কী রূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে সে সম্বন্ধে প্রজাতিপ্রতিভূ মন্যমনীষীর কোনো অভ্রান্ত বিষয়ক অনুমান, সত্তার অপলাপ মাত্র।

অপরপক্ষে, তাৎক্ষণিকী প্রজাতিগত অর্জিত সারফলের প্রতিমূর্তি বা প্রজাতিপ্রতিভূ নিশ্বাস হয়ে ওঠা গ্রামকৃষ্ণের বিশ্বাস ও ভাবাবেগের সজনিষ্ঠার প্রত্যক্ষ প্রভাবও তখন তাঁর সমক্ষ থেকে বিজ্ঞান প্রভাবিত অন্যায় কারণে কিছুটা অপসৃয়মান হয়ে থাকতে পারে। সেরূপে প্রজাতি বা প্রকৃতি-বিজ্ঞানের নক্ষত্রলোকির মৃতিনির্ভরের প্রত্যক্ষ প্রভাব হয়তো তাঁর চেতন অবচেতনে তখন কিছুটা নবতর হিন্দোলও সৃষ্টি করে থাকবে। এছাড়া অন্য পথে, একথা সত্য যে, তখনো পর্যন্ত জড়-তত্ত্ব এবং তেজোময় শক্তির মহাত্রিক্রিয় অন্তঃপরিবর্তন-তত্ত্বের অন্বেষণাতীত আবিষ্কার ঘটেনি। কিন্তু পূর্বেক্ত তৎপূর্ববর্তী আবিষ্কারগুলি যে সেই তখন পোষিত সকল মত সম্বন্ধীয় চিরন্তনত্বের ধারণাকে অপসারিত হয়তো আর কোনো চিকানো-খটানোর মত সচেতনভাবে পুনরুদ্দীপিত করে তুলতে নাও পারত, উক্ত ফলানুগ মাত্রির প্রভাবকল তখন সেই মৃত্তিও তাঁর কাছে অনতিক্রমণীয় হয়ে তাঁর মানসলোককে আরও আচ্ছিন্ন করে তুলতে পারে। ফলত, (জ্ঞেয়াসৃত্যু) বরণকে সিদ্ধান্ত অপরিত্যাজ্য হয়ে হয়ে থেকেও তাকে সফল করার জন্য তাঁর সচেতন জ্ঞেয়াগের পথ অবশ্যম্ভাবী কিন্তু অসম্ভাবিত ও অজ্ঞাত। থাকার অতীতের সর্বোচ্চ অপরিত্যক্ত ত্রুটি ও মনের অন্তর্যামনকে অহেতুকভাবে সর্বসমক্ষে তুলে ধরাও তাঁর কাছে সম্ভবত 'অসুস্থ' বা অসংস্থে মনের পরিচায়ক হিসাবে বিবেচিত হতে পারে। এক সময় তিনি কোথাও লিখেছিলেন, "Dirty linen must not be exposed to the street." এক্ষেত্রে তাই তাঁর পূর্বচর্চিত মনসাযোগসমন্বয় জ্ঞানতন্ত্রস্তরের ধারণা তিনি তাঁর নিজের এবং হয়তো বা সুস্থ সেবস্থ অসুস্থ ও অপরিচ্ছন্ন বুদ্ধিমনের বিসর্জনকে 'মনন-ত্রাণ-প্রয়াসের' অন্যায় নির্দেশ বিবেচনা করে তার দ্বারা শ্রীস্তরের সামাজিক বা প্রজাতিগত মানসলক্ষ্যের সমাধান সমাহিত হওয়ার বাঞ্ছিত পথ খুঁজে পেয়েছিলেন। অর্থাৎ, বহু সাধন ও মানস-মেহনত অর্জিত সমাধি-অবস্থার মধ্যে এভাবে সর্বত্যাগী সন্ন্যাসী মূল দেহ-ত্যাগসহ সূক্ষ্ম 'মন'শক্তি অর্থাৎ সর্বস্ব পরিত্যাগ করে তথাকথিত বা অহিংসা-ঈশ্বরতত্ত্বের মধ্যে নয়, চতুঃ শব্দ ('মন'-'বুদ্ধি'-'বিজ্ঞান' ও 'আনন্দময় ও ময়া বিজ্ঞানঘন চিরপদার্থ-প্রকৃতিসত্ত্বে' কিংবা বা প্রত্যাবির্ভূত হওয়ার কলাকৌশল অবলম্বন করেছিলেন। তাঁর উপযোক্ত সিদ্ধান্ত অবশ্যই আলানুগ-ভাত্তিজনিত ছিল। কিন্তু তার প্রয়োগপদ্ধতি বা কলা-কৌশল ছিল বিপুল বা অবর্ণ। কিন্তু "Uniformity is the rigorous law of nature." সার্বিকভাবে প্রজাতিমুক্তি অর্জন বা তৎসম্বন্ধীয় নৈপুণ্যও তাঁকে আর অবৈজ্ঞানিকভাবে প্রজাতি সাম্রিধ্যে ফিরিয়ে আনতে পারে নি। তিনি ব্যক্তিদেহ থেকে মুক্তিলাভ করেছিলেন এবং তার পদ্ধতিও নিন্দনীয় বা হতে পারে। কিন্তু অবাধভাবে প্রকৃতিবিজ্ঞানের পক্ষাবলম্বনে তাঁর সেই বিজ্ঞানাশ্রিত-'জীবে-প্রেমে স্থিতি ফলশ্রুতিও আর সম্ভব হয়নি। সে-অর্থ একমাত্র বিজ্ঞানমান সমাজ-একতীয় সর্বময় ও সর্বশক্তিমান বিদ্যমানব-প্রকৃতিরই কাজ। অন্য কোনওভাবে তা অসম্ভ বা অপম্য।

অবশ্য, আলোচ্যমান কালপর্যায়ে বিশ্লেষানন্দ ঈশ্বর-সম্বন্ধীয় ধারণাটি হয়ে উঠেছিল সর্বাত্মবর্জিত প্রকৃতিবিজ্ঞান সম্মত বা অভাবিত, এবং তার অনুরূপ সাধনাপথও তিনি অনুসরণীয় প্রকৃতিবিজ্ঞানের ভিত্তিতে ও অন্তর্ধ মানসসৃষ্টি বা বিশ্বসৃষ্টি (World-outlook)-রূপে বর্ণনা করতে পেরেছিলেন। সেটি হল অবশ্যই এই ঈশ্বরতত্ত্ব-সর্বাত্মিকস্থাপী ও সর্বাংশ সার্থক 'জীবে প্রেম'। কিন্তু তখন তিনি আর তার ভিত্তিকে প্রকৃতিবিজ্ঞানসম্মত ও অনুসরণীয় ভিত্তিতে দৃঢ়প্রতিষ্ঠিত করার জন্য যথোপযুক্ত শক্তি সঞ্চয় করে উঠতে পারেন নি। তবে তিনি যে কেন কয়েক মাস পূর্বে সেই শক্তির সাধন লাভ করতে পেরেছিলেন, তাঁর রচিত গ্রন্থ বা ইতিহাস সে-সম্বন্ধে সন্ধান দান করে থাকে। সেই ইতিহাস ও বিজ্ঞান ও দর্শনের পরস্পর-সম্পর্কিত হয়তো বিস্তৃ আলোচনা বা অ-পর্যাপ্ত বিবরণ আমরা একটি সংকলিত পাণ্ডুলিপি-গ্রন্থ মধ্যে নিবেদন করার প্রবল প্রয়োজন করেছি। সে-সম্বন্ধে যথোপযুক্ত আলোচনার স্থান এটি নয়। সুতরাং অপরাপর এখানেই বর্তমান প্রসঙ্গ শেষ করতে হয়।

মনোচিকিৎসায় সঙ্গীত

শাশ্বত রায়

কবি যাজ্ঞবল্ক্য যাকে 'সঙ্গীতবিজ্ঞানন্' বলেছিলেন। আধুনিক যুগে পাশ্চাত্য বিজ্ঞানীদের অনেকেই তাকে আর নিছক 'শিল্পমাত্র' বলতে পারছেন না। ঘোড়া যেমন করে একদা শিকটের তাঁর 'রিপাবলিকে' স্থান নিতে চাননি, তেমনটি আজ আর কেউ কল্পনাও করতে পারেন না —কারো, বিশেষ করে সঙ্গীত, আজ আর মানুষের ধারণায় মোটেই কোন আলঙ্কারিক অবতরণ সঙ্গী নয়। অনেক ক্ষেত্রেই সঙ্গীত আজ মানুষের দেহ ও মনের কাছে ওষুধের চেয়েও বেশি শক্তিশালী প্রমাণিত হয়েছে।

Music Therapy বিষয়টি ভারতবর্ষে এখনও নতুন হলেও সারা পৃথিবীজুড়ে এটি এক ব্যাপক আলোড়নের চেহারা নিয়েছে। বহু মানুষের নিরলস চেষ্টা ও একনিষ্ঠ গবেষণার ফলে ধীরে ধীরে বিষয়টির বিজ্ঞানভিত্তিক প্রয়োগবিদ্যায় প্রসার ঘটছে। একথা বলাই বাহুল্য যে নিছক ঘটনাচক্রেই বিষয়টির আবর্তনের মূল কারণ হলে বিজ্ঞানীরা এটিকে এত গুরুত্ব দিতেন না। এর ব্যাপকতা এবং কার্যকারিক উপযোগিতাকে উপলব্ধি করেই একদা 'United States National Association for Music Therapy' স্থাপিত হয়। এই সংস্থা আজ বিশ্ববিদ্যালয় স্তরে মিউজিক থেরাপির পঠন-পাঠনের ব্যবস্থা করা ছাড়াও ত্রৈমাসিক পত্রিকার মাধ্যমে তাদের বিভিন্ন সেমিনার ও গবেষণা লব্ধ তথ্যাদি সরবরাহ করে। এরপরেই ১৯২৮ সাল থেকে, 'The British Society for Music Therapy' সংস্থাটি লন্ডনের 'Guildhall School of Music and Drama'-র সহযোগিতায় কাজ করে আসছে। সুইডেন আর্জেন্টিনা, অস্ট্রেলেশিয়া, জার্মানী, ফ্রান্স, যুগোস্লাভিয়া, জাপান প্রভৃতি অন্য দেশে ইদানীং কেন কিছু এই ধরনের সংস্থার জন্ম হয়েছে, যারা তাদের নিজস্ব সামর্থ অনুযায়ী বিষয়টিকে আজও আধুনিক করে তুলতে সচেষ্ট।

যেহিনেরীর নাম অনেকেই আজ আর মনে করতে পারেন না। তিনি বেগলমের এক বিখ্যাত ক্যাস্ট্রাটো গায়ক ছিলেন। ১৭৩৭ সালের ১১ই জুন, তিনি লন্ডন থেকে স্পেনে যাত্রা করেন। তিনি যখন মাদ্রিদ-এ পৌঁছলেন। তখন রাজ্যজুড়ে হতাশা আর শোকের ছায়া নেমে এসেছে। পঞ্চম ফিলিপ তখন একেবারে শয্যাশায়ী। এক অদ্ভুত মানসিক অবসাদে (Melancholia) তাঁর দিন-রাত্রি একাকার। সব চিকিৎসা ব্যর্থ। এমতাবস্থায় রাণী ফেরিনেল্লিকে ডেকে পাঠালেন। গভীর রাত্রে রাজার ঘরে মৃদু করুণ সুরের গান ভেসে এল। সুরের যাদুতে গলন ফিলিপের মনের সমস্ত বন্ধ জানলা খুলে গেল। ধীরে ধীরে বেদনার শত ঢেউয়ও যা হয়নি, যেহিনেরীর গান এক নিমেষে তাই ঘটিয়ে দিল। এর পরের ইতিহাস খুবই সংক্ষিপ্ত। রাজা হেসে উঠলেন। যেহিনেরীর আর ফেরা হল না। ৫০,০০০ ডলার মাসোহারার বিনিময়ে তিনি রাজ বাড়িতেই বন্দী হয়ে গেলেন। প্রতিদিন রাত্রে কিছুক্ষণ তাঁকে গান শোনাতে হত। শোনা যায়, এইভাবে ৬৬০০ বার তিনি একই (মোট চারটি) গান গেয়েছিলেন। এটাই মিউজিক থেরাপির যাদু।

ইতিহাসে কিন্তু যেহিনেরী একা নন। অনেকেই, নানা সময়ে নানা ভেবে, বিভিন্নধর্মী সঙ্গীতের সাহায্যে পীড়িত মানুষের গ্লানি দূর করার চেষ্টা করেছেন। 'Shabut-e-raja' ছিলেন এদেরই একজন। মিশরে তিনি সঙ্গীতের ব্যবহার করতেন অসুস্থ মানুষের উপর।[১] গ্রীক বীণা বাদক 'থিমোথিয়াস' প্রথম বাইবেল বর্ণিত তার-বাদক 'ডেভিড'—এরা সকলেই একই-ভাবে মানুষের মনে নতুন করে বাঁচার আশা জাগাতেন।[২] তাঁদের শক্তি ছিল তাঁদের সঙ্গীত।

মানব সভ্যতার উন্মেষের প্রথমদিকে এমন একটা বিশ্বাস মানুষের মনে প্রবল ছিল যে—অশুভ আত্মা এবং শক্তির প্রভাবেই মানুষ অসুস্থ হয়। অথবা কোন দেবতা রুষ্ট হলে তাঁরা মানুষের শরীরে রোগের প্রকাশ ঘটে। অপরাধ বোধ এবং অসুস্থতা—এটা যেহেতু সর্বকালের একটা বড় সমস্যা। বৈদিক যুগে এই ধরনের সঙ্গীত প্রসঙ্গে যাগ-যজ্ঞের কথা বলা আছে, যার দ্বারা দেবতা তুষ্ট হন। গ্রীক দেবতা এসক্লেপিয়াস কথা তো না বলাই; যাঁকে একাধারে সঙ্গীত ও ওষুধের দেবতা বলা হত। খ্রিষ্টিয় যুগের প্রথম দিকে St. Vitas, এইভাবে মৃগী রোগ সারাতেন। St. Lazarus, St. Sebastian এবং St. Blassey যথাক্রমে কুষ্ঠ, প্লেগ এবং গলার রোগ নিরাময় করার চেষ্টা করতেন।[৩]

ইউরোপে গ্রেগরিক-দেবতার বাজনা করে এনেছিলেন প্রভু যীশু এবং তাঁর সঙ্গীতায়। ঘণ্টা এবং ঘন্টাধ্বনি রোগের ভয় দূর করতেন। বাঁশের বাঁশি মনোযোগ করা হত, তাঁরা সকলেই এই মূলতত্ত্বের এবং সেবার বিশ্বাস করতেন। কিন্তু প্রশ্ন উঠবে, গভীর মূলতত্ত্বের এবং সেবার আদর্শ নিয়ে মানুষের পাশে দাঁড়ালেও কেন তাঁরা অসুস্থ মানুষের কষ্ট লাঘব করার জন্য সব ছেড়ে বেরিয়ে পড়েছিলেন। বস্তুতঃ বেনেসাঁ সমাজ পরবর্তের পর যে অন্ধকারময় যুগের সূচনা হয়েছিল তাতে অনেক কিছুই যুগে যুগে সাধু হয়ে গিয়েছিল চিকিৎসা বিদ্যা এবং প্রয়োজনীয় ওষুধ তৈরি করার সব বিদ্যা (এমন কৈল) তখন প্রায় লুপ্ত হয়ে গিয়েছিল। অথচ ধর্মযুদ্ধের প্রকৃত চিকিৎসা বিজ্ঞান প্রয়োজন যে চাহিদা অনেক বেড়ে গিয়েছিল। যেমন, প্রয়োজন আবিষ্কারের জননী, ঠিক তেমনি-ভাবেই কার্যকর বিকল্প খোঁজাই ছিল এই ধরনের বিপরীতধর্মী অনুভূতি বিশেষতঃ মনোচিকিৎসার ক্ষেত্রে।

একথা নিশ্চিত যে, গ্রীক দার্শনিকরা যে পূর্ণ সঙ্গীতের এই বিশেষ ক্ষমতার ব্যাপারটি লক্ষ্য করে ছিলেন। এরিস্টোটল মনে করতেন মেলডি হ আত্মিক উন্নতির পথে একটা বড় সহায়।[৪] গ্রেগ হলস্বরোঁকস্ত (Korbantism) বাঁশির সুর প্রয়ে করার উপদেশ দিয়েছিলেন।[৫] যৌন উত্তেজনা দূ করে—এটি একটি প্রাগৈতিহাসিক বিশ্বাস।[৬] চিকিৎ ক্ষেত্রে বাঁশির সুর প্রয়োগের এই সমস্ত ত পরবর্তীকালে আরবদের মাধ্যে সঞ্চারিত হয়, যা তা তাদের হাসপাতাল গুলিতে ব্যাপকভাবে ব্যবহ করতো, বিশেষতঃ শারীরিক কাটা-ছেঁড়ার ক্ষেত্রে ঘুম এবং উত্তেজনা লাঘব করতে। ফোস্টে সাহেব উ করেছেন তিনি কিছু নির্দিষ্ট হাসপাতালের সুর বাজিয়ে সু বন্ধুটি সাইটিকার মত দুরারোগ্য স্নায়ু রোগ থেকে আর পেয়েছেন।[৭] প্রাচীন গ্রীসে সঙ্গীতের যে ব্যা প্রয়োগ হত, তা মূলতঃ মানসিক উত্তেজনা এ নিয়ন্ত্রণীনভাব প্রতিরোধে। এমন কি, আত্মহত্যে সা পাঁচার ব্যাপারেও হলদের পক্ষে উপকারী,—এ বিশ্বা প্রচলিত ছিল।[৮] এই বিশ্বাস থেকেই হয়তো রোগ এবং পাগলাগারদ মানসিকের আত্মহত্যের সঙ্গে বাঁ অস্ত্রগুলির ব্যবস্থা করে আসছে আজও।

প্রাচীন ভারতবর্ষে সঙ্গীতের চতুর্বর্গ প্রয়োগ উল্লেখ পাওয়া যায়। তাহলে অবাক হতে হয় বৈদিক যুগে যখনই ব্যাপারে সঙ্গীতই ছিল একম নিরাময়ক, তা সে আধিভৌতিক বা আধ্যাত্মিক—এ হোক্ না কেন! অথর্ব সঙ্গীতের ক্ষমতা ছিল আ ব্যাপক। কিন্তু এই সমস্ত সঙ্গীত ধারাই আজ লুপ্ত। আ আর সঙ্গতী তাঁর বৈদিক ঐতিহ্যমাত্র গানে মুখ হয় না। তবু আশার কথা, রাগ-সঙ্গীতের ক্ষেত্রটি আ লুপ্ত হয়নি যা অনায়াসেই মনোচিকিৎসার জগতে ন নিজস্ব উন্মোচন করতে পারে। এই মুহূর্তে, ইউরো

এবং আমেরিকায় যারা সঙ্গীতকে ব্যবহারিক কাজে লাগাতে চান, তাঁরা অবশ্যই ভারতীয় সঙ্গীতের রাগ-তালতত্ত্বটিকে শ্রদ্ধার সঙ্গে পর্যবেক্ষণ করবেন। দুর্ভাগ্য আমাদের, আজও আমরা এর সঠিক মূল্য বুঝতে চেষ্টাই করি না। অবশ্য তা বাদলাটী টাঁদে এবং প্রবাস তা মানস ভ্রাতাটীবৃদ্ধির মত সৃষ্টিমের ক'বেকজন এ বিষয়ে গবেষণার আগ্রহ প্রকাশ করেছিলেন। তা টাঁদে পুনে জেলার কারলার 'আর্যবর্ধে এণ্ড মেডার কিলব'-এ সঙ্গীত নিয়ে কাজ করে জানিয়েছেন, পাশ্চাত্যের ক্ষুব্ধ মিউজিক অবলাম্বস্ত রোগীকে সাময়িকভাবে সুস্থ করে। তাঁর বিশ্বাস অনুযায়ী, উন্মাদ রোগ দারে তৈরক্টীতে : শিবরক্ষণী স্মৃতিশক্তি কড়ানোর সাথে সাথে মানসিক ব্যাধি প্রতিরোধ করে : উত্তেজনা ও রক্তচাপ কমায় টেরিড ও তৃপাদী রাগ্, এবং আনন্দবর্ধী ও মালাকোষ দুশী রোগ সারায়।[১১] প্রথাত ডা ভ্রাবটীবৃদ্ধি (কলকাতায়) নিয়ন্ত্রিতভাবে সঙ্গীতের প্রয়োগের নানা দিক নিয়ে কাজ করেছিলেন। বস্তুতঃ এই ধরনের দাবীর ক্ষেত্রে যে সমস্যাটি তাঁর নিজেরাও উপলব্ধি করেছিলেন তা হল—সুরের যা রাগের কাঠামোর কোন বিশেষ ওজন জন্য এবং ছন্দ বা লয়ের তারতম্যের জন্য ঠিক কি ধরনের মনস্তাত্ত্বিক এবং শারীরিক প্রতিক্রিয়া হয়, তার সঠিক ব্যাখ্যা তাঁরা দিতে পারেন নি। এছাড়া, সুরের উচ্চতা, জাতি, প্রকৃতি এবং মূর্ছনার ক্রমের চড়িয়ে এবং রোগীর অজ্ঞাতসারে কোন পরিবর্তন আনে কি না।—এ ক্রমের ক্ষেত্রেও তাঁরা বিস্তৃত থেকেছেন। আশার কথা, বর্তমানে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে ঠিক এই বিষয়েই গবেষণা চলছে।

আমাদের দেশে মনোরোগের চিকিৎসার কোন ক'টেকটি পদ্ধতি প্রচলিত আছে। বেশির ভাগ ক্ষেত্রে মনোরোগীদের কোন সাইকোথেরাপিই অথবা কিছু মিউজিক-মেডিসিনের সাহায্য নিতে হয়। এর ও উদ্ভবের মাধ্যমে রোগীদের চারিত্রিক ত্রুটি-বিচ্যুতির প্রতিকার করাই হল সাইকো-থেরাপি। রোগীদের বুদ্ধিবৃত্তির ক্ষেত্রে আবেগ-বৃত্তির সংশোধনকেই এক্ষেত্রে বেশি জরুরী মনে করা হয়। প্রত্যেক ব্যক্তিরই তার নিজস্ব সমস্যা সমাধানের শক্তি আছে—এই বিশ্বাসই সাইকো-থেরাপির মূল ভিত্তি। চিকিৎসার পরিভাষায় একে বলা হয় নন-ডাইরেক্টিভ-কাউন্সেলিং। এ ক্ষেত্রে মনোচিকিৎসক শুশ্রূষার একজন সহানুভূতিশীল শ্রোতার ভূমিকা পালন করেন।[১২] অপরদিকে, ডাইরেক্টিভ-সাইকো-থেরাপিতে মনো-চিকিৎসক কিছু নির্দেশের সাহায্যে সমাধান সূত্রের পথ দেখিয়ে দেন। সাইকোথেরাপির প্রথম সমস্যা হল কণ্ঠস্বরের, যা অনেক ক্ষেত্রেই রোগী এবং মনোচিকিৎসকের অবচেতনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। রোগী প্রায়ই মানসিক অবসাদের কারণে মনোচিকিৎসকের সাথে আদৌই সহযোগিতা করে না ; -এটি হল দ্বিতীয় এবং প্রধান সমস্যা। এসব ক্ষেত্রে সাইকোথেরাপি ব্যর্থ হলেও সঙ্গীত কিন্তু সাহায্যে সফল হয়। অনেক ক্ষেত্রেই রোগীদের কিছু প্রত্যাশিত গুণুর নিয়ে চিকিৎসা করা হয়। বাস্তবিকপক্ষে মানুষের জানেন, বেশিরভাগ ক্ষেত্রেই গুণুরের কাজ সাময়িক এবং তার মাত্রাও ক্রমশঃ বাড়াতে হয়। এক্ষেত্রে সঠিক গুণুর নির্বাচন ও তার মাত্রা নির্ধারণ নিয়ে চিকিৎসকের মধ্যে যথেষ্ট মতপার্থক্য লক্ষ্য করা যায়। সবচেয়ে মারাত্মক সমস্যা হল এই সমস্ত গুণুরের অভিপ্রায়ক পার্শ্বপ্রতিক্রিয়ার বিষয়টি। এই সমস্ত ওষুধ বন্ধ হলে কখনও কখনও উন্মাদনা দেখা দেয়। ইলেকট্রিক শক্ থেরাপি অথবা মস্তিষ্ক কর্তনের মাধ্যমে রোগীকে একেবারে জীবন্মৃত করে দেওয়া হয়। বস্তুতঃ, এই কারণেই পাশ্চাত্যে মনোচিকিৎসার বিরুদ্ধে সরব হয়ে ওঠেন R. D-Laing, Thomas Szasz, Robert Boyers প্রমুখেরা এবং নাম রাখে Anti-Psychiatric—আন্দোলন। ফলেই, মিউজিক থেরাপির প্রাসঙ্গিকতা প্রশ্নাতীত।

মানুষের সত্তিত্বের উন্নতি শরীর মনের নিবিড় তারসাম্য ছাড়াই সম্ভব নয়—এই প্রচীন হেলেনিক্ ঐতিহ্যে মিউজিক থেরাপির দর্শন আজও খাঁটিয়ে বুঝেছে। যে শারীরিক রোগের মূল কারণ যে আসলে মনের উপর জমে থাকা চাপ—এ কথা আজ আর মনোবিদদের অজানা নয়। এই অবস্থাকে বলা হয় সাইকো-সোমাটিক-কন্ট্রোলন। এইভাবে রোগ শরীরে রক্তচাপ বাড়িয়ে দেয় ; এই তা দীর্ঘস্থায়ী হ'লে শরীরে উচ্চরক্তচাপের স্থায়ী সমস্যা সৃষ্টি হয়। আবার মানসিক উদ্বেগ পাকস্থলীতে এসিড ক্ষরণ বাড়িয়ে দেয়, ফলতঃ প্যাপটিক আলসারের মত মারাত্মক শারীরিক সমস্যার সূত্রপাত হয়।[১৩] বৈজ্ঞানিক পদ্ধতিতে পর্যবেক্ষণ সূত্রে জানা যায় এই ধরনের শারীরিক ও মানসিক অবস্থার পরিবর্তনের প্রতিমুহূর্তে একজনের সমান্তরাল পারস্পরিকতা বজায় থাকে। এতে বলা হয় Psycho-physical-parallelism. এটিই হল মিউজিক থেরাপির কার্যকারিতার মূল ভিত্তি।

সাম্প্রতিককালে এটা প্রমাণিত হয়েছে যে, মানসিকভাবে অসুস্থ ব্যক্তি স্বতঃস্ফূর্তভাবে তাদের মানসিক অবস্থার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ভাব-সঙ্গীতের (mood-music) সাড়া দেয়। মিউজিক থেরাপিতে একে বলা হয় ISO-Principlism.[১৪] পাশ্চাত্যে এই ধরনের ভাব সঙ্গীতের ব্যাপক প্রয়োগ লক্ষ্য করা যায়।

(১) বিষণ্ণতা—Brahms-এর—'Clarinet Quintet in B-minor.'
(২) ক্রোধ—Bartok-এর—'String Quartet No. 5.'
(৩) অপরাধবোধ—Ernest Bloch-এর—'Schelomo for Cello and Orachstra.'
(৪) প্রেম—Wagnner-এর—'Liebestod.' ইত্যাদি।

ভারতীয় রেকর্ডপটে দীর্ঘস্থায়ী করুণ রসাত্মক ভাব-সঙ্গীত যে বেশি কার্যকর তা লক্ষ্য করা গিয়েছে। ক্ষণস্থায়ী সঙ্গীতের প্রতিক্রিয়ার এইদিক থেকে বিচার করলে মোটেই সন্তোষজনক নয়। প্রশিক্ষিত চিকিৎসার ক্ষেত্রে পর্যাবৃত্ত ঔষধসেবনের একটা বিশেষ ভূমিকা আছে। আমাদের মস্তিষ্কের রন্ধ্রের কার্যকারিতাকে সঠিক নিয়ন্ত্রণে রাখতে হলে এই ধরনের পর্যাবৃত্ত-বিরাম দেওয়াও অত্যন্ত জরুরী। বস্তুতঃ, আমাদের প্রতিটি চেতন এবং অবচেতন—এই দুই স্তরেই সঙ্গীতে সাড়া দেয়, এটা প্রমাণিত হয়েছে। সাম্প্রতিক গবেষণার ফলে দেখা যায় আমাদের দীর্ঘস্থায়ী সঙ্গীত শ্রবণে মস্তিষ্কের ব্রাডমান এবং হাইপোথ্যালামাস অঞ্চলে অবচেতন অনুভূতির অবস্থার একটা পরিবর্তন ঘটে। এই পরিবর্তন সঙ্গীতের চরিত্র দ্বারা নির্ধারিত করা যায়। এই পরিবর্তিত অবস্থা মস্তিষ্কে নিউরো-হরমোন গুলির ক্ষরণে একটা সাম্যতা আনে, যা পরবর্তী স্তরে যন্ত্রণাদায়ক গ্রন্থির হরমোন গুলির স্বাভাবিক ক্ষরণে সাহায্য করে। ফলতঃ শরীর ও মনের ভারসাম্য পুনরায় ফিরে আসে এবং আমরা সুস্থ হয়ে উঠি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলোর এক শ্রেণী শিক্ষকদের মধ্যে দায়িত্ববোধের অভাব দেখা যাচ্ছে অনেকক্ষেত্রেই আজকের দিনে শিক্ষক ও শিক্ষার্থী মধ্যে সম্পর্ক সহানুভূতি, সহযোগিতাপূর্ণ এবং বন্ধুত্বের এবং মধুর ও মানসিক মিলন—এর প্রশ্ন সামনে এসে দাঁড়িয়েছে।

বর্তমানে পরিবর্তিত অর্থনৈতিক ও সামাজিক কাঠামোর যার সমস্ত দেওয়া নেওয়ার ক্ষেত্রে একটা অবক্ষয়ের দৃষ্টিভঙ্গি এসে পড়েছে। স্কুলের বাইরে অর্থনৈতিক আদান প্রদানের মধ্য দিয়ে শিখে নেওয়া বা জেনে নেওয়া বিষয়টি প্রকট হয়ে উঠেছে। শিক্ষাকরা পেশাকে আ হামরা শিক্ষায় এর মধ্যে অর্থের লেনা-দেনা খুব ক্ষমাদায়ক। এতে ছাত্র-শিক্ষকদের আন্তরিক সম্পর্ক বজায় থাকছে না। দেশের আর্থ-সামাজিক হেজেপেজা শিক্ষকরা এখন উচ্চ বেতনের অধিকারী হওয়া সত্ত্বেও কেন কিছু শিক্ষক অর্থের বিনিময়ে টুইশন করছেন, ফলে ক্লাসে আসেন ক্লান্তি আর অবসাদ নিয়ে পড়াশোনা অনেকটা দায়সারা গোছের। এসব শিক্ষকদের সেবার আদর্শ অবলুপ্ত, শিক্ষাদানে অনীহা, সময়মতো শিক্ষাদানে না আসা, ক্লাসে ছাত্র-ছাত্রীদের জন্য আন্তরিক এবং মনযোগী না হওয়ার ফলে একদল শিক্ষক সরকারি সুযোগ-সুবিধা আদায় করায় তৎপরতায় লিপ্ত। এর ফলে কেন কিছু স্কুল ছাত্র ঘোষের গোরস্থানে পরিণত হয়েছে।

প্রায়ের শতকরা অধিকাংশ মানুষ দারিদ্রসীমার নীচে বাস করেন। এই মানুষের ঘরে আগের ছেলে বা মেয়েরা অর্থনীন আয়ের নিত্যসাথী, সেই সব পরিবারে ছেলেমেয়েরা যাতে শিক্ষার গোরগোড়ায় পৌঁছাতে পারে তার জন্য চলছে সরকারের অক্লান্ত চেষ্টা এবং এই প্রচেষ্টা ও প্রক্রিয়া অব্যাহত থাকা সত্ত্বেও এক শ্রেণীর শিক্ষক রাজনৈতিক বাধ্যবাধকতায় সরকারের সঙ্গে সহযোগিতা করছেন না। ফলে সাধারণ মানুষ এই সব স্কুলগুলোর উপর আস্থা রাখতে পারছেন না। এই সব অনেতিক কার্যকলাপের বিরুদ্ধে সম্মিলিতভাবে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। এসব অসাধু শিক্ষকদের চিহ্নিত করতে হবে। সমাজে যাতে কোনভাবে এই সব শিক্ষক প্রতিষ্ঠা না পায় তা দেখতে হবে। সাথে সাথে শিক্ষা বাণিজ্যিকিকরণ বন্ধ করতে হবে, এবং সরকারি দৃষ্টিভঙ্গি মাথায় রেখে শিক্ষাকে করতে হবে সামাজিকিকরণ, করতে হবে পাঠক্রমের পরিবর্তন সাথে শিক্ষক ক্ষেত্রেতে হবে মাতৃভাষার বন্ধুত্বের ভূমিকা

‘নখ-দর্পণে বিশ্বদর্শন’

ডি. জি. এস

মার্কসবাদের প্রাসঙ্গিকতা'র প্রশ্নই আমার আলোচনার কেন্দ্রীয় বিষয় হয়ে উঠেছে।

'সমসাময়িক বিশ্বে মার্কসবাদের প্রাসঙ্গিকতা'র প্রশ্ন আলোচনার প্রবেশ করার পূর্বে তিনটি বিষয় সম্পর্কে কিছু ধারণা থাকা চাই।

১) সমসাময়িক বিশ্ব বলতে কোন ছবি আঁকা হবে ; কী কী বৈশিষ্ট্য তাতে বর্ণিত হবে,

২) যেহেতু মার্কসবাদে আজ আর কোন সর্বজন-স্বীকৃত কোন অভিন্ন সত্তা নেই, প্রশ্ন, তাহলে কোন সত্তা-নির্দেশিত মার্কসবাদ আলোচনার ভিত্তি হবে,

৩) তৃতীয়ত, না, প্রয়োগগত, কোন দিক দিয়ে প্রাসঙ্গিকতার প্রশ্ন আলোচিত হবে।

উপরে উল্লিখিত তিনটি প্রশ্নের আলোয় ভিত্তিতে বর্তমান লেখক এক সাম্প্রতিক প্রবন্ধে নিজ অবস্থান উপস্থাপন করেছেন। মূল প্রশ্নে, অর্থাৎ, প্রাসঙ্গিকতার প্রশ্নে লেখকের সুস্পষ্ট বক্তব্য :

১) সমাজ-ইতিহাসের ধারা অভিব্যক্তির, পুঁজিবাদী সমাজের গঠির অর্থনৈতিক নিয়ম উদ্ঘাটনে, তার সংঘাতে অধিক্ষেপ-উদ্ভূত সমস্যার প্রকৃতি বিশ্লেষণে, সমাজ বিশ্লেষণের আয়ুধ ও করণ নির্ণয়ে, সমাজতান্ত্রিক সমাজের সত্তা, স্বরূপ ও লক্ষ্য, ইত্যাদির নির্ধারণে, এবং ভবিষ্যৎ সম্ভাবনাময় সমাজের রূপরেখা অঙ্কনে মার্কসবাদের তত্ত্বগত গুরুত্ব অপরিসীম। আবার, সমাজের রূপান্তর ঘটাতে বিশেষ দেশের আর্থ-সামাজিক বিন্যাসের ভূমিকা অনুযায়ী রণনীতি ও রণকৌশল গ্রহণে তার নির্দেশের ভূমিকা অপরিসীম।

২) সমকালীন বিশ্বের জাতীয় ও আন্তর্জাতিক ঘটনাবলীর বিশ্লেষণের হাতিয়ার হিসেবে মার্কসবাদ আজও প্রাসঙ্গিক,

৩) সমাজতান্ত্রিক রাষ্ট্রে পতন বা বিপর্যয়ের জন্য মার্কসবাদের তত্ত্বগতিত 'সীমাবদ্ধতা' বা 'অক্ষমতা'-কে দায়ী করা যেতে পারে, কিন্তু তা-তে প্রকৃত সত্য উদ্ঘাটিত হবে না,

৪) মার্কসবাদের বিকৃতি, অপপ্রয়োগ, অসম্ভব, ভ্রান্ত ও অপপ্রয়োগ, যাই ঘটে থাকুক, তার অনিবার্য ফলশ্রুতি হল সমাজতন্ত্রের সার্বিক বিপর্যয়। এবং সেটাই আমাদের কোনোমতেই অভিপ্রেত।

বর্তমান প্রবন্ধে লেখকের মূল আলোচ্য সমসাময়িক বিশ্বের কমিউনিস্ট ইশতেহার, তথা সার্বিক মার্কসবাদ-এর প্রাসঙ্গিকতা নয়, ইশতেহারের মার্কসের চিন্তা-ভাবনার ইতিহাস থেকে দেখে তার, তাঁর প্রথম পর্বের (১৮৩৭-৪৩) রচনা রোমান্টিক ও হেগেলীয় ভাববাদের স্তর- পরম্পরা অতিক্রম করে মার্কসের উন্নত মুক্তিবাদ, ও শ্রেণ্য-দর্শনের সমালোচনায় উত্তীর্ণ হয়েছে। এই 'সমালোচনা'র মার্কসের পরিণত চিন্তার সর্বপ্রথম অনেক গুরুত্বপূর্ণ উপাদানের সন্ধান মেলে।

অনেকেই মার্কসের বিকাশের-পর্যায়ের ক্রমের মধ্যে ঐতিহাসিক বস্তুবাদের উপাদান অভিব্যক্ত করেছেন। এগুলি বিশ্লেষণে ধরা পড়ে এই রচনাগুলি মার্কসের তাত্ত্বিক-মূলগত আবেগের অভিব্যক্তি মাত্র।

লক্ষণীয়, ১৮৪১ সালেও মার্কস হেগেলের ভাবকল্প অবস্থানকে আঁকড়ে থেকেছেন, তখনও মানুষের 'আত্মচেতনা'র বিকাশের মাধ্যেই সমাজের ইতিহাসের গতি ও স্বরূপ খুঁজেছেন। এরপর থেকে মার্কসের বস্তুবাদী অবস্থান ধীরে ধীরে স্পষ্টতর রূপ পেতে শুরু করে। ১৮৪৩-এর মে'র পরে মার্কস জার্মানির বিদ্যমান অর্থনৈতিক পরিস্থিতিতে সাময়ে যে অনিবার্য তার স্পষ্ট ইঙ্গিত দিলেন।

১৮৪৪ সালের 'প্যারি পাণ্ডুলিপি' প্রকাশিত হয়। এর প্রথম অধ্যায়ে মার্কস শ্রমের বিশ্লিকতার ভিত্তিতে শ্রমের বর্জন দেন। দ্বিতীয় অধ্যায়ে এই সমস্যার সমাধান রূপে তিনি কমিউনিজমকে তুলে ধরেন। তাঁর মতে, কমিউনিজম হচ্ছে সম্পত্তির ব্যক্তি-মালিকানা, এবং মানুষের আত্মবাহ্যত অবস্থার নিশ্চিত অবসান। কমিউনিজম-ই হচ্ছে মানুষের স্বরূপের পুনঃপ্রতিষ্ঠা। তৃতীয় অধ্যায় মার্কস হেগেলের দ্বন্দ্বতত্ত্বের ভাববাদী দৃষ্টি কোণের সমালোচনা করেন।

তখনও কিন্তু মার্কস নিজেকে একজন কমিউনিস্ট বস্তুবাদী হিসেবে উপস্থিত করতে পারেননি।

'হোলি ফ্যামিলি'-তে (১৮৪৪-৪৫) মার্কস ব্যক্তিগত সম্পত্তি, এবং শ্রমিক শ্রেণীর মধ্যে সম্পর্কের প্রশ্নের উপর আলোকপাত করেন। তাঁর মতে, পুঁজিবাদী সমাজে সম্পত্তিবান শ্রেণী এবং শ্রমিকশ্রেণী, উভয়েই বিচ্ছিন্নতার শিকার। কিন্তু যেখানে পূর্বোক্ত শ্রেণী এই বিচ্ছিন্নতার মধ্যে স্বচ্ছন্দ ও সুপ্রতিষ্ঠিত বোধ করে, সেখানে শেষোক্ত শ্রেণী তার মধ্যে নিজেকে নিঃস্ব ও নিষ্পেষিত ভেবে।

ঐতিহাসিক বস্তুবাদী দৃষ্টিকোণীর কিছু কিছু উপাদান এই গ্রন্থেই প্রথম দেখা গেল। ১৮৪৫-এর গোড়ার দিকে মার্কস তাঁর কয়েকখণ্ড-ব্যক্তি মুক্তির কটিপাথরে যাচাই করে নিলেন। এরই ফলশ্রুতি, তাঁর, 'Eleven Theses on Feuerbach' রচনাটি।

প্রথম 'থিসিসে' ফয়েরবাখের বস্তুবাদ সম্পর্কে মার্কসের সমালোচনার সারবত্ত। দ্বিতীয় 'থিসিস' হচ্ছে তত্ত্ব ও প্রয়োগের ঐক্য সম্পর্কে মার্কসের অবস্থান। তৃতীয় 'থিসিস' হচ্ছে কারণী বস্তুবাদীদের সীমাবদ্ধতা সম্পর্কিত।

'জার্মান ইডিওলজি'-তে (১৮৪৬) মার্কসের ভাবনে 'এতকালের সমস্ত ঐতিহ্যের সঙ্গে সব হিসেব মিটিয়ে ফেলার প্রচেষ্টা সুস্পষ্ট। বাস্তবিক ও ঐতিহাসিক বস্তুবাদের মূল নীতিসমূহের সংজ্ঞায়নের এক নতুন স্তর বলে একে চিহ্নিত করা যায়।

'পভার্টি অব ফিলসফি' (১৮৪৭) হচ্ছে অর্থনীতি বিষয়ে মার্কস প্রথম বিস্তৃত উপস্থাপনা। অর্থনৈতিক প্রত্যয়সমূহ সামাজিক উৎপাদন সম্পর্কের ভাবগত প্রকাশ মাত্র, এই উপলব্ধির অবতরণ জন্য মার্কস প্রধোঁর সমালোচনা করেছেন।

'পভার্টি অব ফিলসফি'-কে মার্কস তাঁর পরিণত চিন্তার ফসল রূপে দেখেছেন।

'কমিউনিস্ট ইশতেহার' (১৮৪৮)-এর সঙ্গে একে যেন 'ক্যাপিটাল'-এর ভূমিকা হিসেবে সুপারিশ করেছেন। লেনিনের মতে, 'পভার্টি অব ফিলসফি' হচ্ছে পরিণত মার্কসবাদের প্রথম রচনা।

মার্কস-এঙ্গেলস রচিত, ১৮৪৮-এর ফেব্রুয়ারিতে প্রকাশিত 'কমিউনিস্ট পার্টির ম্যানিফেস্টো' হচ্ছে বৈজ্ঞানিক সমাজতন্ত্রের প্রথম কর্মসূচী সংক্রান্ত দলিল। এই দলিল মার্কসবাদের চিন্তার এক অনবদ্য স্বাক্ষর রূপে সারা বিশ্বে সমাদৃত।

তার অধ্যায় বিশিষ্ট এই রচনার প্রথম অধ্যায় রয়েছে ; এক উৎপাদন ব্যবস্থা দ্বারা অপর উৎপাদন ব্যবস্থার অনিবার্য, নিয়ম-নিয়ন্ত্রিত প্রতিস্থাপন, এর আলোচনা। 'আদিম সাম্যবাদী ব্যবস্থা' দ্বারা আজ পর্যন্ত সকল বিদ্যমান সমাজের ইতিহাস হচ্ছে শ্রেণী সংগ্রামের ইতিহাস, এই ঘোষণা থেকে মার্কস-এঙ্গেলসের সিদ্ধান্ত পুঁজিতন্ত্রের পতন এবং এক নতুন সমাজ-ব্যবস্থা সাম্যবাদের আবির্ভাব, দুই-ই অনিবার্য।

এই অধ্যায়েই পুরনো সমাজের বৈপ্লবিক রূপান্তরের, এবং নতুন সমাজের রূপকার, সর্বহারা শ্রমজীবীদের ঘর্মের প্রবক্তা, শ্রমিক শ্রেণীর ঐতিহাসিক ভূমিকার বর্ণনা রয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে প্রলিতশ্রেণীর অগ্রণী বাহিনী রূপে কমিউনিস্ট পার্টির ঐতিহাসিক ভূমিকার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কমিউনিস্টদের আশু লক্ষ্য রূপে বর্ণিত হয়েছে : সর্বহারাদের একটি শ্রেণীতে সংগঠিত করা, বুর্জোয়া শ্রেণীকে উচ্ছেদ করা, শ্রমিকশ্রেণী কর্তৃক রাজনৈতিক ক্ষমতা দখল করা। 'শ্রমিকশ্রেণী একসাথে' বাক্যটি উল্লেখ করা ; পরিবার, সম্পদ ও মাতৃভূমির সঙ্গে কমিউনিস্টদের সম্পর্কের প্রকৃতি ব্যাখ্যা; এবং ক্ষমতায় আসার পরে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ব্যবস্থাসমূহের তালিকা তৈরি, ইত্যাদি প্রসঙ্গ এই অধ্যায়ে রয়েছে।

তৃতীয় অধ্যায়ে মার্কস-এঙ্গেলস সমাজতন্ত্রে পরাজয়ের আক্রমণে ক্ষয়ে যাওয়া বুর্জোয়া ও পাতি-বুর্জোয়া প্রকল্পসমূহের গভীর তীব্র সমালোচনা করেন ; এর ইউটোপীয় সমাজতন্ত্র ও কমিউনিজম, এই দুটি সমাজব্যবস্থা সম্পর্কে তাঁদের মনোভাব ও অবস্থান স্পষ্টভাবে ব্যক্ত করেন।

চতুর্থ অধ্যায়ে মার্কস-এঙ্গেলস বিভিন্ন বিরোধী পার্টি সম্পর্কে কমিউনিস্টদের অবস্থানের রূপরেখা তুলে ধরেন। 'শ্রমজীবী মানুষ এক হও', এই আহ্বান বাণী উচ্চারণসহ ইশতেহারের সমাপ্তি ঘটে।

বৈজ্ঞানিক সমাজবাদ-এর প্রথম কর্মসূচী সংক্রান্ত দলিল, এই ইশতেহারের মার্কসবাদের দার্শনিক মতবাদ অন্তর্ভুক্ত হয়েছে—ঐতিহাসিক বাস্তবের বস্তুবাদী বর্ণনা

ইশতেহারের অসামান্য ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে লেনিনের উক্তি :

'This little booklet is worth whole volumes ; to this day its spirit inspires and guides the entire organised and fighting proletariat of the civilised world.'

শিরোনাম প্রসঙ্গ ঃ

প্রথিবেত্রহীন তখন আন্তর্জাতিক সংগঠন, কমিউনিস্ট লীগ-এর কর্মসূচী হিসেবে ১৮৪৮-এর ফেব্রুয়ারিতে লন্ডন থেকে মার্কস-এঙ্গেলস রচিত, 'Manifesto of the Communist Party' প্রকাশিত হয়। প্রশ্ন উঠতে পারে, এই অসামান্য রচনা কেন নিছক 'ম্যানিফেস্টো' বলে চিহ্নিত হল। অভিধানিক অর্থে 'ম্যানিফেস্টো' হচ্ছে 'মতামত', উদ্দেশ্য ও কর্মসূচী সম্বন্ধে একাল্ত লিখিত ঘোষণা। এ অর্থে রচনাটি অবশ্যই 'ইশতেহার' রূপে উত্তীর্ণ হতে পারে। সতেরোটি পৃষ্ঠার ক্ষুদ্র পরিসরে এই পুস্তিকায় কমিউনিস্ট পার্টির মতামত, উদ্দেশ্য, কর্মসূচী, সব কিছুই অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু এই পুস্তিকাটি কি নিছক এক ইশতেহার, না, আরও কিছু। উদ্দেশ্য, মতামত, কর্মসূচী, ইত্যাদির যেমন স্থায়ীন অস্তিত্ব থাকা সম্ভব নয়, তেমনিই উদ্দেশ্য ও সিদ্ধিই এদের আশ্রয় দেয়, সার্থক করে। বর্ণনাই যাবতীয় বর্ণিত ও পর্যবেক্ষণিকার ভূমিকা পালন করে উদ্দেশ্যকে। কর্মসূচীকে ফলপ্রসূ করে থাকে।

পূর্বত্র, পরিণত মার্কসবাদের ঘনীভূত অভিব্যক্তি (Concentrated expression) এই পুস্তিকার ক্ষেত্রেও একথা সমান প্রযোজ্য।

এ কারণেই পুস্তিকার প্রথম থেকে চতুর্থ, প্রতিটি অধ্যায়ে অন্তর্ভুক্ত গুরুত্বপূর্ণ তত্ত্ব ও প্রসঙ্গের সবিস্তারে বাস্তবিক তত্ত্ব ও তথ্যের উদ্ধারিত হয়েছে। কয়েকটি উদাহরণ দেওয়া যেতে পারে।

The history of all hethirto existing society is the history of class struggles [P32]

What the bourgeoisie produces, above all, are its own gravediggers. [P49]

Capital is....not a personal, it is a social power. [P61]

In bourgeois society....., the past dominates the present in Communist society, the present dominates the past. [P62]

The ruling ideas of each age have ever been the ideas of a ruling class [P67]

Political power, properly so called, is merely the organised power of one power for oppressing another. [P61]

The Communists fight for the attainment of the immediate aims, for the enforcement of the momentary interests of the working class, but in the movement of the present, they also represent and take care of the furture. [P78]

সামান্য বিশ্লেষণেই বোঝা যাবে, এই পুস্তিকায় কমিউনিস্ট পার্টির যে মতামত, উদ্দেশ্য ও কর্মসূচী অন্তর্ভুক্ত হয়েছে তার বিধি হচ্ছে ঐতিহাসিক বাস্তিক বস্তুবাদী দর্শন। 'ম্যানিফেস্টো', রচনাটির সঙ্কীর্ণ পরিধির মধ্যে দর্শনকে যেন ফুল ফোটানো যায়নি। ফলে, মার্কস-এঙ্গেলসের এই অসামান্য রচনার বিশ্লেষণের বস্তুনিষ্ঠতা সম্পূর্ণতা সম্পর্কে প্রশ্ন জেগেছে।

মার্কসবাদ যদি 'বিশ্ব-দর্শন' রূপে আখ্যায়িত হয়ে তাহলে এই বিশ্ব দর্শনের 'নব-দর্শন' রূপে আত্মপ্রকাশ পত্র হবে এই ক্ষুদ্র পুস্তিকাটি। মার্কসবাদের মৌল প্রত্যয়গুলি সহ, তার সারাংশে এই নব-দর্শনে প্রতিষ্ঠিবিত, তবু ইশতেহার হিসেবে পারা বিশ্বে এই পুস্তিকা যা, 'Bible of the working-class', 'Song of songs', 'A stream of molten gold', ইত্যাদি নানা অভিধায় অভিহিত, সমৃদ্ধ হয়ে তি। তাই বলতে দ্বিধা নেই, মার্কস-এঙ্গেলসের এই অসামান্য রচনার আত্মপরিচয় বিশ্লেষণের আড়ালে অসম্পূর্ণ থেকে গেছে।

আই, গ্রোসত সম্পাদিত, Dictionary of Philosophy-এর কথায়, 'The Programmatic Document Scientific Communism' কি যেন গ্রন্থবোধ নয়।

বিন্যাস প্রসঙ্গ ঃ

কমিউনিস্ট ইশতেহারে বুর্জোয়া-সর্বহারা দ্বন্দ্বের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করতে গিয়ে বলা হয়েছে ঃ

● উৎপাদন-যন্ত্র, এবং ফলতঃ, উৎপাদন-সম্পর্ক, এবং তৎসহ সমাজের সমগ্র সম্পর্ক, ইত্যাদির অবিরাম বৈপ্লবিক পরিবর্তন না ঘটিয়ে বুর্জোয়ারা টিকে থাকতে পারে না। [P36]

● নিত্য পণ্যের জন্য অবিরাম সম্প্রসারণ বাজারের প্রয়োজন বুর্জোয়াদের সারা বিশ্বে ছোঁক ধরিয়ে বেড়ায়। ইশতেহারের ভাষায়, 'it must nestle everywhere, settle everywhere, establish connections everywhere.'

● বিশ্ববাজার শোষণের মধ্য দিয়ে বুর্জোয়ারা প্রতিটি দেশে উৎপাদন ও ভোগ-কে এক বিশ্বজনীন চরিত্র দান করেছে।....নিজের পা-এর তলা থেকে এরা জাতীয় জমি (national ground) সরিয়ে নিয়েছে.....। সকল পুরনো প্রতিষ্ঠিত শিল্পগুলি ধ্বংসপ্রাপ্ত হয়েছে, অথবা, প্রতিদিন ধ্বংস করা হচ্ছে। তারা বিতাড়িত হয় সমস্ত নতুন শিল্প দ্বারা, যার প্রবর্তন সকল সভ্য জাতির পক্ষেই জীবন-মরণ প্রশ্ন; যা আর দেশজ কাঁচামাল ব্যবহার করে না, সুদূরতম অঞ্চল থেকে আনা কাঁচামাল ব্যবহার করে ; যার উৎপাদিত সামগ্রী কেবল স্বদেশে নয়, বিশ্বের সব এলাকায় ভোগ করা হয়। স্বদেশের উৎপাদিত দ্রব্য দ্বারা চাহিদা পূরণে অভ্যস্ত লোক দেখা দেয় নতুন সব চাহিদা যার পূরণের জন্য চাই দূর স্থান ও দেশের উৎপাদিত সামগ্রী।

পুরনো স্থানীয় ও জাতীয় বিলগ্নতা ও স্বনির্ভরতার জায়গায় দেখা যায়, 'intercourse in every direction, universal inter-dependence of nations'। যেমন বৈষয়িক, তেমনি বৌদ্ধিক উৎপাদনের ক্ষেত্রে একথা সত্য।

ফলতঃ জাতির বুদ্ধিগত সৃষ্টি সাধারণের সম্পত্তি (Common property) হয়ে দাঁড়ায়। অসংখ্য জাতীয় একপেশেমিয়া এবং সঙ্কীর্ণ ভিন্নতা [P37] ক্রমশ অধিকতর অসম্ভব হয়ে ওঠে। অসংখ্য জাতীয় ও স্থানীয় সাহিত্য থেকে এক বিশ্বসাহিত্যের উদ্ভব হয়।

● বুর্জোয়ারা উৎপাদন-যন্ত্রের দ্রুত উন্নতি দ্বারা, যোগাযোগ উপায়ের প্রভূত সুযোগ-সুবিধা সৃষ্টির দ্বারা সকল, এমনকি সবচেয়ে বর্বর, জাতিকে সভ্যতার মধ্যে টানে।

লোপ পেতে বাধ্য, এই তত্ত্ব থেকেই বুর্জোয়ারা সকল জাতিকে বুর্জোয়া উৎপাদন-ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য করে, অর্থাৎ বুর্জোয়া হতে বাধ্য করে। ইশতেহারের অবলুপ্তকরীয় ভাষায়,

'it compels all nations, on pain of extinction, to adopt the bourgeois mode of production it compels them to introduce what it calls civilisation into their midst, i.e., to become bourgeois themselves. In other words, it creates a world after its own image.' [P38]

রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিন্যাসের এক সংক্ষিপ্ত, আশ্চর্যজনক, অনবদ্য বর্ণনা পাওয়া গেল ১৮৪৮-এর ইশতেহার থেকে।

প্রসঙ্গত, দেড়শত বছরের ব্যবধানে, আজকের আধুনিক জগতে বিন্যাসের অন্তর কতটি তুলে ধরা যেতে পারে। বর্তমান বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ মার্কসবাদী, অর্থনীতিবিদ, পল সুইজির ভাষায়,

'.....We have the unprecedented situation of a globally interconnected society under the direct or indirect dominance of capital with its head quarters in the economic and financial centres of a handful of imperialist powers, among which the United States occupies the position of first among equals.'

সুইজির এই সংক্ষিপ্ত বর্ণনায় বিন্যাসের রাজনৈতিক-অর্থনৈতিক দিকের সুস্পষ্ট উল্লেখ থাকলেও সাংস্কৃতিক দিক সম্পূর্ণ উপেক্ষিত। এদিক থেকে ইশতেহার কিছু অধিকতর বিন্যাস ও অন্য কিছু তুলে ধরতে পেরেছে।

কালের অপেক্ষা রাখে না, ইশতেহারে এই বর্ণনা সমসাময়িক বিশ্বের কঠোর বাস্তবতার এক পূর্ণাঙ্গ মাত্র নয়, তার বিশ্বয় জাগানো এক স্থায়ী বিন্যাসও বটে। এর ইঙ্গিত নিহীন সৃষ্টিতেই একাল্ত সম্ভব।

পণ্যের রহস্যময়তা (Commodity fetishism) প্রসঙ্গ ঃ

পারস্পরিক বিনিময়ের ফলে বিভিন্ন পণ্যের মধ্যে যে মূল্য-সম্পর্ক প্রতিষ্ঠিত হয় তা আসলে পণ্য-উৎপাদকদের সামাজিক সম্পর্কের অভিব্যক্তিমাত্র। অথচ, আপাতদৃষ্টে কথা, পুঁজিবাদী সমাজে এই ধারণের

ব্যবস্থাটা (অর্থাৎ, মূল্য-সম্পর্ক) সত্য হিসেবে টেকে থাকার, এবং সত্য আড়ালেই থেকে যায়।

পণ্য-অর্থব্যবস্থার এই বিকৃত বিষয়কে মার্কস পণ্যের অতৌকিক বা রহস্যজনকতা রূপে চিহ্নিত করেছেন।

পণ্য-উৎপাদনী রূপ সমাজের শ্রেণী চরিত্রকে প্রকাশ না করে আড়াল করে রাখে। এ আমাদের মধ্যে একটা মিথ্যা ধারণা সৃষ্টি করে যে ধনতান্ত্রিক সমাজ হচ্ছে শ্রেণীহীন সমাজ, যেখানে সকল উৎপাদক সমান ও স্বাধীন। কিন্তু, একটু বিশ্লেষণেই ধরা পড়ে যে ধনতান্ত্রিক সমাজ সৃষ্টি পরস্পর বিরোধী শ্রেণীতে বিভক্ত—পুঁজি-মালিক এবং শ্রমিক। শ্রমিক-মালিক সম্পর্কই এই সমাজের মূল ঘটনা, এবং অন্যান্য ঘটনা এই মূল ঘটনাকে কেন্দ্র করেই অগ্রসর হয়। [Capital Vol. I]

'পণ্যের অতৌকিকতা'র পণ্যের প্রতি যে অন্ধ ভক্তি, তার সম্পূর্ণ বিপরীত ও বিকৃত প্রতিক্রিয়া দেখা যায়, 'ম্যানিফেস্টো'-এবং 'ইশতেহার', উভয় রচনাতেই মেশিন ও যন্ত্রের বিরুদ্ধে শ্রমিকদের বিক্ষোভের মধ্যে প্রকাশ পায় এই অন্ধ ক্রোধ।

পুঁজির জন্ম থেকেই পুঁজিপতি এবং শ্রমিকদের মধ্যে প্রতিযোগিতা শুরু।

কিন্তু যন্ত্র প্রবর্তনের পর থেকেই পুঁজির মূর্তরূপ, 'শ্রমের যন্ত্র' (Instrument of labour)-এর বিরুদ্ধেই শ্রমিক লড়াই করছে। মার্কসের কথায়, 'He revolts against this particular form of the means of production, as being the material basis of the capitalist mode of production'. [Ibid]

অনুরূপ বক্তব্যই রয়েছে ইশতেহারে। They (the Proletarian) direct their attacks not against the bourgeois conditions of production, but against the instruments of production themselves ; they destory imported wares that competes with their labour, the smash to pieces machinery, they set factories abbaze....[P45]

সমাজ বিপ্লব প্রসঙ্গে :

সমাজ-বিপ্লবের কারণ নির্দেশ করতে গিয়ে মার্কস বলেছেন :

At a certain stage of the development, the material forces of production in society come in conflict with the existing relations of production.....From forms of development of the forces of production these relations turn into their fetters. Then comes the period of social revolution.

[Preface to the Critique of Political Economy]

এর অনুরূপ উপস্থাপনাই আমরা পাই কমিউনিস্ট ইশতেহারে।

At a certain stage in the development of these means of production and of exchang, the conditions under which fudal society produced and exchanged, the fudal organisation of agriculture and manufacturing industry, in one word, the fudal relations of property became no longer compatible with the already developed productive forces they became fetters. They had to be burst asunder ; they were burst asunder. [P39]

আধুনিক বুর্জোয়া সমাজ সম্পর্কেও কাছাকাছি একই সঙ্গে উপস্থিত করা হয়েছে।

For many a decade past the history of industry and commerce is but the history of the revolt of modern productive forces against modern conditions of production, against the property relations that are the conditions for the existance of the bourgeoise and of its rule [pp39-40]

'পোটা মানুষ' প্রসঙ্গে :

মার্কস তিন তাঁর সারা জীবনে নানা পরিবর্তনের মধ্য দিয়ে বিকশিত হয়েছে। কিন্তু যা নিয়ে তিনি শুরু করেছিলেন তা শেষ পর্যন্ত অক্ষুণ্ণ ছিল—সম্পূর্ণ, খোটা মানুষ গড়ার স্বপ্ন।

শ্রম-বিভাগ, যান্ত্রীকরণ, শোষণ, এবং অধিকারের মাধ্যমে মানুষের খণ্ড-বিখণ্ডীকরণ (fragmentation) হচ্ছে পুঁজিবাদী সমাজের বাস্তবতা।

এই পরিপ্রেক্ষিতে মানুষের সম্পূর্ণ হয়ে ওঠা, সর্বাঙ্গিক বিকাশের থেকে মুক্তি লাভ—এর পথ সন্ধান ছিল মার্কসের কর্মময় জীবনের একমাত্র লক্ষ্য। নিরলস প্রচেষ্টায় পথ-সন্ধানে দ্বিতীয় পর্যায়ে অবশ্যের প্রকৃত পথ আবিষ্কার করলেন, কমিউনিজম-এর পথ।

যেহেতু এই সাম্যবাদী সমাজ হবে 'বিমূর্ততা' মুক্ত, তাই এখানে মানুষে-মানুষে, মানুষে-প্রকৃতি, ব্যক্তি-সমাজে, (শ্রমের) বস্তুরূপগুলি এবং স্ব-প্রকাশ, স্বাধীনতা এবং প্রয়োজন, অস্তিত্ব এবং সারসত্তা, ইত্যাদি বিভিন্ন দ্বান্দ্বিক বিরোধের অবসান ঘটবে মার্কসের অনবদ্য ভাষায়,

"It is the genuine solution of the antagonism between man and nature and between man and man. It is the true solution of the struggle between existence and essence, between objectification and self-affirmation, between freedom and necessity, between individual and species." [1844 Manuscripts]

কমিউনিস্ট সমাজের যে চিত্রায়ন ইশতেহারে রয়েছে তার প্রতি সঙ্গত অবলোকে একটু দৃষ্টি দেওয়া যেতে পারে।

When, in the course of development class distinctions have disappeared, and all production has been concentrated in the hands of a vast association of the whole nation, the public power will lose its political character. political power, [p50] properly so called, is merely the organised power of one class for oppressing another.

In place of the old bourgeois society, with its classes and class antagonisms, we shall have an association, in which the free development of each is the condition of the free development of all. [p50-1]

মার্কসের সুদীর্ঘ গবেষণা-জীবনকে তিনটি সুস্পষ্ট পর্বে ভাগ করা যেতে পারে। ১৮৩৭ থেকে ১৮৪৬ প্রথম পর্ব ; ১৮৪৭-৪৮ দ্বিতীয় পর্ব ; এবং ১৮৪৯ থেকে ১৮৮২ হল তৃতীয় বা শেষ পর্ব।

প্রথম পর্বের অর্ধমার্গে মার্কসের রচনায় রোমান্টিক ও হেগেলীয় ভাববাদের প্রভাব স্পষ্ট। দ্বিতীয়ার্ধের রচনায় মার্কসের বস্তুবাদী অবস্থান ক্রমশ স্পষ্টতর রূপ লাভ করে। হেগেলের ভাববাদী দৃষ্টিকোণ কঠোরভাবে সমালোচিত হয়।

'হোলি ফ্যামিলি'-তেই প্রথম ঐতিহাসিক বস্তুবাদী দৃষ্টিভঙ্গীর কিছু কিছু উপাদান পাওয়া গেল।

জার্মান ইডিওলজি (১৮৪৬)-তে দার্শনিক ও ঐতিহাসিক বস্তুবাদের মূল নীতিসমূহের সন্নিবেশ দেখা যায়।

দ্বিতীয় পর্বের প্রথম রচনা, 'পভার্টি অফ ফিলসফি' (১৮৪৭) হচ্ছে 'পরিণত মার্কসবাদের প্রথম রচনা'। দ্বিতীয় রচনা, 'কমিউনিস্ট ম্যানিফেস্টো' (১৮৪৮) হচ্ছে সম্পূর্ণ, পরিণত, সমৃদ্ধ মতবাদের এক অসামান্য দৃষ্টান্ত, এক আদর্শ রূপ।

প্রথম পর্বের অসম্পূর্ণ, অপরিণত অবস্থা থেকে মার্কসবাদের তৃতীয় বা চূড়ান্ত পর্বের সুসম্পূর্ণ, সুসমন্বিত, পরিণত অবস্থায় উত্তরণের পর্ব হল দ্বিতীয়, ইশতেহার পর্ব। এই দিক থেকে ইশতেহার হচ্ছে দুই পর্বের মধ্যে গুরুত্বপূর্ণ সেতুবন্ধ রচনা। রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, দার্শনিকত্ব, তত্ত্বগত বা প্রয়োগগত, যেসব গুরুত্বপূর্ণ প্রশ্ন ইশতেহারের সুদীর্ঘ পরিসরে উত্থাপিত-আলোচিত হয়েছে তার-ই বিকশিত, সংস্কারিত, রূপ হল সমৃদ্ধ, পরিণত সময় মার্কসবাদ। অন্য কথায়, মার্কসবাদকে যদি বিশ্বদর্শন রূপে আখ্যায়িত করা হয় তাহলে কমিউনিস্ট ইশতেহারের অবস্থানই তার 'মধ্য-দর্শন' রূপে অনুভূত হবে। এখানেই ইশতেহারের অনন্যতা।

বাংলা বইয়ের ভূমিকা

বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়

ভূমিকা বলতে আমরা বুঝি গ্রন্থের বিষয়বস্তুর সূচনা। বিশেষ করে নিবন্ধ সাহিত্য অথবা গবেষণামূলক গ্রন্থে প্রকৃত বিষয় বস্তুর পূর্বাভাস বা পূর্ব সূচনা পাঠকের কাছে উল্লেখ করা হয়। অনেকে যে বিষয়ে গ্রন্থ লেখেন, সেই বিষয়ের একজন গবেষকের লেখা ভূমিকা বাদে প্রথমে প্রকাশ করেন। এই লেখা মুখবন্ধ নামেও পরিচিত। বাংলা সাহিত্যের বিভিন্ন ধারা নিয়ে কাজ হয়েছে। কিন্তু ভূমিকা সাহিত্য নিয়ে ব্যাপকভাবে কাজ হয়েছে বলে আমার জানা নেই। ভূমিকা সাহিত্য নিয়ে কাজ শুরু করার আগে প্রয়োজন তালিকা প্রণয়ন করা।

নির্বাচিত ভূমিকা সাহিত্যের পঞ্জী

বাংলা গ্রন্থের পূর্ণাঙ্গ গ্রন্থপঞ্জীর অভাব আজও বিদ্যমান। কোন বিষয়ে জানার জন্য যার সময়ে তথ্য সংগ্রহ করতে গ্রন্থপঞ্জীর প্রয়োজন হয়। কিন্তু সর্বত্র এক একটি নির্বাচিত বিষয়ের বইয়ের খোঁজ পাওয়া যায় না। অধিকাংশে গ্রন্থাগারে এক একটি বিষয়ের বাংলা বইয়ের তালিকা সহজলভ্য নয়। তথ্যপঞ্জীর সাহায্যে জ্ঞান ভাণ্ডারের তথ্য-তত্ত্বের খনিজের পাওয়া যায়। নির্বাচিত বিষয়ের তথ্য পঞ্জীর জন্য অনুসন্ধানী ও নিষ্ঠাবান গবেষক শুরুর দিয়ে থাকেন। কিন্তু যাঁরা শুধু গল্প, উপন্যাস, কবিতা প্রভৃতি পত্র-পত্রিকায় পাঠ করেন, কিংবা গ্রন্থাগারে ওই সব বইয়ের খোঁজ করেন, তাঁদের অনেকে হয়তো নির্বাচিত ভূমিকা সাহিত্যের পঞ্জীর গুরুত্ব দেখেন না। কিন্তু তথ্যপঞ্জী প্রতিটি গ্রন্থাগার, ব্যক্তিগত সংগ্রহে এবং কলেজ-বিশ্ববিদ্যালয়ে রাখার মতো বিষয়।

নির্বাচিত ভূমিকা সাহিত্যের পঞ্জী তৈরি করার কাজের জন্য আমার মনে হয়েছিল, গ্রন্থাগার কর্মীদের এগিয়ে আসা প্রয়োজন। কেন না, গ্রন্থাগারে কর্মীদের হাতের কাছে বই থাকায় তাঁরা সহজে কাজটি করতে পারেন। কিন্তু যে কোন গবেষকের পক্ষে এই কাজ হবে দীর্ঘদিনের। তা ছাড়া গ্রন্থাগার কর্মীদের প্রধান কাজ পাঠকের হাতে দ্রুত গ্রন্থ পৌঁছিয়ে দেওয়া। প্রয়োজনীয় তথ্য এবং বইয়ের সন্ধান জানানো গ্রন্থাগার কর্মীদের কাজ। বিভিন্ন সময়ে কয়েকটি গ্রন্থাগারে কর্মসূত্রে অতিবাহিত করেছিলাম। এই কথা মনে করে শুরু করেছিলাম নির্বাচিত ভূমিকা সাহিত্যের পঞ্জীর কাজ।

আমরা দেখেছি, কয়েকজন স্বনামধন্য গবেষক জীবনীগ্রন্থে লেখকের বিভিন্ন লেখা তালিকাভুক্ত করেছেন। কিন্তু তাঁদের অনেকে অন্যের গ্রন্থেও ভূমিকা লিখে দিয়েছেন। সেই সব ভূমিকার তথ্য অনেক জীবনী লেখক বাদ দিয়ে গেছেন। গ্রন্থের ভূমিকা একটি গুরুত্বপূর্ণ লেখা। এই কারণে অনেকে অন্যজনের লেখা মুখবন্ধ দিয়ে গ্রন্থের সূচনা করেন। কিন্তু জীবনী লেখকরা সেই লেখাগুলিকে মনে হয় তেমন গুরুত্ব দিয়ে দেখেননি।

বর্তমান চলচ্চিত্র প্রচারের এবং জনসাধারণের মধ্যে আনন্দদানের বিভিন্ন মাধ্যমের মধ্যে একটি বিশেষ উল্লেখযোগ্য শিল্প। তাই গোড়া থেকে এই শিল্পের সঙ্গে জড়িত নট-নটী নিয়ে উল্লেখযোগ্য কাজ আজও তেমন হয়নি। দীর্ঘদিন ধরে যে শিল্পের সঙ্গে অগণিত নট-নটী জড়িত। তাঁদের সকলের জীবন কাহিনী লিপিবদ্ধ করা একক ভাবে সম্ভব নয়। তবু ব্যক্তিগতভাবে একজন অনেকদিন আগে শুরু করেছিলেন। তাঁর নাম। সুবীর বসু। গ্রন্থের নাম। 'আলোর নট-নটী', ১৩৪০ বঙ্গাব্দে কলিকাতা থেকে প্রকাশিত হয়েছিল। লেখক অনেক তথ্য সংগ্রহ করেছিলেন। ভূমিকা লিখেছিলেন : প্রভাবতী দেবী। ভূমিকায় প্রভাবতী দেবী সরস্বতী লিখেছিলেন : '.....সংসারের দ্বন্দ্বে ক্ষত-বিক্ষত মানুষ অন্তত খানিকক্ষণের জন্যও বিশ্রাম চায়, আনন্দ পাইতে চায়, এক ঘেয়ে জীবন-প্রণালীর জন্য এতটুকু বৈচিত্র্য আনিতে চায়। তাহাদের কর্মক্লান্ত জীবনে যাঁহারা এতটুকু আনন্দ উৎসাহ আনিয়া দিতে পারিয়াছেন তাঁহারা সত্যই অভিনন্দনের বা অবজ্ঞার পাত্র-পাত্রী নহেন। তাঁদের সম্বন্ধে অনেক কিছু জানার বাসনা লোকের থাকে এবং আজও,—সেই জন্যই পৃথিবীর সকল সুসভ্য দেশ তাঁহাদের উপরে স্থান দেয়—তাঁহাদের পক্ষিচয় সযত্নে সংগৃহীত করে।...'

ঋত্বিকচন্দ্র মজুমদারের লেখা। 'দেবী চৌধুরাণী' ১৮৮৪ সালে প্রথম প্রকাশিত হয়েছিল। ১৩৫৬ সালে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদনায় উক্ত গ্রন্থ আবার প্রকাশিত হয়। এই সংস্করণে ভূমিকা লেখেন আচার্য যদুনাথ সরকার। তিনি ঐতিহাসিকের চোখে ঐতিহাসিক উপন্যাসের বিচার করেন।

আচার্য যদুনাথ সরকার লিখেছেন : 'দেবী চৌধুরাণী প্রকাশের সময় বঙ্কিমচন্দ্র নিজেই আমাদের জানাইয়াছেন। 'ঐতিহাসিক উপন্যাস লেখা আমার উদ্দেশ্য ছিল না, সুতরাং ঐতিহাসিকতার ভান করি

নাই।—'

'—দেবী চৌধুরানী গ্রন্থের সঙ্গে ঐতিহাসিক দেবী চৌধুরানীর সম্বন্ধ অল্প আছে। দেবী চৌধুরানী, তাহাকে পাঠক, তাহাদের সহিত, সেণ্ট্রেলাস ব্রেনান্, এই সমস্তগুলি ঐতিহাসিক।—'

আচার্য যদুনাথ সরকারে আরও লিখেছেন : 'এ কথা সত্য। নাম ও তারিখ বদলিয়া দেখিলে দেখা এই উপন্যাসে ঐতিহাসিকতা মানিয়া চলা হয় নাই। প্রকৃত ঘটনাটি পাঠক একজন ভোজপুরী অর্থাৎ আরা জেলার বিহারী মুসলমান। তাহার সহযোগে এবং তাহারই বন্ধু ডাকাতের সর্দার মজনু সাহ, শ্রেণীভুক্ত অর্থাৎ বর্তমান আরেরাজ জেলার লোক ; আদালতে তাহার জন্ম হয় না, এবং মৃত্যুর পর তাহার দেহ আদালত হইতে সেই সুদূর দেওঘরে কবর দিবার জন্য পাঠান হয়, আদালতে হেয় জমিতে নহে। তাহাদের অনুচরগণ রাজপুত, কেহই বাঙালী নহে—"Not a Bengali rabble, but a number of well-armed Rajputs" (১৭৭৬ এবং ১৭৮৭ সনের সরকারী রিপোর্ট)। তাহাতে পাঠক ১৭৮৭ সনের জুলাই মাসে ইংরেজ সিপাইদের সঙ্গে যুদ্ধে মারা যায়, ঘ ইহাদের ধরা দিয়া দ্বীপান্তরে যাইবার পর নহে, (আর, তখন ফাঁসীমানে কয়েদী পাঠান প্রথা আরম্ভ হয় না)। ফলতঃ ওয়ারেন হেস্টিংসে পলত্যাগ করিবার কয়েক বৎসর পরে এই সব ডাকাতদের দমন হয় এবং 'দেবী'ও অদৃশ্য হন। দেবী চৌধুরানী নিজ দল ভাঙ্গিবার কয়েক বৎসর আগে গুরুপ্রাপ্ত ব্রহ্মপুর ছাড়েন।

কিন্তু যে রিপোর্টের সামনে এই গ্রন্থের ঘটনাবলী অভিনীত হইয়াছে, অর্থাৎ ইহার সামাজিক আবহাওয়া, একেবারে সত্য। খাঁটি রঙ্গপুরীরাও ডাকাতি করিত। চলনবিলের ধারে একটি গ্রামের এক বিস্তৃত বংশের ব্রাহ্মণ-বাবুদের পুরুষেরা নৌকোযোগে ডাকাতি করিতে করিতে যে নিজের নতুন জামাইকে হত্যা করেন এবং তাহার অনুতাপে ঐ পাপ-ব্যবসায় ছাড়িয়া দেন, তাহার কথা, রাজশাহী-পাবনা জেলার লোক প্রসিদ্ধ।

আর হেস্টিংসে দাঁড়ি হইবার পর (১৭৭৫)-এ দেশের দশা যে রূপ ছিল বঙ্কিম তাহার অনেক অনেক দশা বর্ণনা করিয়াছেন।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'আনন্দমঠ'-এর (ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং সজনীকান্ত দাস সম্পাদিত) ভূমিকা আচার্য যদুনাথ সরকার লিখেছিলেন। উক্ত ভূমিকায় তিনি বলেন : '.....সন্ন্যাসী বলিলেই বাঙ্গালীরা অর্থাৎ পশ্চিমে গিরি পুরীর দল, একেবারে লুঠেরা ছিল, কেহ কেহ অযোধ্যা সুবার জমিদারিও করিত; মাতৃভূমির উদ্ধার, মুসলমান দমন ও নিষ্টের পালন, উহাদের অনেকেরই অতীত ছিল। এই মন্ত্রগুরু চট্টোপাধ্যায় মহাশয়ের কল্পনার সৃষ্টি বুঝিলাম ভ্রম। সুতরাং ইতিহাসের দিক দিয়া দেখিতে গেলে "আনন্দমঠে" বর্ণিত নরনারী এবং তাহাদের কার্য ও কথা (ইংরেজ সৈন্যের সহিত যুদ্ধটা অতিরিক্ত ছাড়া) অধিকাংশে অসত্য এবং এ কথাগুলি কোন অংশেই ঐতিহাসিক এই বিশ্বাসে পাঠিত পারে না।—'

আচার্য যদুনাথ সরকারের ওই ভূমিকা আধুনিককালের গবেষকদের কাছে নতুন করে চিন্তার খিদে হতে পারে।

আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় অনেকের লেখা গ্রন্থের ভূমিকা লিখেছেন। তাঁর প্রতিটি ভূমিকা গবেষকদের কাছে অমূল্য সম্পদ। তাঁর মনমোহন গোস্বামী লিখিত 'রায়তপাকর আরতচন্দ্র' গ্রন্থের ভূমিকা আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় লিখেছিলেন।

কিন্তু আগে হলে এই। '...প্রথম যুগের কবিকল বৌদ্ধ সহজিয়া মতের আধ্যাত্মিক সাধনা লইয়া যে গ্রন্থগুলির পূর্ণ কবিতা বা গান রচনা করিতেন এবং তখনকার দিনের সামাজিক জীবন লইয়া ও লোক-প্রচলিত দেব-দেবীর স্তুতি লইয়া যে-সমস্ত গান বা পদ রচনা করিতেন, তাহার নিদর্শন আমরা নেপাল হইতে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক আবিষ্কৃত 'চর্যাপদ' হইতে ও 'তাঞ্জুর' সৈমসন' প্রভৃতি তিব্বতীয় গ্রন্থ হইতে পাইয়াছি। এই যুগের কবিদের, কিংবা যাহারা চর্যাপদের কবিতা বৌদ্ধ সিদ্ধাচার্যগণের নাম পাইয়াছি। তাঁহাদের অনেকের কথার আভাসও পাইয়াছি ; এতদ্ভিন্ন অলৌকিক ঘটনায় পূর্ণ পৌরাণিক কাহিনীর পর্যায়ের কথাবস্তু হইলেও ঐতিহাসিক ভিত্তির উপরে অবস্থিত বলিয়াই মনে হয়।

এই চর্যাপদের সিদ্ধাচার্য যথা—লুই, কাহ্নু, ভুসুকু, কুক্কুরী, শবরি, ডিম্বিকা, তাড়ে, সরহ, ঢেণ্ঢণ, চাটিল প্রভৃতি ২২ জনের কথা পাইয়াছি, তাঁহাদের অলৌকিক জীবন কথাও কিছু জানিতে পারিয়াছি ; কিন্তু তাঁহাদের সম্বন্ধে আর কিছু জানিবার পথ আমাদের নাই।'

আচার্য চট্টোপাধ্যায় উক্ত ভূমিকায় বেহুলা-লখিন্দর উপাখ্যান, চৈতন্যদেবের পরবর্তীকালের বৈষ্ণব চরিতকারগণের কথা, কবি মুকুন্দরাম চক্রবর্তী, কবীরদাস, দাদাওদ ও অন্যান্য কবিদের কথা সংক্ষেপে আলোচনা করেছেন। আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের উক্ত ভূমিকা বঙ্গসাহিত্যে একটি মূল্যবান লেখা। আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ভূমিকা অনেক গ্রন্থের গৌরব বৃদ্ধি করেছে।

খাটনামা সাপ্তাহিক পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের বিভিন্ন নিবন্ধ একত্র করে ১৩৫৭ বঙ্গাব্দে বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে 'পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়ের রচনাবলী' প্রকাশিত হয়েছিল। সম্পাদনা করেন । ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং সজনীকান্ত দাস। ভূমিকায় তাঁরা লিখেছেন : '...বাংলা সংবাদপত্রের ইতিহাসে একটি সাময়িক প্রয়োজনে তিনি সাহিত্যের যে বিপুল সম্ভার সঞ্চিত করিয়া গিয়াছেন, তাহা যথা সম্ভব একত্র দেখিবার সৌভাগ্য বাঁহার এতকাল পরে হইবে, তিনিই পরিশ্রম ও বিস্ময়ের সঙ্গে ইহার অধিকাংশ লিখিবার শিল্পীর কি বিচিত্র শক্তি দৈনন্দিন সাময়িক ঘটনাবলী-জাল তোলার কাজে ব্যয়িত হইয়াছে, মূল্যবান কত খোয়াই, শিল্পমূর্তি হেলেনের চুলায় কিভাবে ধ্বংস হইয়াছে। অর্থাৎ সেই সম্পদ কিছু পরিমাণে এখনও খুঁজে খুঁজিয়া চিরন্তনের ধরাঘরে রক্ষিত হইতে পারে, সেই চিন্তার ফলই এই গ্রন্থাবলী।—'

উক্ত ভূমিকা সেকালের ঘাটিয়ে যাওয়া অমূল্য লেখাগুলি সংগ্রহ করার কাজের উৎসাহ দেয়।

আচার্য প্রফুল্লচন্দ্র রায় আমাদের স্বাধীনতার বিজ্ঞানী। বিজ্ঞানের আলোচনা তিনি যেমন করেছিলেন, ঠিক তেমনি, সাধারণ মানুষের মুখে-জোগানর কথা পত্রিকাদ্বারে চিন্তা করতেন। এমন কি সেকালের স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন সভায় তাঁকে দেখা যেত। যোগেশচন্দ্র বাগল লিখিত (মুক্তি সন্ধানে ভারত) গ্রন্থের ভূমিকায় তিনি লিখেছিলেন :

"আমাদের দেশে ''বাঙ্গি-বিজ্ঞান'' এখনও পুরাপুরি বিজ্ঞান হিসাবে আলোচিত হয় না—এমনও ইহার প্রয়োগ ক্ষেত্রে সঙ্কীর্ণ। কিন্তু বাপকভাবে দেখিতে গেলে সমাজ, ধর্ম, শিল্প, সাহিত্য, বিজ্ঞান সব বিষয়ে সমন্বয়ে রাষ্ট্র-বিজ্ঞান গঠিত। কোন একটি বিশেষ সমস্যার রাষ্ট্রীয় তথ্য আলোচনা করিতে হইলে এতগুলি বাদ দিয়া যদি শুধু রাজনৈতিক বিষয় সম্বন্ধেই অবতারণা করা হয় তবে আলোচনা পূর্ণাঙ্গ হইল বলা চলে না। কারণ জীবনের সকল প্রচেষ্টার উপরই রাষ্ট্রীয় ব্যবস্থার একটা প্রত্যক্ষ প্রভাব বিদ্যমান।

রবীন্দ্রনাথ প্রমথ চৌধুরীকে একটি পত্র লেখেন সেই লেখা প্রমথ চৌধুরী 'ভারতের কথা' গ্রন্থের ভূমিকা রূপে প্রকাশ করেন। রবীন্দ্রনাথ সেদিনের জাতীয় আন্দোলন এবং সাধারণ মানুষের কথা বলেছিলেন।

ভূমিকা অর্থাৎ বক্তব্য বিষয়ের সূচনা। গ্রন্থের পূর্বাভাস বলা বলা হয়। ভূমিকা সাহিত্য বুঝবার মানের পরিচিতি তা ছাড়া অনুচ্ছেদিকা, অবতরণিকা, প্রোতন প্রভৃতি শব্দ ব্যবহার করতে দেখা যায়। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে অনেকের লেখা ভূমিকা আলে সাহিত্যে অমূল্য সম্পদ। ভূমিকা সাহিত্যের একটি পল্লী হাতের কাছে থাকলে হয়তো অনেকের পথেরদাস কম করতে সুবিধা হতে পারে। এই কথা মনে করে করেক বছর আগে নির্বাচিত ভূমিকা সাহিত্যের পল্লীর কাজ আ করেছিলাম। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, ভূমিকা পল্লী সম্পূর্ণ নয়। ইহা নির্বাচিত ভূমিকা সাহিত্যের পল্লী যার একটি কথা উল্লেখ করতে চাই, নির্বাচিত ভূমি সাহিত্যের পল্লী এইভাবে সাজানো হলো :

ভূমিকা লেখকের নাম / গ্রন্থের নাম / গ্রন্থ লেখক / গ্রন্থ প্রকাশের স্থান / প্রকাশ কাল।

অক্ষিতকুমার ঘোষ / ছড়াবাটা / জীবনতারা হালদার / কলিকাতা/১৩৯০ বঙ্গাব্দ।

অক্ষিতকুমার ঘোষ / বাংলা বঙ্গালয়ের ইতিহাসে উপাদান / শচর ভট্টাচার্য / কলিকাতা / ১৯৮২।

অক্ষিতকুমার ঘোষ / বঙ্গর পত্র : বঙ্গভূর বিভূতি / বিভূ বসু (বঙ্গানুবাদ)/কলিকাতা/১৩৮১ বঙ্গাব্দ।

অনিলকুমার সেনগুপ্ত /চন্দ্রিচন্দ্র মুখোপাধ্যায়ে জীবনী / রায়গোপাল সান্যাল (প্রথম সংস্করণ ১৮৮ সালে প্রকাশিত হয়) / কলিকাতা/১৯৮৪।

আবদীন্দ্রনাথ ঠাকুর / নষ্টনীড়ের মাঝ / জাতী উদ্দীন / কলিকাতা।

আদিম

অমিতাভ চট্টোপাধ্যায়

তোমার শরীর সমুদ্র পাহাড় তোমার ভাষাই নদী,
তোমার হলকা হাসির ঢেউয়ে দমকা ঝাঁকের পাখি
যা-চরাচর উচ্চারণের মুক্তি রুমাবদি।

মুগ্ধ কুমুদ উজান ঠেলে তোমারই নাম রাখি।

তোমার নামেই আদিম প্রণয়....তোমার নামেই নাম,
তোমার পিদিম ঘুটিয়ে যেমন আকাশ জেগে থাকে—

তোমার চোখেই চোখ রেখে এই আমাদের সংগ্রাম।

তুমিই সবার নামের নিবাণ এমন মূর্তিপাকে।



দিগভ্রান্ত

গৌরাঙ্গ ভৌমিক

কখনো মেঘের ছায়া শরীরে জড়িয়ে আমি ট্রেনের কামরায় ঢুকে দেখি
লেখা আছে দেয়ালময় 'এইসব লাইন, এই ট্রেন আপনার,
এই ট্রেন জাতীয় সম্পত্তি, একে রক্ষা করা কর্তব্য আপনার।'

অন্ধকারে আলো জ্বেলে হাওড়া ব্রিজের বুকে মধ্যরাতে যে-কলাটি
লেখা আছে চুপি চুপি দেখি, তারও অর্থ হাওড়া ব্রিজও জাতীয় সম্পত্তি,
পরোক্ষে আমিই সেই ব্রিজের মালিক, তাকেও রক্ষা করা কর্তব্য
আমার।

গোধূলি সন্ধ্যায় আমি সাবিধান ঘেটেঘুটে যতর্কিতে স্পষ্ট বুঝতে পারি,
জাতীয় সড়ক আর জাতীয় পারকসহ অনেক কিছুর সঙ্গে আমিও অজ্ঞাত এক
জাতীয় সম্পদ। অথচ বিপন্ন আমি। আমাকে রক্ষার জন্যে বিধিবদ্ধ বিজ্ঞপ্তি
বা সতর্কতা জারি হয়নি আমার চারদিকে। বলা বলা ঐতিহ্য ও আভিজাত্য
চাপিয়ে দিয়েছে কেউ আমার যজ্ঞাতসারে আমার ওপর।

অনেকের খেয়ালই থাকে না, অর্থহীন মানুষেরা আভিজাত্যে ভর দিয়ে
কোনদিন আকাশে ওড়ে না। কেননা, তাদের সেই কল্পনার ব্যক্তিগত ডানা।
এইসব ক্রেনেভনে দু-মুঠো অন্নের জন্যে রোজ ভাবি বলে ফেলি, 'আজই
যাবতীয় ট্রেন, ব্রিজ ও আভিজাত্য আমি তবে বেচে দিতে রাজি।'

ভাবি, কিন্তু মুখ ফুটে বলতে পারি না।
কেননা, আমারই ছায়া রোজ রোজ মেপে যায় আমার সীমানা।
মাথা নিচু করে আমি চুপচাপ
ছায়াটার দিকে চেয়ে থাকি।

জ্বর ছেড়ে গেছে

প্রণব চট্টোপাধ্যায়

আমার দু'লো কপাল
আল-গেছে ছুঁয়ে আছে
কারও ফেরে ওঠা হাত....

আজ বেশ মন ভাল আছে।

অতি বৃদ্ধ মেহগনি টেবিলে
পথা আর ওষুধের
নামের নাম ছাপিয়ে
শুয়ে আছে মেয়েলি রুমালে....

রুমালেরও ডানা থাকি নাকি
পাখিদের মতো?
কখন তারা ঢুকে গেছে
অসুখের ঘরে
কেউই দেখেনি তা।
অতি বৃদ্ধ মেহগনি কখন যুবক বৃদ্ধ হয়ে সেই সব
নতুন পাখিদের দিয়েছে আশ্রয়
তাও কেউ দেখেনি সংসারে।
বিদুল জ্বর আজ ছেড়েছে আমাকে....

আজ বড় মন ভালো আছে।

সেই সব পাখিরাও এখন
গেরস্তের কাজে মেতে আছে।।

তাই হবে, তাই হবে!

মধু গোস্বামী

তোমার কথা
শ্রাবন মেঘের মায়া,
আমার কথা
চৈত্রদিনের খরা,
তোমার কথা
শান্ত বটের ছায়া,
আমার কথা
তপ্ত বালির চরা।
বলছো তুমি
আমায় বেঁধো হাতে,
আসতে কেবল
তোমার কথার সাথে।

বলছো যখন

তাই হবে, তাই হবে!
তোমার কথায়
ছন্দে সুরের ছোঁয়া,
তোমার কথায়
গন্ধে গোলাপ ফোটে,
আমার কথায়
ঘর পোড়ানো ধোঁয়া,
আমার কথায়
বীভৎসতা যান ছোটে।
বলছো তুমি
আমার বোবা হোতে,
ভাসতে কেবল
তোমার কথার স্রোতে!

বলছো যখন
তাই হবে, তাই হবে!

তোমার কথায়
দখিন বাতাস বয়,
আমার কথায়
কাল বোশেখীর ঝড়,
তোমার কথায়
কোকিল কথা কয়,
আমার কথায়
বাজের কণ্ঠস্বর।
বলছো তুমি
আমায় বোবা হোতে,
ভাসছে কেবল
তোমার কথার স্রোতে।

বলছো যখন
তাই হবে, তাই হবে!

তোমার কথা
অতল ঘুমের রাত,
আমার কথা
পাখার ভাঙা দিন,
তোমার কথায়
স্বপ্ন বাড়ায় হাত,
আমার কথায়
গ্র-মেলে দুর্দিন।
বলছো তুমি
আমায় বোবা হোতে,
ভাসতে কেবল
তোমার কথার স্রোতে।



বলছো যখন
তাই হবে, তাই হবে।
আমার সময়, তোমার স্বপ্নে
স্বপ্ন মিটুক তবে

ত্রিমাত্রা

মধুসূদন দাশগুপ্ত

মনের ভিতরে ঘন অবগুণ্ঠন
ঘরে বেঁধেছি তোমার জন্য
সেই অন্ধকারে আদিম বন্য
প্রাণ সম্ভবা আলো অগণ্য

আছে রূপহীন কিছু হিংস্রতা
প্রতীক প্রতিমা কিছু বুনোলতা
বিষ শব্দাবের নীলশূন্যতা
উদাসীনতা ও বর্ণময়তা
ঘরে বেঁধেছি তোমার জন্য

তবুও গভীরে পেতে রাখো কান
অস্তিত্বের সবুজ জোগান
শব্দবিহীন আছে টান টান
ঘন আড়ালেও আলোর বিহান
জোগাবে তোমাকে শুভ্র অন্ন
মনের ভিতরে আছে সব।

কবির আড়ালে

শংকরানন্দ মুখোপাধ্যায়

হলুদ জোৎস্নার তীরকল
নাচতে নাচতে উড়ে যায়
ঠাণ্ডা নরম তার ডা
একটি পাটাতনের নীচে বাসা বেঁধেছি
ঝোপ ঝোপ সাদামোম ঘ
কতটা তা বেড়ে উঠবে কে জানে
মৌমাছিদের বসন হবে না
এ তো আমি জা
কল্পিত ভয় ও ভাবনার
আমার অস্বাচ্ছন্দ্যে
আমি ক্রুদ্ধ হত্যাকাণ্ড ঘটা
ভাঙলাম গোপন বাসাটা
যা আমি বানাতে পারি ন
কবি তো এসব মোটে সহ্যই করতেন
লিখছেন মৈত্রেয়ী
ভাগ্য ভাল, কবি আজ নেই
যে যা পাবে সে তেমন করে নেয়
কবির আড়ালে—

সারা দুপুর শব্দ হয়

মানস চক্রবর্তী



সারা দুপুর শব্দ হয়
কাকে খোঁজে শব্দভেদী বান!
খুকলি উড়িয়ে, তার
খুটো করে কাঠ-ঠোকরা-
বৃক্ষ, তুমি ঠিক জানো ওর কী প্রয়োজন।

আশ্রয়-বৃক্ষরা আছে শব্দেরও
তাই সমাধীতে মানুষ শব্দ ফিরিয়ে দেয়
জীবনের নিঃশব্দ-অবকাশ বড় প্রয়োজন
বৃক্ষ কোটরে কাঠ-ঠোকরা যেমন
শতাব্দীতে মৃত্যু কিছু খোঁজে।
কতদিন তোমাকে খুঁজেছি আমি তেমন
শব্দ শুধু বাড়ে
অতিক্রম ক'রে অবকাশ আসে না।

সাম্প্রতিকগুলি

তারানাথ আচার্য

প্রতিদিন খুলে নেয়া হাতের পায়ের সব ছল
খুলে নেয়া অবিকল
রেখায় রেখায় টান, ঢেউ ভেঙে একা চলা নদী—
নদীস্নান, সুবাতাস কাঁপে,

তরঙ্গিত গন্ধবহ সেইসব কুলি ভ'রে নিয়ে
একদিন ঠিক ফিরে যাবো

অবিরল বাতাস দিয়েছো ব'লে ব'লে আজি আসে
অনন্ত বিছিয়ে দাও যদি!

গাতার লিখন যতো সমুদ্রের জলরাশি আঁকে
বৃথাস্তব্ধ শব্দীত করে ছন্দহীন সাম্প্রতিকগুলি।

পাথর ভাঙছে জল

মোহিনীমোহন গঙ্গোপাধ্যায়

পাথরে জলের স্রোত ধাক্কা মারে ভীষণ গর্জায়.....

সহজ সরল জল গতি তার ছিলো সাবলীল
সে জল এখন কেন ফুঁসে উঠে! এতো তার ক্রোধ
কোথা ছিল কোন খানে ছিল! ঢেউ নীল নীল
বর্শা ফলকের মতো ক্রুদ্ধ বুক—তার প্রতিশোধ।

পাথর জলকে বেঁধে রাখতে চায় কঠিন শাসনে
জল নয় ক্রীতদাস। বাঁধন ছেঁড়ার গানে কল্লোলিত স্বর
যতবার ভাঙতে জানে ছুঁতে চায় শিখর
বর্ষিত হিমের স্তরে মুখ ঢাকে গোপনে গোপনে
জলের শক্তির কাছে পর্যুদস্ত ক্রমশ: পাথর।

ফুঁসে জল ঢেউয়ের ঘুড়িতে তার সন্ত্রাস বিস্তর।

সে জেনেছে পাথর ঘাটায় নম্র সমুদ্র শাসন
স্বাধীন সুখতে তাই ছল্ ছল্ খল্ খল্ হাসির তুফান
ঝড়ের প্রহরে দেখে প্রলয় আহবে নাচছে কালার জননী
চোখে নীল স্বপ্ন ঘুকে চাঁদ মাল—স্পর্ধিত যৌবন
নিঃশব্দে কাঁপিয়ে দিচ্ছে হিমরাত সত্তার ধমনী।

পাথুরে স্তব্ধতা ভাঙে জলের ধাক্কায় যেন মানুষের উদগ্রীব চেতনা।

নিসর্গ জার্নাল

অজয় নাগ

ঘরের চারটে দেয়াল সরে যাচ্ছে
জানলার পাখা পক্ষাঘাত....

আকাশের এত রঙ
আমি কি নিতে পারবো

পদ ডাকছে

হাঁটতে হাঁটতে রেখা বসতে যায়
যা ছিল দণ্ডিত
এখন উত্তর মেরু

মাথার ওপর থেকে ঝুলন্তার
চন্দ্রাতপ খসে পড়ে
নদীতীরে লেখা হয় জলের অন্য নাম।
ছিন্ন সাগীত
যশোধরা রায় চৌধুরী

যেখানে যেখানে যাও, বুঝতে পারি। একা থাকি জলে
জানি যে তুমি যে শূন্যে বিচরণশীল
সে শূন্যে সম্পদ আছে, শীতল মাথার
বৃষ্টি অযুক্তির সেই সীমা আছে, সোজা রাস্তাঘাট

আমার মাথার মধ্যে গিজগিজ করছে বিষণ্ণতা
না, কল্পটা ভুল হল, বিষণ্ণতা নয়
সময় যে নেই তাই উপদ্রব, সংখ্যা, পরিসীমা
হাতবাড়ানোর কষ্ট, ভুল বোঝা, রাগ, নিরস্ত্রণ....
যুক্তি অযুক্তির বাধা লঙ্ঘন, লঙ্ঘন

সবকিছু ঘেঁসে শুধু অতৃপ্তি ও ভয় খেলা করে
দৃষ্টিতারা বেঁকেচুরে যায়

তবুও তো সেবব্রাশ বুঝতে পারে, স্পষ্ট দৃশ্য, মাথা-পারঙ্গম,

তবুও তো সেবব্রাশি বুঝতে পারি, তুমি
কোথায় কোথায় গেছ, কি কি ভাবে ভেবেছো আমাকে।

বড়দের থেকে ওরা বেশি জানে

রথীন সেনগুপ্ত

একদল ছোট ছোট ছেলেমেয়ে দুদ্দাড় নেমে আসে পথে।
অসংখ্য যন্ত্রের ঢেউ তুলে দিয়ে কিচির মিচির
যেন একঝাঁক পাখি শূন্যে চকিতে উড়ে যায়।
দু'পাশে বাড়ির সারি-পথ মেপে ঘুরে ওই উজ্জ্বল আকাশে
কোথায় চলেছে ওরা? খোলা মাঠে, নাকি কোন ফুলের বাগানে!
এখন শাসন নেই, বাঁধন ভ্রুকুটি নেই, নেই কোন বড়দের ভিড়,
কর্ণার মত তাই দুরন্ত পায়ে পায়ে ওরা নেমে আসে।
মন কেন তরতাজা খুশি হয়ে ওঠে এই রৌদ্রে হাওয়ায়
বড়দের থেকে ওরা বেশি ভাল জানে।
পথের কুকুরটিও সঙ্গ দিতে পেয়ে খুশি—ছোটে সাথে সাথে।



পৃথিবীজরায়ু

ধীমান চক্রবর্তী

কিছু কিছু মানুষের জীবনে পৃথিবী
অনুপস্থিত থাকে পরস্পর কয়েকদিন
শত শত বছর ধরে এরকম
ঘটে চলেছে জানি। আকাশ-রাস্তায়
জমে থাকা কাদা নেমে এল
পৃথিবীতে, জ্যান্ত মাওর ঐ রাস্তা।
ফিরে চলে যায় ঘরে। সাদা স্মৃতির
ধূসরাবলী ঋতুর গন্ধে বুঝতে পারে
ল্যাজ ঘুরিয়ে নক্ষত্রও
উল্কোজাহাজ ঘেরে চলেছে পরস্পর
ভেদ ক'রে। যারা পাশে দাঁড়িয়ে
লক্ষ্য রাখছিল, ঐ অজানা
চালক,-সব মৃত। শুধু বিমানক্ষেত্র
নিজের বিভিন্ন মুখমণ্ডল জ্বালিয়ে
দিলে বুঝতে পারি উড়তে ওর করবে
অনুপস্থিত জীবন ও পৃথিবীজরায়ু।



প্রোহকাল ঃ ৫

সুদীপ্ত বন্দ্যোপাধ্যায়

স্বর্গীয় উদ্যানে আজ নৌরসী পাটার সুখ পুড়ে পুড়ে ছাই হ'য়ে যায়,
দুবারপাতের নীচে চাপা পড়ে যায় পরীর মানুষের জলছবি। সমবেত কা
নবুর শেষম দিয়ে পুনর্বার নিজেকে সাজিয়ে নেয় চলিত জীবনে।
বীত-বুদ্ধ-আত্মা-রান আধার তুলেছে কলরব। ধর্ম নয়, ভক্তি নয়
সেবসেব পালাগান লেখা হচ্ছে নতুন আবেগে। ওধুই ভোটের জন্য
ঘৃণা ছলাকলা। ওধুই ভোটের ভনো ধর্মের নামাবলী গায় ধর্মান্ধ সাজা
প্রোহকাল, এ-সময়ে উদাস থেকোনা।

তোমার ছায়ার মমতা দাও জলকালো মেঘ আর বাতাসের ভিড়ে।
কৃষকে তোমার দিন শেষ। উত্তরাধিকারের কাল্পাভেজা মাটি
খিল খিল হেসে উঠে ঘিরে। চুপচাপ মেঘে—গলানো লোহার মত লোভাত্
চোখে
কতখানি বিবাদ্রা ক্রন্দন: গেরস্থ হতে পাশে বসে প্রতিবেশী বোবে।

আমাদের বাসতলো এখনও নরম। এখনও রাতের আড়ালে ঘুম
কোটে।
উন্মুক্ত হাওয়ায় থাকে মনস্তাপ অজ্ঞানের চাবলের গান। নিস্তব্ধতায়
বিস্ফোরণে প্রতিবাদী তলতলি ও মুদ্রা ফুটে ওঠে। বিস্ফোরণের
সিসুমোগ্রাফ হৃদয়ে বিদ্ধ হ'য়ে ফিরে যায় রুটি ও ভাতের দাবী নিয়ে।
পারঙ্গম ভূস্বীলবদের হুনুতে ঝুলতে থাকে ভয়ের বাদুড়।

প্রোহকাল, এসময়ে উদাস থেকোনা।
মানুষের পাশাপাশি থেকো, এর থেকে বড় ধর্ম পৃথিবীতে আছে।

নিরাবরণ

গৌর খাঁড়া

কোন আবরণে ঢাকবো তোমায় সত্য এবং সুর্য
যে রঙে সাজাই সে ও তো তোমার আবরণহীন অঙ্গ
কোন আবরণে ঢাকবো তোমায় হিমালয়
দূর থেকে বিনয় তোমায় ঘিরে পড়ে অবিরত
কোন আবরণে ঢাকবো তোমায় সমুদ্র
নীল পাখনায় জ্বলে ওঠে ধ্রুবতারা
কোন আবরণে রাঙাবো তোমায় নীহারিকা
যতদিন যায় আলোকবর্ষ সুবর্ণলতায় ঘেরা
কোন আবরণে সাজাবো তোমায় আকাশ
অন্ধকার যদি ঢেকে রাখে প্রেমের পূর্ণ বিকাশ

কোন আবরণে সাজাবো তোমায় সুখ
নিরাবরণ নিরাভরণ সত্য যে সব রাগ
কোন আবরণে সাজাবো তোমায় প্রিয়
তুমি আছো, আমি আছি আর আছে অনুরাগ।

ভারতীয় ট্রিওলেটগুচ্ছ

অরুণাভ ভট্টাচার্য

ওরো পাপবোধ লুকিয়ে রাখার নয়
একপাশে জল ; শেষরাত হতবাক
ওলো লিরিক জলে ভেজা, তীর পাখে—
মনে হয়েছিল জড়োসড়ো, পরাজয়।
সেই বনপথ, পথেই পড়া গ্রামদেশ
তামসিকভাষ নীলাদ্রিত (হাসি) যেন
তবু কেন পাপ লুকিয়ে রাখার নয়
হে লিরিক, যেন শেষরাত,—হতবাক।



সোমেশ

কুমারেশ চক্রবর্তী

কোলকাতার রাজপথে আলো জ্বলায়।
রিপোর্ট নেয়। রিপোর্ট লেখে।
তারপর, অগত্য ভিড়ে ঠাসা বনগাঁ লোকাল—
লেট রান—মাকরুত—
বাড়ির দিকে সোমেশ

প্রায় ফাঁকা স্টেশন চত্বর—
সারিবদ্ধ বন্ধ দোকানপাট, হকারের ডালা
কৃতজ্ঞী পাকিয়ে সাট্টা জুয়ো পুলিশ বাঙ্গালনদ
দিনের অত্যন্ত কর্কশ তার স্বাভাবিক রাস্তাটা
এ সময়ে যেন অস্বাভাবিক রকমের মসৃণ, ফিনফিনে
চাঁদের গোপন অঙ্গের মত আকর্ষণীয়....।
অন্ধকার ফুঁড়ে উঠে আসা জোনাকের দল
তাকে ঘিরে বৃত্ত আঁকে, আর—
সে একবার কেন্দ্র থেকে পরিধি, আবার
কেন্দ্রের পথে হাঁটতে হাঁটতে
হারিয়ে যায় রাতের মধ্যে—

আমাদের যতটুকু উত্তেজনা, ততটুকুই নিয়মমাফিক
যে ডাক্তারবাবু তার নার্সিং হোমের ঠিকানা দিয়েছেন
মুমূর্ষু রোগীর মৃত্যু পরিবারবর্গকে
তাকে একটু মানবিক হতে বলি
যে উকিলবাবুর রক্তচক্ষে সর্বশান্ত এক
বাপ মা নয় ভাইপো
তার কাছে দাবী করি ন্যায়বিচার
আর মালিক শ্রমিক প্রতিনিধি যোগাযোগে লক-আউট কারখানার
গেটের সামনে বিক্ষিপ্ত করি—বিপ্লব দীর্ঘজীবি হবে।

কুহেলিকা পথ

চিত্তরঞ্জন হীরা

হয়তো কুহেলিকাই একদিন ইতিহাস হবে।
দুধির কর্ণার পাশে সলজ্জ পাথর এসে দাঁড়াবে
নিবেদন হিতার্থে। সত্যের পরমায়ু লিখবে—
পাথর না কর্ণা কে বেশি মানবিক।
কে বেশি প্রস্তাব বুকে নিতে পারে উপভাষা শরীরের।

এক একটা বিকেল কেমন পাথর মসৃণ
হেঁটে যায়। একেকটা কর্ণা যেন অনন্ত রাত্রির।
তখন নর্মদা খোবাই লালা হাত গড়ানো কিম্বকে
অনড় স্বপ্নের পাশে কর্ণার মত
একে প্রলাপ অথবা কুহেলিকা যাই বলো—

কোনও কোনও দিন অন্ধুর বালিকারা আসে।
জোৎস্না হাসির কোলে পুতুল কান্নাকে রেখে
চলে পড়ো-জল, জল মানে মাটি।
পড়ো-আকাশ, আকাশ বলতে ৪-৫ পারদের
ওঠানামা কাঁচ কর্ণার ঘড়ি বেয়ে।

এখন যে কণ্ঠনালী প্রবাহের কাছে খুলে দিতে পারে
পাথর বাসনাকে একদিন সে—ই ইতিহাস হবে নাকি।

গুহাচিত্র

আনসার উল হক

গুহার ভেতরে তুমি
যেখানে দাঁড়িয়ে আছ
সেটা জেনো শেষ নয়, তারো শেষ আছে
সুড়ঙ্গবাহিত হয়ে দেওয়ালের খাঁজে
তুমি আছ রেখা চিত্রে
পাথুরে হাওয়ায়
ইতিহাস রাখে নাই কোন সীমারেখা
অরণ্যভ্রষ্ট হয়ে
ঘুরে ফেরো বিদেশী বন্দরে
দিপাশায় খুঁজে ফেরো শিশিরের জল
অচেনা বিন্যাস তবু চেনা চেহারায়
শীতার্ত হাতড়ে চলো আবার আদিমে
গুহাচিত্রে আলুথালু মনের গহনে

হাসো হয়ে কি যে খোঁজো মেয়ো পথে পথে
দায়া মেহে সোনা জল
পাতে পাঁক-কাদা
দু-কোঁটা দুধের রং দু'রকম স্বাদ।

বিভ্রম

বোধিসত্ত্ব বন্দ্যোপাধ্যায়

প্রদীপের বুকে নীল শিখা জ্বলছে
—জ্বলছে
কেঁপে কেঁপে ওঠা শিখায় আলো
যেন একটু বেশি এলোমেলো
তবুও আমার চোখ দু'টি যা দেখেছে
আর কারোর তা দেখার কথা নয়
প্রমথ—
তুমিও আমার মত করে বল্লে
ঐ সিঁড়ির ধাপের পাশে ছায়াগুলো
বড় বেশি আবছায়া কালো
তবে কি
সব আলোর কিছুরণ
পথ হারিয়েছে
কোন এক কৃষ্ণ গহ্বরের আবর্তে
ছেলেটা বাঁশী হাতে বটবৃক্ষতলে অপেক্ষায়
কোমল মেয়েটা জানালার ধারে বসে
এক-দৃষ্টিতে পূর্ণচাঁদ দেখছে
রূপালী আলোয় ভেসে গেছে ওর কিশোরী শরীর
বাঁশীর বুকে মুখে ডুবিয়ে
অকল আবেশে ভাটিয়ালী সুর সেধে সেধে
ঐ বাঁশুরিয়া ছেলেটির ঠোঁট হয়েছে সাদা—
—কি বিপজ্জনক সাদা
কিশোরীর চোখ বেয়ে
দু'ফোঁটা জল নিঃশব্দে ঝরে পড়ে,
কেন আজ এত অচেনা সব—
—সবই
আলো, আবছায়া অন্ধকার
ঐ বটবৃক্ষ
বাঁশী হাতে ছেলেটি
রূপালী আলোয় ভেসে যাওয়া কিশোরী
তুমি, আমি.....
তবে কি
আমার দু'চোখে যা কিছু দেখা
সব, সবই বিভ্রম
সবই মরীচিকা!



ব্যাক হচ্ছেওভাল

সুবিমল চক্রবর্তী

কোন ইচ্ছেই পূরণ হয় না
তবু এখনও জেগে আছে
বাকি ইচ্ছে গুলি

দুঃস্বপ্নে দুঃস্বপ্নে
দুচোখের মণি ঢুকে আসছে
তবু বেঁচে আছে বাকি ইচ্ছেগুলি

অন্ধের মত হেঁটে যাচ্ছি
শুধু আলো খুঁজে বেড়াচ্ছি
কপালে জমা হচ্ছে লাশ

আমাদের চোখ নেই বলে
কিছুই দেখতে পাই না।

দিনগুলি গড়িয়ে যায়
কোন ইচ্ছেই পূরণ হয় না
আকাশে তারার মত
শুধু ঝুল ঝুল করে
বাকি ইচ্ছেগুলি।

যে কথা তোমাকে বলতে পারিনি

অচিন্ত্য নন্দী

ঘন সবুজের ওপরে সরষে ফুলের আস্তরণ দেখে
সেজানের ছবির কথাই মনে হবে। ঘাসের ওপরে
রূপোলী শিশির বিন্দু তোমার কান্না ভেজা চোখ দুটি।
রোদ ও দমন হাত ধরাধরি করে এলো যেন দুই ভাইবোন।

যে কথা তোমাকে বলতে পারিনি কোন দিন, আজ যদি
নিজস্ব ভাবার অধিকারী, সে কথাই কি বলা যাবে ঠিক সেই
পৃথিবী বদলে গেছে অবলুপ্তির দিকে, আমিও তো ধীরে
ধীরে জীবাশ্ম হয়ে উঠছি সংগ্রহশালার প্রয়োজনে।

বেডসুইচ

পরেশ সরকার

হাত বাড়ালেই বেডসুইচ অথচ আমার
আলো জ্বালতে ভালাগেনা
তাকালেই ড্রেসিং টেবিল আয়না, আয়নায়
বিষণ্ণ ছায়া মেঘ থেকে প্রতিবিম্ব ভেসে ওঠে
সেই মুখ অপমান ঘৃণা সাংঘাত বিয়োগান্ত নাটক
তাই অন্ধকারে ঢেকে রাখি কালো চাদরে-শরীর.....

হাত বাড়ালেই জলপ্রপাত,
এতো তৃষ্ণা চোখে ঠোঁটে
অস্থিরতা ঢেলে রাখি নীল জলরাশি
অবশ হয়ে আছে মন এশবীর হৃদয়
অহল্যা পাষাণী, আমাকেও করবে পাষাণ।

হাত বাড়ালেই ছোঁয়া যেত সেই হাত স্পর্শসুখ
শরীরের নীল ঢেউ চলকে আসতো বাতে ঠোঁটে ঠোঁটে
আমাকে ভিজিয়ে দিতো আবেগী বর্ষামুখরা যে নারী
তাকে ছুঁতে এতো যে সঙ্কোচ পৌরুষত্ব সেই বলে নয়
অপমান বোধ, বিশি কাঠে আজও বুকের ভেতরে
দ্বারপোকা, আয়নোলা মায়ার প্রভুত্ব স্নেহকরাও তাদ্রাগেনা.....

ফিরে যাওয়ারে সেই প্রস্তাব এনেছিল প্রেম
চেতনার এই পাবলামেন্টের নৈতিক অধিকার আছে কিনা
প্রশ্ন তুলেছিল, তোমারও কি মনে হয় ইম্পিচ
করা যায় এ আমাকে এ দেউলে আমাকে, কাঁটার মুকুট
ওই সোনার টুপিটার জন্যে, তুমি হয়তো এখনও কাঁদো ভাবো।

বিশ্বাস করো হাত কড়া করা বিচারাধীন কয়েদীর মতো
এখনও হাজত বাসে বসে আছি জীর্ণ বাসে ভাঙাশরীরে
কাঠগোড়ায় তুলে এনে, আর ওভাবে যেন বন্ধুরা তোমরা
মুহূর্তেকো দিয়ে তোমো শাস্তি মুহূর্ত প্রার্থনা করবে না জেনো
বেডসুইচ কি হবে আর সেই নারী মুখ ভাসবে ঘরা কাচের আয়নায়.....

দেশ বধ্যভূমি নয়

বিশ্বনাথ রাহা

খোলো চোখ এইবার
ঘুলিয়ে ঘুলিয়ে কালো ধোঁয়া
কার্বন মনোক্সাইড—
শরীরে তাঁজে তাঁজে ঢুকে যায়—
বিষাক্ত নিঃশ্বাস, পরিবেশ দূষণ।

শ্বেত কলোনের তানায় ক্ষতচিহ্ন-
এ তোমার এ আমার দেশ।

একদিন অযুত স্বর
ছুঁয়ে পড়া রক্ত পড়া—
দুঃখের টুকরো টুকরো—
এ কোন বধ্যভূমি।
পঞ্চকন্যার বিশাল সঙ্কটে।

এরপর.....
ধলিত প্রহরে উদ্যত মুহূর্ত,
এ দেশ তোমার
আমার এ দেশ।।

ঈশ্বর দর্শন

মানসী বাগচী

চার দেওয়ালের বাইরে নেমে দাঁড়ালাম
খোলা আকাশের নীচে,
দিনের আলোটাও অন্ধকারে ঢেকে গেছে—
অনুভূত হ'লো ঠিক—১৯৯৮-র ২রা জুন মঙ্গলবার।
দুটি চোখ খুঁজেছিল চিরশান্তিতে
ঐ অসীম উন্মুক্ত আকাশেই নিথর দেহটা পড়ে আছে।
নিদ্রাহীনের নিশ্চিন্ত চিরনিদ্রায় নিথর
ক্ষোভে অভিমানে আর আপশোসে
নিজের সৌকুমার্যে একটুকুও টোল পড়েনি।

ঘরের ভিতরটা জমাট বাতাস—শ্বাসরুদ্ধ প্রায়
বুকভাঙা অভিমান তাঁর পায়ের কাছে লুটিয়ে
আছড়ে পড়েছে সেদিন সূর্যাস্তের বিকেলে।
বুকের গোপন উর্বরতায় সত্যি সত্যি
আজ লোনা ধরে গেছে।
শুধু একটু একটু করে যাওয়ার পালা।

বুকের ওপাতায় সোমত্বালো মোচড়ানো ছবিখানা
কী হবে। কেন এ পরিহাস্য ও বিড়ম্বিত জীবন।
আবার আছড়ে পড়ে ভূমিতলে
সত্য এত নিষ্ঠুর, জীবন এত সত্য। প্রিয় এত প্রিয়তম।
পারবো না—পারবোনা মানতে, ছেড়ে দিতে, ছেড়ে যেতে।
কোথায় ঈশ্বর.....দেখতে চাই তাকে।
অযুত বিশ্বের বুকে কে সাজালো
এমন ক্যাকাসে বেশে
জীবনের এমন সাজ—এটাই কি ঈশ্বরের রূপ, ঈশ্বর দর্শন।

রক্ত

শম্পা বাগচী

সুবিশাল পৃথিবীকে হাতের মুঠোয় এনেছো।
চব্বিশ ঘণ্টাকে বড় কম বলে
মনে করো তুমি।
ব্রেকফাস্ট, লাঞ্চ ও ডিনার
করছো পৃথিবীর তিনটি কোনে।
তাবছো। আরো কত সাম্রাজ্য
করা যায় পৃথিবীর তিনটি কোন্।
বিভিন্ন মিটিং, কনফারেন্স, কনভেনশনের
সবই তোমার প্রয়োজনে
রঙিন হয়ে যাচ্ছে।
রঙ। না—রক্ত আশ্চ কোরনা তুমি।
তুমি সবই ভুলেছো
পৃথিবীটা এক বেদীর নীচে

শত পঁচনি দিয়ে গেঁথেছো।
এখন চাইলেও তার বন্ধের
ছোঁওয়া তুমি পাবে না।

দিনান্তবেলায়

অমলিতা খাঁড়া

এই যে উদাসী বিকেল
স্বপ্ন খোঁজে
দিনান্তের দিনান্তের কাছে—
আমি ওর হৃদয়ে
ফুটিয়ে দিলাম
বাঁশির সুরের মতো জোৎস্না—
একটি কাকলি তবে
আরেকবার বেজে উঠুক।

চিত্র

তাপস মুখোপাধ্যায়

সকালের তবু কিছু বক্তব্য ছিল
দুপুরটা ছিল নিশ্চুপ
সন্ধেটা চঞ্চল-মাতোয়ারা ছিল
রাত্রিটা তপ্তরূপ।

সূর্য তবু আড়ালে ছিল
বাতাসটা ছিল স্থির
মেঘ ছিল ক্রুদ্ধ-পাগল
প্রকৃতি গম্ভীর।

অতীতের তবু লক্ষ্য ছিল
দ্বন্দ্বে বর্তমান
ভবিষ্যতের দোদুল্যমানতা
অনুচ্চার শর্তমান।

বিলম্ব তাই

মুরারী মান্না

মাথার ওপর নীল আকাশ ছিল
পৃথিবীতে ছিল বসন্তের গান
রাতের প্রহরে প্রহরে শিয়ালেরা ডাকতো প্রতিদিন
জোনাকীরা দীপ নিয়ে দাঁড়াতো
আঁধারের খেয়া বেয়ে।
আমার পৌঁছোতে দেরী দেখে
তুমি ভুল বুঝলে—
তাইলে আমি ঠগ! প্রতারক ।

সত্যি কি তাই?..

যে মহান পথিক নিয়ে
এ পৃথিবীতে আমার পথ চলা শুরু
সে তাও শেষ হয় নি এখনো
আসতে বিলম্ব হলো তাই—
এসে দেখি তুমি নেই
চলে গেছো বন্ধুর!

ভুল লেখা

প্রভাত মিশ্র

ভুল লিখি
ভুল লেখাগুলি সব বছর বছর কলঙ্কিত করে শাদা পাতা
যে-সব শব্দ টেবিলের চারপাশে উঁকি-ঝুঁকি মারে
চিনতে পারি না
কে শত্রু বন্ধু কে
যে-সব রাত্রি জাগি কিংবা জাগব ভাবি
সেইসব রাত্রিরে ধুলো ওড়ে খুব
এই ধুলো আকাশটা ঢেকে যায় না আকাশের রঙে
লক্ষ্য না
যে-সব বেদনা স্বপ্ন করাঘাত করে
দরজা খুললে দেখি নেড়ি কুকুরের পাল ঘিরেছে তাদের

ভুল লিখি
কিন্তু এই ভুল লেখাগুলি, কলঙ্কিত শাদা পাতাগুলি
যখন আমার দিকে চেয়ে থাকে লজ্জানমিন
আমি সুখ পেয়ে যাই
আর চিৎকার করি
পালাবার কোথায়
সাদা পাতাগুলি সব ঘাতো থেকে ছিন্ন হয়
ঘিরে ফেলে আমার শরীর
উল্লাস নাচে
হাতে হাতে উদ্যত ত্রিশূল

পালাবার পথ নেই
কেবল জানালা দিয়ে যতটুকু চোখ যায় দেখি
শত্রুর শার্ট গায়ে বন্ধুরা ছোটে
বন্ধুর পাঞ্জাবী শত্রুদের গায়ে
তাদের ছাপিয়ে উড়ে আসছে রাশি রাশি ধুলো
দরজার দিকে চোখ, এগিয়ে আসছে দুঃস্বপ্নের কুকুর

কথা হাঁস

কালিদাস ভদ্র

রাত্রিকাল শেষ হয়
পদ্ম পাপড়ি পড়ে মাটিতে ঝরে
ঘরের ভেতরে ঘর, মশারির ভেতরে মশারি স্পর্শময়
দাঁড়ায় দরজার ভগ্নাংশে

নিভেনো আঁধার হেসে ওঠে
দুবুরি বাতাস ছোটে মাথায় তেরাস্কির বৃষ্টি
ঘরের ভেতরে ঘরে বিকলাঙ্গ ছায়া ফোটে
নিবিড় লবিশব, ঘুঁসে ওঠে বেহুলা নর্তকী

মাটি ডাকছে...
মাটি মুখে উড়ে যায় সারস্বত-জোতদার
জনপদ চুরমার, জল ডাকছে...
হিরোশিমা-নাগাসাকি শীতঘরে দাঁড়ায় কথাহাঁস

এসো সারস্বত-সন্তান,
চুলোয় যাক বমকাই বিজ্ঞান, কম্পুটার টিপে বুদ্ধ নয়
গাঁজা হোক পৃথিবীর শ্রেষ্ঠ গান
পাঁজরে পাঁজরে ওড়ে কবিতার নিশ্চুপ আখর
ধুলি ঘরে ভালবাসা
মনুষ্যের মাতাটান।

কুয়াশায় ঢাকা নয়

গৌরাঙ্গ দাস

শরৎ এ আকাশটা'
যত্নমুকুল, ওভা শিওলি গন্ধে ওভ্র
তৃষ্ণার্ত হৃদয় আমার কতকাল দেখিনি তোমায়
হিম কুয়াশা শিশির ভেজা নেবতলি,
মাথায় ঘুমটা খুল,
আষাঢ়ের নিস্তব্ধতা গরমের উত্তাপে
বিন্দু বিন্দু শিশির ওলো
গলে গলে জল হল তোমার অহংকার।

রিটায়ার্ড

অংশুমান চক্রবর্তী

লাঠিওলো বসেছেন টেপানে সন্ধ্যা আড্ডায়—
—'কাল বুকে যন্ত্রনা, মনে হচ্ছিল প্রান যায়...!'
—'ডাক্তার?'
—'ছেলে বলে, কিছুনা বয়সের দোষ—
পেমসন্ পেয়েছিস। নসিত যে, বস্, পাশে বস্।
দুই বল—'
—'শেষ দাঁত এতদিনে সঙ্গীতে ছেড়ে—'
—'পালসলো? আমরাও দেখ হাঁপানিটা গেছে খুব বেড়ে।
কোন দিকে বাবি বল? কি বার আজ?
শনি? রবি? সোম?...?
—'আমাদের রোজ রবিবার। পথ?
সে তো খুটো-ওল্ডেজ হোম আর ফুরবন।

তিনটি অভিন্ন প্রতিক্ষন

অক্রুরপ্রসন্ন চক্রবর্তী

ইজিয়ান সাগরের তীরে আপেল শহরে
রোদের বারান্দায় স্মৃতির উপলে
বালুকী চুম্বন আঁকি লাজুক খেয়ালে।
ঠোঁট জল খেলা করে ঢেউ তোলে,
ছড়িয়ে মেঘ চিবুক গড়ানো হাসি।
ঘুর্ণেদা শঙ্খের ভেতর বসে
রোদিত ঘুমঘু চোখ
নৈসর্গিক ভাবনায় অনাবাধি
নীল ভূমি দ্যাখে।
আবেগের বালিয়াড়ি ঘিরে
আমার সম্ভব উত্তোন পেরিয়ে
জলের শরীর ছুঁয়ে
বোবা রোদ হেঁটে যায়।
ঘুরে আসুনি নদ হয়ে বহতা নদী এক
চন্দ্র বিন্দু রূপে উপস্থিত অহল্যার মত
চুবুল অপমান সয়ে
পরিব্রাজী নর্তকীর মত
সার্থকতা খুঁজে ফেরে।
আর ঘরের রাজপ্রসাদ গড়তে চেয়ে
কবুতর ক্রীড়াবত হয়—
মুঠোভর্তি মুকুল বাতাস
চরম উপেক্ষার ভাগমান ধুলো ছুঁড়ে দেয়—
বোবা প্রহর শুনে যায় তামাম পৃথিবী।

পোখরান। আর না

বাসুদেব চ্যাটার্জী

রাজনীতি করবার বয়সের সুত্র
স্বাভাবিক ঘোরার ক্লান্ত পোখরান
বালি ও ধোঁয়ার কালিমা লেখার
আকাশের নীল অবলুপ্ত।

হায় ভারতবর্ষ।
বাঁকা হাসি বুদ্ধ পূর্ণিমার রাতে
পরমা গজ্জাত্মির মুখে।

সেই রাতে—
রাজধানী কাঁপলো উত্তাল উল্লাসে।
নত শাখীরে নিজেদের শির চাপড়ালেন
জয়জানিতে নেতৃবৃন্দ।
হলো না কি ভগত সভায় দ্বারতের যোগ্য আবাহন!

হায় মুমূর্ষু বৃদ্ধ জনপদ:
ভটির বদলে খোলা
বাজের বদলে বেকারী।
প্রতিবাদে তাই গর্জে তুফান
মহানিদ্রিল ওঠে কলতান
সমর্প যোবণা
পোষরান আর না।



সেই চেয়ারটা
অমিতেশ মাইতি

একরকম অন্ধকার থেকে আরেকরকম অন্ধকারের দিকে
যখন আমি হেঁটে যাচ্ছি
তখন সেই নক্ষত্র, যাকে আমরা একদিন একসঙ্গে চিনেছিলাম
সেও এখন চিনতে পারছে না আমাকে
তুমিও নিশ্চয়ই তখন আমার প্রিয় চেয়ারটা বাড়িয়ে দিচ্ছ
অন্যজনের দিকে, বলছো আসুন-বসুন-চা খান
দোতলায় সেই রহস্যময় মানুষটি ঠিক ন'টা বলে বাড়ি চলে গেলে
তুমি বারান্দায় মেলে দিতে আসো
আজীবনের ভিজে জামাকাপড়
সেই সিল্যুয়েটের বাইরে দাঁড়িয়ে আমি তখন শুকিয়ে কাঠ।

'আমার রাতের পছন্দ হবে,
ছাত্র আমার বাড়িতে আসবে—' তুমি বলেছিলে।
আসুক না, ক্ষতি কী? দশদিক খোলা পৃথিবীর
অদৃশ্য উইসে দিয়ে যে কেউ যে-কোনখানেই ঢুকে পড়তে পারে
যখন তখন, শুধু
কেউ যেন না বসে ঐ দগ্ধ স্মৃতির চেয়ারে
আপাতত এইটুকু বিনীত নিবেদন।

একরকম অন্ধকার থেকে আরেকরকম অন্ধকারের দিকে
আমার পৃথিবী ডুবে গেলে
নিজেকে জিগ্যেস করি তুমি হাত কোথায় রেখেছিলে—
হাতে না হাতলে।

ভাঙনের কবিতা
পার্থ রাহা

জানিনা কেমন করে
আমাদের ভালবাসাবাসি
তোমার শরীরে আছাড় খাচ্ছিল
ঢেউ তোলে
আমাদের জীবন যৌবন ধনমান
সমুদ্রের সাঁতারে ভেসে
নিশ্চিন্ত সাক্ষী বিহীন

আধাবোচলা বাড়ির ছাদে কালসালো রোদ্দুর
হাওয়াদের শব্দহীন আনাগোনা
পায়ের তলায় ঘ-ব শহর
শব্দের অরণ্যে আমি অন্ধ বধির

সমস্ত অরণ্য সমুদ্র ভূমণ্ডল নগর
ঘরের ভিতর খেলা করে
তোমার আমার স্বপ্ন
হঠাৎ কখন
নীল প্রদীপের আলো
তোমার ঠোঁট, চোখ, ভ্রূ
আমার বুক কালো করে নেয়
আমাদের স্বপ্নরা খানখান
ক্লান্তি ঘন রক্তে টের কোন দুঃখ
কোন সুখ
আসা বেঁধে নেই

এখন ছাদের বাগানে
শুধু এক হলুদ শালিখের মৃতদেহ
ছায়া তার
দীর্ঘ দীর্ঘ দীর্ঘতর হয়
আলো মাটিতে তার পালকের রং
কালো
ঠোঁটের সীমান্ত রেখায় লাল নীল
রক্ত
আকাশে কী সঙ্গিনীরা অকূল কান্নার গানে?

তোমায় নতুন করে পাবো বলে
এই শহরের ঠিকানায় আমি
তোমার পাইন নীল নিস্তরঙ্গ সমুদ্র আকাশ ছায়া
দেশান্তরী পাখি
খুঁজে বেড়িয়েছি

ঘাসের শরীরে শুধু শিশিরের ক্রমাক্রম
নীল গোলাপের দীর্ঘতর ছায়া
তমসায় তিমিরের নির্জনতা

ফাইক্যাপারের ছায়ে
আমরা দুজন
আমাদের স্বপ্ন প্রেম মুক্তি আশা
ভেঙে পড়ে

বকুলতলা বাড়ির নির্মান
ভেঙে পড়ে
জীবন যৌবন অবসান
ভেঙে পড়ে
আমাদের অতীর্ণ উজ্জ্বল ভালবাসা।।

অনিকেত

অনির্বাণ দত্ত

সিঁড়ির নীচে, বাতিল আসবাবের গন্ধে
এক-একদিন
হঠাৎ শুনতে পাই তোমার পুরনো গলার স্বর,
যেন
ঘুমের মধ্যে কোনো চেনা স্বপ্নের ডাক..
অন্ধকারের আড়ালে, হারানো ঠোটের মুছে-যাওয়া অক্ষর!

মা, তুমি ডাকছ আমাকে?

সেই ডাকে....
কোন অজানা স্টেশনে
কাকভোরে নেমে পড়ি আমি।

আমার পিছুটানে, সেদিন
মোবাইলের অনর্গল কলস্রোত নেই,
যন্ত্র-নষ্ট নীলামের দর-দাম নেই...
শুধু, আমার চুলের উপর-তোমার শীতল স্পর্শ।

অপমানের সিঁড়ি বেয়ে, না
একদিন
কতো কষ্টে বড়ো করেছিলে আমাদের...
বড়ো হয়ে, এখন
তোমার দিকে তাকালেই, শিউরে উঠি আমি!

খোলা পিঠে—ছড়ানো, একরাশ সাদা চুল....
ভয়ঙ্কর।
যেন, দুলে-দুলে, এক কঙ্কাল-নদী
হেঁটে চলেছে
শেষ দিকে, অপমানের।

সেই মুক্তকেশী, কৃষ্ণাম্বরী বীথি..
ঘন বনানীর গভীর থেকে গভীরে..
উড়তে-থাকা পাতার মতো, ভেসে আসা—
তোমার ডাক শুনে-শুনে, আমি হাঁটছি..
হাঁটছি
নিশিথোরে, যেন এক চুম্বন-ভিখারী।

কথা

হান্নান আহসান

ইদানীং কথা বলতে গেলে রাগ হয়
ক্রোধান্বিত কথারা বড্ড এলোমেলো ঝরঝরে
তবু কথা বলতেই হয়। কথা না বললেও রাগ হয়।
রাগ রাগ কথারা স্খলিত হয়ে ছড়ায়।

ভূমিহীন কথার মাবপ্যাচেও রাগ হয়
কথার সরল সমীকরণে ইদানিং বড় ঢেউ
কথায় কথা বাড়ে। ম্লান আকাশে কথা।
কী কথার অর্থ বোঝে ঝড়ের পূর্বাভাস।

বেশি কথা বলা বারণ বলেই হয় না
কথার সেতুন কাঠে উইপোকা আপন
কথার খই ফুটলে হলে। কথা আলো হয়।
যন্ত্রের কথারা এবার নিজস্ব ভঙ্গিতে উদার।

কথারা দু'কানে হলেই যত আয়োজন ব্যর্থ
কথার পরপুষ্প গন্ধ ছোটে বিজনে মরুতে
কথার কথা যদি হয়। মৃত্যুহীন কথারা।
কথা রাখার সিঁড়ি পেতে হাপিত্যেশ বাসর।

কথারা বুকের গভীরে ঘোল তোলে হৃদয়ের
শুমরানো সংবেদনগুলো ইতিউতি মরা নদী
কথা হয় ডেসিবেলে। কথা হয় ঘাসে।
সংবৎসর খেয়েদেয়ে সমেমিরা কেউ।

তুমি কথা ঝোলো না। ফিসফিস করে বোলো।
মৃত কথার ফুলঝুরি এখন বেমালুম নির্ভুল
একথা সেকথা হয়ে কুকথা স্ট্যাচু হলে
গাঢ় হোমিও-কথা দিও ছেড়ে আপন মনে।

বন্ধু, কথা বোলো নেপেন্থকে অবসীলায়
বেখাস কথারা নীল হয়ে ফেরে মুখহীন
বিচ্ছুরিত কথারা তবু কক্ষপথে ঘুরে ফিরে ঘর্ষিত
কথা স্থির হয়। কথা বাড়ে। কথা রাখে কথাতেই।

মায়াময়

সত্যসাধন দাস

সম্পর্কহীন হয়ে বাঁচি
এ ইচ্ছা নয়কো আমার
সাধের ভুবনে কত কিছু পাওয়া
সাদাপাতায় কত বেদনালাল
মলাটের ভাঁজে জেগে থাকে স্মৃতি,

ইচ্ছা অনিচ্ছায় ভালবাসা কথাবাসা
শরিকে শরিকে দ্বন্দ্ব-প্রেম!
এ পৃথিবীর যা কিছু লিখে রাখে
মেয়েদের মায়া
জল হয়ে কান্না হয়ে ঝরে পরে ঝরে ওঠে
মানুষের কত প্রিয় মানুষতা জানে।
বুক ভরে শূন্য ঘরে চিঠি লিখি
এ পৃথিবী এখন আমার
প্রতিটি প্রাণী জীবকুল সত্য মনে
শুধু আপনার, প্রিয়জন প্রিয় সব এখন সবার।

হাইকু

সেবাংশু ঘোষ

নৈঃশব্দের পর ভাঙা ঘুমে
জানালার দিকে তাকালে আকাশ যতদূর
তুমি কি ঠিক তেমনি দূরে।

ভীষণ রাতের অতলে এখন পৃথিবী
নীল ঘুমে
ধবধবে শুনেদের মত শুয়ে আছে

চোখ খুলতেই ভোর
খড়ের চালে কমলা রোদ খেলছে
নীলচে কালো পাখী।

এখানে

শঙ্খ বিশ্বাস

এখানে হারিয়ে যায় সজীবতা,
এখানে হারিয়ে যায় ভোরের পাখির গান।
হারিয়ে যায় মোটর গাড়ির শিকশিক আওয়াজে।
এখানে কালো রঙের নির্বোধ মেয়ের বালিকা
জল আনতে যায় না পদ্মপুকুর ঘাটে।
এখানে ফর্মের দাপটে কালো রং—
হয়ে আরো কালো-দেহ হয় কঠিন।
এখানে রাখালে গরুর ঘন্টা বাজে না।
বন্ধ থাকে কয়েকদিন বেড়ার মাঠে—
ওর মা-হারা-হারা ডাকে।
এখানে গোলাপ প্রকৃত প্রেমের গন্ধ ছড়ায় না
ছড়ায় ঘিরে বেদনা প্রেমের দাপট।

আমি সে প্রেমিক নই

বিপ্লব চক্রবর্তী

তুমিও প্রেমিকা বুঝি আমার শব্দ পেলে কাছে এসে বস
সুচতুর শব্দ দিয়ে আমার প্রতিটি পাপ চোখ থেকে নখ্
প্রতিদিন যত আসে স্খলন বমন আর নৃশংস পতন
সবকিছু তোমার চোখে অবিশ্বাস্য চীনকুচম সুন্দর আর পূর্ব গোপন
আমি তো প্রেমিক নই তোমার পাওনা দিতে কড়ই কৃপণ।

অনেক প্রেমিকা আজ তৃষ্ণার্তচোখে এধারি ও বাড়ি ব'সে
রাজপথ নভশ্চারী নগরীর অসংখ্য প্রেমিক পুরুষে
রাস্তাঘাটে বেইুরেন্টে শহরের রাজপথ ধরে অজানা অচেনা গ্রামে
সবুজ ঘাসের মত ফুটিগুলি দানাবাঁধে প্রকৃতির নিজস্ব দানে।
শুধু ভালবাসা স্মৃতি পাব আনাচে কানাচে এক কিংবা দুই ব্যতিক্রমে।

আমি তো সে ভাগ্যবান নই, নির্লজ্জ পুরুষ আমি ভালোলাগে নারী
প্রেমিক হবার মত সম্ভাবনা দেখি নাযে, আমার স্বভাবে নারী
আমাকে ঘিরেছে লোভ পাপ স্বার্থপরতায় রক্তে নেই বিন্দুমাত্র ত্যাগ
আমার প্রেমিকা হলে দিতে দিতে নিঃস্ব হবে তোমার সুখের সিংহভাগ

আমি তো সে ভাগ্যবান নই, নির্লজ্জ পুরুষে আমি ভালোলাগে নারী
প্রেমিক হবার মত সম্ভাবনা দেখি নাযে, আমার স্বভাবে নারী
আমাকে ঘিরেছে লোভ পাপ স্বার্থপরতায় রক্তে নেই বিন্দুমাত্র ত্যাগ
আমার প্রেমিকা হলে দিতে দিতে নিঃস্ব হবে তোমার সুখের সিংহভাগ
এস ভালোলাগা নিয়ে পাশাপাশি কিছুক্ষণ হাঁটি
ছোট ছোট তর্ক করি নিজেকে প্রকাশ করি নিজেদের কাছে
সবুজ নিরালা কোণে সূর্যডোবা বিকেলের সুখে
নিস্তব্ধ নুখর হয়ে দুইজনে অনেকক্ষণ পাশাপাশি বসি।

ব্যাতিক্রম

গৌরীশংকর দে

ঘড়ি ধ'রে বৃষ্টি নামে
আজকাল প্রত্যহ বিকেল,
সময়ের প্রতি এত অনুগত
সম্প্রতি প্রকৃতি!
বকুলের নিয়মিত
ঝিজে মেরে কৃষ্ণচূড়া
ঝিজে বনবীথি।
আবার জগতে শুধু
চুরমার যাবতীয় ঘড়ি।
অনিয়ম, বিশৃঙ্খলা,
বিদ্রোহ, বিপ্লব,
নেই কোন অনুষ্ঠান,
নেই কোন নির্দিষ্ট উৎসব,
এই ব্যতিক্রম নিয়ে
নিয়মের রাজ্যে কী যে করি।

ভাইরাস

শৌভিক দত্ত

কম্পিউটার আকাশ থেকে
নেমে আসছে ডিজিটাল ছবি—
ইন্টারনেট পর্দাজোড়া
সম্পর্কের জুলে ওঠা প্রোগ্রামিং
হারিয়ে যেতে 'টাইপ্‌ফোন'
সাইবার স্পেসে ব্যবহৃত
মনকে বাঁধতে চেয়ে চোখের পাতায়
এঁকে দিচ্ছে নক্সা.....
এইভাবে বারবার মনকে মনকে ফিরে গিয়ে
কী-বোর্ড বুঝে নিতে পারে
তাঁতাবে 'ভাইরাসেরা' বন্ধুকে
নষ্ট করে দ্যায়..

হলুদ ডুমো পাখি

প্রণব দেবনাথ

অর্ধেক জেগে আছি বর্ষণ পুপুরবেলায়
পৃথ্বীতা থেকে নামিয়ে এনেছি
ঘরের হলুদ ডুমো পাখি।
শুধু একটা নিরেট স্বপ্ন দেখবো.....

তোমার পিপাসাকাতর ঠোঁট জানে না
ঈশ্বরের কোনো গুঢ় আশকোর কথা.....

পোখরান-এক

পীযূষ ধর

ছায়া স্পর্শ ঘর পাপ এখন মরুর মতো কান্না—
তোমার সময় ভালোবাসা ইচ্ছা চিরে ইচ্ছেরা বাড়ায়
চারদিকে। পোখরান ভাসে জলে, চোখের পাতায়
জাগলা নক্সা খোঁজে স্নেহ...মানুষের মন আজ
দ্রুত লয়ে হারায় পশু ও ঘাট। প্রেম
একটি ঘরের জন্য হরিণ হয়ে ঘোরে।

দূরত্ব

দুলাল কৃষ্ণ বিশ্বাস

কতদূর থেকে ডাকা যায়
যদি হয় চেনা লোকজন,
হতে পারে কণ্ঠস্বরে ছিল না
পরিচয়ের গাঢ়তা মেশানো
তবুও কি বাতাসের লঘুঘাতে

ছুঁই না মালতী বুকা ভাব।
অনুনাদী কম্পনের ধ্বনি
শুকো রেখে কোন দেশ
তোমার স্বর-তরঙ্গে সে
চিনে নেবে উতলা আবেশ।
দূরত্বের তাই, নেই কোন
পার্থিবিক সীমা
বাদুঘরে ধরা থাকে
দূর দিনান্তের সজীব ঠিকানা।

কত কাছে থেকে হবে
ধরি মেখো অচেনা পথিক,
হতে পারে কণ্ঠস্বরে মেখেছিলে
হেমন্তের বেলা
তবুও কি পথিকের লেখ-চিত্রে
দেখাবারে বিস্তৃত কম্পন!
কতদূর থেকে ডাকা যায়,
কতকাছে থেকে হবে
ধরি হয় অচেনা পথিক।
দূর থেকে, কাছ থেকে
ডেকে নেওয়ার যাদুকাঠি নেই,
তবুও পেতে পারো
শরতের উড়োমেঘের
নিশ্চল ঠিকানা
ভুলে কি যেতে পারে
মিশে যাওয়ার বিভ্রান্তির ক্ষণ
এক নিমিষেই।



প্রত্নপোখরান, আমরা প্রেমবলি

তাপস রায়

আকাশ কুসুম, টুপটুপ নেমে আসে, সূর্যাস্ত পেরিয়ে যাই
আর ঘর-বাড়ি, শূন্যতার নাম মাপজোকে ফুটে ওঠে
তুমিও বর্ণমালায় কোনো চেনা অক্ষর

ঘুম পাড়ি, গর্ভগৃহে বাস্তবায় দুফেনেন স্বপ্নও
অন্ধকারে সন্তত বৃক্ষরেখা কীরকম মোহময় লাগে
বাঁশি বাজে, সকল সন্তান যায় ঘুমঘাতে

স্রোতের অভিমান ধরে আমাদের গ্রামেও নগরে ফেরিওলা
ঘুরে যায়, হর্ষোল্লাসে ঘুম ভাঙে, দেখি আমাদের বিকেলাজ ভোর
পোখরান ভাস্য দেখে আকাশকুসুমে।

প্রিয় শৈশব, সাদা ঘোড়া

শীতল চৌধুরী

নিশুতিরাতের গল্প থাক
থাক সংলাপ উচ্চারণে
নাটকের মহড়া ;
এসো উজ্জ্বল ভোরের
শুভক্ষণে
সকল শরীর ভিজিয়ে
আর একবার ফিরি

ফিরে আসি
জলের সরল দর্পণে ;
যেখানে রয়েছে
সঙ্গীতের নতুন চাঁদ
শস্যের ঘ্রাণ
পথের ধুলোয় ঢাকা
আমাদের প্রিয় শৈশব, সাদা ঘোড়া
মানবীলতার নিচে
আমাদের কিছু বেহিসেবি সময়ের
জালবাঁধে খুঁটে খুঁটে রাখা
হৃদয় উপুড় করা
হেমন্তপাখির কণ্ঠস্বর।

এখন নৈশব্দ নয়

নিরঞ্জন মণ্ডল

একটু নৈশব্দ দাও পারিপার্শ্বচুড়ে
ভাবের সৈকত টুড়ে খুঁটে আনি দু'চার ঝিনুক
টাটকা, রঙিন ;
ভেঙে ভেঙে খুঁজে নয় মুক্তোর প্রতিমা
শব্দের তরঙ্গে ভেসে ভেসে।
নিরুচ্চারী থাকো, প্রিয় কিছু মুহূর্তপল
হোমাগের স্বপ্নের মোহাই।

দু ঠোঁটের মাঝখানে উদ্ধত তর্জনী
আমার কিশোরী কন্যা এই অবয়বে
সন্ধানী চাহনি মেলে মুহূর্তেই খুঁজে নিতে চায়
অভিধের আসল শেকড়।
তারপর কলহংসো ভাষিয়ে জগৎ
অভিযোগে নাড়ায় চেতনা—
এতকথা কেন বল তুমি?
ইসারায় বোঝাতে তো পার।

আর্ষার্থ প্রশ্নের জালে ডুবে যেতে যেতে
কানে বাজে সংগীতের মত।
এত কথা কেন এই পরিপূর্ণ শব্দের জগতে
ছন্দহীন, গন্ধহীন, রসকষহীন :
নৈশব্দকে ভালবাসি যদি।

জীবনের শব্দ মত, শব্দের জীবন
তাকে ছেড়ে যেতে চাই কোন প্রিয় শব্দহীনতায়।
সেখানে শীতল শান্ত আঁধারের মাঝে
মৃত্যুর নরম আলিঙ্গন।

নৈশব্দ এখন নয়
শব্দের লাগাম ছেড়ে ক্লান্ত হলে এই দেহমন
জনারণ্যের মধ্যের পনে নিরুচ্চারে ঢেকে
রঙিন মুক্তোর স্বপ্নে ডুবে যেতে যেতে
পরম নৈশব্দ দেখে যায়
ভেড়ায় কয়ের ছিন্ন সন্ধেত শব্দের নিনাদ।

হাল ছাড়িনি

বিবস্বান ভট্টাচার্য্য

হাল ছাড়িনি।
ছাড়িনি এমন একটা বোধ ভূলভূলে সকাল—
স্বপ্নের মত
আলোয় তার, প্রলয়বস্তু হই কি করে
—সেই সন্ধান.
টুকরো মেঘেরা সবসে ভেসে গেলে
তত নিঃস্বতা,
খাঁপা এ গোপনে, বুকে তার এমন পলাশ
পলকদীপে নুপুরের আশা ছিল.
বাচ্ছন্দ্য কোথায় স্থিরতা যদি ফসফাসমান,
—কোথায় যাব.
সুস্থ অবস্থা প্রকাশ প্রায় ক্রমে.
অসাধুত নই,
বোধের বিন্দে বুক বুকে হাল ছাড়িনি এখনও।

তৃষিত ময়ূরের আত্মনিবেদন

জহর সেনমজুমদার

দিন শুরু হলো। মাদুরাওয়ার মতো ঢেউ নেবে
দিন শুরু হলো। রাস্তায় ঘুরে ঘুরে দেখি
ভিসেনের ধর্ষণ, সূর্যাস্ত, ইস্কুলফেরত চড়ুই আর
একটি অদ্ভুত বেদনা লোক : কিমোনো রোগা নদী
সামান্য, অতি সামান্য হাড়ুড়ে ফটোগ্রাফার আমি
কি ছবি তুলবো তাবি দেখি তালবনের ভিতর
আগুন জ্বেলে একটি মোমশিখা জ্বালিয়ে বসে আছে
সেই ময়ূরী.... আমাকে দেখতে পেয়ে
চোখ দুটি কোরে তোলে নয়নবলয়ন....
রাস্তায় ঘুরে ঘুরে আমি আর কোনো ছবিই
তুলতে পারি না... শুধু ভীষণ একা.... মাদুরাওয়ার
অন্ধকারে আমি ভাঙা ক্যামেরার চোখ রেখে দেখি
একটি অদ্ভুত বেদনালোক
কিমোনো নদী

মোনালিসা
মধুমতী
কাশবনের ভিতর দিয়ে আমাকে ডাকছে ঐ মধুমতীনদীর।

জবাব

মুসাফির সমাদ্দার

তোমাকে ভালবাসতে...বাসতে...বাসতে
যদি আমি নিঃশেষ হয়ে যাই
তা' হলেও কী
তোমার আকাশ ভেঙে
জলোচ্ছ্বাস বৃষ্টি নামবে না।

সেই ছোট্ট জবাব টুকুও জানাই তো
আমি মোম হয়ে জ্বলে যাচ্ছি
দিনের পর দিন...
দিনের পর দিন...
দিনের পর দিন...

ধ্বংসে নামা রাত ও শিল্প শহরের কবিতা

সমরেন্দ্র বিশ্বাস

তারহীন সাঁকো দোলে এপার ওপার
ঐ বীজ ধরে আমি কতখানি যেতে পারি আজো?

শিল্প শহরের মোহন প্রসূতি, তার ভাব ভালোবাসা
মধ্যরাতে আমাকেও ডাকে—'এসো, এসো
দুঃখমোচন মানুষের দিকে যাই।'

মেশিনে, রোবটের প্রখর প্রহরে
আবাল্য শ্রমের মর্মে ঢেকে রাখা ক্ষরিত শরীর নিয়ে
দুঃখমোচনে আমি কত খানি জানি।

চাই ওভার ব্রীজপথ ছুঁয়ে, ক্যাপস-বাজেই ওড়ে, লোড শেডিং রাত
শিল্প শহরের ন্যাপথার পোড়া চাঁদ আলো দিলে দেখি
অবয়ব দাঁড়িয়ে থাকে নিরালম্ব সাঁকো।

সাঁকোর এপারে আমি শহরের ট্র্যাফো।
অন্যপারে বন্ধুত্বে আমাদের প্রাণ
মধ্যরাতে নিস্তব্ধতা ভাই বলো তাকে ;
অন্ধুর শিরায় জাগে অহিংসুকো নেবে, যাকে আমি 'দেশ' বলে জানি।

পারাপারহীন এক নিরালম্ব সাঁকো
আমাকেই হাতছানি দিয়ে ডাকে, 'এসো, এসো।'
দুঃখ মোচনের তারা কতখানি জানে?

মাঝখানে নিরালম্ব সাঁকো
বড়ো একা আমি, কোন দিকে যাই?

অবশেষে

নারায়ণ আচার্য্য

আমি জীবন দেখিনি
যা দেখেছি—
নরম কাঠের ভেসে ভেসে যাওয়া
স্বাধীনতাহীন পরাধীন তরঙ্গমালায়,
কিংবা
শকুনের পাশা খেলায় কুসুমপুত্তলিকা দাহ।

যেমন দেখেছি
তেমনটা ভাবিনি কখনো
স্বপ্নেও।
কেউ কারো নয়, কেউ যেন চেনে না,
হৃৎপিণ্ডের ঘর,
তৃষ্ণা বর্বরতা পাতা মেলে
বক্ষে পড়ে রক্ত বিকালের নামে,
রক্তটা খেলনার হেসে হেসে খুন।
কর্ণ পৃথিকাট, কাতরে বর্ষণ
তাবড় তাবড় নেতার উপড়ানো উদ্ভাষণ
মাছি ওড়ার
চেয়ারে চেয়ারে চোরকাঁ, নীরবে দেখেছি চাতার
শুধু অসুক বাতাসের লড়াই,
ঊর্বশীর স্তনে আঁকা
সভ্যতার বিপন্ন হলুদ ঘাস, জীবন নয়। হিসাব মেলানোর গানে গানে
গুজন—
নয় ছয়, ছয় নয় জীবন যাপন....

অবশেষে
দেবতার অগ্নিস্নান খুঁজি পথির সূর্যমুখী।

শীত ভাঙানো ফাগুন

মিলনেন্দু জানা

কে বলবে কে দিয়েছে কার আবাসে আগুন—
কে বা নিলো উল্টোপথে হাল-হাওলা ফাগুন।
জানুক কিংবা নাই বা জানুক মক্ষ সন্ধায় হেঁটে—
দিন দুপুরেই হচ্ছে দিতে মস্ত-মোটা ভেট।
কে বলবে কার জগনে.....।

কে বলবে কার গগনে পুঁতছে কারা শূল—
কার খোঁপাতে কে রাখছে পালিশ করা ফল।
ধুলা হয়েছে কলহে সবাই—ওবজ্রলে পাক ঘুরে—
দেশটা জুড়ে চলছে 'তা' তুলের অন্ধ জুড়ে।
কে-ই বা করে....

কে-ই বা করে বিচার কার—বিচার করে চাবি—
মেহগিনির মক্ষ ঘিরে মায়া-শালার খাবি।

যাবলতার সাথে কোনো বন্দোবস্তের সুখ—
লজ্জাবতী—পড়ছে ঝুলে দন্তবিহীন 'মুখ'!
কেই বা নিলো.....

কে-ই বা নিলো সপাং করে কার আকাশের আগুন—
হয়তো পারে বলতে কেবল শীত তাড়ানো আগুন!।

চোখের জল

পরিমল ঘোষ

গরীবের চোখে দেখি করুণ আকৃতি,
চোখে তার ফুরায় না জল,
স্বতঃস্ফূর্ত হয়ে তা ঝরে চলে শুধু।
কাপসা চোখে সে দেখে
চারিদিকে ঘিরে আছে গভীর অন্ধকার।

চোখের জলেতে হয় না কিছু,
এ দুঃখের নেই কোনো কানাকড়ি দাম।
চোখের জল মুছে তোমরা আগুন জ্বালো,
সমস্ত শক্তিকে সংহত করে
চোখের আগুন ছড়াতে ছড়াতে
তোমরা এগিয়ে চলো।

অন্ধকার সরে যাবে দূরে—আরো দূরে।।

মাটিকে জানতে ইচ্ছে করে

বিনয় সরদার

সন্ধ্যার গহনে অরণ্যে জমে থাকা ভীড়
কার সাথে বোঝাপড়া হবে।
অস্থি-মজ্জা বিবেকের দংশন, এই দেহে
সর্বাঙ্গে আমার ক্ষত
ওঠে অমাবস্যা ছোঁয়াবো : শিরিস গন্ধে দিন
ডোবানো শব্দে আমি জেগে উঠবো
ঝিনুকের হাত ধরো শুনো মুক্তি তোলে
নীলাভ আকাশের দিকে খুঁজে নাও তোমার প্রিয়জনকে।

একটি গাছের জন্ম দেবো
সন্তান জন্মাবার আগে
সে গাছের নুন্যা হবে
পাতাগুলিকে কোলে নিয়ে
শ্মশানে বসে রাত জাগবো।

দীক্ষ রোপন করেছ তুমি
তুমি দিয়েছ চিরনীল আকাশের বিস্তার
চিরন্তনা পৃথিবীর স্তনরেখা।

কলমটাকে আস্ত রেখে
আমাকে ভস্ম করে দিয়ো।

ও মন তুমি থেকো—

আশীষ শর্মা

ও মন তুমি থেকো—
তোমার বুকে যদি না পেলে
আকাশ পাবো সূর্য-চাঁদ
বুড়িয়ে নিয়ে পেরিয়ে যাবো
রাতের ঘুম
তোমার প্রয়োজন এখন।

ও মন, আমি পৌষের ধীরে
চলন ফেলে ছুঁয়ে, তুমি
ছড়িয়ে দাও শরীর, অঙ্গ
আমার বুকে যে জাগছে
পাখির ডাক শুনে। তুমিই
জল-ছায়া তোমারই প্রয়োজন এখন।

তোমার কাছে বাড়াই পাখা
ওড়িয়ে যাবে শূন্য শুধু
তোমার মনের প্রয়োজন
এখন, সব শূন্য মুছে
ও মন তুমি থেকো, ও মন
তোমার বুকে আকাশ পাবো।

আবার কি কথা

দীনেশ চট্টোপাধ্যায়

আবার কি কথা বলবে কোন সখ মনে
ভুল হলে কতোবার ক্ষমাপাত্র বলে
অথচ অন্যায়ি
অন্ধকার পার করে আসেনা বিদ্যুতের ঝলক!
তোমারই নানা নামে বারবার এলে—
পথে ঘাটে ডাক দিলে
প্রত্যেকেই সব কাজ ফেলে
চলার মুখেই ছুটে গৃহস্থালী যতো
নিখন হৃদয়ের ঘরে তোমারই থাকো অধিবাস।
আবার কি কথা বলতে এসেছো এখানে,
ভুলে কি গেলেই শেষে লজ্জার মানে—
দু'কান কেটেই শেষে বাজানের ঠিক অধিবাস।

আবার কি কথা বলবি ভুলেছিস সব
মনে নেই কি প্রতিজ্ঞা ছিলো—

সাম্রাজ্যবাদী প্রহারণে শহীদের স্মৃতি
অগ্রগামী সৈনিকের ঐতিহ্যবাহী
কোনদিন পোড়ায় নি কি তাহাদের দাহ।
কোনদিন শুনলি নাকি মায়ের অন্তর
মা বলতেন—
শুধু কি মরণে, মৃত্যু একবারই হয়।

কি কথা বলবি আজ মনে কি পড়ে না—
তেবে দেখ পদ্মদিঘীর বুকে আকাশের ঘনা
চৈত্রের দুপুরের কুহুকুহু ডাক
হে-তাগায় আন্দোলনের লড়াকু কিষানের তেজোদীপ্ত হাঁক
মনে কি পড়ে না।
সেদিন কি দেখিস নি কুমারী যৌবন
ঘুমেল ধানের ঘ্রাণে দুলেল পবন
সোনার লক্ষ্মীর পা প্রসারিত তোমাদের ঘরে
দেখিস নি সোনার লিপিতে শ্রাঙ্কা তোরাই অক্ষরে।

কোন স্মৃতি কোন সঙ্গ কিম্বা ভবিষ্যত
তোমাদের ডাকে না আর—
পথের সামনে আজ বিভ্রান্তি পাহাড়,
রুটী নেই, রুজী নেই হাভাতের দীর্ঘ হাহাকার
বন্ধমন মানুষেরা ভুলে গেছে স্বপ্ন সাম্রাৎসার।
পথের দিশার আলো নিভে গেছে, পথ যে কোথায়—
শান্তিপূর্ণ উত্তোরণে বিপ্লব ঠিকানা হারায়।
সূর্যসন্তান হারিয়ে গেছে, আর তার মা
অশ্রুসিক্ত ভঙ্গিমায় নিলাম আসরে—
বিশ্ববাণিজ্যের বাজনা ঘাটা ঢোলে অথবা কাঁসরে।

অন্যদিকে পতিত জমিতে ওই মেগাসিটি শোভন বাহার
হাইজেনে হাইটেক এটিকেট এসিটী ব্যাপার।
সেই দেশে সংখ্যাহীন ক্রসাদের তোরণ দুয়ারে
মুৎসুদ্দি-বুর্জোয়ার নামাবলী শোভন বাহারে।
এরা সব রাষ্ট্রপিতার মানসপুত্রো ভাই—
ভাড়াটিয়া কলমচী লিখে দেয় এদের সাফাই,
ঘরে ঘরে আত্মীয়রা কেউ কোলে ব্রাটিনাম চেন—
মিডিয়ার সওয়ারীরা নবরত্নে হোলিখেলে
মুখে বলে, আসেন। আসেন।
কোন কথা বলে যেতে বারবার আসলি এখানে—
কালো ঘোড়ায় জেমিসন ছিলো কোনখানে
মনে কি পড়ে না ;—
বিভ্রান্তিতে তোর মাকে ঘিরেছিলো নরক যন্ত্রণা।
কি করে ভুললি তোরা পিতাদের রক্ত—
রক্তাক্ষরে লিখে গেছে যারা কি না মুক্তির বারতা
যাহারাই একদিন সমগ্র স্বদেশ তুচ্ছ স্বার্থ ভুলেছিলো মার মানে অথবা আত্মের।

কি কথা বলতে এলি প্রবার এখানে—
ভুলে কি গেছিস শেষে স্বদেশের কোন কোনখানে
পড়েছিলো পিতাদের রক্ত ধারা—জননীর নরক যন্ত্রণা—
আত্মমুখ ভুলে ফেল ছক মনমনা।
মনে কর সেই সব কৃষাণ শ্রমিক—
যার জন্য বেওনেটে বুক পেতে বলেছিলো —ফিরু, তোরা ফিক।
কি করে ভুলিস তোরা শহীদ স্বজন—
অবলোয় চোখে বুঝি দেখিস নি সোনার স্বপন।
ভুলে গেলি কবিতা-সঙ্গীতা আর বন্ধনার দাস
স্বাধীনতার এ পঞ্চাশে শুনে নে যে
তাহাদের তীক্ষ্ণ উপহাস।

খাদ্য আন্দোলনের রাতে এ্যাসপ্লানেড চত্বরে
হিংশ্রাণী লাসের ঘৃণা কে পাঠালো বিস্মৃতি কবরে।
ভুলেছিস মকে তোরা—অথচ একদিন
মা ছিলেন মাতঙ্গিনী সমরে তাহিন।

কোন কথা বলে যেতে কতোবার একত্র হয়েছো—
কোন কিছু না করেই বারবার ভেঙে ভেঙে গেছো।
মা বুঝি বলেনি ডেকে কোনদিন—
বাস বাহ্যের জোটেনি ভাত জোট বাঁধো
মা বুঝি বলেনি ডেকে ভিন্ন ভিন্ন দিন—
দেশের দ্যুর কি দুর্দিন আকাশ কেরোসিন
দীর্ঘ-যাত্রার সুর সাধো, জোট বাঁধো।

কতো শত স্বজন শহীদ
কেন যে কাঁপে না আজো শান্তিপূর্ণ-উত্তোরণ ভিত্ত।
প্রমিক কৃষাণ মরে হাজার হাজার
বিগত পঞ্চাশে কতো লাস চুলি পার।
সমগ্র স্বদেশ জুড়ে মুণ্ডহীন বড়
সংসদীয় পথ ছাড়তে দিয়েছে স্বাক্ষর।

কি কথা বলবি তোরা সব ভুলেছিস
পিতৃঋণ তর্পনের দাবী তোরা বিস্মৃতি করিস,
পায়ের তলায় মাটি তৃণমূলে, নেই—
প্রতিদিন মরেছিস বিনষ্ট জলেই,
ভুলেছিস জনগণতান্ত্রিক বিপ্লবের বাঁশি
ফাঁসীকাঠ তুচ্ছ করা শহীদের হাসি
সব কিছু করেছিস বিবর্ণ দেওয়াল—
এখনো সময় আছে ফিরে দাঁড়া বন্ধনা
ভুলে যা স্রোতের বিরুদ্ধবাদী পাল।।

প্রতীক্ষা কাঁদার

প্রদীপ পাল

মাটিতে বিছানো দামি মাদুর
অদূরে সাজানো আধুনিক খাট
ফ্রেসিংটেবিলে ছড়ানো কসমেটিক
রূপ-লাবণ্যের বিয়ের-বয়স খাট

লাম্পট্য-সৌরভে তবাট সবখান
মুখ থেঁতলে, সম্মান না থাকায়
ধরমর ছড়ানো হরেক পুতুল
প্রতীকায় শুধু, পদ্মা ছেড়ে কাঁদায়

অভিনব স্বপ্ন নিয়ে

অনাথ মুখোপাধ্যায়

এখন যে স্বপ্নও সত্যের দেশে পৌঁছানোর সময় দরকার
উদযাস্ত নীল হাওয়া আকাশের বুক ভরে আছে

মনে হয় হাওয়া হয়ে বয়ে যায় আকাশ নীলিমা
নীলের জমানা ঘরে শঙ্খালো মেঘের দরবার।

অথবা মেঘেরা যেন নীল জলে অমেয় ঈথার
টানাপোড়েনের ধ্যানে টেক্কা টেনে সূর্যকে ডোবায়

তপস্যার ধনরাত তাকাত তাড়ানো মন-গোনে
নির্জনতা চাঁদের কেনায় ঢিলে দিতে জানে ধ্রুবতারা।

কবিতা কোথায়

দিগন্ত চট্টোপাধ্যায়

কবিতা আমার হেঁটে গেছে
মধ্য এশিয়ার রুক্ষ ধূলোয়
চাবুকের উৎফুল্ল শব্দ জুড়ে
কারাভানের দিগন্ত বিস্তৃতি
উত্তাপ-অনুভব-অন্বেষণ
নিশ্চিন্দিপুরের আম্রকুঞ্জ
অথবা তাকলা মাকানের অবোধ মরীচিকায়..

যেদিন দেখেছে প্রতিরোধ
বৃটিশ গারদনা থেকে একুশে সুকান্তে—
মুষ্টিবদ্ধ চেতনা—আগ্নেয়ী চিতা
বিপন্ন সভ্যতা বলসেভৈশনে—
পরম পাথেয়র নিরন্তর অনুসন্ধান
রুদ্ধ জিনান শঙ্খচিল আস্বাদনে—
বিপ্লবী দলিল নাচে অজয় কূলে
জয়দেব কি মোহনে মাতাল
কৃষ্ণতনি হরিণ চোখে কৃষ্ণসাগর উপকূলে
রবির ছন্দে ছন্দেও উথাল পাথাল..

এখনো ও ঘোরায়
কলমতার আঁচলে পৌষালী হাওয়ায়
ফাউল নদী—অন্তিম বেলায়
জানো সে কোথায়—
শ্রান্তি ক্লান্তিদের সংঘাত
সরলীকরণ—রক্তস্রোতের মেরুপ্রবণতা—
না।—চাই না তাকে ফুঁড়ে
দুর্বৃত্তবন ফ্রেম ছেড়ে দূরে
যোলো থাকবো বসে
ভরা বৌদ্ধ বিহারে
ওঙ্কারি পদ্মে যোগাসনে
ভবাকুসুম সকালে...

অগোছালো পঙ্‌ক্তিমালা

শান্তনু চট্টোপাধ্যায়

স্মৃতির ক্যানভাসে শুভ্রমুখ, জীর্ণশরীর, ছিন্ন বসু
যারে কত কি যে এলোমেলো ভাবে ভেসে ওঠে।
কোনটা থেকে যায় চিরস্থায়ী ভাবে,
কোনটা ক্ষণস্থায়ী হয়ে মিলিয়ে যায়.....
কথাগুলো লিখতে গিয়ে কিরকম অগোছালো, এলোমেলো, কিন্তু-বিহিন হয়ে যায়।
সাজানোর ভঙ্গিটা ঠিক বুঝে উঠতে পারি না।
তবুও লিখি, লিখি আশা-নিরাশায় ছবিগুলিকে সাজিয়ে তোলার জন্য।
কখনও ছন্দ দিয়ে, আবার কখনও ছন্দ পতনের মাধ্যমে সৃষ্টি করার প্রয়াস
কবির কল্পনাতে সেই ক্ষণে অনুভূতি
ধানক্ষেত, শঙ্খচিল, শালুকেওড়ার লতা, বেহুলার স্রোত হয়ে ভেসে যায়।

মিটিং-এ, মিছিলে, রাস্তার মোড়ে মোড়ে
দাঁড়িয়ে থাকে এক-একটা জীবন্ত কোটেশান হয়ে।
পতাকার রঙে নিবেদিত মাথায়, অর্জিত ছেড়া গেঞ্জিগুলোর পাশঁড়িতে
সযত্নে মুখর হয়ে ওঠে সেই লাইনগুলি।
চেতনার প্রত্যুষকাল থেকে দেখেছি বৃদ্ধ, মধ্যনারী, শিশুকে
রক্তোৎপলো রাস্তা ভেসে গেছে লাল আবির গোলা জলের স্রোতে
(রক্তনাম তার)...
কাটাশাল, চোরা পুকুরে ডুবে থাকা
সতীশ, নিখিল, অরুণ, কিরণ ইত্যাদি অনেক তরুণের
অবুঝ ক্ষোভ, অসহনীয় বেদনা, পুঞ্জীভূত অসন্তোষ...
আর, লাল কালী ঘরের নৃশংস ভোতা ছুরি
আমার কবিতার লাইনে এসে আড়াইটে তিনটায় ঘড়ির ঘন্টা বাজার শব্দে,
পাড়ার নেড়ী কুত্তাদের দুর্বোধ্য ঘেউ ঘেউ ডাকে—
"ব্রতী'র মার কানে পৌঁছেছে বটে—কিন্তু অনেক, অনেক পরে

এখন নতুন রঙে বড়ো বড়ো রাস্তাগুলো সুশোভিত হচ্ছে।
হয়তো কার্পেটের ওপর দিয়েও বয়ে যাবে মানবের মতো গাড়িটা,
ভিতরে এ. সি. ; জনশেষক মধ্যে আদর্শবাজির লোভী শরীরটা
কুর্তার নীচে নিজেরে আড়াল রাখবে।
কিন্তু ঐ গাড়ির চাকাও চাকার সন্ধানে পাতা দামী কার্পেটের নীচে
একদল কান্না, দর্শীদের হাহাকার, কিরণের অসহ্য যন্ত্রণা,

নিখিলের পুঞ্জীভূত ক্ষোভ-
অগ্নিগর্ভিত ভাবে যুগে যুগে নিরোজ্জিত হবে যাবে,
'স্তব্ধী'-কে আবারও '১০৮৪' নম্বরে লাশকাটা ঘরের কোণে পচতে—হবে
দিনের পর দিন
আমার কবিতার লাইনে ভেসে আসে
শতাব্দীর পূর্বেকার সমাধির ভিতর থেকে ঘুসেদ্ কন্টের আওয়াজ
:
"আ.....হ্ব.....আ.....
যতই অত্যাচার করো
তবু ও মানবো না তোমার
অন্যায় শা.....সে.....নে.....।"

ভাসান খেলা

পুণ্ডরীক চক্রবর্তী

মতিচ্ছন্ন সময়ের হাতে
হাত মিলিয়ে ন্যাখো
মানুষ ক্রমশ একা হয়ে পড়বে।

শূন্য আকাশের নীচে
সংক্ষিপ্ত হাসি, কথা
নিঃসঙ্গতাকে দ্বিগুণ বাড়িয়ে দেয়।

ভুল পথ, ভুল নারী
ভুল পুরুষের হাত ধরে
রক্তের ভেতরে হাবুডুবু খায় ঈর্ষা....
বোধবুদ্ধি দুই হারিয়ে
দুর্যোধনের মতন ভাসান খেলায়
মেতে ওঠে জীবন।
উজ্জ্বল প্রকল্প নিয়ে ন্যাখো
কারো কোন মাথা ব্যাথা নেই।



সামাল সামাল

স্বপনকুমার রায়

মনটা যখন বলল আমায় যত পারিস কাঁদ
দমকা হাওয়ায় পাল ছিঁড়ল,
ভাঙল নদীর বাঁধ।
এখন সবই জল থৈ থৈ নেইতো কোথাও ডাঙা
সামাল দেওয়া কষ্ট ভীষণ,
ঝড়ের খুটি আঙা।।

মনটা আবার বলল যখন যত পারিস হাস
আসবে ছুটে ফাগুন হাওয়া,
কাটবে আমার মাস।
এখন আমি সব হারিয়ে খুশি ভীষণ খুশি
মনের গভীর কারাগারেই
দুঃখটাকে পুষি।।

সেই রমণী নিরদয়া

শৈবাল চাকী

ঘোঁড়া ঘোঁড়া স্বপ্নের ঘন জলরঙী ওড়নায় যাদো অনাবৃত কে ছিল
সে ঠিক চিনতে পারিনি তাকে—কিন্তু সে এসেছিল—
জানিনা মোমমোম মার্বেল পায়ে সে ঘুঙুরের শব্দের ঝড়
নিষ্ঠুর কেন তুলেছিল। সোনালী জরির বুটিদার উড়ছে লাল
কাঁচুলী তার, মখমল শ্রীবার হেলদোল, কীজানি কে ছিল
সেই এলোকেশী যুবতী রমণী। কারা যেন, কারা কারা যেন,
দুঃসাহসের কাণ্ডা উঁচিয়ে তাকে ঘিরে ভিড় করেছিল যেন
কালো সেই, কালো কালো মানুষের সেই দেশে হীরের খনির
খোঁজে বা সোনার টানে উন্মত্ত আগন্তুক ছুটে আসা, দিশাহারা
পথাচিক বা অন্বেষীগণ। তার সেই পাণিত হাসির শব্দে
বা চকিত চাউনিতে শরবিদ্ধ অনেক হৃদয় আহত হ'তে হ'তে
হাহাকারে হারিয়ে গিয়েছিল। স্বপ্নে সেই স্তনবতী আজও
মাদলের নাকি ঠিক কী সেই রাগ শোনাতেই থাকে
আকাশে, পাতালে, নদীতে, মরুতে, কর্ণা, পাহাড়, অরণ্যের
বাষাবর আলো অন্ধকারে বিস্তৃত যা।

আমি কি ঘোরের মধ্যে আছি?
আমি কি ধোঁয়ার মধ্যে আছি? ধোঁয়া-কুয়াশায় আছি?
সময়ের সার্কাসে খেলতে খেলতে, খেলতে খেলতে, খেলতে
খেলতে এই চিরঞ্জেবী নটজনু আমি এখন কান
পাতলেই শুনি অজস্র শুকনো পাতার মত জমে থাকা
স্মৃতিতালির বুকে পা ফেলে ফেলে সে আসছে, সে
আসছেই আমাকে নিতে। কে যেন বেহালায় ঝড় তুলছেই।
অথচ এখনও স্বপ্নেও সেই ঘরে বসে অনন্যা সুন্দরী আনাগোনারী।

ভ্রমণ

প্রত্যুষপ্রসূন ঘোষ

পশ্চিমদিকে বনের উপর থেকে ঢলে পড়ছে দিন শেষের সূর্যের রক্তিম আলোর রেখা। তার আলোর বলয় একদিকে ঘিরেছে আকাশকে, আর একদিকে নদী মাঠ বন আর বেড়াতে আসা নারী পুরুষদের। সেই সাথেতন আমাদের দুঃখসুখ স্মৃতি অভিজ্ঞতা জড়ানো। একটানা চিন্তা ও ভিন্ন ধরনের উত্তেজনার হাতুড়ির পিটিনির বাইরে এসে পড়েছে আজ।
নানা ধরনের ভাবনার মাধ্যাকর্ষণের বাইরে এসে ভারহীন হয়ে যাব আসা ও অস্তিত্ব, মানুষজনের তুচ্ছ অতিতুচ্ছ ঘটনাক্রম মুছে যায়। শুধু একটা অনুভূতি অনুচ্ছ আনন্দ ধূপের ধোঁয়ার মতো ঘুরে বেড়ায় পাতার শব্দে হাওয়ায় হাওয়ায় প্রজাপতির রঙিন পাখার ছবি হয়ে কাঁপতে থাকে, আমনা ভ্রমণ শরীর মন।

দানো

তপন চক্রবর্তী

দেখছি না এমনতো নয়
দেখতেই পাচ্ছি তুমি ধীরে ধীরে উলঙ্গ হচ্ছো
অপেক্ষায় আছি কবে বের করবে মুলোপনা দাঁত

কবে আসবে ঘন্ত ওরে নিতে।

যদিও এখন তুমি প্রাণপনে মুখোস আগলিয়ে
জলছিয় তক্তি নিয়ে মঞ্চে দাঁড়িয়েছো
তাই দেখে কেউ কেউ আশ্বস্ত আপাত
বুক থেকে ছুঁড়ে দিচ্ছে ভয়ের কুণ্ডলী।

তুমি চাইছো আরো আরো অসতর্ক হোক
লক্ষণরেখার গণ্ডি পার হয়ে গেলে
টেনে নেবে প্রবল আক্রোশে
তারপর মৃত্যুদাঁত বসাবে গলায়।

দেখছি না এমন তো নয়
দেখতেই পাচ্ছি তুমি ধীরে ধীরে এগোচ্ছো সেদিকে।

আত্মহনন

বিরূপাক্ষ পাণ্ডা

তারা ভরা রাতের ঘরে
আমি গড়েছি আর্দ্রতার জতুগৃহ
জোছনা ভরা বসন্ত মাসে
খুন করেছি হাসির শরীর
পিছু পথে হেঁটে যাচ্ছে।
আমার বেঁচে ওঠার স্পর্ধা
আমি আজ ভালবেসী কবিতা সমগ্র।

বিশ্বাসের আলো

শিশির মিত্র

মনীষা তোমার আলো দেখে
বিপন্ন হয়েছি প্রতি দিক নই
তবু আসি সনবেকা অসময়ে
তোমাকেই খুঁজি—
ভুল ভাঙে অন্ধকার কমে
নূতন নূতন করে পৃথিবীকে চিনি।
মনীষা তোমার আলো যদি
নরম কোমল হতো, স্থির হতো
'উত্তরা'র আলোর মতন।
উত্তরার কাছে আমি নিজে
হতে পারি
সে শুধু হৃদয় জ্বালে সহজ বিশ্বাসে
তুমি তো দাড়াও খুঁজি
করে তোল তীব্র অহঙ্কারী।

যক্ষিণী

চিত্ত মণ্ডল

তোমার আত্মানা থেকে একচুলও নড়বে না জানি,
যক্ষের সাধের বাস গিনিসোনা আসলে তুমি
শরীরের চর্বি বাড়াও।
জনকে ঘিরেছ পর্দায় কৃত্রিমতার নকসাকোটা ফুলে,
দরজায় খিড়কিপথে বসিয়েছ তাঁটা আকটাস।

তুমি তো গিয়েছ বনে, পাহাড়ে, কখনো বা
সমুদ্রে ভিজেছে তোমার নগ্ন পা, গভীর আয়ত চোখ
তবু তুমি যক্ষিণী মননে, মগজে।

যে অরণ্যে ঘুলো হাওয়া, শব্দ নেই পরিযায়ী পাখির,
যে জলে ভাসে না জোৎস্না, উষ্ণতা ছড়ায় না সৌততা
যে পাহাড় ডাকে না জীবন, নেচে না ঝরা মোহ গ্লানি
যে সাগর বালুচর, বানভাসি তোলে না ঢেউ শরীরী কামনার,
সে জমিতে কেন তুমি গৃহচারী কিন্নরীর মত পরজীবী
বুকের কষ্ট ঢেলে দিনদিন বাড়াও নিয়তি।

যে মনে লেগেছে ফাগুন, যে মনে লেগেছে
অগুন সর্বনাশা পরকীয়া রাধার শরীরের,
যে মনে পড়েছে ছায়া কালীদহের কৃষ্ণনীলজলের,
সেই দেহে, সেই মনে নিরন্ন মৃত্তিকার চাষবাস কর
যক্ষের যক্ষিণী হয়ে বাস্তুঘুটার আড়ালে
শস্যহীন দখনী সম্ভব!

নিয়তিকে ভালবেসে পদ্মের মত সাজিয়ে পসরা
যক্ষিণী নারী তুমি বাজিকরের হাতের ইশারায় শুধুই নাচো,
হাসো কিংবা পকেবনে এখনও শরশয্যায় ফিরে যাও উজ্জয়ীনীতে
হৃদের পৌরাণ
লেগেছে ঘুণ,
যক্ষিণী এবারে
ঘুমার খোলো।
উঠেছে ঝড়
করেছে বৃষ্টি
এবার মোক্ষম খোল।

নদীরার যক্ষের শব ভেসে যায়।



সাগর

চন্দন সেনগুপ্ত

জীবন ভেঙে যায়
একের পর এক
সরে যায় স্নেহ
সমুদ্রে কাছে চায়
আশ্রয়।
আশ্রয়হীন / ভাসাকুল
আবর্তাহত
নীরব দু ফোঁটা নোনা জল
নালিশ জানায় না
কেবল অপরাধীর মতো
চেয়ে থাকো।
জানেনা অপরাধের নিয়ম
শুধু সাগরের নিয়ম
চেয়েছিল তার বিশাল জলরাশি
জলরাশি।
নিজের করে।
সমুদ্র ছিল তাকে দুফোঁটা
নোনাজল
লাগ না লাগা এক মন
দু ফোঁটা নোনা জল
নীরব নোনা লাগ
রেখে যায়।

২

তোমার উন্মুক্ত বুকে
আমার তৃষ্ণার্ত ঠোঁট
খুঁজে সবে শুভ্র রাশি রাশি
তোমার সকল প্রস্তুতি দিয়ে
আমায় ঢেকে ফেল
তোমার বিছানো নির্ভর
বালুকাসনে
একাকী আমি নতজানুহয়ে
উপাসনা করি।

সেখানে রাতনাই, দিননাই
রূপ নাই, অস্তি চর্ম নাই
এক বৈচিত্র্য
কেবলই অনুভূতি।
নীল আর নীলাচল
আমি ভালোবাসি।
শুধু ভালোবাসি।
ঈশ্বরের চেয়েও দেখি ভালোবাসা
তার একটি নাম সাগর।



৩

সেদিন প্রথম দেখা তোমায়
তাজমহলের থেকেও ছিলে
বিস্ময়। ছিলে আবেগতরা
বহুদিন থেকে তোমায় জানি
তবু দেখিনি কখনো
হয়তো ইচ্ছাই ছিলো না
সেদিন যখন একাকী দাঁড়িয়ে
তোমার দুয়ারে
তোমার আহ্বান উচ্ছ্বাসিত
আমি নিষ্কলঙ্ক চোখ দেখেছি
ভোরের ত্রিলিটানে
স্নিগ্ধতার লতার গভীরে
হারিয়ে যাওয়া বহুদূর দেশের
অজানা পথের নির্জনতায়
হাতে হাত রেখে
নীল হৃদয়ের ভয়ঙ্কর স্নিগ্ধতায়
তোমার গান গেয়ে যেবে
এক পথীর কবি।
সাগর তাকে মনে রেখো।

৪

যেদিন তুমি জন্মাওনি
যেদিন আমার পদচিহ্ন পড়ে নি
এ মাটিতে, তোমার সৃষ্টি
আমার পথ চলা।
রাজপ্রসাদ হতে যাত্র পথ ধরে
ধূলোমাখা গায়ের বুনোঘ্রাণ বেয়ে
সোনালী খেতের ভাঙা সিঁড়ি ভেঙে
কতদূর, কতপথ, কত ছবি গেছে ডুব দিয়ে
সবে যাওয়া নিস্তব্ধ রাত্রি
গান গেয়ে ওঠা ভোরে বাগানবাটি
নির্জন দুপুরে, একসুরে ডাকা
কোন ফেরিওয়ালা।
বাকি সময়। জীবন কষ্ট,
ছুটেছি বেপরোয়া বন্য ঘোড়ার মতো
ঘুরেছি বেদুইনের মতো
পূর্বের লাল সূর্যটা আমার চাই
কিছু চোরা গোপ্তা অন্ধকার, বন্ধুকের নল
পিচ্ছিল রাস্তা
শিকের ভেতর অন্ধকার ঘর
চিৎকার করে বলেছিলাম সূর্যটা আমার চাই

তারপর কখন যে সময় গেছে কেটে
অনাচাই, বস্ত্রচাই, বিদ্যাচাই
পুরোনো হয়ে গেছি আমি

আজ কোন এক অপরাহ্নে
আমি শুনেছি আমার নাম

আমার নাম ছুয়ে কে গায়
চোখ মেলে দেখিনীল সাগরের
ভেঙে পড়া ঢেউ
অনেক পথ চলা পথ ধরে
আমি এসেছি সাগর পাড়ে
লাল সূর্যের ঠিকানা পেয়েছি
আমার নীল সাগরের পাড়ে।

চারিত্রিক

প্রদীপ বন্দ্যোপাধ্যায়

তোমাদের অপোচরে ঘটে যাওয়া অনেক কিছুরই একটা-
আখিং দেশা।
বিশ্বজোড়া কাপে কাবা যেন পাকা বৈদ্যের মতো
অবলেহটি সেবন করিয়েছেন তোমাদের
শৈশব থেকে বার্ধক্য নারীপুরুষ নির্বিশেষে চাপা পড়েছেন এই অবলেহে
মুমূর্ষু রুগী ও সম্বিত ফিরে পেয়ে জানতে চায়
সোনার বুটটা এবার কার।
আদালতে বিচারক লাল কার্ড দেখিয়ে
মুলতুবি করে ওকালী।
তেতাল্লিশের বংশধরেরাও যেখানে হার মেনেছে
তোমরাতো কোন ছার।
সারা বছরের রসদ ওদের জোগাড় থাকে
কখনো দাড়িওয়ালা লোকটার তুলিতে
কালিমাখিয়ে সর্বাঙ্গীনকে সাজায়
'বৈজ্ঞানিক'-ব্যাখ্যার হাতিয়ারে
'বিশ্বসুন্দরী' নামে সাংস্কৃতিক ঐতিহ্য দিতে
ওরা কুণ্ঠা বোধ করেনা কখনো
মুক ও বধির কিছু জড়ের বুকে ভাষা দিয়ে
এগিয়ে চলে অভিষ্ট লক্ষে।
এগুলো সবই ওদের পাঁচন তৈরির উপকরণ
সবাই ধর্মান্ধতার জালে ঘিরে
ভাঙতে চায় তোমাদের মেরুদণ্ডগুলো
ভাত-পাতের মোক্ষম অস্ত্র দিয়ে
দু'হাতে দুর নেয়-প্রণ জুড়োনো ঠাণ্ডা বাতাস
আর, চোবা-চোবা-লেহ্য করে উপভোগ করে
কাঙ্খিত মসনদের আরাম।

কথা

সৌরভ চট্টোপাধ্যায়

আলোদণ্ডে জমে আছে ঘুম জেনেও
আকাশ প্রহরীরা চোখ মেলছে না এ কার্ফুনির্জনে
অন্ধকার নিভে যাবে শতচ্ছিন্ন সজলের আগেই
নইলে মনখারাপের রক্ত ও সরিসৃপ হ'য়ে
ভুলে দেবে আলোদণ্ডের ঘুম
ছেয়ে যাবে সমস্ত মানবের মুখ।

মৃণাল সেন-৭৫

উদয় দাশগুপ্ত

ইস্।
হোমাব জেনে গেছো আমার বয়স
রাতভোর আকাশ কুসুম ভাবনায় প্রতিনিধি
হয়ে ছিলের ধাইপে শ্রাবণে
চেতনার কোরাস সংগীতে
নীল আকাশের নিচে।

হুম, কলকাতা একাকার।
ভুবনায়ন স্বপ্ন-দুঃস্বপ্নের দিন।
এখন আকাশের সন্ধানে একদিন প্রতিদিন
অন্তরীণ পর্দা বেঁচে আছি স্বগতভাবে।

তবু একদিন হঠাৎ স্বর্গ দুয়ার
স্বপ্ন এসে দাঁড়াবে পঁচাত্তরের যৌবনে—
ঘুম ভাঙে
নতুন মধুপৃথিবী।

আমার বন্ধু

রীতা মিত্র

আমার দোষ দিও না বন্ধু
তোমার ভালবাসি বলেই
বাঁচার জন্য করি সংগ্রাম
লড়াই করছি অন্যায় করার বিরুদ্ধে
লড়াই করছি নিষ্ঠুরতার বিরুদ্ধে,
প্রতিজ্ঞা করবই সত্যকে,
মহাশূন্যতার মাঝে তোমা তারার মতো।
বাঁচতে চাই না আর
জীবনকে বাঁচিয়ে তুলতে সবুজ নদীর মতো,
ফুলে, ফলে, রসের গন্ধ পেতে
সে অধিকার ছিনিয়ে নেবে এবার।

দোষ দিও না। ক্ষমা করবেও না,
জন্মেছি একবার যখন
সৃষ্টির একাংশ হয়ে বাঁচতেই হবে,
বন্ধু, আমার হাত নাও তোমার হাতে।

পোখরান : এক রাজকীয় ছলাব

অমিতাভ দাস

ইতিহাস। নিশ্চিত পুড়ে গ্যাছে ধূলোবালি
এখন ক্রোবিন সকাল পেরিয়ে চিতাকাঠ
গুলপিণ্ড জ্বলে আছে দাউ-দাউ, অকারণ
শত্রুতা। রক্তমাখা হাত। ছয়কোটি বর্ষিণ
রাজকীয় মেধাবী ছলাকলা জানে খুব

তাবণর বিষ জাগবণ। নিজেদের আত্মহনন
কিভাবে মেনে নেবো পবমাণু নিউট্রন
শ্রীবরতা। পাণ্ডুলিপি তবে ওঠে, ঘুলঘুলি
চোরানো দুহাতকাব। মাটি ও শব

মহাভারতের আকাশে বাতাসে

প্রতিম সরকার

সহজ জীবন সহজেই নীলামে উঠে গেছে
গোপন কুরুক্ষেত্রে জন্ম নিচ্ছে ষড়যন্ত্রের বিষবৃক্ষ।
চিৎঅবে ওই কাঁপায় মেদিনী দ্রৌপদীর রুদ্ধ কাতরব
ওই আকাশে তোলে দৃষ্টি দ্যূত
কাকস্য পরিবেদনা
স্মিত হাস্য কৌরবের
যৌন গুজব মোনালিসা সভাগৃহজুল
আশ্চর্য পক্ষপাতে পঙ্গু ধৃতরাষ্ট্র
লজ্জিত পাণ্ডবের বজ্রমুষ্টি হয়ে যায় অসহ্য বৃহকম্পন।
মহাভারতের আকাশে বাতাসে
ঘুনের বেলুনে কে মোহাবে অনাগত
পবমাণুব বিষ প্রসাধন।

দ্বৈত সংগীত

যশোধরা রায় চৌধুরী

যেখানে যেখানে যাও, বুঝতে পারি। একা থাকি বলে
জানি যে তুমি যে শূন্যে বিচরণশীল
সে শূন্যে সম্পর্ক আছে, শীতল রাখার
দৃষ্টি অনুভূতির সেই সীমা আছে, সোজা রাস্তাঘাট

আমার মাথার ঘরে শিরাশিরা করছে বিবাহতা
না, কথাটা ভুল হল, বিবাহতা নয়
সময় যে নেই তাই উপদ্রব, সংক্ষা, পরিসীমা
দ্যূতখেলানোর কষ্ট, ভুল বোঝা, রাগ, নিরুত্তাপ...
দৃষ্টি অনুভূতির বাধা লঙ্ঘন, লঙ্ঘন

সবকিছু থেঁসে তবু অন্তর্দৃষ্টি ও ভয় দেখা করে
দুশ্চিন্তারা বেঁকেচুরে যায়

তবুও তো শেষপর্যন্ত বুঝতে পারি, স্পষ্ট হয়, মাধা-পরিশ্রম,

তবুও তো শেষপর্যন্ত বুঝতে পারি, তুমি
কোথায় কোথায় গেছ, কি কি ভাবে ভেবেছো আমাকে।



ফটো

শংকরনাথ সেন

এই যে, দাদা, কোথায় চলেছেন?
গলায় ঝুলছে ক্যামেরা দুলিয়ে
বুকের মাঝে ক্যামেরা দুলিয়ে—
একটা ফটো তুলে দেবেন?
না, না, পাসপোর্ট নয়।
সে অনেক আছে—
লেগেছে নানান কাজে—
ব্যাঙ্ক অ্যাকাউন্ট, পাস পোর্ট
এখন দরকার ফটো—
ভালো একটা পোট্রেইট, সেটা
হাপবে কাগজ, বিশেষ পরিচয়ে
না, এখনি নয়,
পরে কোন একসময়।
ঠিক, কি রকম?
বোঝাতে পারব কিনা!
সেটা ঠিক জানি না।
ধরুন, ছবিটা হাতি আসল,
অন্তত মাপটা আসার
আটত্রিশের মত যেমোদাগে
উচ্চতা বাড়িয়ে
ধরে নিন, পথের ওপর দাঁড়িয়ে
মোদ্দা কথা, দেখে যেন ভাল লাগে।
তিনা.....
হয়ত বসতেই কম চলে যাবে
আপনার কাছে রঙীনের ফিল্ম তবু আছে।
রঙীন তো ভাল—
সাদা-কালো
সেটা যেন কেমন,
চলে ও না তেমন
কিন্তু পুরানো এ্যালবাম
ঘাটতে গিয়ে,
শৈশবের কালো-সাদা ছবিগুলো
মনে করিয়ে দেয় সেই দিনগুলো।
সেই, সেতারে বিয়ের পরে পরে
সেতারে ছবিমুনে গিয়েছিলাম দেওঘরে—
সবার তোলা ছবি : এখনো আছে কি
ঝাপসা হয়েছে একটু ফিকে।
তখনও কালো-সাদা তোলা
সে সব দিনও তবে যায় না তোলা
কিন্তু সে তবো কেমন যেন রঙীন
জীবন ছিল এমন দিন
অন্য সব তুচ্ছ, হীন—
আমার জীবনে সবকিছুই রঙীন।

পরমানু বোম ফাটিয়ে করছে কারা গর্ব

সমর পাল

একশো দিনের ধর করে তাই
গোখরানে হয় গর্ব।
গর্ব থেকে করতে সিজার—
অটল থ্রেন কাঁচি
বিস্ফোরণের ফলে এখন
জামরা সবে বাঁচি।

স্বপ্নের পাখীরা

বিপ্লব মুখোপাধ্যায়

স্বপ্নের পাখিরা শুধু আকাশে ওড়ে না
তারা সব জানা মেলে
মানুষের চেতনার গভীরে ;
মস্তিষ্কের কোষ হ'তে কোষে কোষে
অপূর্ব দ্যোতনা।

স্বপ্ন শুধু স্বপ্ন হয়ে দেখা দেয়
নোতুনের গর্ভ দানে
নোতুনের জীবন কল্পনা।

এখন সবর
শুধুমাত্র ব্যস্ততায় নিমগ্নে নিবিড়,
যন্ত্রের সভ্যতা দেয় যান্ত্রিক বিন্যাস
লাভ-ক্ষতি টানাটানি
হিসাবের কাথিতে গোধূলি
বুকে নিয়ে দিতে চায়
জীবনের নোতুন মহিমা,

তবু জানি
স্বপনরা দিয়েছে জন্ম আগের সভ্যতা
স্বপ্নের পাখিরা জানি,
মানুষকে নিয়ে যাবে
সমন্বয় নোতুন প্রভাতে
মানুষের নবজন্ম হবে
লোভ হিংসা দ্বেষ মুক্ত নোতুন পৃথিবী
হাসিমুখে দেখা দেবে
নব সূর্য রাগ।

পরশমণি

পার্থজিৎ গঙ্গোপাধ্যায়

হে সময় কথা কও,
ফেলানো বারুদ নও।
নেই আগুনের হাত,
হাত ধরি, হাতে হাত,
কণ্ঠে কোথায় ভাষা
দাও না উল্টে পাল্টা।
যান্ত্রিকিকের প্রাচ্য,
ওর মুখে দাও কাঁটা।

হে সময় ওরো ফাঁসে,
কী হবে নিকেতে মুখে?
পালায় মুড়ুং পাখি,
কে কোথায় এসো, ডাকি!
বারুদ না ঘটাই ফুর্তি,
দেওয়াল তুলি, রুখি।
পশ্চাতে ওর ঠেকো,
নও তুমি নও একা।

হে সময় কথা কও,
ফেলানো বারুদ নও।
এসোনেলো ফেলে ঢেউ,
পৃথিবে তো নেই কেউ!
আগুনের হাতে সেঁকে,
কও বলে যাবে কে কে।
হাত ধরি, হাতে হাত,
কেউই দেখেনি তা।
যতি বৃদ্ধ মেহগনি কখন যুবক বৃদ্ধ হয়ে সেই স
নতুন পাখিদের দিয়েছে আশ্রয়
তাও কেউ দেখেনি সমোবে।
বিদুল জ্বর আজ ছেড়েছে আমাকে..

আজ বড় মন ভালো আছে।

সেই সব পাখিরাও এখন
গোধূলের কাজে নেমে আছে।।

মানুষের বিশ্বাসেই

বিশ্বনাথ মাঝি

সময়ের হাতে বাঁধী বেঁধে
এই তো পথচলা
সময়ের প্রতি বিশ্বাস রেখে
মানুষের সাথে কথা বলা।

ও নদী, এই আঙুলে ছুঁয়েছি তোকে
তুই পুণ্যতোয়া
মানুষের বিশ্বাসে আছে গভীরতা
জ্যোৎস্নায় চাঁদোয়া।

বুদ্ধমূর্তির নিচে

গোষ্ঠবিহারী খাঁড়া

ফিরে যেতে হবে
একা একা ফিরে যেতে হবে
শুধু মাঝখানে ঐক্যের সূত্র ধরে নীল গ্রহগুলি
দাঁড়িয়ে থাকে।

অনল-বিলাসী সময়ে
সময়ের পিঠে কাটা-ছেঁড়ার দাগ
মসৃণ চর্বির ঔজ্জ্বল্যে গন্ধে কখনো
এলোমেলো আঙুলগুলি মাতাল নৃত্য করে।
বন্দুকে শূন্যতায় পাহাড় ভিড়িয়ে
বিবর্ণ একা ঠিক ঠিকরে ঠিকরে উড়ছে

মধুর গতির গোধূলি আর
পিপাসার ঘোর অন্ধকার
ভাঙা-ভাঙা বুটজুতোর শ্রেণী—
হাড়-ভাঙা মানুষের কপালে
যে চিহ্ন এঁকে দিচ্ছে প্রতিদিন

তার বুদ্ধ মূর্তির নিচে
আমার শবদেহের প্রতিমা
সটান খাড়া তালগাছের মত দাঁড়িয়ে আছে
পাশ দিয়ে বয়ে যাচ্ছে
শত হাহাকার, শত নিদ্রা মগ্ন প্রাচীন এক
ভাঙার ধ্বনি....

তোমাকে অনেক কাল দেখিনি

দিলীপ চক্রবর্তী

অনেক বসন্ত চলে যায়
কালো পৌষ সাদা হয়
তোমাকে দেখিনি কতকাল
ভোর হ'লে রক্ত এলে যায়
অথচ—
তোমার দু'চোখ দেখে দিনের শুরু
শুরু শুরু মেঘ ডেকে যেত
কতকাল হারিয়ে গেছে যে ডাক
জীবনের অজস্র শ্রাবণে
আজ—

ঠিকানা

শিবব্রত দেওয়ানজী

ভালবাসার মানুষ কেমন দেখতে জানি না
ভালবাসার কথা কিভাবে বলতে হয় জানি না
একজন ভাললাগা মানুষের মনে
কণে থেকে--
তালি-তালি সবে খুঁজছি
না-পেলাম না
'কোথায় তারে খুঁজে পাবো'
তার কি অলৌকিক শরীর
সে কি দেখতে পাবালো নেকড়ার মত—
হয়তো বা তাই
কিংবা অবিকল তার মুখের মতন মুখ
যে মুখে আনন্দের গান শুনি
সে কি ভালবাসার মানুষ ;
প্রতিদিন জন্ম নেয় পৃথিবীতে
না গণিত মানুষের মধ্যে
তার অস্তিত্ব সতন্ত্র!

হে শ্রম, হে সম্পদ

বসন্ত সরকার

হে তোমায় বলেছে সুন্দর
সম্বোধিত হও!
কার তরে সদাই চঞ্চল তুমি উন্মন হয়ে রও।

তোমাকে স্পর্শ করে আমি অনুভব করি
সদ্য সূর্যের প্রচণ্ড উত্তাপ!
তোমার পাশে দাঁড়িয়ে আমি শুনি
অগ্নিপাতের শব্দ ; দারুণ বৃষ্টিপাত।

যে তোমাকে বলেছে প্রখর দীপ্তি,
জ্বলন্ত হও ;
কার তরে সদাই চঞ্চল তুমি
শ্বরণের দিকে চেয়ে রও?

আমি তো আকাশে দেখি
গ্রহ, নক্ষত্রের ধ্রুবপাত—
আমি তো অন্ধকারে শূন্য হাতে ফিরে যেতে যেতে
তোমাকে স্পর্শ করে অনুভব করি প্রচণ্ড উত্তাপ।

তুমি কি আমার নও?
কেন তবে উন্মন হয়ে রও প্রগাঢ় আলিঙ্গনে!

শুভাসিনী

অশোক ভট্টাচার্য্য

১

[illegible]
[illegible]
[illegible]

থার্মোমিটারে দিতে ঘাম দেখা। ও সবের আর বালাই নেই। কপালে হাত দিয়ে ছেঁচকু ছোঁয়া আর সে টুকুই যথেষ্ট। কপালে এখন আর হাত ছোঁয়ান যাচ্ছিল না, এত গরম। নিমাই, মার মাথার কাছেই বসেছিল। বিধির ছেলেমেয়ে ও-ও একটা নেকড়া ভিজিয়ে মার কপালের উপরে বিছিয়ে দিয়েছিল। আর একটা ভাঙা পাখা নিয়ে হাওয়া দিচ্ছিল মাথার। অনভ্যাসে আর বাসী ঠোঁকা লাগছিল মার মাথার দিকে তাকিয়ে। মানদা নীর্ব হাতটা উঁচু করে বলার চেষ্টা করছিল—'থাক বাবা, আর হাওয়া করতে হবে না। আমি একটু ভাল বোধ করছি।'

ভাল যে সে বোধ করছিল না তা নিমাই ওর অস্ফুট মুক্তিতেও বুঝতে পারছিল। তাকিয়ে তাকিয়ে সে দেখছিল মার চোখ দুটো কেমন যেন ঘোলাটে হয়ে আসছে। টলমল-টলমল করে ঘুরিয়ে ঘুরিয়ে দেখছিল চারদিক। নিমাই একটু ভয় পেয়ে গেল। মা মুখের কাছে একেবারে মুখ নিয়ে গিয়ে জিজ্ঞেস করল, 'মা বিধিকে খবর দেব? বিধির কথা শুনে মানদা স্থির হয়ে গেল। কি উত্তর দেবে তাড়াতে তাকেই দৃষ্টিটা ঘোরে পড়িয়ে পড়ল জল। শেষে নিজে ঠোঁট কামড়ে বলল, 'না বাবুখে। তাকে ডেকে আর লাভ নেই। শুধু-শুধু তার ঘরটা আবার ছড়িয়ে তুলব।'

নিমাই মায়ের চোখের জল মুছিয়ে একটা হাত আকুল মানবার মাথায়। আঙুলগুলো দিয়ে চুল নাড়তে নাড়তে বলল। 'তোমাকে কি ওষুধ জানব না। ডাক্তার ডেকে তো তুমি কোনদিন জানতে দাও না।' মানদা এত কষ্টের মধ্যেও না হেসে পারল না। নিমাই ওর হাতটা কপালের কাছে থেকে টেনে নিয়ে নিজের হাতের মধ্যে এনে বলল, 'ডাক্তার। ও কি আর আমাদের জন্যে রে। ও সবের আর দরকার নেই। ওষুধ পত্র খেতে আমার আর ভাল লাগে না।'

—'ওষুধ-টা খেলে অসুখ সারবে কি করে? এবার যে তোমার বড্ড বাড়াবাড়ি হয়েছে মা।'

—'বাড়াবাড়ি যার কি? এ আপনা আপনিই সেরে যাবে। এর জন্যে আর ওষুধ খেতে হয় না।'

—'না হয় না আমার, এমনি এমনি সারবে কিনা?'

—'আহা না, তুই অত ভাবিস না। তার থেকে তুই বরঞ্চ একটু জল দে আমাকে। বড্ড তেষ্টা পেয়েছে।'

—'জল।'

—'হাঁ, একটু জল।'

—'দিচ্ছি' বলে তাড়াতাড়ি উঠে গেল নিমাই।

বেশিক্ষণ আর ঘেরে হোল না। মাথার কাছেই জলের কলসীটা ছিল ঢাকা দেওয়া। ঘুমের মাথাটা বার বার গলা ওদিয়ে আসছিল, -মানদা নিজেই গড়িয়ে খাচ্ছিল জল। কখন যে জল ফুরিয়ে গেছে তার আর খেয়াল নেই। নিমাই উঠে কলসীর ঢাকা খুলতেই শূন্য কলসী টুন করে আওয়াজ করে উঠল। তবু ছেঁচকু তলানি জল ছিল তাই আস্তে আস্তে ঢালতে গিয়ে খানিকটা পড়ল মাটিতে আর খানিকটা পড়ল গেলাসে।

মানদা একবার তাকিয়ে মৃদু হেসে বলল, 'ঐ টুকুতেই হবে, ঐ টুকুই তুই আমার মুখে দে নিমু।'

নিমাই গেলাসটা এগিয়ে দিতেই মানদা নিমাই ওর হাতটা নিজের হাতের মধ্যে ধরে জলটা ঢেলে দিল নিজের গলায় মধ্যে। অস্ফুট স্বরে একটা স্বস্তির শব্দ বেরিয়ে এলো, 'আঃ।' নিমাই নিস্তব্ধ হয়ে ছলছল চোখে তাকিয়ে ছিল মায়ের দিকে। একটা অনির্দিষ্ট আশঙ্কায় কাঁপছিল তারকের কোমল হৃদয়। মানদা ধীরে ধীরে পাশ দিয়ে ক্ষীণ কণ্ঠে জিজ্ঞেস করলো, 'আজ তোর কিনু খাওয়া হয় নি। নয়রে নিমু?'

নিমাই কোন উত্তর দিল না।

খাওয়া যে হয় নি মানদা তা জানে। গতকাল বিকেল বেলা অন্ধকারের কাছে মল পৌঁছে, নিয়ে এসে সেই যে শুয়ে পড়েছিল, আরপর কি করে যে রাত কেটে সকাল হোল, আর দিন গড়িয়ে সন্ধে হয়ে এলো তার হুস নেই। কে যে কোথায় খেল আর কে যে খেলো না, তার আর খেয়াল রাখতে পারে নি। নিজের পেটেও পড়তে কিনু পড়ে নি। শুধু ছুয়ের ঘোরেই আর ঘরে জল গড়িয়ে গেছে।

পাড়া প্রতিবেশীরা যে কায় খোঁজ নিতে পারে। তাদের নিজের নিজের সংসার নিয়েই তারা ব্যস্ত। শুধু গোপালের মা একটু কড়া হাত-পা মানুষ বলে মধ্যে মধ্যে একটু আধটু খোঁজ খবর নিয়ে যায়। মানদা তাকেই একবার ডেকে আনবার জন্যে নিমাইকে বলল, 'গোপালের মাকে একবার একটু ডেকে আনতে পারিস নিমু?' নিমাই চুপ করে ছিল এতক্ষণ। মার কথা শুনে বলল, 'ডাকব। মাসীকে।'

—'হাঁরে, তোর মাসীকেই বরঞ্চ একবার ডেকে আন।'

—'আচ্ছা, যাচ্ছি, বলে উঠে দাঁড়াল নিমাই।

২

যেদিন বাড়ি ছেড়ে ভবে যে ওরা চলে এসেছিল, আর ভবে যে এ দেশে এসে আবার ঘরকন্না পেতেছিল নিমাই এর মনে পড়ে না। আজ হওয়া অবধিই সে দেখেছে তাদের ছোট্ট ভাঙাচোরা একটা ঘর। আর দেখেছে মাঝে সে, বিধি আর মা। মার কাছে মাঝে মাঝে গল্প শোনে, যে দেশ ওরা ফেলে এসেছে সে দেশে নাকি ওদের অনেক কিনু ছিল। খেয়াল ভরা গরু, পোষা ভরা ধান, পুকুর ভরা মাছ। আরো নাকি কত কি। নিমাই-এর এক এক সময় ইচ্ছে করে চলে গেলে হয় আবার সেই দেশে। কিন্তু মার কাছে কথাটা পাড়লেই মার চোখ যেন কেমন ছল ছল করে ওঠে। ঐ দেশ থেকে আসার সময়ই নাকি ওরা ওদের ছেলেবেলার মাকে অকালে হারিয়েছে। তাই ও দেশের নাম আর মা সহ্য করতে পারে না। মায়ের কষ্টের কথা ভেবে নিমাই আর বায়না করে না। ওরও বেশ মনটে বেশ তো আছে এখানে। কত পাখি ঘোরা, কত ইলেকট্রিক বাতি, কত বন্ধু-বান্ধব। কিন্তু নিমাই তবু বুঝে উঠতে পারে না। এসবের মধ্যে কেউও মা কেন দিনকে দিন ফিকিয়ে পড়ছে। একটা না একটা অসুখ তার লেগেই থাকে। আগে তবু বিধি ছিল, মার অসুখ হলে বিধিই সব ভার করে নিত। আজকাল আর তা হবে কি করে। বিধির যে বিয়ে হয়ে গেছে। এক মার বাড়াবাড়ি হলে গোপালের মাই ভরসা। গোপালের মাকে ওরা মাসী বলেই জানে আপন হাত পা মানুষ তিনি। আপদে-বিপদে পাশে এসে দাঁড়ান। তাছাড়া আরও দু একজন প্রতিবেশী আছে যিদের করে মানদা মাঝের সঙ্গে ডোর থাকতে উঠে কাজ ছেড়েছে। তারাও মধ্যে মধ্যে এসে খোঁজ নিয়ে যায়। কিন্তু মুসকিল হল তাদের ছেলেরা ছোট্ট ছোকরার আর। কাজ তাদেই দিলে চলবে কি করে? গোপালের মাও আর ছেড়েছে ওদের সাথে কাজে। গোপাল একটা কাজ পাওয়ার পর আজকাল আর মা না। মানদাও তাই মনে মনে ভাবে নিমাই বড় হয়ে গেলে ও-ও আর এ কাজ করা না। কিন্তু ততদিন কি তার বেঁচে থাকতে পারবে। শরীরের যা অবস্থা হচ্ছে দি দিন তাতে আর ভরসা পাচ্ছে না কিনু। এর মধ্যে যদি মারা যায়। নিমাই যে ও ছেলেমানুষ সেই চিন্তা করলেই বুকটোর ছোট্ট জল আসে। গোপালের মা ওকে সান্ত্বনা দিয়ে বলে, 'বাঁচবি না কেন রে, কি বয়স তোর বলুন হয়েছে।'

মানদা বলে, 'বয়স দিয়ে আর কি হবে দিদি। আমি যে দিনকে দিন পঙ্গু হয়ে পড়ছি।'

গোপালের মা বলে, 'শরীর অসুখেই রোগ ভাবি হয়, আসার সেরেও যায়

মানদা আর কোন কথা বলে না। মনে মনে একবার কপালে হাত দুটো ঠেকিয়ে বলে, 'তাই যেন হয় ঠাকুর।'

গোপালের মা কাছে এসে বসলে মানদা যেন একটু ভরসা পায়। নিমাই তা বুঝতে পারে। তাই জন্যেই সে একটু তাড়াতাড়ি হাঁটছিল। মাসীকে দিয়ে মার অসুখ খবর দিয়ে একবার ডেকে আনতে পারলেই হয়। তারপর সব ব্যবস্থা মাসীই নি করে নেবে।

বাইরে তখন সূর্য অস্ত গিয়ে সন্ধ্যা নেমে এসেছে। দূর থেকে শাঁখের ভেসে আসছিল। এরই মধ্যে কেউ কেউ আবার উনোন ধরিয়ে রান্না শুরু করে দিয়ে রান্নার ঘ্রাণ-ভুর ভাওয়াজ শুনতে পাচ্ছিল মানদা শুয়ে শুয়ে। কিন্তু তার শোঁয়ার ক্ষ নেই। সন্ধের সময়ও শুয়ে থাকবে। তাই একবার মাথাটা উঁচু কেমন যেন এ অবস্থায় বোধ করতে লাগল। না ঘুম, না জাগা অবস্থায় কেমন যেন একটা ঘো বোধ করতে লাগল। দুর্বোধ ঝুড়ে পুকনো জিভাওলো তীক্ষ্ণ করতে লাগলো মাথ কতবার ভেবেছে সে তারকের দোহাই দিয়ে সমস্ত কিনুই তুলে আনবে, কিন্তু জিভাও কেন যে যায় তার এসে কাঁটা দেয় তা সে বুঝে উঠতে পারে না। একটা মায় তার, তারেই নিজের হাতে তুলে দিল কিনা—। না কাউকেই সে দোষ দিতে না কিশোরকে ঠানদিকে হাত দোষ হয় না। বৃদ্ধা মানুষ। নিজের হাতে ওদের সে থেকে কুড়িয়ে এনে ঘর বেঁধে দিয়েছিল। সরল বিশ্বাসেই ছেড়েছিল, ও মানদা তো বুঝেনি। এখন মান চলবে কি করে।

মানদার তখন আর চিন্তা করার শক্তি ছিল না। ঝাঁঝ কাঁঝ হয়ে আসছিল, 'চা আর ইচ্ছে করে না ঠানদি।'

—'খুব করে আর কথা কবি কি। যা গেছে তা তো আর ফিরবে না। ভগবানের আর নিমাইকে তো আর ভগে তাসিয়ে দিতে পারিস না।'

—'এটা-ই তো ভাবন ঠানদি। নইলে জীবনের প্রতি আর আমার মোহ

—'তা তুই এক কাজ কর মানদা, বড়ি বড়ি দিয়ে কি-এর কারবার করে

ক-টাকা পাবি? তার থেকে ধরচে মীনার জন্য সব চাল ক্রয় করে। ওদের সাথে মিশে জমীন কায়েম না হয়ে লেগে যা।'

—'ছলে বলে তাহলে চাল ছেড়ে হবে?'

—'তা না হয় একটু ছেড়েদি। তবে তা না করলেও চলবে। তার জন্যে সব আলাদা লোক ঠিক করা থাকে। তুই না হয়ে শুধু চাল পৌঁছে দিয়ে চলে আসবি।'

—'যা ভাল তুমি বোঝনি। আমি কিছু আর ভাবতে পারছি না।'

মীনার জন্ম সময়ে আজে লেগে গিয়েছিল মানদা। শুধু কি মীনার মা? সে যেন একটা বল। শ্যামলার-মা, কলার মা, চম্পা, মীনাদি আরও কত জন। ভোর না হতেই ওরা বেরিয়ে পড়ত। প্রাগৈতিহাসিক থেকে চাল এনে ফেলেনি। এলাকা কোলকাতার পৌঁছে দিত অন্যজন যারা প্রশাসনে আছে। পথের ঝুটি-ঝামেলা সব মীনার মাই পোহাত। সেই ছিল ওদের ঘরের লক্ষ্মী। কোন পথ দিয়ে কখন যেতে হবে, আর কোন ফ্লেক পোস্টে কত দিতে হবে সব যে মীনার মার কণ্ঠস্থ। বস্তা প্রতি পৌঁছে দিতে কত পাওয়া যাবে তাও যারভী প্রশাসনের সাথে ঠিক করত মীনার-মা। তার সঙ্গে মীনার মার আরেক সম্পর্ক ছিল একটু আলাদা ধরনের। আদিখ্যেতা দেখে মানদার গা জ্বলে যেত। কিন্তু মুখ ফুটে কিছু বলার যো ছিল না।

মনের সঙ্গে যুদ্ধ করে মানদা আর স্থির করে উঠতে পারছিল না। তাছাড়াও পরীক্ষাটাও তার দিনকে দিন ভেঙে পড়ছিল। শেষের দিকে ছেলের ছালায় প্রায়ই বেরুতে পারত না কাজে—।

মীনার মা একদিন এসে বলল, 'ও মানদা তোর শরীরে আর সইবে না ওসব। ওতাসিনী তো এখন বড় হয়েছে। ওকেই বলত যে, পড়িয়ে লিখিয়ে নিই।'

—'তা কি করে হয় দিদি। ওরে অড়ির ঝাইরে কি কাজ লাগানে যায়? ওর এখন উঠতি বয়স।'

—'উঠতি বয়স তো হয়েছেটা কি? অন্য মেয়েরা যেন আর অড়ির যায় হয় না!'

—'না তার জন্যে নয়, তবে—।'

—'তবে আবার কি? না খেয়ে মরার চেয়ে কাজ করে খাওয়া অনেক ভাল। কি বল ওতো? পারবি নে তুই কাজ করতে?'

ওতাসিনী কাছেই দাঁড়িয়ে ছিল। মীনার মার কথা শুনে মানদার দিকে একবার তাকালো।

মানদার আপত্তি শেষ পর্যন্ত আর টেকে নি। ওতাসিনী আরও কয়েকদিন যাতায়াত করেছিল। —যারভী প্রশাসন নতুন নিয়মে পেয়ে মীনার-মার মজুরী দিয়েছিল গণ্ডা চারেক বাড়িয়ে।

মীনার মা তবুও সন্তুষ্ট নয়। পরিহাস করে বলেছিল, 'এত অল্পেই সারতে চাও যে তারা।'

—'আরে যাও, যাও, এতো সবে জল পাবার। কারটা আগে ইলিশ করে যাও।'

—'অনেক কাজই তো ইলিশ করে দিচ্ছি। অন্তমানের না তো একটাও। এটাও ফলবেনে না।

—'আরে কি যে বলো মীনার-মা। তোমাদের পরে আমার অগাধ বিশ্বাস।'

অগাধ বিশ্বাস তখন করে নি মীনার-মা। একদিন এসে মানদাকে বলল, 'ও মানদা তোর যে দেখি কপাল ফিরতে আসছে রে—।'

মানদা বলল, 'কেন কি হোল আবার? চালের দর বুঝি চড়তে আরম্ভ করেছে।'

—'আরে না, না। তোর মেয়ের কথা জানতে চাইলাম আর কি।'

—'ওতাসিনী?'

—'ওরে হ্যাঁ। ওতো দেখি তোর বড় পাকে লাভি রেখেছে।'

—'সে কি। ওতো তো আমার সে রকম মেয়ে নয়।'

—'সে রকম মেয়ে নয়তো কি? অমন সুন্দর চেহারা আর যখন সুন্দর পাত্র অন্যদের মেয়ে দেখলে আর না আর মন উলে। ঘরা যারভী প্রশাসনেই মন উলে গেছে রে।'

—'যারভী প্রশাসন!' মানদা যেন চমকে উঠল।

—'ওরে হ্যাঁ সেই। আগারটা অবশ্যি বুঝতে পারছিলাম অনেকদিন থেকেই। কিন্তু আমি কি আর অত খেলা যে বুঝবোই মুখ খুলি। ওদের পরি যাঁরে বলুক। —দেখে কলকে দেখি ঘরা যারভী প্রশাসনই ছেলে কাল, 'ও মীনার মা—।'

—'আমি বললাম, 'মুখেই, আর কাজে হাত না। আমাদেরও তো চোখ আছে। দেখি একবার মেয়ের হাতে ধরে। —যারভী প্রশাস তাই শুনে যেন লজ্জায় ঘরে যার আর কি। হাজার হলেও তো কুড়ো ঘরানে বিয়ের প্রস্তাব। —তা তোর কি মত বল একবার।'

মানদা এতক্ষণ চুপ করেছিল। সব কিছু শুনে যেন আর মাথা তুলিয়ে বাসিছিল। বলল, 'তুমি কি সব বলছ দিদি আমি তো কিছু বুঝে উঠতে পারছি না।'

—'আ-হা। কিছুই যেন বুঝতে পারছিস না। মেয়ের বিয়ের প্রস্তাব এসেছে। তা আবার অত বড় ঘরানোকের কাছ থেকে। আমরা হলে তো এখনই গিন্নে হাঁ দিতুম।'

—'যারভী প্রশাসের সঙ্গে ওতোর বিয়ে দেবো। ও যে ওর চিন ভন ছাড়ে দিদি।'

—'আ-হা-হা। কথা শুনলে যেন গা জ্বলে যায়। এমন বিয়ে যেন 'সপের বিনে আর ছেড়ে না। ভাল ঘর দেখলে আগে লোকে মেয়েকে নিয়ে গিয়ে গলায় ঘটে বরের সঙ্গে বিয়ে দিয়েছে। তা যারভী প্রশাস তো এখন গিন্নি বুঝ। ভাল করে ভেবে দেখ্। ওতাসিনী তোর রাজরানী হয়ে থাকবে। ভাত-কাপড়ের অভাব হবে না।'

—'কিন্তু দিদি, ওতাসিনী আমার একটা মস্ত মেয়ে তাকে দেখে-।'

—'সতীনের ঘরে। এই বুঝি তোর চিন্তা এখন? সে ভয় তোর আর করতে হবে না। যারভী প্রশাসের বউ মরে গেছে অনেক দিন আগে। ছেলেরাও সব বড় হয়ে গেছে। ঘাইরে থাকে। যে যার নিজের কাজে ব্যস্ত। ওর সঙ্গে ওতোর বিয়ে দিলে, তোর মেয়ে হয়ে থাকবে পাটরানী। —মার তোর মুখ পর্যন্ত যাবে ঘুরে। দিন দিন যা তোর শরীরের হাল হচ্ছে, চোখ বুজলে ঐ মেয়েকেই তো তখন পাঁচ জন দিয়ে থাবে ;—ভেবে দেখেছিস্?'

—'তাদের শক্তি আমার আর নেই দিদি।'

—'তা যদি না থাকে তবে লোকে ভাল বুদ্ধি দিলে তা একটু শুনতে হয়। কথাটা আমি বলে গেলুম। একবার ভেবে দেখিস সময় করে।'

মীনার মা চলে গেলেও মানদা ঠায় বসে রইল। মনে মনে আকাশ পাতাল কত ভাবনাই না ভাবতে লাগল। কিন্তু যেন কিনারাতেই পৌঁছতে পারল না। ঐখানে বসেই ওতাসিনীকে ধীরে ধীরে ডাকলো, 'ও ওতো, ওতো রে।'

ওতাসিনী ঘরামার বসে ঝরি ছাল বিনছিল। মার ডাক শুনে বলল, 'আছি। পরিছাটা হয়ে এলো, এটা নিয়েই যাই।'

একটু পরেই ঝরির আটিতে টিনিটা ঘুটতে ঘুটতে এসে ওতাসিনী বলল, 'এটা খেয়ে নাও মা—।'

মানদা বলল, 'এখনই খেতে হবে? এই তো সবে খেয়ে উঠলাম।'

—'সে কি? সেই ভোর সকালে মু-ভাত ছাই খেয়েছ। আর এখন দুপুর গড়িয়ে বিকেল হয়ে গেল। এটুকু না খেলে চলবে কেন?'

—'মানদা হেসে বলল, 'যে যা হলে। না খেলে তুই মারবি নে তা আমি জানি।'

ঝরিটা চুলুক দিয়ে আটো ওতাসিনীর হাতে ফিরিয়ে দিতে দিতে মানদা বলল, 'সবই তো শুনলি ওতো। তোর মতটা তো বললি না।'

—'আমার আবার কি মত।'

—'অমত তুই করিস নে মা। এত দিন তোর হয় শুশুরঘর মুখ তুলে চেয়েছিল। তা না হলে অত বড় লোকের ঘর থেকে সম্বন্ধ আসে। আমি তাহলে মীনার মাকে ডেকে ভাল বলে দিই, কি বলিস।'

ডেকে আর বলতে হয় নি মীনার মাকে। নিজে এসেই কথা নিয়ে গেছে সে। তার পরে ; বিয়ে হয়ে গিয়েছিল যারভী প্রশাসের সাথে ওতাসিনীর। কথা কথায় এ বিয়েতে যারভী প্রশাস আর চৌপর মাথার দিয়ে এসে ওঠে নি মানদার কুঁড়ে ঘরে। বিয়ে যা হয়েছিল তা সমস্তই যারভী প্রশাসের বাড়ীতে। সেখানে ঘরপক্ষে শুধু ছিল যারভী প্রশাস। আর কন্যাপক্ষে যিনি ছিলেন সর্বেসর্বা তিনি হলেন মীনার মা। সমস্ত কিছু দেখে শুনে মানদার যেন ভাল লাগছিল না। কিন্তু তখন আর কিছু করার ছিল না।

ঝরি নিয়ে আসতেই গোপালের মা জিজ্ঞেস করল, 'ও মানদা তুই নাকি তোর মেয়ের বিয়ে দিয়ে এলি?'

—'হ্যাঁ দিদি। মীনার মা ঠিক করে দিল।'

—'কে? মীনার মা? আ-হা-হা। মেয়েটাকে তুই পরে বসিয়ে এলি মানদা!'

—'কি বলছ তুমি দিদি? আমি ঠিক বুঝতে পারছি না।'

—'বুঝতে পেরে আর করবি কি? মীনার-মা যে যারভী প্রশাসেরই চর।

ওকে কি আর সে ঘরে রাখবে রে। ওকে নিয়ে ব্যবসা করবে। মানদা যেন আঁতকে উঠলো।—'ব্যবসা! ওকে কেন আমি নিজের ঘরেই—।'

কথাটা আর শেষ করতে পারে নি। ভূপে ভূপে শরীরটা আগে থেকেই দুর্বল হয়েছিল। অকারণ এই হঠাৎ আঘাতে জ্ঞান হারিয়ে ফেলেছিল মানদা। খানিক পরে অবশ্য ফিরে এসেছিল জ্ঞান। কিন্তু সেই মানসিক অনুভূতি হঠাৎ ধরে শরীরটা তার ভূল ভেঙে পড়তে লাগল। তা আর কেউ দেখল না।

নিমাই-এর সঙ্গে গোপালের মা এসে দেখল, মানদা ঘুমে একেবারে বেহুঁস। কখনও বা একটু জ্ঞান হচ্ছে, আবার কখনও বা যাচ্ছে মিলিয়ে। তাড়াতাড়ি একটা লম্বা ঘুমিয়ে দিল গোপালের মা। মানদার মাথার কাছে এসে ডাকল, 'মানদা, ও মানদা। মানদা অতিকষ্টে একবার মুখ তুলে তাকাল। জড়ানো কণ্ঠে বলল, 'কে? দিদি!—আমি কোথায় যেতে বসেছি, দিদি।

—'তোর সঙ্গে কোনো এসব অলুক্ষুনে কথা বলতে নেইরে মানদা'—বলল গোপালের মা। মানদার কানে গেল কিনা কে জানে, বলল—'নিমাই আমার ছাইল দিদি। ওর বোধহয় আজ সারাদিনেও কিছু পেটে পড়ে নি।'

—'তুই ওসব চিন্তা করিস না। আমি তো এসে পড়েছি।'

—'হাঁ'। বলে একটা দীর্ঘশ্বাস ফেলল মানদা।

আর কোন কথা বলল না। গোপালের মা ততক্ষণে উনোনটা ধরিয়ে একবাটি বার্লি তৈরি করে নিল। নিমাই এর জন্যে ডাল তাতে ভাত চড়িয়ে দিয়ে বলল, 'ও নিমাই তুই মাকে এই বার্লিটুকু খাইয়ে দে দেখি। আমি একবার ডাক্তার খানা থেকে ঘুরে আসি।

ডাক্তারের নাম শুনে নিমাই ওর মুখটা কেন হঠাৎ ফ্যাল ফ্যাল করে উঠল, 'ডাক্তার ডেকে আনবে মাসী?'

—'ডেকে আনব সে সাধ্য কি আর আছে। ঐ ছেলে ডাক্তারের কাছে যাচ্ছি। যদি বলে কয়ে একটু হোমিওপ্যাথি ওষুধ আনতে পারি।

গোপালের মার কথা শুনে নিমাই কেমন যেন মিইয়ে পড়ল। তবু বলল, 'তাই যাও মাসী। আমি মাকে ঘাঁইরে দিই বার্লিটা।'

ওষুধে কাজ দিয়েছিল কিনা জানি না। মাঝ রাতের দিকে মানদা একটু ঘুমিয়েছিল নাকি। গোপালের মা ছেলে বসেছিল মায়ের কাছে। নিমাই একবার ঘুমোচ্ছিল ; আর এক একবার ছেলে উঠে জিজ্ঞেস করছিল, 'মা কেমন আছে মাসী।'

ভোরের দিকে মানদা অনেকটা ভাল হয়ে উঠল। চোখ মেলে একবার গোপালের মার দিকে তাকিয়ে বলল, 'সারারাত্রি জেগে কষ্টালে দিদি!'

গোপালের মা সে কথার কোন উত্তর দিল না। শুধু জিজ্ঞেস করলো, "ওভাগিনীকে একবার খবর দেবো রে মানদা।—মুখ করে যাব করবি কি! যা হয়ে গেছে তা তো আর ফিরতে পারবি না।'

—'মানদার চোখ দিয়ে জল গড়িয়ে পড়ল। একটা দীর্ঘশ্বাস ফেলে বলল, 'কেন মুখে আমি তাকে আসতে বলব দিদি। আমি যে তাকে নিজ হাতে পথে বসিয়ে এসেছি।'

—'তবু তো তুই তার মা। তোর অসুখের খবর দিয়ে নিমাই একবার তার সামনে দাঁড়ালে, সে আর না এসে পারবে না রে।'

—'তা আমি জানি দিদি। কিন্তু—।'

—'কিন্তু আর করিস নে। শেষ সময়েও যদি না দেখতে পায়, তবে জীবন ভরে যে ওর দুঃখ থেকে যাবে।'

—'তুমি যা ভাল বোঝ তাই কর দিদি। আমার আর চিন্তা করার শক্তি নেই।'

৩

ধারাবী অঞ্চলের পরিচয়ের মাঝিক সেরুক বেহুলো বিয়ের পরীটা দিনের বেলাতেই মিটে গিয়েছিল। বিরাট বড় বাড়ির ছাইলের মহলে কি ঘটল ভেতর মহলে কিছু টের পেল না। সবাই চলে গেলে ধারকী চলার তার ধারওয়ানকে ডেকে হুকুম দিল, 'সিউলক্ষন ছাইলীকে এবার ভেতর বাড়িতে নিয়ে যা।'

সিউলক্ষন কাছে এসে একটা সেলাম ঠুকে বলল, 'জী।' তারপর ওভাগিনির দিকে চেয়ে বলল, 'আইয়ে মাইজী।'

ওভাগিনি চলতে গিয়ে থমকে দাঁড়াল। কখনও বিয়ের পর বরের সামনে গিয়ে দাঁড়াতে কতবার বেতে বেতেছে সতীন বাড়ী। সেই সংসারের মধ্যে আজ ধারওয়ানের সামনে গিয়ে দাঁড়াতে কেন যেন ওভাগিনীর মন সায় দিচ্ছিল না। থমকে দাঁড়িয়ে পড়তেই ধারকীচলার হেসে উঠল, 'কি গো তার পাচ্ছ? ভয়ের কি আছে। চিন্তামনিকে আমি সব বলে রেখেছি। ও হয়তো এতক্ষণে সব গুছিয়ে বসে আছে।'

ওভাগিনী কোন কথা বলল না। ধীরে ধীরে সিউলক্ষনের সাথে হাঁটতে সুরু করল। খানিক দূর হেঁটে যেতেই এক চত্বরে এসে সিউলক্ষন চিন্তামনিকে না দেখতে পেয়ে চাঁক ছাড়ল, 'ও চিন্তে চিন্তে—।'

চিন্তামনী এ বাড়ির দাসী। বিরাট বড় বাড়িতে ধারকী চলারের আপনজন বলতে কেউ নেই। যা আছে সব ধারওয়ান, চাকর, চাকর আর চাকরানী। চিন্তামনি হচ্ছে এই সকলের প্রধান। তাই সকল সময়েই সে ব্যস্ত। তার স্পষ্ট কথার ধারকী চলার ও সময় সময় অতিষ্ঠ হয়ে পড়ে।

ওভাগিনীকে যে আজ আসার কথা চিন্তামনি তা ভুলেছিল। কিন্তু ওকে যে কি। আর ওকে নেওয়াই বা কি আছে। এরকম তো মাঝে মাঝে এসে থাকে। ও একটা ঘর দেখিয়ে দেওয়া করেকদিনের জন্যে ; তারপরে তো সবার একই গন্তব্যস্থল তার জন্যে চিন্তামনি আজ কামাই না করে অন্য কাজে চলে গিয়েছিল।

আমি নিজেই জেনেছি কয়েক দিন আগে। সেদিন তোমাকে জানাতে ভেবেছিলাম, কিন্তু সাহস পাইনি। মনে হয়েছিল, তুমি আমার কথা বিশ্বাস করবে না। পরমেশ্বরদা তোমাকে এক মন্ত্রবলে ভুলিয়ে রেখেছিলেন। তুমি খেলছিলে অভিমন্যুর মতো। আজ তোমার মোহভঙ্গ হয়েছে আশাকরি। আমার তাই মনে হয়েছে, এটাই উপযুক্ত সময় তোমাকে সঠিক পথে ফিরিয়ে আনার।

আমি কি এখন ফিরতে পারবো রিদ্ধা? আমি যে অনেক দূরে চলে গেছি, সেখান থেকে আর ফেরা যায় না। পরমেশ্বরদা আমাকে কিছুতেই ফিরতে দেবেন না।

ইন্সোমনিয়াক হয়ে পড়লে সমস্যার তীব্রতা আরও বাড়বে সমীপ। তুমি নিজের ভুল বুঝতে পেরেছ, এখন নিজেকে সংশোধন করে নেওয়ার ক্ষমতা তোমার। কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পর্ক রাখা বা না রাখা অন্য কারোর ইচ্ছার উপর নির্ভর করে না।

তুমি তো জানো পরমেশ্বরদা কী সাংঘাতিক মানুষ। তিনি অমরেশকে খুন করার ষড়যন্ত্র করতে পারেন, তার পক্ষে আমাকে খুন করা কী খুব শক্ত কাজ?

তাহলে তুমি কি করতে চাও?

আমি জানি না আমার কি করা উচিত। পরমেশ্বরদার সঙ্গে সম্পর্ক বজায় রাখাও সম্ভব নয়। কিভাবে তাঁদের সংস্পর্শ ত্যাগ করবো আমি বুঝতে পারছি না।

রিদ্ধাও দ্বিধাগ্রস্ত। পরমেশ্বরদার বিরোধিতা করতে গেলে সমীপের জীবন-সংশয় হতে পারে। আবার তাঁর সহযোগী হয়ে থাকার অর্থ জীবন-বিরোধী আদর্শের কাছে আত্মসমর্পণ। অন্যায়ের সঙ্গে আপোষ। সে পথ তো মানবিকতার পরিপন্থী। রিদ্ধা বলল, তুমি মনে করো, আজ যেভাবেই বেঁচে আছ, তেমনিভাবেই সারাটা জীবন কাটিয়ে দিতে পারবে, তাহলে তোমাকে কিছুই করতে বলবো না। আর যদি মনে হয় পরমেশ্বরদার মুখোশ খুলে দেওয়া তোমার সামাজিক দায়িত্ব, তবে মৃত্যু-ভয়কে উপেক্ষা করার মানসিকতা তোমাকে অর্জন করতে হবে। সেই পরিস্থিতির মুখে দাঁড়িয়ে আমি কতক্ষণি স্থির থাকতে পারবো, সে ভাবনা তোমাকে বিসর্জন দিতে হবে।

রিদ্ধা প্রয়োজনে এত কঠিন হয়ে উঠতে পারে? কঠিন পরিস্থিতির মুখোমুখি হয়ে ওর মনের কোমল অংশ জুড়ে হয়ত স্থান করে নিয়েছে কঠিন পাথরের মতো নিশ্চল অনুভূতি। সেখানে প্রেমাস্পদের জন্য আর মায়া আছে এতটুকু স্থান খুঁজে নিতে পারছে না। এভাবে কোন নারী বেঁচে থাকতে পারে? জীবনের সবচেয়ে প্রিয়জনকে কেউ কি করে ফেলতে পারে অবধারিত মৃত্যুর পথ ঠেলে নেবার নিষ্ঠুর সংকল্প?

সমীপের বিষাদময় প্রতিমূর্তি দেখে রিদ্ধা বলল, সমীপ, তুমি যে মুহূর্তে ভুল পথ বেছে নিয়েছ, তখনই তোমার আত্মিক-চেতনার অপমৃত্যু ঘটেছে। আজ তখন বিষে যন্ত্রণার সাগরে ডুবিয়ে পড়ার প্রয়োজনে পা বাড়াচ্ছ, সে সময়ে মৃত্যু যদি আসে সহজে তোমার যৌবন ফিরবে। সারাজীবন ধরে আমি সেই যৌবনের আলোর স্পর্শ নিয়ে পথ চলবো।

রিদ্ধাকে মনে হলো একজন নারী নয়, প্রাগৈতিহাসিক এক মেধী মানবী-রূপে এই পৃথিবীর মাটিতে নেমে এসেছে। তাই মৃত্যু-যন্ত্রণাকে উপেক্ষা করার মন্ত্র শুনিয়ে অনুপ্রাণিত করার শক্তি তার আছে। সমীপ বলল, আমি তোমাকে একবার স্পর্শ করতে চাই রিদ্ধা, তুমি কি অনুমতি দেবে?

অনুমতি দিতে হবে না সমীপ। আমি তো তোমারই। তার সেই জন্যই আমি

তোমাকে বাইরে পথে এগিয়ে যাবার কথা বলতে পারছি।

যে নিজেকে অনায়াসে নিয়ন্ত্রণ করতে পারে, তাকে ছুঁয়ে চাইবার প্রলোভন হারিয়ে ফেললো সঙ্গীত। রিক্তা অন্তরঙ্গতাকে হারিয়ে আরও দূরে পাবার আশায় এখানে ছুটে এসেছে, এ ধারণা থেকেও নিজেকে মুক্ত করে নিল। জিজ্ঞেস করলো, অন্তরঙ্গতার খুনের ষড়যন্ত্রের সময় আমি জড়িত ছিলাম, এই ষড়যন্ত্রের পেছনে আর হাত আছে?

পরমেশ্বরা। উনি নিজেই তোমার বিরুদ্ধে অভিযোগ এনে থানায় ডাইরি করেছেন। আবার নিজেই তোমাকে আমিন দিয়ে ছাড়িয়ে এনেছেন। এ এক খুব রাজনীতির খেলা।

আশ্চর্য! একই ব্যক্তি এই দুটি কাজ একসঙ্গে কি করে করতে পারে? তিনি পুলিশের কাছে নালিশ করেছেন, তাঁরই জামিন কিভাবে গ্রাহ্য করলেন তিনি?

ডাইরি করার সময়ে নিজের নামের পরিবর্তে অন্য নাম ব্যবহার করেছেন পরমেশ্বরা। পুলিশকে কম আমার কৌশল উনি কেন ভালোই জানেন।

পরমেশ্বরা এখন সঙ্গীতের কাছে সবচেয়ে ঘৃণিত জীব। ওর ইচ্ছে হলো এখনই ছুটে গিয়ে পরমেশ্বরাকে আসামীর কাঠগড়ায় দাঁড় করাতে। মুখোশ খুলে দিয়ে মানুষকে দেখাতে একজন জনদরদীর আসল চেহারা। মানুষের বিশ্বাসের সুযোগ নিয়ে এঁদের মতো রাজনৈতিক নেতারা কী ভয়ংকরভাবে নিজেদের স্বার্থ চরিতার্থ করে।

সঙ্গীতের জানার কৌতূহল, রিক্তা কোথা থেকে এই গোপন তথ্য সংগ্রহ করেছে। বিরোধী রাজনৈতিক দলের অপপ্রচারও হতে পারে। তাকে বিশ্বাস করে জীবনের পুঁজি নিয়ে পা বাড়ানো নিতান্ত বোকামি। রিক্তা সঙ্গীতের যথেচ্ছাচারী জিজ্ঞাসার কিছুমাত্র খুশি না হয়ে বলল, তোমার মনে এই প্রশ্ন জাগা খুবই স্বাভাবিক। তোমাদেরই দলের একজন—যার বলাতেই তুমি তাঁকে চিনতে পারবে। আপাতত তাঁর নাম আমি প্রকাশ করছি না—পরমেশ্বরার সব চক্রান্তের কথা ফাঁস করে দিয়েছেন 'জনমানস' পত্রিকার এক সাংবাদিকের কাছে। সেই সাংবাদিক অন্বেষণের বন্ধু। তোমাদের দলে যে তীব্র অন্তর্দ্বন্দ্ব শুরু হয়েছে, এই ঘটনা সে কথাই প্রমাণ করে। অবশ্য এই গোপন তথ্য ফাঁস করার পুরস্কারস্বরূপ তিনি 'জনমানস' পত্রিকার কাছ থেকে অনেক টাকা নিয়েছেন। অন্তর্ঘাতমূলক সাংবাদিকতার জন্য তথ্য সংগ্রহের প্রয়োজনে অর্থ দেওয়া নৈতিক অপরাধ নয়। পৃথিবীর অধিকাংশ দেশেই সংবাদ কেনার পদ্ধতি প্রচলিত আছে।

তিনি গোপন তথ্য ফাঁস করেছেন, তিনি তথ্য প্রমাণ দিতে পেরেছেন?

অবশ্যই। তথ্যপ্রমাণ ছাড়া এই ধরনের সাংবাদিক-প্রতিবেদন প্রকাশ করা সম্ভব নয়। শুধু মনগড়া অভিযোগের ভিত্তিতে প্রতিবেদন প্রকাশ করার অর্থ জনসাধারণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা।

'জনমানস' পত্রিকায় এই প্রতিবেদন কবে প্রকাশিত হবে?

কয়েক দিনের মধ্যেই। প্রথমে যেখবর যোধপুর পার্কে গোপনে ফ্লাট কেনা নিয়ে লেখা হবে। তোমাকে আমার একটাই অনুরোধ, এই প্রতিবেদন লেখার উৎস সম্পর্কে কোনো কথা পরমেশ্বরার কাছে প্রকাশ করো না। কোনো সংবাদপত্র সংবাদের উৎস প্রকাশ করতে বাধ্য নয়, এমন কী কোর্টও নয়।

পরমেশ্বরার নতুন কেনা ফ্লাটের ঠিকানা আমাকে জোগাড় করে দিতে পারো?

আমি ঠিক জানি না। তবে আমি জেনে তোমাকে দিয়ে দেব।

সঙ্গীত পরমেশ্বরার রক্ষিতাকে দেখতে চায়। রিক্তার অভিযোগ কতটা সত্যি, তাও যাচাই করে নিতে পারবে। কিন্তু রক্ষিতার সঙ্গে স্ত্রীর পার্থক্য কোথায় কী কোনো উপায় আছে। উনি যদি নিজেকে পরমেশ্বরার স্ত্রী বলে পরিচয় দেন?

রিক্তার কাছ থেকে ঠিকানা পেয়ে সঙ্গীত এরপর ঘিয়েতোরার দিকে গিয়ে হাজির হলো জোড়াপুর পার্কের ফ্লাটে। নতুন বসতে আছি। অফিস একতলায় ঝিলাল কার পার্টির-এর আস্তানা। সমাজের উঁচুতলার মানুষের ফ্লাটগুলো কিনেছেন। পরমেশ্বরা এত টাকা খরচ করে রক্ষিতার জন্য ফ্লাট কিনেছেন। এই পরিবেশে রক্ষিতাকে রেখে হয়ত তার সামাজিক মর্যাদা বাড়াতে চেয়েছেন।

কলিং বেলের সুইচে হাত দিয়ে ছিল হাত কেঁপে উঠেছিল সঙ্গীতের। যদি রক্ষিতার পরিবর্তে পরমেশ্বরাই দরজা খুলে বেরিয়ে আসেন। তাঁর মুখোমুখি দাঁড়িয়ে কী জবাব দেবে সঙ্গীত। কিন্তু সে ভয়ে পালিয়ে তো অনুসন্ধিৎসু মনকে শান্ত করা যাবে না। মনের ভেতরে সেই তাড়িত কেবলই দংশিয়ে বেড়াবে। তখনো যা আরো বাড়বে, এই কথা ভেবেই সঙ্গীত কলিং বেলে হাত রাখলো। মিষ্টি টুংটাং শব্দ সঙ্গীতের বুকে অজানা আতঙ্কের ঢেলেপড়ে তুলেছে।

আধখোলা দরজার ফাঁক দিয়ে উঁকি দিল এক সুন্দরীর মুখ। পরমেশ্বরা এমন এক সুন্দরীকে রেখেছে ফ্লাটে খুঁজে পেলেন। রাতের দুষ্কৃতকারী বিছানায় শুয়ে এমন সুন্দরীকে জড়িয়ে ধরতে চাওয়ার আকাঙ্ক্ষা যে কোনো পুরুষকেই পাগল করে দিতে পারে।

সুন্দরীর প্রশ্ন, আপনি কাকে চান?

পরমেশ্বরার নাম মিতে এসেও উচ্চারণ করতে পারলো না সঙ্গীত। বলল, আমি এসেছি আপনার সঙ্গে দেখা করতে। আপনি এখানে কবে এসেছেন?

একজন অপরিচিত পুরুষকে বৈঠকিয়ে বিতে চাইলো না সুন্দরী। বললেন, আপনি কে। কেন এসেছেন এখানে?

সঙ্গীত আত্মগোপন করতে চায়। তাই বলল, আমার পরিচয় জেনে আপনি কি করবেন? আপনি তো পরমেশ্বরা।

'রক্ষিতা' শব্দটা উচ্চারণ করতে গিয়ে থেমে গেল সঙ্গীত। সুন্দরী সঙ্গীতের অসমাপ্ত বক্তব্যের খেই ধরে বললেন, হাঁ, আমি ওনার স্ত্রী। কিন্তু আপনাকে আমি কখনো দেখিনি।

একজন রক্ষিতা নিজেকে স্ত্রী বলে পরিচয় দিতে পারে, এ তো আগেই অনুমান করতে পেরেছিল সঙ্গীত। সুতরাং বিস্ময় প্রকাশ করার কোনো অবকাশ ছিল না সঙ্গীত বলল, আমি এ অফিসে আগে কখনও আসিনি, তাই আমাকে দেখেননি।

আসুন তবে এসেন ভেতর।

পরমেশ্বরা গোপনে বিয়ে করেছেন, এ সংবাদ পেয়েই আমি ছুটে এলো আপনাদের সঙ্গে দেখা করতে। আমি ভেবেছিলাম পরমেশ্বরার সঙ্গেও দেখা হয়ে যাবে

গোপনে বিয়ে করার প্রসঙ্গ উত্থাপিত হলেও সুন্দরীর চোখে বিরূপ ভাবের প্রতিফলন নেই। উপরন্তু কোনো এক পরিচ্ছিতির খোঁজা খুঁজে পেল সঙ্গীত। সামান্য পরিচয়ে অস্বাভাবিকভাবে উপস্থিতি কিছুটা মুছে গেল্লো, এই ভাবনাই হয়ত সুন্দরী বলি নিয়েছে। সঙ্গীতের ভেতরে আসার জন্য অনুরোধ জানানোর রীতিকে মূল্য দেওয়ার সঙ্গীত বুঝতে পারলো, অপরিচিত কোনো পুরুষকে ঘরে ডো নিয়ে যাওয়ার উপর নিষেধাজ্ঞা জারী করেছেন পরমেশ্বরা। সুন্দরী বললেন, ওর আসার সময় হয়ে গেছে। এখনই এসে পড়বে। আপনার সঙ্গে দেখাও হয়ে যাবে।

সঙ্গীতের পক্ষে আর এখানে এক মুহূর্তও অপেক্ষা করা সম্ভব নয়। হাতঘড়িতে সময় একবার তাকিয়ে সঙ্গীত বলল, আমার একটা জরুরী কাজ আছে। আমি এখনই চলে যাবো।

সঙ্গীত পালিয়ে যেতে চাইলেও সুন্দরী কথা দিয়ে বলল, আপনি আপনার পরিচয় না দিয়েই চলে যাবেন?

নিজের পরিচয় গোপন রাখতেই সঙ্গীত বলল, আমার নাম অন্বেষণ। আমি পরমেশ্বরার দূর-সম্পর্কের ভাই। আমি যাচ্ছি।

আপনি আরেকদিন আসবেন। আমার মুখে ওকে জানাবেন। তাহলে ও একা থাকবে।

সঙ্গীত সুন্দরীর কাছ থেকে বিদায় নিয়ে তিনতলা থেকে একতলায় নেমেই দেখ গোটা পরমেশ্বরার বিদেশী গাড়ি পার্কিং করার জন্য এসেছে।

যেখানে যাবের জন্য সেখানেই সরে যায়। এই প্রবাদের সত্যতা যাচাই করে নি পারলো সঙ্গীত। সুন্দরীর সঙ্গে আর কয়েক মিনিট বেশি কথা বললেই ধরা পড়া যে সুন্দরী এক পরপুরুষের সঙ্গে যোগসাজশে মেতে আছে, সেই দৃশ্য সহ্য করা পরমেশ্ব পক্ষে সম্ভব হতো না। হয়ত পাইকিক অত্যাচারের আঘাত সহ্য করার মতো আঘা পৌঁছে যেতে হতো সুন্দরীকে। সঙ্গীত পরমেশ্বরার নজর এড়াতে অন্য একটি পার্ক আড়ালে বিয়ে দাঁড়াল। অবশ্য লুকোতে চাইছে এমন ভাবী করলে নজরে পড়ে যে বিপদ যেতে যাওয়ার সম্ভাবনা। পরমেশ্বরা গাড়ি থেকে নেমে এগিয়ে গেলেন বিল্ডি দিকে। এখানে নিশ্চয়ই প্রতিবেশীরা কেউ কাউকে চিনতে চায় না। তাই গোঁ বিনিময়ের প্রশ্ন নেই। সঙ্গীত এবার খুব সহজেই বেরিয়ে এসে পরিষ্কার রোদ ধর পারলো।

ঠিক এই সময়ে প্রতিবিম্ব পরমেশ্বরা সুন্দরীর কাছে আসেন। সুন্দরীর স আলোকমালার অভিনন্দনে মেতে ওঠেন। সারাদিন জনসেবার ক্লান্তি, জীবনের একঘেয়ে ভুলতে পরমেশ্বরা তাঁর পুরুষ হয়ে উঠে বেঁচে থাকার সার্থকতা খুঁজে পেতে চ সুন্দরীও এক নারী থেকে রমণী হয়ে ওঠেন।

সুন্দরীর শরীরে এখন সম্ভ্রান্ত অন্তর্বাস। যৌবনের রূপসাবল্যের পসরা সাজি তিনি উত্তেজনা হয়ে উঠতে চান। পরমেশ্বরাকে জড়িয়ে ধরে উপর মাথা রেখে আদ্রে তুমি আমাকে বিয়ে করেছ, এ সংবাদ জানতে পেরে তোমার এক ঘনিষ্ঠসম্পর্কের ব আমার সঙ্গে দেখা করতে এসেছিল।

পরমেশ্বরা এই কথা শুনেই রাগে স্থির হয়ে উঠে সুপর্ণার আলিঙ্গন থেকে নিজেকে মুক্ত করে ঠেলিয়ে উঠলেন, তুমি কেন ওই অপরিচিত পুরুষকে ঘরে ঢুকতে দিয়েছিলে? অমরেশ নামে আমার কোনো ভাই নেই।

পরমেশ্বরার রুদ্রমূর্তি দেখে ভীত হয়ে পড়লেন সুপর্ণা। অন্য পুরুষের সঙ্গে কথা বলে স্বামীর অপরাধ করে ফেলেছেন। তিনি নিজেকে অপরাধী মনে করে ভীত স্বরে বললেন, বিশ্বাস করো, আমি ওকে ঘরে ঢুকতে দিইনি। ওধু পরিচয়টা জানতে চেয়েছিলাম। আর কেন এসেছিল জিজ্ঞেস করতেই নিজের কথা বলেছিল।

পরমেশ্বরার বিক্ষুব্ধ মন কিছু স্বস্তির উত্তর খুঁজছে। এ বাড়ির সন্ধান ওই ছেলেটা কোথা থেকে পেলো। তবে কি কেউ এই বাড়ির ওপর নজর রাখছে? কে সে? তার উদ্দেশ্যই বা কি? সে কী আমারই মতোর বিক্ষুব্ধ কেউ? ঈর্ষায় হৃদয় তারে এই ভাবে উৎসাহ জুগিয়েছে।

রাজনীতিতে যুক্ত হওয়ার পর থেকেই পরমেশ্বরার আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে। এক সময়ে থাকতেন ভাড়া বাড়িতে। টাকাইয়ের কেনার পরে। এখন আছেন আপুনিক ফ্ল্যাটে, দামী গাড়িও কিনেছেন। তাঁর এই অর্থনৈতিক প্রতিষ্ঠা দেখে বান্ধবীজনেরা, বন্ধুস্থানীয়রা কেন ঈর্ষা গোপন করেন, তাদের মধ্যেই কেউ হয়ত নতুন ফ্ল্যাট কেনার সংবাদ পেয়ে ওপরচালাকির সাহায্য নিয়েছেন। সুপর্ণার কাছ থেকে আগন্তুকের ফোয়ারার বর্ণনা শুনে সম্ভাব্যের তালিকার কারোরই সঙ্গে মেলাতে পারলেন না।

হঠাৎ সন্দীপের ফোয়ার পরমেশ্বরার চোখের সামনে ভেসে উঠলো। তবে কি সন্দীপ এসেছিল। ও এ বাড়ির সন্ধানই বা পেলো কার কাছ থেকে। চারদিকে শত্রুর সংখ্যা ক্রমশ বাড়ছে, এই অবস্থায় মাথা ঠাণ্ডা রেখে রাজনীতি করা খুবই কঠিন।

মনের অন্তর্দ্বন্দ্বোদ্বিগ্নতা ঔদ্ধত্যেই সুপর্ণার পরিচয়ের উজ্জ্বতা পাবার আকাঙ্ক্ষা হারিয়ে ফেলেছেন পরমেশ্বরা। অনাসক্তি জীবিয়ে বসেছে মেহেমনে। এতোদিন হয়েও সুপর্ণা চাইছেন পরিচয় আকর্ষণে পরমেশ্বরাকে আত্মনিবেদিত করে তুলতে। কিন্তু পরমেশ্বরা তাতে বাধার ইচ্ছা প্রকাশ করলেন। সুপর্ণা বললেন, এই তো এলো, একটু পরে চলে যাবে।

আমার কিন্তু ভালো লাগছে না সুষমা। কে এখানে এসেছিল আমি ততক্ষণ না জানতে পারছি, আমার মনে শান্তি নেই। আমাকে বিপদে ফেলার ষড়যন্ত্র শুরু হয়েছে, আমি কেন বুঝতে পারছি।

কিন্তু তুমি আমাকে ছেড়ে গেলে কি সব জানতে পারবে। ঘণ্টা তিনেকের জন্য তুমি আমার কাছে আসো। আমি তোমাকে অবশ্য বেশি সময়ের জন্য কাছে পেতে চাই, সে সুযোগ পাই না। এইটুকু সময়ের জন্য আমি তোমাকে পাই, তা থেকেও আমাকে বঞ্চিত করতে চাইছ?

তোমাকে বঞ্চিত করতে যদি আমি চাইতাম, তাহলে এত দামী ফ্ল্যাট কি আমি কিনতাম?

আমি ফ্ল্যাট চাইনি, আমি চেয়েছি শুধু তোমাকে।

একজন স্ত্রীলোকের এই চাওয়াকে সমর্থন করতে পারে না কোনো পুরুষ। যার শুধু পদাশ্রিতা হবার কথা, সে কোন অধিকারে পুরুষকে বেঁধে রাখার দাবী জানাতে পারে? পরমেশ্বরা এই নিয়ন্ত্রণ-নীতি উপেক্ষা করার পক্ষপাতী না হয়ে বললেন, আমি তোমাকে যা দিয়েছি, তা নিয়েই সন্তুষ্ট থাকার চেষ্টা করো। অতিরিক্ত কিছু আশা করো না।

স্ত্রীলোকের মন থাকতে নেই। অর্থের বিনিময়ে নিখিল পুরুষের শারীরিক চাহিদা মেটানো আর জীবিকা তার আলাদা মন কী? সুষমা তাঁর ভূমিকা পালন করতে করতে কোন যে স্ত্রী হয়ে ওঠার তাগিদ অনুভব করেছিলেন, তা তিনি নিজেও টের পাননি।

বিকল্পের সীমা সন্ধান করার জন্য সত্যিই সুষমা অপরাধী। পরমেশ্বরা চলে গেলে একাকিত্বের যন্ত্রণায় পুড়তে পুড়তে অনেকক্ষণ কেঁদেছিলেন। এক অধীর আকাঙ্ক্ষায় মন যে এক রূপ নিয়ে জেগেছিলেন। তারই অভিঘাতে নানা চড়াই উৎরাই পেরিয়ে এখানে এসে উঠেছেন। এ ঘৃণ্য জীবন থেকে মুক্তি পেতে চান সুষমা। শরীরের বিনিময়ে যদি পুরুষের হাত থেকে ভালোবাসা না পাওয়া যায়, তবে কত দিন সহজ জীবনকে ঠকিয়ে ঠকিয়ে বেঁচে থাকা।

সাত

সন্দীপের অফিসে এসে হাজির পরমেশ্বরা। তিনি উৎপীড়িত উদ্যমের মতো বাড়ছেন, যদি অপরাধীকে সনাক্ত করতে পারেন, এই আশা নিয়ে। তাঁর হাতে এই পর্যন্ত কারুর অনুকূল করতে চাইলো সন্দীপ। গভীর বিষাদ সাগরের মতো ক্রুদ্ধ দৃষ্টিতে তাকাল সন্দীপের মুখে শরীরে। আতঙ্কিত হয়ে সন্দীপ জিজ্ঞেস করলো, আপনি এখন কোথা থেকে আসছেন?

ফোন থেকে। তোমাকে ওখানে না পেয়ে এখানে আসতে বাধ্য হয়েছি।

আপনি নিজে এলেন কেন? কাউকে দিয়ে খবর পাঠিয়ে দিলে আমি নিজেই যেতাম।

তোমার এখন সময় কোথায়! তুমি তো আমার সঙ্গ এড়িয়ে বিস্তার ছড়িয়ে ছড়াবার শুরু করেছ। অমরেশকে হারিয়ে ও এখন তোমার দিকে হাত বাড়িয়েছে।

ঝিকাকে নিয়ে পরমেশ্বরার উক্তি শালীনতার সীমা ছাড়িয়ে গেছে। দু'জনের মধ্যে সম্পর্কের গভীরতা নিয়ে কেন উনি অযথা কটূক্তি করেন। পরমেশ্বরাকে বুঝিয়ে দেওয়া প্রয়োজন ভক্তিমতে জীবন প্রবাহে অনধিকার মন্তব্য করার শক্তি তারেরই থাকে না। সন্দীপ আক্রমণাত্মক ভাষায় বলল, আমাকে ওর কাছে যেতেই হবে, যতদিন না আমি দামী ফ্লাট কিনে সুপর্ণা রক্ষিতা রাখতে পারছি।

আঘাতের প্রতিক্রিয়াতে প্রত্যাঘাত যত তীব্র হয়ে ওঠার কথা ছিল, পরমেশ্বরা সেই কৃপনায় ক্রিয়মান। কিন্তু অভিযোগের তালুকে তাঁকে অভিযোগিত পক্ষের অধিকারী হতে সাহায্য করতেই মেজাজ যথাসম্ভব কড়া করে বললেন, তোমার ঔদ্ধত্য কিন্তু আমার সহ্যশক্তির সীমা ছাড়িয়ে যাচ্ছে। তুমি কি বলতে চাইছ আমি ফ্লাট কিনে রক্ষিতা রেখেছি?

আমি আপনার বিরুদ্ধে কি সেই অভিযোগ করেছি? আপনি নিজেই তো প্রমাণ করে দিলেন, আপনি সত্যিই অপরাধী কিনা।

নিজেকে সংযত করার চেষ্টা করে সন্দীপ। এখনও সময় আছে। আর যদি আমাকে উপেক্ষা করার চেষ্টা করো, তাহলে তোমার ভবিষ্যৎ অমরেশের মতোই হবে।

সন্দীপ ও পরমেশ্বরার উত্তপ্ত কথা-বিনিময়ের শব্দ কানে পৌঁছাতেই আদুর শরীরে রেবতীভূষণ দরজার পাশে এসে দাঁড়িয়েছেন। রাজনীতির কূটতর্ক ঝলসিয়ে চলে এসেছেন মিনতি। পরমেশ্বরার নজরে পড়েনি তাঁদের উপস্থিতি। রেবতীভূষণ পরমেশ্বরার সংলাপের শেষাংশ শুনেই বললেন, আপনিই তাহলে অমরেশকে খুন করিয়েছেন! আর সন্দীপকে খুনের দায়ে জড়িয়ে মিথ্যে অভিযোগ এনে জেলে পাঠিয়েছেন! আপনাকেই আমি জেলে পাঠাবো।

পরমেশ্বরা এমন পরিস্থিতির জন্য প্রস্তুত না থাকলেও, ঘটনার আকস্মিকতাকে মুহূর্তেই সামলে নিয়ে বললেন, আপনি কেন মিছিমিছি এত উত্তেজিত হয়ে পড়ছেন! আপনি শত চেষ্টা করেও আমাকে জেলে পাঠাতে পারবেন না। তাছাড়া, সন্দীপের নাম এখনও পুলিশের ডাইরীতে আছে। ও কিন্তু এখনও নির্দোষী প্রমাণিত হয়নি। আপনি যদি আমাকে অপমান করার চেষ্টা করেন, তবে সন্দীপকে আবার জেলে যেতে হবে। এবার কিন্তু সহজে ছাড়া পাবে না।

এই মন্তব্যটিকেই তো সেদিন কত হিতাকাঙ্ক্ষী মনে করে সম্মানিত করেছিলেন মিনতি। আজ বুঝতে পারছেন এঁরা মুখোশ পরে মানুষকে জিম্মায় বিভ্রান্ত করে। এমন নেতাদের বিকৃত মনের সন্ধান পেলে মিনতির মতো সকলেই ঘৃণা করে উঠতে হয়। মানুষকে সেবা করার ভনিতায় ওঁরা ক্ষমতা হস্তগত করার খেলায় মেতে ওঠেন, তাই কেউ ওঁদের অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস পায় না। রেবতীবাবু পরমেশ্বরার হাবভাবের কাছে মাথা নোয়াতে চাইলেন না। বললেন, সন্দীপকে পুলিশ গ্রেপ্তার করতে এলে আমি বাধা দেব। আমি তো মৃত্যুর দিকে পা বাড়িয়েই আছি, সুতরাং জীবনের ভয় আমি করি না। যন্ত্রর আগে আমিও দেখতে চাই আপনার কত ক্ষমতা আছে, আর আমি কতটা লড়াই করতে পারি।

সন্দীপ জানে একজন সাধারণ মানুষকে কত সহজে পৃথিবী থেকে সরিয়ে দিতে পারেন পরমেশ্বরা। বলে কতজনকে আছে, যাদের দিয়ে এমন কত খুন করিয়েছেন। শেষ সিদ্ধান্ত অবশ্যেন। আজ পর্যন্ত একটা খুনেরও কিনারা হয়নি। পুলিশী-তদন্ত মাঝ পথে থেমে গেছে। অপরাধীরা নির্বিঘ্নে ঘুরে বেড়াচ্ছে। যাতে কেউ শাস্তি না পায়, তার জন্য পেছন থেকে কলকাঠি নাড়েন পরমেশ্বরা। রেবতীবাবুকে থামাতে চাইলো সন্দীপ, শরীরের অবস্থার কথা ভেবে। বলল, তুমি আমার অসুখ হয়ে পড়বে, ঘরে চলে যাও।

আমাকে বলতে দে সন্দীপ। এঁদের জন্যই আজ সমাজের এই অবস্থা। দিনকে দিন অরাজকতা বাড়ছে। কেউ প্রতিবাদ করার সাহস পায় না তাই অন্যায় চলছে।

পরমেশ্বরা একদিনের জন্যও জীবনে এভাবে হেনেস্থিত অপমানিত হননি। গত পনেরো বছরে যখন নিজের স্বভাব অনুযায়ী অন্যায়ে সমর্থ হয়েছেন, অনেক প্রতিকূল পরিস্থিতির মোকাবিলা করেছেন দৃঢ়তার সঙ্গে। পরিস্থিতি আজকের

মতো বিশ্বাসের আইরে চলে যায়নি কখনও। অথচ কেউ কি বিশ্বাস করে খোপনে রাখত নিজের সর্বনাশের? ওই কি সর্বনাশকে ফ্ল্যাটের ঠিকানা দিয়েছে? অন্তরঙ্গতার কারণে ফ্ল্যাট কেনার সংবাদ দিয়ে পৌঁছনো নির্বাচনের কাজে কত টাকা ধার হয়েছে তার পুরো হিসাব চাইবেন। তখন তো তাহিল তহবিলের দায়ে অতিরিক্ত হতে হবে। নিজেই পাপের জালে নিজেই জড়িয়ে পড়েছেন, মুক্তির উপায় নিজেকেই খুঁজে বের করতে হবে। সর্বনাশকে আবার ফেলে পাঠানোর নিষ্ঠাস্ত নিপুন প্রতিশোধ নেবার জন্য।

পরের দিন সকালে পরমেশ্বরা ঘুম থেকে সবে উঠে বাথরুমে গেছেন। ফোন বেজে উঠলো। পরমেশ্বরা বিরক্ত হলেন। এত সকালে কে আবার ফোন করছে। রিসিভার তুলে এক অপরিচিত ভদ্রলোকের গলা পেলেন। আত্মপরিচয় প্রদান না করেই অপরিচিত মানুষটি বললেন, 'জনমানস' পত্রিকার বাসনাকে নিয়ে একটি লেখা বেরিয়েছে, আপনি কী পড়েছেন। যদিনা পড়ে থাকেন, এখনই কিনে নিয়ে আসুন।

'জনমানস' পত্রিকার নাম শুনেই মুখটা বিকৃত করলেন পরমেশ্বরা। বললেন, ওই পত্রিকায় আমার বিরুদ্ধে যা খুশি লিখতে পারে, তাতে আমার কিছু যায় আসে না।

এবার কিন্তু বাধে পরমেশ্বরবাবু। আপনার রঙ্গিতা জোশার আছে, সে বাড়ির ঠিকানা ও ছবি ছাপা হয়েছে। আপনার বাড়ির নম্বর ও আপনি গাড়ি থেকে নেমে বাড়ির ভেতরে ঢুকছেন, এ ছবিও ফটোগ্রাফের কায়দেরও ধরা পড়েছে। এবার কিন্তু আপনি ফেঁসে গেলেন। সমাজ সেবার মুখোশও খুলে গেল।

পরমেশ্বরা একরার ভৈরব হাঁকিয়ে গর্জন করে উঠলেন, আপনি কে? কেন আমাকে অযথা বিরক্ত করছেন।

আপনি আমার পরিচয় জেনে কী করবেন।

পরমেশ্বরা উত্তেজিত হয়ে রিসিভার নামিয়ে রাখলেন সজোরে, যেন তিনি চাইলেন অপর প্রান্তে কিতোত পৌঁছে নিতে।

চারদিক থেকে আক্রমণ শুরু হয়েছে। সুবমার কাছে নিশ্চয়ই 'জনমানস' পত্রিকার সাংবাদিক গিয়েছিল। অন্ত সুবমা সে সংবাদ গোপন করেছে। সুবমা ছাড়া আর কার পক্ষে সম্ভব সংবাদপত্রকে গোপন তথ্য যোগান দেওয়া? ওই তাহলে ফ্ল্যাটের ঠিকানা পত্রিকাকে জানিয়েছে। মুখ-কালা নিয়ে এতদিন কালযাপন পুষেছেন। সুবমার বিশ্বাসঘাত ভেঙে দিতে বদ্ধপরিকর পরমেশ্বরা।

সুবমাকে পেলেন না ফ্ল্যাটে। ফোনও পেয়ে। ওকে পরমেশ্বরা নির্দেশ দিয়েছিলেন বিনা অনুমতিতে ফ্ল্যাটের ত্রিসীমানায় না ভেড়ে। ত্রিসীমানায় ভেড়ানোর অধিকার যদি প্রতিদ্বন্দ্বীদের সঙ্গে মেলামেশার সুযোগ পেয়ে যায় সুবমা। তখন পারস্পরিক সম্পর্কের গোপনীয়তা বজায় রাখার ক্ষেত্রে অন্তরায়ের সৃষ্টি হবে

সুবমা নির্দেশ অমান্য করে ফ্ল্যাটের বাড়িতে গেল কেন? এত সাহস কে ওকে জোগাচ্ছে? ও আজও এখান থেকে পালিয়ে যায়নি তো? কিন্তু কোথায় পালাবে।

প্রতিশোধ নেবার স্পৃহা কি ওকে চালিত করছে। যদিতে থাকলে এতদিনে ওকে দেহ-ব্যবসায়ে নামতে হতো। এখন তো সেই গ্লানি থেকে ও মুক্ত। ওর জীবনে একজন মাত্র পুরুষ। অন্যেরা পুরুষরা এসে টাকার বিনিময়ে ওর শরীর নিয়ে খেলা করছে না। এটুকু কৃতজ্ঞতা জোর সেই সুবমার?

সুবমা নিজের ইচ্ছায় বাড়িতে ফিরে না এলে কোথায় খুঁজে বেড়াবেন পরমেশ্বরা। পুলিশ কিংবা দলের কারোর সাহায্য নেওয়া যাবে না, আর সাহায্য নিতে গেলে 'জনমানস' পত্রিকার অভিযোগ সত্য প্রমাণিত হয়ে যাবে।

সেদিনই গভীর রাতে মিলী থেকে ফোন এলো। জয়ন্তবাবু কথা বলছেন, পরমেশ, তুমি কি আজ ঝাঁঝিয়েছ? তুমি যোধপুর পার্কে ফ্ল্যাট কিনেছ তোমার প্রেমিকার জন্য, তুমি তো এ ব্যাপারে আমাকে তখনও কিছু জানাওনি। তুমি ওখানে ফ্ল্যাট কেনার টাকা কোথা থেকে পেলে? তোমার জন্য আমাকে ওপরে অনেক নেতার কাছ থেকে কথা শুনতে হচ্ছে। তোমাকে দল থেকে বহিষ্কারের কথাও কেউ কেউ বলছে। আমাকে এই ব্যাপারে প্রোলিক নেতাদের সঙ্গে আলোচনা করার জন্য বিশেষ বৈঠকের আয়োজন করতে হবে। সেই কারণে আগামী রবিবার আমাকে কলকাতায় যেতে হবে। তুমি এয়ারপোর্টে যেয়ো। হ্যাঁও লাইনটা কেটে গেল। কোন ফ্ল্যাটে উনি আসছেন, সেটা জানার সুযোগ দেলেন না, পরমেশ্বরা।

'জনমানস' পত্রিকাই পরমেশ্বরার ভাবমূর্তি নষ্ট করার জন্য দায়ী। পত্রিকা অফিস ভাঙচুর করার কথাও একবার ভেবেছিলেন। কিন্তু তাতে যে হিতে-বিপরীত হয়ে যাবে, খবি আসে জানতে পারতেন, তাহলে ওই সাংবাদিকদের আক্রমণের প্রয়োজন দেখিয়ে অর্থ আদায় চেষ্টা করতেন। অন্যেরা মতো ওকে পৃথিবী থেকে সরিয়ে দেওয়া যায়। প্রতিশোধ নেওয়া সম্ভব হলেও জনপ্রিয়তার মুখোশে যে কালির দাগ লেগে গেছে তা তো কিছুতেই মোছা যাবে না।

পরমেশ্বরা নিজেই কিনে জনমানস পত্রিকা কিনে নিয়ে এলেন। প্রতিবেদনে লেখকের নামের পরিবর্তে ছাপা হয়েছে, কিনের সাংবাদদাতা। অর্থাৎ সম্পাদক প্রতিবেদকের নাম গোপন রাখতে চাইছেন। এই সাংবাদদাতা অজ্ঞাতকুল্য করার একটি কারণ, যাতে সাংবাদিকের উপর কেউ আক্রমণ চালাতে না পারে। প্রতিবেদকের নাম খুব সহজে জানা সম্ভব নয়। প্রতিবেদনের সঙ্গে যে দুটি ছবি ছাপা হয়েছে, তার নীচে ফটোগ্রাফারের নাম ছাপা হয়নি। লেখা রয়েছে—জনমানস টিম।

রিঙ্কা হয়ত জানে, অনুবেদনের সঙ্গে ওর বেশি ঘনিষ্ঠতা ছিল। প্রতিবেদন লেখকের পরিচিত হতে পারে। রিঙ্কার কাছ থেকেই হয়ত গোপনীয় পার্কের ঠিকানা পেয়েছে সর্বনাশ। পরমেশ্বরা একবার ভেবেছিলেন রিঙ্কাকে জিজ্ঞাসাবাদ করবেন। কিন্তু রিঙ্কাকে ঘাঁটানো ঠিক হবে না। 'জনমানস' পত্রিকা তখন শুরু করলে পুরো ঘটনা ওরা ঠিক জানতে পারবে। সুতরাং যত কুঁকি নিতে রাজী হলেন না পরমেশ্বরা।

পরমেশ্বরা ট্যাক্সি চড়ে এয়ারপোর্টে যাচ্ছিলেন। আসানসোল থেকে আসবেন জয়ন্তবাবু। দলের জন্যে তিনি নিজের গাড়ি ব্যবহার করেন না। দামী গাড়ি চড়ে ঘোরা ক্ষেত্রে কারণে মানুষ-প্রতিনিধি তৈরি হয়েছে কিছুটা ক্ষমির কারণ লাগে। যদিও দলের অনেক নেতাই ব্যবহার দামী গাড়িগুলো দলের সম্পর্কিত তালোকেসে নিয়েছেন তবে তারা সত্যকে আড়াল করে আনন্দ পান। পরমেশ্বরা সেই দলভুক্ত নন।

বি. আই পি রোডে সেক্টরটাউন জনপদোতে রিঙ্কাকে দেখতে পেয়ে ট্যাক্সি থামালেন পরমেশ্বরা। রিঙ্কা পরমেশ্বরাকে দেখতে পেয়েও না চেনার ভান করে মুখ ফিরিয়ে তাকিয়েছিল। পরমেশ্বরা ট্যাক্সিতে বসেই রিঙ্কাকে ডাকলেন। পরিচিত নেতা ডাকে ওদের সাড়া না দিয়ে উপেক্ষা করতে পারেনি। ট্যাক্সির কাছে এগিয়ে আসতে পরমেশ্বরা বললেন, তুমি এখানে দাঁড়িয়ে কার জন্য অপেক্ষা করছ?

আমার এক বন্ধু আসবে। ও এলেই আমরা অন্য এক বন্ধুর বাড়ি যাব।

তোমার সঙ্গে আমার জরুরী কথা আছে। তোমাকে আমার বাড়িতে আসতে বলা তুমি হয়ত আসবে না। আমিই তাই রাত আটটা নাগাদ তোমার বাড়িতে যাব। তু কি একটু সময় দিতে পারবে।

কোন জরুরী ব্যাপার নিয়ে আলোচনা করতে চান পরমেশ্বরা। রিঙ্কা সেই ক্ষেত্রে উনি বললেন, এখনই তোমাকে জানাতে হবে। আসলে আমি এখন খুবই ব্য আছি। হাতে বেশি সময় নেই। আমাকে মিনিট দশেকের মধ্যেই এয়ারপোর্টে পৌঁছা হবে।

ট্যাক্সি চলতে শুরু করতেই রিঙ্কা পরমেশ্বরার উত্থাপিত জরুরী আলোচনা প্রস নিয়ে খুবই দুশ্চিন্তায় পড়ে গেল। বাড়িতে আসতে নিষেধ করলে উনি খুবই ক্ষু হতেন। অন্যত্র পরমেশ্বরের বাড়িতে যাওয়ার প্রস্তাব মেনে নেওয়াও সম্ভব ছিল ন ওই দলের কাউকেই বিশ্বাস করে না রিঙ্কা। ওরা এমন পেছে এমন জঘন্য কাণ্ড ঘটি করবে তাতে আত্মরক্ষার দাঁড়ানোই সমস্যা হয়ে দাঁড়াবে। ওদের সম্পর্কের ঘনিষ্ঠতা সংবাদপত্র মারফৎ জানা এই ঘটনাকে হিন্দী ছবির কাহিনীর মতো পরিবেশন করে আম সত্যকে আড়াল করার চেষ্টা করবে। 'জনমানস' পত্রিকা সঠিক রিপোর্ট প্রকাশ করলে পাঠক গুরুত্ব দেবে কলাকে কাহিনীকে।

রিঙ্কা বন্ধুদের সঙ্গে আড্ডা দিতে দিতে মাঝেই অন্যমনস্ক হয়ে পড়ছিল চোখের সামনে ভেসে উঠছিল হিংস্র নেকড়ের মতো পরমেশ্বরার মুখ। রিঙ্কার এ অন্যমনস্কতা বন্ধুদের নজর এড়ায়নি। হয়ত ব্যক্তিগত সমস্যা নিয়ে চিন্তিত রিঙ্কা, ত কেউ কিছু জিজ্ঞেস করেনি। সেদিন অনেক তাড়াতাড়ি বাড়িতে ফিরে এসেছিল

পরমেশ্বরা আসেনি। রিঙ্কা বাড়িতেই ছিল। একরাশ দুশ্চিন্তা ওকে ঘি রেখেছিল। কেন পরমেশ্বরা আসতে পারেনি, তার কারণ স্পষ্ট হয়ে উঠল ফোনি সংবাদ শুনে। পরমেশ্বরা সন্ন্যাসরোগে এক বছরের জন্য পার্টি থেকে বহিষ্কার করা হয়েছে তিনি অবশ্য বিদেশী চাদের সঙ্গে যুক্ত ছিলেন, সেই কারণে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া দুপুরিশ করেন পার্টির অন্যতম নেতা জয়ন্ত বসু। তখন কমিটির এক বিশেষ সভ এই সিদ্ধান্ত গৃহীত হয়। বহিষ্কারের সংবাদ প্রকাশিত হতেই সংবাদপত্রের সাংবাদিক পরমেশ্বরপুর বাসভবনে ভিড়ে গেছিলেন তাঁর প্রতিক্রিয়া জানতে। তিনি কোনো সাংবাদিকে সঙ্গে দেখা করেননি, সাংবাদিকদের জানানো হয়, তিনি খুবই অসুস্থ। এখন ঘুমি আছেন। কাজেই সঙ্গে কথা বলতে পারছেন না।

রিঙ্কা সংবাদ শুনেই বুঝতে পেরেছে পরমেশ্বরা সাংবাদিকদের এড়াবার জন্যই অসুস্থ ভান করে বিছানার ওপর আছেন। প্রতিক্রিয়ার চলন নিয়ে বিরূপ মন্তব্যের উত্তর দেও জনসাধারণের পক্ষে সম্ভব নয়। সর্বনাশ হয়ত এখনও কিছু জানতে পারেনি। তেমনি ওর কাছে আসবে। মায়ের আপত্তি শুনে সিদ্ধান্ত বদলাতে বাধ্য হলো রিঙ্কা। পরমেশ্ব

অনুষ্ঠানটা কিভাবে মিছিলে যেন রূপান্তরিত হয়ে গেছে।

পরমেশদা জনা-তারা পাখির মতো মুক্তাদের কাতরাতে কাতরাতে তাকালেন, কেউ নিশ্চয়ই দেহান্ত থেকে দৃষ্টি সেরেছে। জহরবাবু নিজেই যদি এই কঠিন সিদ্ধান্ত নিতেন তাহলে তার আগে অবশ্য তাঁর সঙ্গে আলোচনা করতেন। 'জনমানস' পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনকে ভিত্তি করে দলের সিদ্ধান্ত খুবই বিশ্বাসযোগ্য। আগেও দলের অনেক নেতাদের বিরুদ্ধে এই অভিযোগ ওই পত্রিকায় প্রকাশিত হয়েছে। তখন তো কেউ ওকথা বলেনি। আজ হঠাৎ এই পরিবর্তন কেন। পরমেশদার সন্দেহের তীরটা ক্রমশ তীব্র হয়ে উঠছে। তাঁর সন্দেহের তালিকায় একটি নামই বারবার ভেসে উঠছে। অমিত নন্দী।

অমিত নন্দী বিরোধী গোষ্ঠীর নেতা। যদিও সে প্রকাশ্যে জহরবাবুর সঙ্গে কোনো বিরোধে জড়িয়ে পড়তে চায় না। কিন্তু সুযোগ পেলেই দলীয় কর্মীদের মিছিল-এ জহরবাবুর বিরুদ্ধে স্লোগানের মুখর হয়ে ওঠে। ও পুলিশ-গোষ্ঠীর সক্রিয় কর্মী। একবার নির্বাচনে অমিত আশা করেছিলেন জহরবাবুর পরিবর্তে পুলিনবাবুই টিকিট পাবেন। কিন্তু জহরবাবুর লিস্টিতে অনেক বেশি প্রভাব। পরপর দু'বার নির্বাচিত হবার জন্যই জহরবাবু সর্বভারতীয় রাজনীতিতে বেশি পরিচিত। তাই জহরবাবু প্রার্থী-নির্বাচন প্রতিযোগিতায় অনায়াসে পিছনে ফেলে দিতে পেরেছেন পুলিনবাবুকে। সে নিয়ে অমিতের যথেষ্ট ক্ষোভ রয়েছে। তাছাড়া, অমরেশের বিরুদ্ধে অ্যাকশান নিয়ে তাঁর মতবিরোধের ঘটেছিল অমিতের সঙ্গে। রাজনৈতিকভাবে মোকাবিলা করার পথ ছেড়ে হিংসাত্মক ঘটনার সাহায্য নিয়ে কাউকে পৃথিবী থেকে সরিয়ে দেবার পরিকল্পনাকে জহরী সমর্থন করতে পারেনি অমিত। কিন্তু জহরবাবুর সম্পত্তি পেয়েই পরমেশদা উদ্যোগী হয়েছিলেন পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করতে।

অমিত হয়ত আগে জানত না যোবপুর গার্ডের ক্লাস্ট কোথায় সংঘাত। জানলে নিশ্চয়ই এতদিন সমালোচনার মুখর হয়ে উঠত। সংঘাত ছড়িয়ে পড়ার পরই পুলিনবাবুকে দিয়ে অমিত কেন্দ্রীয় কমিটির সদস্যদের কাছে তাঁর অভিযোগ জানিয়েছে। তারই পরিণামে এই বহিষ্কার। পরমেশদার মনে একটাই প্রশ্ন জাগছে, কে এই গোপন সংবাদ ফাঁস করে দিল। বিমলাই একমাত্র জানে? ও বিশ্বাসঘাতকতা করেনি তো। ওকে কর্পোরেশনে চাকরি যোগাড় করে দিয়েছেন পরমেশদা। ওর কি বিন্দুমাত্র কৃতজ্ঞতা বোধ থাকা উচিত নয়?

পরমেশদার সন্দেহের তীর এবার সুষমার দিকে। ও ছাড়া আর কারুর পক্ষেই সম্ভব নয় সংবাদপত্রকে গোপন সংবাদ জানিয়ে দেওয়া। সেদিন কে ফিরেছিল সুষমার সঙ্গে দেখা করতে। সে কেন যমরেশের নাম স্মরণ করেছিল। সন্দীপই বা গোপন সংবাদ জানালো কার কাছ থেকে?

ক'দিনধরে সুষমার কাছে যাবার সুযোগ পাননি পরমেশদা। মানসিক অস্থিরতা ওঁকে খুবই ক্লান্ত করে তুলেছে, এ সময়ে নারী-সান্নিধ্য উপভোগ করার বাসনা জাগে না। সুষমা সেদিন অনেক রাতে ফ্ল্যাটে ফিরে এসেছিল। জেনে সে সংবাদও জানিয়েছিল পরমেশদাকে। কিন্তু তিনি তখন দলীয় কর্মীদের সঙ্গে জরুরী বৈঠকে ব্যস্ত ছিলেন, তাই পরমেশদা কড়াটি কথা বলার সুযোগ পাননি।

পরমেশদাকে কাছে পেয়েই সুষমা উপোসী শরীর নিয়ে পরমেশদার বুকে ঝাঁপিয়ে পড়তে চাইলো। অবশ্য স্বতঃস্ফূর্ততা নয়, রক্তিমের উপযুক্ত অভিনয়। পরমেশদা বাধা দিয়ে বললেন, এখন তোমার এই আদিখ্যেতা সহ্য করার শক্তি আমার নেই। তুমি আমার বিনা অনুমতিতে কেন ফ্ল্যাট ছেড়ে কাঁথিতে গিয়েছিলে। কার সঙ্গে দেখা করতে গিয়েছিলে?

প্রত্যাঘাতে হতচকিত সুষমা যথাযথ অভিমান প্রকাশ করে বলল, মায়ের কাছে গিয়েছিলাম। দুপুরে ঘুমের মধ্যে এক দুঃস্বপ্ন দেখে মনটা খুবই খারাপ হয়ে গিয়েছিল। এ বাড়িতে আসার পর মায়ের সঙ্গে দেখা হয়নি। তাই না গিয়ে থাকতে পারিনি।

তুমি একবার আমাকে জেনে করতে পারতে। অন্তরঙ্গতার সংবাদ আমার কানে আসেনি।

অন্তরঙ্গতা শরীরের নয় মনের। টাকা দিয়ে কি মনের শূন্যতা মেপে যায়। মেয়েকে কাছে না পাওয়ার দুঃখ তুমি বুঝবে কি করে?

আমাকে জেরবার চেষ্টা করো না। মেয়ে কিভাবে টাকা ব্লেকমেল করছে, তা জেনেও কি মাতৃত্বের অধিকার প্রতিষ্ঠা করা যায়। ওসব কথা আমাকে শুনিয়ে কোনো লাভ নেই। সেদিন অমরেশ নামে যে ছেলেটি তোমার কাছে এসেছিল, তাকে তুমি কি বলেছিলে। গোপন করার চেষ্টা করো না। তার ফল কি ভয়ানক হতে পারে, তুমি এখন কল্পনাও করতে পারছ না।

পরমেশদা মেয়ে পরিণতির দিকে ইঙ্গিত করতে চাইলেন, বুঝতে পেরেছে সুষমা। কিন্তু নিজেকে ওর্মেনি যা আতঙ্কিত বোধ করেনি। যে পথ বেছে নিতে যাচ্ছে, সেখানে জীবন ও মৃত্যুর হিসেব তফাৎ নেই। এভাবে বেঁচে থেকে কি লাভ? যৌবন শেষ হয়ে গেলে কঙ্কালটার মতো ভেসে বেড়াতে হবে। সুষমা ক্লান্তকিন্তে জবাব রেখে বলল, আমি তোমার টাকায় বেঁচে আছি, সেই কৃতজ্ঞতায় আমি কখনো তোমার সঙ্গে বিশ্বাসঘাতকতা করতে পারব না। রক্তিমা হলেও আমার সেই মূল্যবোধটুকু আছে। মিতিকে না জানালে আমাকে এ পথে আসতে হতো না।

পরমেশদা অসহিষ্ণু হয়ে উঠলেন। মেজাজ চড়িয়ে বললেন, বেশি কথা শুনতে আমার ভালো লাগছে না। তোমাকে যা বলতে এসেছি, শুধু সেটুকুই বলো।

আমি তোমাকে আগে যা বলেছি, তার অতিরিক্ত কিছু বলা আমার পক্ষে সম্ভব নয়। আমার সঙ্গে অন্য মেয়েদের তুলনা করার সুযোগ ও পাওনি। আমি ওকে ভেতরে ঢুকতেও দিইনি।

তুমি জিজ্ঞেস করোনি এখনকার ঠিকানা ও ফোন নম্বর কোথা থেকে পেয়েছে?

জিজ্ঞেস করার সুযোগ ছিল না। তুমি তো এসেছিলে বিদ্যুৎগতি পায়ে, তোমার সঙ্গে সিঁড়িতে দেখা হওয়া উচিত ছিল।

তোমাকে যদি যদি দেখাই, তুমি কি ওকে চিনতে পারবে?

সুষমা চিনতে পারবে, এই জবাব উপর ভরসা করেই পরমেশদা ব্যাগ থেকে কয়েকটা রঙিন ছবি বের করলেন। সুষমার হাতে দিয়ে বললেন, এদের মধ্যে ওকে তুমি চিনতে পারো।

সুষমা খুঁজছে। আজার চেষ্টায় বিশেষত্ব না থাকলে ভিড়ের মধ্যে নির্দিষ্ট মুখ খুঁজে পাওয়া খুবই কঠিন। সময় নিচ্ছে সুষমা। পরমেশদা তাড়া লাগাতেই সুষমা দু'জনকে দেখিয়ে বলল, এদের মধ্যে একজন এসেছিল। দু'জনের মুখের মধ্যে এতটা মিল যে একজনকে বেছে নেওয়া সম্ভব হচ্ছিল না। এই দু'জনের মধ্যে সন্দীপ আছে। অন্যজন সুনীল। দুষ্টিলের পক্ষে এখানে আসা সম্ভব নয়। ও তো পার্টি-অফিসের কর্মী। সন্দীপই এখানে এসেছিল, এ ব্যাপারে পরমেশদার বিন্দুমাত্র সন্দেহ নেই। এখন জানা প্রয়োজন, কে ওকে ঠিকানা দিয়েছিল।

সন্দীপকে চাই। খবর পাঠালেও ও আসবে না। কিন্তু নিজেই বা কিভাবে যাবেন সন্দীপের বাড়িতে। রেবতীবাবুর মুখোমুখি দাঁড়াবার সাহস আর নেই। 'জনমানস' পত্রিকার প্রতিবেদন আর দল থেকে বহিষ্কারের সংবাদ ইতিমধ্যে নিশ্চয়ই রেবতীবাবুর কানে পৌঁছে গেছে।

এই দুর্যোগের সময়ে কেউ আগের মতো মর্যাদা দিতে চাইবে না। ক্ষমতা হাতছাড়া হয়ে গেলে কিভাবে অপমানিত হতে হয় দলের কর্মীদের কাছে, এখন অনেক ঘটনার প্রত্যক্ষদর্শী পরমেশদা। এই অবস্থার পড়তে হবে। পরমেশদা কল্পনাও করতে পারেননি। সুষমাকে বললেন, আমি তোমাকে আর পুষতে পারব না। এই ফ্ল্যাট ছেড়ে তোমাকে চলে যেতে হবে।

সুষমা এখন আশ্রয়চ্যুত বিপন্নতার ক্রান্তকালীন পাখির মতো অসহায়। উদ্বিগ্ন হয়ে বলল, আমি কোথায় যাব। আজকে কে আশ্রয় দেবে।

তোমার তো রূপ-যৌবন আছে। আমার মতো একজন বাবু জোগাড় করতে তোমার বিশেষ অসুবিধা হবে না।

হঠাৎ কেন এই পরিবর্তন। এমন কী ঘটনা ঘটেছে, যার পরিপ্রেক্ষিতে উনি এই কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন, বুঝতে পারছে না সুষমা। একদিন এই শরীরের আকর্ষণ ওনাকে উন্মাদ করে তুলেছিল। সেই জন্য টাকার জোগানও বন্ধ করে এখানে নিয়ে এসেছিলেন। সুষমা বলল, তুমি যদি আমাকে তাড়িয়ে দাও, আত্মহত্যা করার পথ আমাকে বেছে নিতে হবে। আমি অন্য কোনো পুরুষের আশ্রয়িনী হতে পারব না।

তুমি তো জন্মেছ, বহু পুরুষ ভোগ্যা হবার জন্য। আমার নজরে না পড়লে এতদিন তোমাকে সে পথই বেছে নিতে হতো। তোমার মা-ই একমাত্র জানেন তোমার জন্মদাতা পিতা কে।

সুষমা একেবারে স্থির হয়ে গেল। যে জন্মের জন্য তার কোনো অপরাধ নেই, জ্ঞান হবার পর থেকেই এক অপরাধের বোঝা বয়ে বেড়াতে হচ্ছে। অতিশপ্তপ্রায় এই জীবনের উপর এতটুকু মায়া নেই সুষমার। তাই করুণা ভিক্ষা করতে মন চাইলো না। সুষমা বলল, তুমি তাড়িয়ে দিলে আমাকে চলে যেতেই হবে। কিন্তু আমার দেখা আর কোনোদিনই পাবে না।

উচ্চমহলের জন্য সুষমা তাহিরা হবে এ সত্য মেনে নিতে বিব্রতবোধ করলেন পরমেশদা। বললেন, তোমাকে নিয়ে আমি এই মুহূর্তে কিছুই ভাবতে পারছি না। আমার

এখন খুবই ঘুরপথে চলছে। তুমি কয়েক মাস সময়ের কাছে দিয়ে আসো। আমি কিছু টাকা পাঠাবার চেষ্টা করছি।

আমার এক অনিশ্চিত জীবনের পথে পা বাড়াতে হচ্ছে সুবনাকে। এতদিন যাকে নিয়ে শুধু স্বপ্ন দেখেছে, তাকে পুরোপুরি ভুলে যেতে হবে। কিন্তু প্রেরণা কি কখনও ভুলতে পারবে? অবশেষে সর্বীপকে ছেড়ে পরিবেশের সিদ্ধান্তই নিয়েছিলেন পরমেশ্বরা। সর্বীপ এসেছে। অবশ্য করেনি। হয়ত সৌকুমার প্রেমিকেই ও এসেছে। চোখমুখ হাসি মুখে ছড়িয়ে সর্বীপকে অভ্যর্থনা জানাতেই সর্বীপ বলল,—আপনি আমাকে ডেকে পাঠিয়েছেন কেন? এখন তো আপনি দলের নেতা নন।

আমি সে কথা জানি সর্বীপ। তোমাকে আমার কিছু প্রয়োজন। আমি যদি তোমাকে একটা কাজ করি, তুমি কি সঠিক জবাব দেবে? তুমি তোমাদের পার্টির ঠিকানা জানতে পেরেছ আমার কাছ থেকে?

আমি তার নাম প্রকাশ করতে পারবো না। তিনি আপনার দলেরই একজন সক্রিয় কর্মী।

সর্বীপের ইঙ্গিতাত্মক থেকে পরমেশ্বরা বুঝতে পারলেন অরিত কিংবা পুলিনবাবু সর্বীপকে টাকার লোভ দেখিয়েছে। একবার ভাবলেন প্রতিশোধ নেওয়ার। নির্বাচনে টিকিট না পাওয়ার জেদ মেটাতে চাইছেন। জহরব্রতবাবুর পরে হয়ত দেওয়ার সাহস নেই, তাই তাঁর অন্যতম অনুগামীকে বেছে নিয়েছেন। পরমেশ্বরা বললেন, তুমি সুবনার সঙ্গে দেখা করতে গিয়েছিলে কেন? নিজের নাম গোপন করে অমরেশের নাম ব্যবহার করেছিলে কি না কেন?

আপনার গোপন প্রতিভাকে দেখার ইচ্ছে হয়েছিল, তাই গিয়েছিলাম। অপরাধ করেছি কি? আমি আপনার প্রতিভার সঙ্গে এমন ব্যবহার করিনি, যার জন্য আপনি আপত্তি জানাতে পারেন। আর অপরেশের নাম ব্যবহার করে আমি কি আপনার ভোটে কারচুপি করেছি? অমরেশের নাম শুনে আপনি রেগেছেন আন্দাজ করে ঠাট্টা করেছিলাম। যাকে আপনি চক্রান্ত করে খুন করিয়েছিলেন, সে আবার কোথা থেকে এসে উদয় হলো? আসলে, আপনার ভয়, অমরেশকে খুন করার জন্য কেউ না এসে আপনাকে অভিযুক্ত করে। আপনি কিন্তু কিছুতেই রেহাই পাবেন না।

পরমেশ্বরা ক্ষুব্ধ হয়ে বললেন, আমার কাজের জন্য তোমার কাছে কোনো কৈফিয়ৎ দিতে আমি বাধ্য নই। আমি যদি সত্যিই অমরেশকে খুন করিয়ে থাকি, তার বিচার করবে আদালত।

আদালতের বিচার নিয়ে আমার মাথাব্যথা নেই। আপনি যে আমাকে অমরেশের খুনের সঙ্গে মিথ্যে জড়িয়েছেন, তার বিচার কি আদালত করতে পারবে?

সময় হলেই জানতে পারবে। আগে বলো, তুমিই কি 'জনযানস' পত্রিকাকে সব তথ্য যোগান দিয়েছ?

আমার সঙ্গে 'জনযানস' পত্রিকার যোগাযোগ নেই। ওরা অন্য কোনো সূত্র থেকে তথ্য সংগ্রহ করেছে। আমি যদি ওদের সাহায্য করতাম তাহলে আপনার রক্তিমার ছবিও প্রতিবেদনের সঙ্গে ছাপা হতো। আপনার দলের কেউ আপনার সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। আপনি একটু ভাবলে হয়তো জানতে পারবেন সেই বিশ্বাসঘাতকটি কে।

পরমেশ্বরার মুখ থেকে এক দীর্ঘনিশ্বাস বেরিয়ে আসার উপক্রম হয়েছিল। এখন কেউ কী সাহায্য করতে চাইবে? দল থেকে বহিষ্কার হবার পর থেকে লক্ষ করছেন এক সময়ে যারা এঁদুলি পোকার মতো পায়ে লেগে থাকতো, তাদের কেউই এখন ছায়া মাড়ায় না। ওদের অবশ্য তেমন দোষ নেই। ক্ষমতা হাতছাড়া হয়ে গেলে নেতার সামর্থ্য কমে যায়। কিছু না পাওয়ার সম্ভাবনা জানলে কেন তারা মিথ্যে সময় নষ্ট করবে?

আট

'অমরেশকে খুন করার অভিযোগে অভিযুক্ত পরমেশ সান্যাল'—এই শিরোনাম নিয়ে আবার এক প্রতিবেদন প্রকাশিত হয়েছে 'জনযানস' পত্রিকায়।

কিভাবে ও কেন অমরেশকে খুন করার পরিকল্পনা নেওয়া হয়েছিল, দলের মধ্যে কে বিশ্বাসঘাতকতা করেছিল, কেন সর্বভারতীয় নেতা জহর কুণ্ডু এই উদ্যোগকে সমর্থন জানিয়েছিলেন—সবই অত্যন্ত নিপুণতার সঙ্গে বিশ্লেষণ করেছেন প্রতিবেদক। প্রতিবেদনের শেষ দিকে রয়েছে সর্বীপের প্রসঙ্গ। পরমেশ সান্যাল নিজেকে এই অপরাধের অভিযোগ থেকে মুক্ত করতে তাঁদের এক কর্মী সর্বীপকে অভিযুক্ত করে ফাঁসানোর চেষ্টা করেছেন। অবশ্য সেখানে নিজের নাম ব্যবহার করেননি। পুলিশ তাকে গ্রেপ্তারও করেছিল। আদালত সেই পরমেশ্বরাকে সর্বীপদের পুলিশ হেফাজত থেকে ছাড়িয়ে আনার জন্য জামিনেরও ব্যবস্থা করেছিলেন। তাঁর এই পরস্পরবিরোধী কাজের মধ্যে চরম মানসিকতার প্রকাশ ঘটেছে। একদিকে জনসাধারণের সন্দেহের তীর সর্বীপদের দিকে ঘুরিয়ে দেওয়া এবং দ্বিতীয়বার সর্বীপদের কাছে নিজের বাক্তিগতিকে উজ্জ্বল করে তোলা। পুলিশের ভূমিকা নিয়েও তীব্র সমালোচনা করা হয়েছে প্রতিবেদনে। তিনি ভাইরি করলেন, তিনিই আবার জামিনের ব্যবস্থা করলেন, এই দুই বিপরীতমুখী ভূমিকা গ্রহণে কেন আপত্তি জানাননি পুলিশ?

পরমেশ্বরা পুরো প্রতিবেদন পড়ে একটাই সিদ্ধান্ত করলেন, আমার রাজনৈতিক জীবন শেষ করে দিতে তীব্র ষড়যন্ত্র চলছে আমারই দলের মধ্যে।

এই ষড়যন্ত্রের গোপনে কার সমর্থন রয়েছে, তিনি অবশ্য এখনও খুঁজে উঠতে পারেননি। দলের বিরোধী গোষ্ঠীর নেতা পুলিনবাবুকেই তিনি বেশি সন্দেহ করেন। সর্বীপের সঙ্গে নিশ্চয়ই দলের ভেতরে ক্ষমতাশালী নেতার গোপন যোগাযোগ রয়েছে, সর্বীপ সেদিন নাম জানাতে রাজী হয়নি। সেই নেতাই হয়ত জনজাগরণ পত্রিকাকে সব তথ্য যোগান দিয়েছে। শত্রুতা করতে গিয়ে প্রতিপক্ষের রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী একটি সংবাদপত্রকে সাহায্য করার পথ অবলম্বন করা নীতি-বিরোধী। কোনোদিনে ছাপা হোক, দলের প্রভাব বজায় রাখতে রাজনৈতিক প্রতিপক্ষকে খুন করা—এমন ঘৃণ্য সংবাদ নিয়ে জল ঘোলা করা অনুচিত। আর যেন মুছে কত রাজনৈতিক খুনের ঘটনা ঘটেছে, কত নেতা সম্পত্তি বাড়িয়েছে, সেসব ব্যাপার নিয়ে কিন্তু কিছু হয়নি। তবে সময়ের সঙ্গে ভবিষ্যতে জনসেবা সেরে কলে যাবে। বিশেষ করে জনজাগরণ পত্রিকা প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে দল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত কিছুতেই পরমেশ্বরা মেনে নিতে পারছেন না।

জহরব্রতবাবু যে কেন বহিষ্কারের সিদ্ধান্তের বিরোধিতা করেননি? এখন কী তিনি একবারের জন্যও কেন করে পরমেশ্বরাকে সমবেদনা জানাতে পারবেন। এই নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়ে তত পরিষদে এসেছেন পরমেশ্বরা, এ কথা কী উনি ভুলে গেছেন? এলাকার মুখকদের দলে টেনে এনেছেন। নির্বাচনে নিতে জহরব্রতবাবু এত নিশ্চিতে ঘুরে বেড়াচ্ছেন মন্ত্রী হবার জন্য। সেদিন এয়ারপোর্টে দেখে আমার প জহরব্রতবাবু একটা কথাও বলেননি পরমেশ্বরার সঙ্গে। উনি হয়ত মোক্ষত্ত অবাক হয়েছিলেন, কথা বলতে গিয়ে কেন্দ্রীয় কমিটির সুপারিশ প্রকাশ হয়ে যাবার ভয়ে তবে কেন এয়ারপোর্টে আসতে বলেছিলেন জহরব্রতবাবু? এখন নিজের ভুল ধরা করতে বিধাগ্রস্থ নন পরমেশ্বরা। ঘোষপুর পার্কের ছাপা কেলার সংবাদ জহরব্রতবাবু জানানো উচিত ছিল। এই ভুল কারণে উনি নিজের এতদিন অনুগত কর্মীর বিরু চলে যেতে পারলেন। নির্বাচন আসার হবে। কেন্দ্রের এই সরকার দু'বছরের বে টিকবে না। তখন জহরব্রতবাবুর সঙ্গে যোগাযোগ করতে দ্বিধা করবেন না পরমেশ

পরমেশ্বরা এই মুহূর্তে অনেক বেশি দুশ্চিন্তায় পড়েছেন আসন্ন আর্থিক দা নিয়ে। দলের তহবিল এবং অন্যান্য সূত্র থেকে যে আয় হতো তা তো পুরো বন্ধ হয়ে গেছে। জমানো টাকা থেকেই জীবিকা নির্বাহের খরচ চালাতে হচ্ছে। ব হয়ে জীবন-যাত্রার ক্ষেত্রে ব্যয়-সংকোচ নীতি গ্রহণ করেছেন। প্রতিদিন হাতে কত ছে যেতে সন্তার দিকার আছেন। সুবনাকে চলে যেতে বলে মনের অন্তর্নিহিত দুর্গত কিন্তু ওকে ধরে রাখার মতো আর্থিক সামর্থ হারিয়ে ফেলেছেন। সুবনাকে যদি স্ত্রীর মর্যাদা দিতে পারতেন, তবে এই দুর্দিনে উনি ওকে পাশে পেতেন। এখন আর ভেবে সেই অধিকার দাবীও করা যায় না। ও চেয়েছিল সামান্য একটু ভা পেতে, যেখানে শরীর নয় মনের ভূমিকা বেশি। পরমেশ্বরা ওকে উপহাস করে দুঃখ দিয়েছেন। সুবনাকে সরল করিয়ে দিয়েছেন তার সামাজিক অবস্থানের ক এই সময়ে বিধায়ী হয়ে সুবনার কাছে গিয়ে দাঁড়াবার সাহস নেই পরমেশ্বরার। ভেবেও ভুল করেছেন।

পুলিনবাবুর কথা মনে এলো। জহরব্রতবাবুর কাছে পরাজিত হবার ক্ষোভ এ ভোলবার ভুলতে পারেননি। সেই ক্ষোভকে হাতিয়ার করার জন্য জনযানস জহরব্রত উচিত শিক্ষা দেবার জন্য। পুলিনবাবুর কাছে সাহায্য চাওয়া কী ঠিক হবে। দুর্যোগের গ্রেতে ভাসা মানুষ বাঁচার আকস্মিকতায় সামান্য খড়কুটোর দিকেও হাত বা সাহায্য পাবার প্রত্যাশা নিয়ে।

পুলিনবাবুর কাছে গেলে কী হতাশ হয়ে ফিরতে হবে? মনের জোরের এ ঝীণ আশা জেগে উঠে পরমেশ্বরাকে উৎসাহিত করে তুলছে। অপমানিত হয়ে ফি আসার ঝুঁকি আছে জেনেও এক বিধায়কাঙ্ক্ষির মনে গেলেন পুলিনবাবুর বাড়ি পুলিনবাবু পরমেশ্বরাকে দেখে বিস্ময়ের উচ্ছ্বাস প্রকাশ না করে বললেন, আ অনেকদিন ধরে মনে হচ্ছিল আপনি আমার কাছে আসতে পারেন।

পুলিনবাবু হয়ত বিদ্রূপ করতে চাইছেন। আশ্চর্য করতে পেরেও পরমেশ্বরা চেহারার পরিবর্তন ঘটালেন না। বিশ্লেষণ করতে পারছেন, এমন মনে হবার কারণ কি? প্রতিক্রিয়াহীন পরমেশ্বরার চোখের দিকে তাকিয়ে পুলিনবাবু বললেন, আপনি এখন নিশ্চয়ই জয়ন্তবাবুকে চিনতে পেরেছেন। উনি এখনই চরিত্রের মানুষ। যাদের সাহায্য নিয়ে উনি রাজনীতিতে উন্নতি করেন, প্রয়োজন হলে তাদের সর্বনাশ করতে দ্বিধা করেন না।

পুলিনবাবুর কথাগুলো কেমন ধোঁয়াশায় জড়ানো। তবে কি জয়ন্তবাবুই সব ষড়যন্ত্রের পেছনে রয়েছেন? সেজন্যই এক ইঙ্গিতের ইশারা পেয়ে পরমেশ্বরা বললেন, আপনি ঠিক কি বলতে চাইছেন, আমি বুঝতে পারছি না।

আপনি এখনও কিছু বুঝতে পারেননি! আর কবে বুঝবেন? এত দিন ধরে রাজনীতি করলেন, অথচ এই সামান্য ব্যাপারটুকু বোঝার ক্ষমতা আপনার নেই!

সত্যিই আমি কিছু বুঝতে পারছি না পুলিনবাবু। আমার অবস্থা খুবই খারাপ, আপনি যদি আমাকে একটু সাহায্য করেন...

পুলিনবাবু জোর গলায় হেসে উঠে বললেন, আমি আপনাকে সাহায্য করব? সে যোগ্যতা আমার আছে?

হাসির শব্দ যেন চাবুকের মতো গিয়ে বিঁধেছে পরমেশ্বরার বুকে। এখন বিদ্রূপ, উপহাস—সবই সহ্য করতে হবে।

পরমেশ্বরা বিচলিত হয়ে বললেন, আমি খুব অসহায় অবস্থায় দিন কাটাচ্ছি। আপনি প্লিজ—

আপনার সেই কবিতা কোথায় গেল? সেও কি আপনাকে ছেড়ে পালিয়েছে?

পরমেশ্বরা আহত হলেও পুলিনবাবুকে প্রত্যাঘাত করতে চাইলেন না। বললেন, এখন কে আমার কাছে থাকবে বলুন? আপনি ছাড়া আমাকে কেউ আর সাহায্য করবে না।

আমি আপনাকে কিভাবে সাহায্য করতে পারি? আমার ক্ষমতাই বা কতটুকু। জয়ন্তবাবু একদা মন্ত্রী হতে না পারলেও ক্ষমতার কেন্দ্রে থাকবেন। এখনকার সংবেদশপত্রগুলি ও স্বাক্ষরসংগ্রহে জয়ন্তবাবুকে সাহায্য করেছেন। সুতরাং তিনি যখন আপনাকে বন্ধন দল থেকে বহিষ্কারের মতন মুক্তিয়েছেন, তখন আমার পক্ষে কি কিছু করা সম্ভব।

আমার বিরুদ্ধে দায়েরকৃত প্রতিবেদন লেখার কাজে কি উনিই সহযোগিতা করেছেন?

আপনার এখনও সন্দেহ রয়েছে। ওই প্রতিবেদন যিনি লিখেছেন, তিনি জয়ন্তবাবুর এক ঘনিষ্ঠ বন্ধুর ছেলে। যদিও রাজনীতির ক্ষেত্রে দুজন দুজনের প্রতিপক্ষ, তবুও বন্ধুত্বের ক্ষেত্রে প্রভাব পড়েনি।

এ তো অবিশ্বাস্য ঘটনা।

এ ঘটনা নতুন নয়। স্বাধীনতার আগেও ঘটেছে। এ দেশের একজন স্বাধীন স্বকলাকী বিপ্লবীদের পক্ষে দাঁড়িয়ে সব অভিযোগ থেকে তাদের মুক্ত করতে পেরেছিলেন, কারণ বিচারক ছিলেন ওই স্বাধীন স্বকলাকীর সহপাঠী। তাঁর নাম আমাকে বিশ্লেষণ করবেন না।

পরমেশ্বরা বিব্রত হয়ে পড়লেন। জয়ন্তবাবু পরমেশ্বরার এমন নির্মমভাবে বিশ্বাসঘাতকতা করতে? সদীপ বোধহয় জয়ন্তবাবুর কনিষ্ঠ কাজের কাছ থেকে জানতে পেরেছিল ফ্লাট কেলার গোপন সংবাদ। কিন্তু সদীপের উচিত ছিল আমাকে জানানো। ওকে নিশ্চয়ই জয়ন্তবাবু টাকা দিয়ে নিজের পক্ষে টেনে নিয়েছেন। পুলিনবাবু পরমেশ্বরার মানসিক অবস্থা অনুমান করতে পেরে বললেন, এখন আমার পক্ষে কিছু করা সম্ভব নয়। একটা বছর কোনোরকমে কাটিয়ে দিন। তারপরে আমি দেখব, আপনার জন্য কি করতে পারি। এখন জটিল বিষয় নিয়ে আলোচনা করতে আমার আর ভালো লাগছে না। আপনার সঙ্গে অন্য বিষয়ে একটু কথা বলতে চাই। আপনার আপত্তি নেই তো?

আপত্তি জানিয়ে পুলিনবাবুর সঙ্গে ভুল বোঝাবুঝির কোনো সুযোগ সৃষ্টি করতে চাইলেন না পরমেশ্বরা। এই সময়ে একমাত্র উনিই তাঁকে ভুমিকা পালন করতে পারেন। সম্মতি পেয়েই পুলিনবাবু বললেন, আপনি কোথা থেকে এমন সুন্দর রমিলা যোগাড় করেছিলেন? কত টাকা দিতেন ওর মাকে?

আকস্মিক প্রশ্নে উদ্বাপন হয়েছেন পুলিনবাবু। উনি সুষমাকে ভোগের দেখেছেন? সুষমাকে পাবার জন্য উনি কী উন্মাদ হয়ে উঠেছেন? পরমেশ্বরা বললেন, হাঁপ পেয়ে গিয়েছিলাম। প্রতি মাসে ওর মাকে আড়াই হাজার টাকা দিতে হত। তাছাড়া, আমার জামার দেখবা ও খাওয়াপরার দায়িত্ব ছিল আমার।

ফ্লাটটা কিনেই আপনি ভোগদখল বাঁচিয়েছেন। আপনি ওর জন্য এক লক্ষের ফ্লাট ভাড়া দিতে পারতেন।

সুষমাকে ঘরে রাখতেই আমি ফ্লাটটা কিনতে বাধ্য হয়েছিলাম। ওর পক্ষে এক পুরুষের পরিবর্তে অন্য পুরুষ যোগাড় করা খুব সহজ ছিল। আমার কাছ থেকে যাতে ওকে কেউ ছিনিয়ে নিতে না পারে, তাই...

পুলিনবাবু বিব্রতবোধ করে বললেন, ফ্লাটটা আমাকে বিক্রি করে দিন পরমেশ্বরবাবু। প্রয়োজনে সুষমার দায়িত্বও আমি নিতে পারি। অবশ্য ওকে আমি আমার শয্যাসঙ্গিনী করতে চাই না, সে বয়স আমার নেই। আমার স্বকলাকের প্রয়োজনে ওকে ব্যবহার করব। বুঝতেই পারছেন, প্রতিযোগিতার বাজারে টিকে থাকতে হলে সুষমার মতো সুন্দরীদের ভূমিকাটি গুরুত্ব। আমি ওকে মাসে পাঁচ হাজার টাকা দেব। থাকার জন্য ফ্লাট দেব।

সুষমার শরীর হবে পুলিনবাবুর স্বকলাকের মূলধন। আচেনা পুরুষের সুষমার দেহ নিয়ে রক্তের অন্ধকারে নারী হোটেলের বিছানায় অথবা পোর্ট, লেক, পার্কস্ট্রিটের কোনারা ছড়িয়ে পার্টিতে ঝিনিমিনি খেলবে—এ দৃশ্যের কল্পনা চোখে ভাসতেই কেমন অস্থির বোধ করলেন পরমেশ্বরা। পুলিনবাবু সুযোগের সদ্ব্যবহার করতে চাইছেন। পরমেশ্বরা বললেন, সুষমাকে আমি ছেড়ে দিয়েছি। ও এখন স্বাধীন। ওর স্বাধিকার ব্যাপারে আমি কোনো সিদ্ধান্ত নিতে পারি না।

আপনি এতদিন ওকে কাছে রেখেছেন, আপনি বললে হয়ত আপত্তি করবে না।

আপনি আমাকে আর ওর সঙ্গে জড়াবেন না। টাকার বিনিময়ে সুষমা আমাকে সঙ্গ দিত। মানসিক সম্পর্ক গড়ে ওঠার সুযোগ সেখানে নেই। আমি ওর বাড়ির ঠিকানা দিয়ে দিচ্ছি, আপনি গিয়ে দেখা করুন।

বুঝতে পারছি, আপনি চান না সুষমা ফেরত হয়ে যাক। আপনি যদি ওকে এতই ভালোবাসেন, তবে ওকে ছিনে করেননি কেন।

সে আমার অক্ষমতা পুলিনবাবু। সুষমা আমাকে স্বামী হিসেবে পেতে চেয়েছিল, আমি কিন্তু পারিনি ওকে সেই মর্যাদা দিতে। রমিলা স্ত্রী হতে চাইছে দেখে, আমি তাকে অপমান করেছি। আপনি পারলে সুষমাকে একটা চাকরি যোগাড় করে দিন, ওর শরীরকে ব্যবহার করবেন না।

এই প্রস্তাব গ্রহণ করতে উনি রাজী নন, বুঝতে পারলেন পরমেশ্বরা। শারীরিক প্রতিবন্ধকতা সত্ত্বেও কেন উনি সুষমাকে এত তীব্রভাবে পেতে আকাঙ্ক্ষিত হয়ে উঠেছেন? ওধুমাত্র স্বকলাকের প্রয়োজনে?

সুষমাকে ফ্লাট থেকে তাড়িয়ে দেবার জন্য অনুশোচনায় আকুল হয়ে উঠেছে পরমেশ্বরার বুক। সুষমাকে রক্ষা করতে ফিরিয়ে আনতে পারেন, কিন্তু ওর চাহিদা মতো টাকা কোথা থেকে দেবেন? সুষমা যদি কোনো নতুন পুরুষের সন্ধান পায়, তাতে বাধা দেবার অধিকারও হারিয়েছেন পরমেশ্বরা।

সুষমা আবার কোথায় চলে গেছে, এ সংবাদ ওনেই পরমেশ্বরা যেন ভয়ঙ্কিতাহত হয়েছেন। যা আশঙ্কা করেছিলেন, তাই শেষ পর্যন্ত সত্যি হয়ে দাঁড়াল। ও কী পুলিনবাবুর কাছে পাওয়া টাকার লোভে! সুষমার ওধু টাকা চাই, মন বলে কিছু নেই। বৃদ্ধা মা বলেছেন, তোমার কাছ থেকে চলে এসে দিন দুই খুব অন্যায় করেছিল। ভাতারঘুম ভুলে গিয়েছিল। পরশুদিন রাতে চলে গেল। একটাই দেখা। কোথায় গেছে, আমি জানি না। জিজ্ঞেস করতেই বলল, জেনে কী করবে? বিয়েই সুখ পাবে। যে জীবন আমাকে দেছে নিতে চেয়েছে মৃত্যু ছাড়া তার হাত থেকে আমার রেহাই নেই। আমি ঠিক সময়ে এসে তোমাকে টাকা দিয়ে যাব। বৃদ্ধা মা কাঁদছেন, আঁচল দিয়ে চোখের জল মুছছেন। দীর্ঘশ্বাস ফেলে বললেন, আমাকে যেন যে ভগবান বাঁচিয়ে রেখেছেন।

আমি ভোগার মনেরও অবস্থা।

সন্ধ্যা

ভেবেছিলাম তৃতীয়বার হাদয়ঙ্গমে আক্রান্ত হয়ে মারা যাবেন। দ্বিতীয় মৃত্যু সামলে পেয়ে সদীপের সঙ্গে দেখা করতে এসেছিল। ভেবেছিল সদীপকে জানাবে, এতদিনে তাদের ভোজার মনোবাঞ্ছা পূর্ণ হয়েছে। এখন কাঁদছে কেন? তুমি তো চাকরি পেয়ে যাবে। আমাকে বিয়ে করে সুখের সংসার পাতবে। যার মনে এত সুখের জীবন, তার চোখে জল মানায় না।

কান্না থামাতে পারেনি রিমি। এই সময়ে পুরনো প্রসঙ্গের অবতারণা করা অবিবেচনা হয়েছে। সদীপকে আরও কতদিন ভুল বোঝাবুঝির পুনরাবৃত্তি হতে পারে।

একেই তো জীবন অবশ্যে জটিলতার ভরা, তার মধ্যে আজকে অপ্রত্যাশিতভাবে সেই মেয়েটিকে দেখে তার মনোভাবের প্রতি বিদ্রূপাত্মক শব্দ নিক্ষেপ করে পরিস্থিতি আরও অন্ধকারময় করে তুলতে পারস্পরিক কেবের মূলে আঘাতটাই হবে। সেখানে মুখ্যার ভূমিকাই বেশি।

সন্দীপ রিঙ্কাকে কাছে পেয়েই যেমন এক অসঙ্গতিপূর্ণ অনুভূতির দ্বারা আক্রান্ত হয়ে আছে। রিঙ্কা কি সেদিনের কথাগুলো উল্লেখ করে আঘাত করার জন্যই এখানে এসেছে? এখানে ও এসেছে প্রায় আধ ঘণ্টা আগে, এতক্ষণে একটিও কথা বলেনি কেন? সমবেদনা জানানোর তাগিদও কী ও ভুলে গেছে? আজ সন্দীপ স্বভাব নৃত্যের কাছে পরাজিত হতে পারছে, সেদিনের ভাবনার মধ্যে শুধু হতাশার প্রকাশ ছিল। সাফল্য না পেলে রিঙ্কা অবশ্যই ফিরবে, অন্য কোনো পুরুষ এসে রিঙ্কাকে ছিনিয়ে নিয়ে চলে যাবে—এই ভাবনাগুলো উত্তাক করে তুলেছিল সন্দীপকে। রিঙ্কা বলল, তুমি পরমেশদাকে মৃত্যু সংবাদ জানিয়েছ?

এই মুহূর্তে পরমেশদার কথা কেন মনে এলো রিঙ্কার? ওনাকে খবর দিতে হবে কেন? সন্দীপের দৃষ্টিতে প্রশ্ন ছড়ালো। রিঙ্কা সন্দীপের নিরাসক্তির মনের সন্ধান পেয়ে বলল, পরমেশদা এখন নিঃসঙ্গতায় ভুগছেন। দল থেকে অপসৃত হবার পর কাছের মানুষগুলোও অনেক দূরে সরে গেছে। তুমি যদি ওনাকে খবর দিতে, উনি ছুটতে পারতেন, তুমি এখনও শ্রদ্ধা করো।

রিঙ্কা কেন পরমেশদাকে নিয়ে আলোচনা করতে চাইছে? তবে কি ওনার জন্য রিঙ্কার মনে সহানুভূতির ঢেউ জেগে উঠেছে? আজকের এই পরিবেশে এমন আলোচনা অত্যন্ত অশোভন। একজন ঘৃণ্য, চরিত্রহীন রাজনৈতিক নেতাকে মর্যাদা দেওয়া রিঙ্কার পক্ষে শোভা পায় না। তবে কি পরমেশদা জহরবাবুর বিরোধিতা করতে পুলিনবাবুর সঙ্গে হাত মিলিয়েছেন, সেই কারণেই রিঙ্কা পরমেশদাকে গুরুত্ব দিতে চাইছে? সন্দীপ বিস্ময় হয়ে উঠতেই রিঙ্কা অত্যন্ত গাঁভীরতার সঙ্গে বলল, তুমি এবার তাহলে বুঝতে পারছ, সেদিন তুমি যখন আন্দোলনে অংশগ্রহণ করতে আমাকে যে অনুরোধ করেছিলে, সেদিন আমার মনে কী ভয়ানক প্রতিক্রিয়া ঘটেছিল। পরমেশদার মতো মানুষগুলোকে ভুল বোঝার আগেই নিজেকে প্রতারণা করা। আসলে এত মূল্য দিয়ে যদি আমাদের মানবিকতা বোধের গুরুত্ব বুঝতে হয়, তবে সংসারে নৈতিক চেতনার উপস্থিতি ক্রমশ হয়ে আসে।

রিঙ্কার বিরোধিতা করতে চাইলো না সন্দীপ। সে সামর্থ্যও ছিল না। মিনতি ঘরে এলেন অশ্রুসজল চোখে। রিঙ্কা পাশে বসতেই সমবেদনা জানাতে না পেরে মিনতির দিকে তাকালো প্রশ্রয়ের অনুভূতি নিয়ে। রিঙ্কার পাশে বসতেই রিঙ্কা মিনতিকে দু'হাতে জড়িয়ে ধরে বোঝাতে চাইলো মৃত-পথযাত্রী মানুষকে তাড়াহুড়া দিয়ে ধরে রাখা যায় না। যার যাবার, তাদের জন্যই হয়ত তবিতে যাবা প্রয়োজন আত্মিকতার অনুভূতিতে। মৃতের মানুষের জন্য শোক প্রকাশ নিশ্চয় করে যেয়। মিনতি কাতরে, তুমি কেন আরেকদিন পরে এলে। উনি তোমাকে দেখতে চেয়েছিলেন। সন্দীপকে বলেছিলাম, তোমাকে খবর দিতে। ও বোধহয় তোমার কাছে যায়নি।

রিঙ্কা অনায়াসেই অভিযুক্ত করতে পারতো সন্দীপকে। কিন্তু সন্দীপের অভিমান নিয়ে কোনো মাথাব্যথা নেই রিঙ্কার। আর এই অভিমানই জীবনকে নতুন করে দেখতে শেখায়। রিঙ্কা বলল, সন্দীপ বাড়িতে থেলেও আমার দেখা পেত না। আমি চাকরির জন্য ইন্টারভিউ দিতে গিয়েছিলাম বাঁকুড়াতে। ওখানকার একটা স্কুলে শিক্ষিকার—

সে কী। তুমি আমাদের ছেড়ে অত দূরে চলে যাবে?

এখানে কে আমাকে চাকরি দেবে বলুন? তাছাড়া, আমি কারোর কাছ থেকে করুণা ভিক্ষা করতে চাই না। যোগ্যতার ভিত্তির ওপর কেউ যদি আমাকে চাকরি দেয়, তাতেই আমি খুশি।

সন্দীপ শুধু দূরত্ব দৃষ্টিতে তাকিয়ে রইলো রিঙ্কার দিকে। তার মধ্যে অভিমান নয়, ধনাত্মার মনের কারণ দীর্ঘশ্বাস লুকিয়ে রয়েছে। রিঙ্কা যদি দূরে চলে যেতে চায়, তাকে কিভাবে বাধা দেবে? সেই যোগ্যতা এখনও আয়ত্ত করতে পারেনি সন্দীপ। নিজেকে বিকার দিয়েও অন্যান্যদের আসন নেওয়াতে সে পারে না। রিঙ্কা ভিন্ন প্রকৃতির মেয়ে। তার মধ্যে উচ্ছ্বাস নেই, আবেগের তাড়না নেই, জীবনকে এত গভীরভাবে দেখতে শিখেছে, সন্দীপ সেখানে জল ঘোলাতে গিয়ে ব্যবহার ব্যর্থ হয়েছে।

রিঙ্কা হাসল, সন্দীপকে ভিজিয়ে করলো, আমি যদি ওখানে চাকরি পাই, তুমি খুশি হবে তো।

আমাকে খুশি করতে কি তুমি চাকরি করতে চাইছ?

আমি তোমাকে খুশি করার জন্য কিছু বলি না। আমি কিছু করলে আমার নিজেরই যদি খুশি হয়, আমি আনন্দিত হই।

আমি খুশি হবার কিছু। আমি তোমাকে আনন্দ দিতে পারছি না।

আমি জানতাম তুমি এই কথাই বলবে। আমরা তুমি আমোদ কারা থেকে বড় বেশি পাওয়ার আশা করো। নিজের ভূমিকা পালন না করেই।

মিনতিও রিঙ্কাকে সমর্থন করলেন। সন্দীপের ভবিষ্যতকে এখনও ঘিরে রয়েছে এক চরম অনিশ্চয়তার কুয়াশা, এই অবস্থায় কেউ কি পারে ওর সঙ্গে জীবন জড়াতে।

রিঙ্কাকে আরো ধরে রাখার কোন প্রয়োজন শুধু একটা চাকরির। সন্দীপ আশা করেছিল আজকের অফিসে চাকরি হয়ে যাবে। এই জন্যই এতদিন অত্যন্ত নিষ্ঠুরভাবে অপেক্ষা করেছে মৃত্যু কামনা করেছিল।

আরও তিন বছর চাকরি করতে পারবেন রেবতীবাবু। এক সময়ে উনি পার্টির অত্যন্ত দক্ষিণ-পন্থার নেতার বক্তব্যও ভেবেছিলেন। কিন্তু নিতে পারেননি সন্দীপের বক্তব্য ভেবে। চরমবিরোধী অবস্থায় আসা থেকে ছেলেটা হয়ত চাকরি পাবে। জীবনের শেষ পর্বে এসে অবশ্য এই ধারণার পরিবর্তন ঘটিয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের পরিবর্তিত নীতির জন্যই। সন্দীপকেও জানিয়েছিলেন।

সন্দীপের চাকরির অ্যাপয়েন্টমেন্ট পেপার পাঠিয়ে দিয়েছেন কোম্পানীর পার্সোনেল ম্যানেজার। দুঃখ প্রকাশ করতেও তিনি ভোলেননি। তবে তিনি এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন, সে সম্পর্কে আলোচনাপাতে তবে তিনি পার্টিয়েছেন কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদকের কাছে। তিনি লিখেছেন, রেবতীবাবুর পরিবারের প্রতি তিনি যথেষ্ট সহানুভূতিশীল। কিন্তু কেন্দ্রীয় আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার নির্দেশ পাঠিয়েছেন সবরকম নতুন নিয়োগ বন্ধ করে দিতে। বর্তমানে অনেক অতিরিক্ত কর্মচারী রয়েছে, তাদের জন্য যথেচ্ছানুদান অবসরগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। এই অবস্থায় রেবতীবাবুর ছেলেকে নিয়োগ করার কোনো আমার নেই, আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন

চিঠিটা সন্দীপের হাতে দিয়ে নেতা বললেন, পড়ে দেখো।

পড়ে দেখার ইচ্ছে হলো না সন্দীপের। এই সব যুক্তি আর অজুহাতের সাফাই ভরা চিঠি পড়ে তো কোনো সান্ত্বনা পাওয়া যাবে না। রিঙ্কাকে নিয়ে যে স্বপ্ন দেখেছিল তা ভেঙে যাওয়ার মধ্যে যে নির্মম খেলা হয়েছে, তাকে তো ভোলা যাবে না। এর উদ্দেশ্যবিহীন পথে বিবাগী পথিকের মতো ঘুরে বেড়াতে শুরু করবে। এভাবে হারিয়ে ফেলতে চাননি সন্দীপ।

রিঙ্কাকে এই মুহূর্তের সংবাদ শোনাতে চায় না সন্দীপ। ও চাকরি পেয়ে চলে যাক সেই সুদূর বাঁকুড়াতে। দূরত্ব বাড়লে যদি ওকে কাছে পাওয়ার আকাঙ্ক্ষা ফুরিয়ে পাবে সন্দীপ। ওকে ঘিরে আশার জন্য কোনোদিন অনুরোধ জানাবে না। এভাবে একদিন দেখা হবার দুঃখেগুই চিরকালের জন্য হারিয়ে যাবে।

বড়িতে বিশ্রামেও ইচ্ছে করছে না। বুক পকেটে চাকরির জন্য প্রত্যাখ্যান আবেদনপত্র মাঝে মাঝেই বিদ্রূপ করে উঠছে। ওকে নিয়ে টুকরো টুকরো করে ছিঁড়ে উড়িয়ে দিল আকাশে। উদ্ভ্রান্ত কেন্দ্রুবে পিওনের হাতের ঘুরে আসার নিল কাগজের টুকরোগুলো সন্দীপের ব্যর্থ স্বপ্নের মতো।

সেদিন যেখানে রিঙ্কাকে নিয়ে বসেছিল, সেখানে ঠিক সেই গাছের নীচে এসে দাঁড়ালো সন্দীপ। সেদিনের স্মৃতি ছড়ানো রয়েছে সবুজ ঘাসে ঘাসে, তার শেষ ছাপ পেতে চায় সন্দীপ।

দুপুর গড়িয়ে গেছে অনেকক্ষণ। নাটাই ঘুরে, ঘাসের গায়ে পাতায়। আজ আকাশে চিল ওঠেনি। অন্ধকারে নদীর জলে ছলাৎ ছলাৎ শব্দে সন্দীপ যেন ওনতে পেল অনেক অনেক আগে আসার জন্য। সেই ডাক আজকে করে ফেললো সন্দীপকে। এক মায়াবী মায়া ওর মন জুড়ে। এই জগৎ-সংসারের নিয়ন্ত্রণে ওর কাছে মিথ্যে হয়ে গেছে। রিঙ্কা—কারোর কথা মনে নেই। এখন শুধু আকাশের তারা অনিমেষ-প্রতিদ্বন্দ্বিতা হয়ে ওর প্রতিদ্বন্দ্বিতায়।

জলের কাছে এগিয়ে গেল সন্দীপ। কুলকুল্ করে যাওয়া নদীর বুক এখন সন্দীপের কাছে নিশ্চিন্ত আশ্রয়ের শয্যা। সেখানে অতীত নেই, বর্তমান নেই, ভবিষ্যৎ নেই এই তিন সময় মিলেমিশে একাকার হয়ে গেছে। রিঙ্কার জন্য আর প্রতীক্ষা অতিক্রম পুড়তে হবে না।

সন্দীপের দেখে অনেক ঘুম নেমে আসতে চাইছে। চির শান্তির আশ্রয়ে ওকে বুকে টেনে নিতে ছুটে আসছে।

মধ্যরাতের সঙ্গীত শুনতে ও বসেনি। এ তো সঙ্গীত নয়, আহ্বান। সন্দীপ সে আহ্বানে সাড়া দিয়ে আরও এগিয়ে গেল অন্ধকারের অতলান্তে জড়ানো রহস্যময় পথে

একদা একরাতে

[থর্নটন-ওয়াইল্ডার রচিত বর্ষী ছোট গল্পের (ONCE UPON A NIGHT) অনুবাদ]

সমুদ্র ঘোষ

